Aspects of Manuscriptology



Edited by
Ratna Basu
Karunasindhu Das



The Asiatic Society
KOLKATA

ASPECTS OF MANUSCRIPTOLOGY

পুঁথিবিদ্যার দিগ্‌দর্শন

Edited by
Ratna Basu
Karunasindhu Das



The Asiatic Society
1 Park Street, Kolkata-700 016

ASPECTS OF MANUSCRIPTOLOGY
পুঁথিবিদ্যার দিগ্‌দর্শন
Edited by
Ratna Basu
Karunasindhu Das

First published in January, 2005
Reprinted in December, 2009

Published by
Professor Ramakanta Chakrabarty
General Secretary
The Asiatic Society
1, Park Street
Kolkata-700 016

Price : Rs. 150.00
$ 15

Printed at
The Saraswati Printing Works
2, Guruprosad Chowdhury Lane
Kolkata-700 006

CONTENTS

FOREWORD

Art and Science of writing have played a vital role in development of intellectual traditions in human history. It was indeed for a big leap forward from scripts to manuscripts that we come to possess till date treasures of ancient wisdom in record. Like other old nations, India can rightly boast of many of its past achievements in various knowledge domains and that too because of her ability in preserving ancient records of Śāstras for millennia against all odds. Manuscripts, and for that matter, manuscript studies indeed have had a very long history in India. It is simply fascinating to learn that several crores of mss. on different disciplines of learning are still preserved in the Indian subcontinent. The Asiatic Society, Kolkata takes pride in possessing the treasure of more than 46000 odd manuscripts in different languages viz. Sanskrit, Pali, Tibetan, Arabic, Persian, Urdu, Chinese, Japanese, Korean, Ceylonese, Armenian, Burmese, Siamese, Javanese, English, Bengali etc. in various scripts. Sanskrit mss., for example, are written in Nagari, Bengali, Newari, Sarada, Oriya, Grantha, Gupta Brahmi etc., Arabic ones in Kufi, Naskh, Taliq, Nastaliq etc. Persian ones in Naskh, Sikasta, Shafe etc. and so on. All these have been accumulated through serious efforts of some two hundred years. Preservation, cataloguing and text-critical studies have naturally developed here under the guidance of and active enterprises by such stalwarts as Rajendralala Mitra, Haraprasad Shastri, Chintaharan Chakraborti and so on. A peep into the Bibliotheca Indica Series of the Asiatic Society will reveal how manuscripts can help in making out the history of our intellectual traditions.

While scholars of name and fame have dedicated themselves to unearthing such treasures, we thought it prudent to attract young scholars to this fascinating arena of Asiatic research. Workshops on Manuscriptology over the past few years were designed here to train up budding researchers. Overwhelming response from the younger generations to our call has made us resolve that such

training programmes as workshops on Manuscriptology, Navya-Nyāya etc., colloquium on grammars and the like be organised every year as regular academic events of the Asiatic Society. We have also planned to prepare primers and handbooks on these disciplines for general benefit of the scholars.

The present volume entitled *Aspects of Manuscriptology* contains twelve articles, some of which were prepared, read out and submitted at a workshop on Manuscriptology held earlier while others are from the pens of our illustrious predecessors. As the title suggests, the book tends to cover very many aspects of manuscript studies in India and abroad. I congratulate the editors of this volume and thank all who lent their hands in bringing it out. Hope, it will be useful for those who take interest in manuscripts.

Dilip Coomer Ghose
General Secretary
The Asiatic Society

Kolkata
January 26, 2005

INTRODUCTION

A manuscript speaks of the past, reveals history, unfolds perspectives and reflects the socio-cultural, even socio-political scenes of its time. Its contents are significant literarily, scientifically, historically; its form fascinating palaeographically, calligraphically, and technically.

Thus manuscripts are concrete examples of the humanistic and artistic activities of the past. This cultural source is supposed to serve as a source of inspiration and information to the present generation. But many of these great stores of our national heritage, even though extremely rare and valuable, are usually preserved under lock and key in libraries, museums etc., and remain there mostly unattended and uncared for. As an exception to this scenario, particularly prevalent in India, these manuscripts are sometimes exposed to a handful of fortunate specialists who study these works of art from their individual professional interest and viewpoints; and some of them endeavour to draw attention of the society in general with the aim of enhancing the historical and socio-cultural knowledge of the members of the society at large. Because it is true that the content and form of a manuscript are like soul and body of the ancient book produced by hand as available with us. One without the other cannot exist. Thus, careful study, analysis and evaluation along with subsequent handling in accordance with different scopes and purposes as well are to be included in any policy or programme of manuscripts with proper vision and mission.

It may be mentioned that the formal aspect of a manuscript deals with structural analysis of elements related to the visual and aesthetic qualities. Thus the appearance, volume of the units in hand, the type, quality, material of writing and its size, number of folios of the manuscript under study, the illustrations if any therein etc., need to be well documented for each piece of the valuable holding of manuscripts in the possession of any institute or person. Palaeographic and graphological study of the manuscripts lay the foundation of the step of deciphering the textual content of it.

The word *manuscript* means 'written material'; the Latin word *scriptum* being derived from the root (Latin) *scribere* meaning initially 'to scratch' and finally to write; the Latin word *manus* means *'hand'*. *Calligraphy* is a branch of artistic expression. The root *graphere* means again initially 'to scratch' and finally 'to write'. *Calligraphy* means 'fine writing', signifying artistic handwriting, mostly for the purpose of producing multiple copies of old classical works to serve various ends.

In India huge number of books were preserved through generations either in the normal genealogical family or in the family of academic and intellectual tradition, i.e., in the institutes, Buddhist *vihāras*, mosques, temples, *bhāṇḍāra*s etc. This being the heritage, in an atmosphere of academic endeavours and advancement of learning in its true sense, huge number of copies were produced. Thus the study of the journey of the manuscripts forms an important section of manuscript studies. We find names of owners, patrons and scribes, not rarely with their parental identity and residence, surrounding locality etc. in the *colophon* of the manuscripts. As a matter of fact, the main purpose of a clear and expeditious copy-work, was planned and calculated to serve the thriving scholarly activity. Sumptuous copy work of thousands of books on scientific and creative literature, including religion, classics, folklore and so on were regularly produced by a band of 'professional' writers even, the *lekhakas*, i.e., scribes. Religious merit was also attributed to copying, reading and illuminating (with illustrations) of books of educative quality. Calligraphy was certainly encouraged as a progressive activity, even as art. Art knows no boundary of artificial barriers of religion. Thus we find beautiful copies of religious books like *Bhāgavatapurāṇa* or *Vaiṣṇava Padāvalī*-s carefully written and illuminated by Hindu scribes and Muslim calligraphers as well. Persian texts of literary creation get a place in the collection of brahmin intellectual, popular Bengali, narratives copied by a muslim layman writing Bengali but turning over the pages, from right to left, and so on and so forth.

Yet it is unfortunate to observe that these stores of our great national heritage and socio-cultural integration marking the monuments of world culture, the products of the finest brains of scholars and hands of a band of scholars and common men of our ancestral society, are not, in general understood and accepted in proper spirit. These are not accepted or noticed as normal reading

materials and worth reading books. This may be partly due to the obscurity of the scripts in which ancient manuscripts are written, i.e., the scripts which are now no more in use. But the other, rather major ground behind the neglect of manuscripts is, as we feel, lack of proper conscious approach to Ancient and Classical studies, as well as indifference towards original source material for research work in the faculties of Arts and Humanities. The result of this is visible in the state how these living treasures bearing testimonies of history, culture, script, social identity etc. just suffer the dark-room punishment under dust, damp, fungi and insects.

Even among the learned policy-makers much discussion about preserving them is heard, but to what purpose and goal? Further, identified and documented things can be safely preserved and maintained with security. When these huge heaps of uncounted and unidentified bundles of loose leaves of different writing materials and letters are just dumped somewhere, the question arises—what is going to be preserved, conserved, computerised, digitized? All these activities presuppose the *basic stage of identifying each leaf of each manuscript*, a major area of manuscript-activity which is the most neglected in the libraries because of some known and many unknown reasons, we believe.

Thus we do need a serious orientation of methodical thinking and endeavour in the matter of planning and policy-making about the activities related to mss. Let us, in fine, recollect, how the invaluable treasures of heritage, called manuscripts, are to be taken care of. To quote a popular Sanskrit verse—'A manuscript deserves decoration as a dear child, protection as a good field (or wife) from a rogue's hand, healing treatment as a sore limb, daily care as a good friend, not so loose tightening by strong cords as a condemned prisoner and remembrance as the name of Lord Hari. If it be so, a manuscript never decays.—These are the words of the teacher.'

saṃbhūṣyaṃ sadapatyavat
parakarād rakṣyaṃ ca sukṣetravat
saṃśodhyaṃ vraṇitāṅgavat
pratidinaṃ vīkṣyaṃ ca sanmitravat |
badhyaṃ vadhyavad aślathaṃ
dṛḍhaguṇaiḥ smaryaṃ harer nāmavat
naivaṃ sīdati pustakaṃ
khalu kadāpy etad gurūṇāṃ vacaḥ ||

Let us examine, what the manuscripts say to the readers and inheritors. It says—'Save me from water, fire, oil, thieves, rats, loose packing-binding, ignorant people, undesirable persons. Protect me with care, as you do for your child. I have been written with so much care, bearing so much pains by the scribe, who had to write me with his neck, shoulders, back and waist bent down, keeping eyes concentrated on one thing only.'

udakānalacaurebhyo mūṣakebhyas tathaiva ca |
rakṣaṇīyaṃ prayatnena yasmāt kaṣṭena likhyate ||
agne rakṣa jalād rakṣa rakṣa māṃ ślathabandhanāt |
mūrkhahaste na dātavyam etad vadati pustakam ||

yasmai kasmai na dātavyam etad vadati pustakam ||

bhagna-pṛṣṭha-kaṭi-grīvā-stabdha-dṛṣṭir adhomukham |
kaṣṭena likhitaṃ caitad yatnena paripālayet ||

rakṣaṇīyaṃ prayatnena
yasmāt kaṣṭena likhyate ||

kaṣṭena likhitaṃ ca māṃ
putravat paripālayet ||

We hope, this volume, being a collection of valuable articles, would be able to generate new energy and enthusiasm for *real* study of manuscripts, specially among young scholars, which would, in turn, along with the physical care and protection or preservation of the store of knowledge, provide the treasures of Indian wisdom the higher and greater dimensions of intellectual protection and permanent preservation not only on a national level, but establish them on the global basis of human cultural heritage.

Ratna Basu
Karunasindhu Das

পুঁথি-পুঁথিবিদ্যা-পুঁথির রূপ-পুঁথির লিপি

রত্না বসু

।।১।। পুঁথি

হস্তলিখিত গ্রন্থকে বলা হয় *পুঁথি* বা *পুথি*। এই শব্দে অনুনাসিকতা ব্যুৎপত্তিলভ্য নয়। তা শুধুই প্রয়োগগত অভ্যাস। প্রকৃতপক্ষে হাতে লেখা পত্রসামগ্রীকে যে শব্দাবলি দিয়ে চিহ্নিত করা হত সেগুলি হল *পুস্তক, পুস্তিকা* বা *মাতৃকা*। পরবর্তীকালে পাণ্ডুলিপি শব্দটির প্রয়োগ প্রচলিত হয়। পাণ্ডুলিপি বলার কারণ পত্রের উপরে কালি দিয়ে লেখা বর্ণ ও শব্দরাশির মসীবর্ণ কালক্রমে প্রাথমিক ঔজ্জ্বল্য হারিয়ে পাণ্ডুর বা ম্লান হয়ে যেত। লিখিত লিপির পাণ্ডুরতার কারণেই *পাণ্ডুলিপি* এই নামকরণ। অন্যদিকে এমন মতও প্রচলিত আছে যে, প্রাথমিকভাবে শিলাপট্ট বা শ্লেট ইত্যাদির উপরে অর্থাৎ কৃষ্ণবর্ণ বা গাঢ়বর্ণের কোন পট্টিকা বা ফলকের উপরে সাদা খড়ির পাণ্ডুবর্ণ ন্যস্ত করে প্রাথমিক লেখা শুরু হয়েছিল। তার থেকেই *পাণ্ডুলিপি* শব্দের উদ্ভব। পরবর্তীতে হস্তলিখিত গ্রন্থমাত্রের সম্বন্ধে ঐ শব্দের প্রয়োগ রূঢ় হয়ে পড়ে। হস্তলিখিত গ্রন্থ অর্থাৎ পুঁথির শেষে দেখা যায়, হাতে লেখা এই পত্ররাজিকে **পুস্তক, পুস্তিকা**—এই শব্দ-দুটি দিয়েই নির্দেশ করা হয়েছে। *মাতৃকা*-শব্দটি সংস্কৃতভাষায় সার্বিকভাবে বর্ণ, অক্ষর বা অক্ষরসমষ্টিকেও বোঝায়। ব্যাপ্ত অর্থে হস্তলিখিত গ্রন্থকেও সংস্কৃত ভাষায় **মাতৃকা**-শব্দে উল্লিখিত হতে দেখা যায়।

ইংরেজি ভাষায় *manuscript* শব্দটি পুঁথি বা পাণ্ডুলিপি অর্থে প্রযুক্ত হয়। এই শব্দটির উৎস দুটি লাতিন শব্দের মধ্যে নিহিত। লাতিন ভাষায় *manus* শব্দের অর্থ হাত; এবং *scribere* ধাতুর মৌলিক অর্থ 'আঁচড় কাটা' এবং বিস্তৃত বা ব্যাপক অর্থে স্বভাবতঃই 'লেখা'। এই প্রসঙ্গে স্মরণীয়, সংস্কৃত ভাষায় *লিখ্*-ধাতুরও প্রাথমিক অর্থ 'আঁচড় কাটা', ব্যাপকতর অর্থে লেখা বলতে আমরা যা বুঝি। সুতরাং লক্ষণীয় যে, *manuscript* শব্দটির ব্যুৎপত্তি-লভ্য অর্থ লেখার যোগ্য কোন দ্রব্যের উপরে হাতে লেখা। অবশ্য এই দৃষ্টিতে কাষ্ঠফলক, প্রস্তরখণ্ড, তাম্রফলক কিংবা মুদ্রা ইত্যাদির উপরে অঙ্কিত চিত্র অথবা অন্য যে-কোনো প্রকার খোদাই কর্মকেও *manuscript* অর্থাৎ হস্তলিখিত সামগ্রীরূপে স্বীকার করতে হয়। অর্থাৎ সমস্ত শিলালেখসমূহও *(inscriptions) manuscript* শব্দের অর্থের পরিধির মধ্যে এসে পড়ে। যেহেতু উল্লিখিত চিত্রাদি বা শিলালেখসমূহও হাতে

টানা আঁচড়ে বা লেখনে নির্মিত। কিন্তু এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, এ ধরনের চিত্রাদি, রেখাচিত্র কখনই পুঁথি বা হিসাবে গণ্য হয় না। যদিও সেগুলি কোনো গ্রন্থ লেখার জন্য উপযুক্ত উপাদান—অর্থাৎ চামড়া, কাঠ, ভুর্জপত্র, তালপাতা, কাগজ ইত্যাদির উপরে রচিত হতে পারে। পুঁথি বা পাণ্ডুলিপিকে যা উল্লিখিত অপরাপর দ্রব্যগুলি থেকে পৃথক করে, প্রধানতঃ তা হল ভাষার ব্যবহার। *পুঁথি* বা *manuscript* শব্দে মূলতঃ কোনো ভাষায় রচিত একটি গ্রন্থের লিখিত,—অপরের কাছে পাঠযোগ্য,—একটি উপাদান, বস্তু বা মাধ্যমকে বোঝায়। আরও সুনির্দিষ্টভাবে বলা যায়, বিশেষ ভাষায়, বিশেষ লিপিতে, সুনির্দিষ্টভাবে কোনো স্থান, এলাকা এবং সময়ে লিখিত গ্রন্থরূপ হচ্ছে *পুঁথি*। গ্রন্থরচনাকালের সঙ্গে পুঁথিনির্মাণের কালের ব্যবধান এবং অব্যবধান দুই-ই সম্ভব। বিষয়টি পরবর্তী আলোচনাসমূহে স্পষ্টতর হবে। সংক্ষেপে বক্তব্য, গ্রন্থরচনার সময়ে এবং হস্তস্থিত অধুনাপ্রাপ্ত উপস্থিত পুঁথির সময় ভিন্ন হওয়ার উদাহরণই বেশী ; যদিও হাতের পুঁথিটি ভিন্নতর,—অর্থাৎ প্রাচীনতর কোনো গ্রন্থকেই পুনর্লেখনের মাধ্যমে ধরে রেখেছে, এবং গ্রন্থরচনার সময় থেকে গ্রন্থপাঠের সময় এবং স্থানের মধ্যে সংযোগের সেতু স্থাপন করে।

পুঁথিচর্চা বা পুঁথিবিজ্ঞান গবেষণার ক্ষেত্রে শিলালেখসমূহকে সরাসরিভাবে গ্রহণ করা হয় না, যদিও সেগুলি,—অর্থাৎ শিলালেখসমূহ—পুঁথি গবেষণার লক্ষ্যে উপযোগী সহায়তা সাধন করতে পারে। সেই সহায়তাগুলির ক্ষেত্র হল, যে-পুঁথি বা পুঁথিগুলি অবলম্বন করে কোনো গ্রন্থের পাঠোদ্ধার বিষয় নির্ণয় সমীক্ষাত্মক সম্পাদনাকর্ম, গবেষণালব্ধ রূপনির্মাণ ও টীকাটিপ্পনী, গ্রন্থটির ঐতিহাসিকতা এবং ঐতিহাসিক ও ভৌগোলিকভাবে বিস্তৃতিলাভ —ইত্যাদি। গ্রন্থগবেষণার যাবতীয় খুঁটিনাটি বিচারবিশ্লেষণের সময়ে প্রাপ্ত পুঁথিগুলির লিপিগত বৈশিষ্ট এবং তাদের লিপিগতরূপের প্রাচীনত্ব বা অর্বাচীনত্ব নির্ণয়ের জন্য শিলালেখে প্রাপ্ত লিপিরূপ সহায়তা করে। এমনকি, অন্যান্য কিছু বহিরঙ্গ ও আন্তর বৈশিষ্ট যদি উপলব্ধ পুঁথিসমূহেও উপস্থিত বা অনুপস্থিত দেখা যায়, তাহলেও তুলনাত্মক বিশ্লেষণী অধ্যয়নের তুলাদণ্ডের নিরিখে প্রাসঙ্গিক গ্রন্থটির পুঁথিরূপে বিকাশ ও প্রসারের ঐতিহাসিক ধারাপথ নির্ণয় করা সম্ভব হয়, যে-বিষয়ে স্থান এবং কাল দুইয়েরই গুরুত্ব অপরিসীম। সহজ কথায় বলতে পারি,—প্রস্তরফলক, কাষ্ঠফলক, তাম্রফলক কিংবা মুদ্রাপৃষ্ঠে খোদিত লিপি বা চিত্ররূপ তাদের অবিকৃত মূল রূপেই ভবিষ্যকালের গবেষকের হাতে এসে পৌঁছবে। তাদের কোনো প্রতিলিপি বা প্রতিরূপ সাধারণতঃ থাকে না। এধরনের রেখাচিত্র বা বর্ণচিত্র সম্বন্ধেও একই কথা প্রযোজ্য। এদের প্রত্নরূপ বা আর্কিটাইপ *(archetype)* ছিন্ন বা নষ্ট হয়ে যাচ্ছে বলে তাদের অপরাপর প্রতিরূপ লিখিত, চিত্রিত বা অঙ্কিত হয়নি, যেটা ঘটেছে গ্রন্থের বাহক পুঁথি-পাণ্ডুলিপির *(manuscript)* ক্ষেত্রে। তার কারণ, একই গ্রন্থের বারবার প্রতিরূপ ও প্রতিলিপি নির্মাণ করা প্রয়োজন হত অধ্যয়ন, অধ্যাপনা, পূজা-অর্চনাদি আনুষ্ঠানিক ক্রিয়াকলাপ প্রভৃতির কারণে। আরও বক্তব্য থেকে যায় যে, শিলালেখসমূহ সাধারণতঃ প্রচলিত লেখার উপকরণ,—অর্থাৎ কালি, কলম, তালপাতার উপরে লেখার জন্য ব্যবহৃত সূক্ষ্ম ধাতব লেখনীযন্ত্র—ইত্যাদি দিয়ে হাতে

লেখা হত না। শিলালেখসমূহ সাধারণতঃ প্রস্তুত করা হত প্রস্তর, কাষ্ঠ বা তাম্রজাতীয় উপাদানের উপরে প্রাথমিকভাবে অক্ষরস্থাপনা করে অর্থাৎ লিখে, তারপরে প্রয়োজনীয় এবং উপযুক্ত যন্ত্রপাতি প্রয়োগ করে খোদাই করে ঐ ঐ উপাদানের উপরে লিখিত অংশকে স্পষ্ট ফুটিয়ে তোলা হত। এই কারণে শিলালেখ বা লেখমালার ক্ষেত্রে দুই ধরনের কর্মীর নাম পাওয়া যায়,—*লেখক* এবং *করণিক*,—অর্থাৎ প্রথম জন লিখেছেন, দ্বিতীয়জন খোদাইকর্মটি সম্পাদন করেছেন। দক্ষিণভারতে প্রাপ্ত বেশ কিছু লেখে উভয়েরই নাম নথিভুক্ত দেখা যায়।

উপরের আলোচনা থেকে স্পষ্ট,—পুঁথি কখনই একক বা অনন্য নির্মাণ নয়, যদিও আকার, বহিরঙ্গরূপ, উপাদান, মাপ, লিপি, লেখনশৈলী, লিপিকার বা লেখক, পুঁথি লেখার স্থান এবং পৃষ্ঠপোষকের ভিন্নতার কারণে প্রত্যেকটি পুঁথিই অদ্বিতীয় বা অনন্য। একই গ্রন্থ বহু পুঁথিতে উপলব্ধ হতে পারে, যে পুঁথিগুলি সদ্য উল্লিখিত বৈচিত্রের নিরিখে প্রত্যেকে পরস্পর ভিন্ন। এই ভিন্ন ভিন্ন পুঁথিতে বিধৃত গ্রন্থ কিন্তু একই। সেই গ্রন্থের প্রকৃত, সমগ্র, যথাসম্ভব মূল স্বরূপটিকে অনুসন্ধান করতে গেলে বর্তমানে প্রাপ্ত ঐ গ্রন্থের বাহক ও ধারক এই পুঁথিগুলির পাঠোদ্ধার ও পারস্পরিক তুলনা বিচার করেই অগ্রসর হতে হয়। পুঁথিগুলিতে ধরে রাখা গ্রন্থ বারবার ভিন্ন ভিন্ন উপাদানে ও লিপিতে লিখিত হয়েছে, মূল গ্রন্থ রচনার স্থানিক ও কালিক সীমাকে বারবার আতিক্রম করে।

সাম্প্রতিক সময়ে পাণ্ডুলিপি বা *manuscript* শব্দ শুনলে আমরা মুদ্রণযন্ত্রের জন্য প্রস্তুত মুদ্রণের পূর্ববর্তী অবস্থায় হস্তলিখিত বা টাইপ করা খসড়াকে বুঝে থাকি। গ্রন্থ প্রকাশনার পূর্বে মুদ্রণালয়ে জমাপড়া লিখিত নিবন্ধ বা গ্রন্থাদি, গবেষণাপত্র, ব্যক্তিগত চিঠিপত্র, নথি, দিনলিপি, বক্তৃতা এমনকি আইনী দলিল দস্তাবেজও পাণ্ডুলিপি হিসাবে গণ্য। মুদ্রণোত্তর যুগে পাণ্ডুলিপি-চর্চার আওতার মধ্যে এসবও গৃহীত হয়। কিন্তু মুদ্রিত গ্রন্থরূপ প্রকাশের পূর্বে অর্থাৎ যন্ত্রনির্ভর গ্রন্থমুদ্রণের পূর্ববর্তী সময়ে গ্রন্থরূপ *(book form)* বলতে ছিল এই প্রাচীন পুঁথিগুলি। গ্রন্থাগার বিজ্ঞানে তাত্ত্বিক ও পারিভাষিক আলোচনাবিষয়ক অধ্যায়ে সমসাময়িক কালের উল্লিখিত পাণ্ডুলিপিরূপের বিপরীতে প্রাচীন ও মধ্যযুগীয় লিপির কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে।

এই পার্থক্যটি বোঝার জন্য বলা যেতে পারে আধুনিক মুদ্রণের যুগে পাণ্ডুলিপি বলতে যা বোঝায়, তার সঙ্গে *প্রাচীন পুঁথির* মুখ্য পার্থক্য এই যে, বর্তমানকালের মুদ্রণালয়ের জন্য প্রস্তুত পাণ্ডুলিপিগুলি বারবার হাতে লিখে মূল গ্রন্থের প্রতিরূপরূপে সংরক্ষিত হয় না। মুদ্রণপর্বের সমস্ত প্রকরণ রক্ষা করে, অর্থাৎ প্রুফ সংশোধন ইত্যাদি সম্পন্ন করে গ্রন্থটির মুদ্রিতরূপ নিষ্পন্ন হয়। অন্যভাবে বলা যায়, প্রাচীন এবং মধ্যযুগের কোনো গ্রন্থের মূল পুঁথি প্রস্তুত হবার পরে তার থেকে আরও বহু হস্তলিখিত পুঁথি নির্মাণের যে প্রক্রিয়া চালু ছিল, বর্তমানে তার প্রয়োজন নেই। গ্রন্থের প্রচার ও প্রসার যন্ত্রনির্ভর, হস্তলিপিনির্ভর নয়।

আমাদের আলোচ্য বিষয় প্রাচীন পুঁথি। কারণ, গ্রন্থ-গবেষণা গ্রন্থসম্পাদনশৈলী ইত্যাদি সংক্রান্ত যে বিদ্যাক্ষেত্র বা বিজ্ঞান, তার আওতায় ঐতিহাসিক, আইনী দলিল-

দস্তাবেজ বা সাম্প্রতিকতম লেখাজোখা গৃহীত হচ্ছে না। ঐ বিষয়গুলি গ্রন্থাগার বিজ্ঞানের বিদ্যাচর্চার অন্তর্ভুক্ত। যেকোনো ক্ষুদ্র বা দীর্ঘ নথিকে কীভাবে পঞ্জিভুক্ত করে সেটিকে তথ্য-সম্প্রচার উপযোগী করে তোলা যায়, সে বিষয় সেখানে আলোচ্য। তাই সেখানে এক লাইনের টেলিগ্রাফিক বার্তা থেকে শুরু করে ব্যক্তিগত কাগজপত্র ইত্যাদি যাবতীয় অমুদ্রিত বা মুদ্রিত রূপের পঞ্জীকরণ সংক্রান্ত তথ্য-প্রযুক্তি গবেষণার মূল লক্ষ্য। অন্যদিকে ঐতিহাসিক দলিল-দস্তাবেজ ইত্যাদি অভিলেখাগার বা আর্কাইভ্ *(archive)* নির্মাণ ও সংরক্ষণের আওতাভুক্ত।

ফিরে আসি আমাদের আলোচ্য বিষয়, প্রাচীন পুঁথি বা পুস্তকে। আমরা লক্ষ্য করেছি, *গ্রন্থকার (author)* স্বরচিত গ্রন্থ লিপিবদ্ধ করা সম্পূর্ণ-করার পরে তার থেকে আরও একাধিক *প্রতিরূপ* বা প্রতিলিপি নির্মিত হত। গ্রন্থকারের স্বহস্তলিখিত পুস্তককে বলা হয় *autograph (অটোগ্রাফ্)*—অর্থাৎ গ্রন্থকারের *স্বাক্ষর*, মানে তার নিজের হাতের লেখা পুঁথি। এটির থেকে গ্রন্থকার নিজে যদি একাধিক প্রতিলিপি নির্মাণ করেন পরিভাষিকভাবে তার নাম *exemplar*—একে *আদর্শ* বা *প্রতিরূপ* বলা যেতে পারে। এই আদর্শ বা প্রতিরূপগুলি থেকে—আচার্য অধ্যাপনার জন্য, ছাত্র অধ্যয়নের জন্য, সাধারণভাবে সংরক্ষণের জন্য, অথবা গ্রন্থের বিষয় অনুসারে আনুষ্ঠানিক ক্রিয়াকলাপে প্রয়োগকালে ব্যবহার করার প্রয়োজনে—বারবার একাধিক প্রতিলিপি বা নকল হয়ে চলত হাতে হাতে; —এগুলিকে পারিভাষিকভাবে বলা হয় *copy* বা *প্রতিলিপি*, যেগুলি আবার উপরোক্ত নানা কারণেই আরও আনেকের হাতে হাতে প্রতিলিপিরূপে লিখিত *পুঁথি* বা *পুস্তকের* আকারে ছড়িয়ে পড়ে। এভাবে একটি গ্রন্থের অজস্র পুঁথির মধ্যে ধারাবাহিক সম্পর্কের সূত্র নিরূপণযোগ্য; এবং সেই নিরূপণের পথরেখা ধরেই গ্রন্থ-গবেষণা ঐতিহাসিকতার আলোকসন্ধান করে। এখানে বলা প্রয়োজন, কোনো পুঁথিলেখকই পুঁথির শেষে উল্লেখ করেন না, কোন্ পুঁথি দেখে তিনি তাঁর পুঁথিটি লিখছেন।

খ্রিষ্টীয় দশম শতাব্দীতে বর্তমান বিশিষ্ট সংস্কৃত আলংকারিক রাজশেখর তাঁর *কাব্যমীমাংসা*-গ্রন্থের দশম অধ্যায়ে একটি শ্লোকে উল্লেখ করেছেন, কী কী কারণে কোনো কবির রচিত কাব্যবন্ধ বিনাশপ্রাপ্ত হতে পারে। রাজশেখরের মতে—অসাবধানে নিক্ষেপ, বিক্রয়, দান, কোনো কারণে বাধ্য হয়ে দেশত্যাগ করা, অকালমৃত্যু, চুরি, অগ্নি, জল, প্রভৃতি থেকে কাব্যপ্রবন্ধ বিনাশের আশঙ্কা থাকে। সেই কারণে তাঁর উপদেশ—স্বরচিত গ্রন্থ সম্পূর্ণ করে গ্রন্থকার স্বয়ং যেন স্বহস্তলিখিত পুস্তকের অনেকগুলি *আদর্শ* প্রস্তুত করে রাখেন।

সিদ্ধং চ প্রবন্ধম্ অনেকাদর্শগতং কুর্যাত্। যদিত্থং কথয়ন্তি—
নিক্ষেপো বিক্রয়ো দানং দেশত্যাগো'ল্পজীবতা।
ত্রুটিকো বহ্নিরম্ভশ্চ প্রবন্ধোচ্ছেদহেতবঃ।।

এখানে স্মরণ করা প্রয়োজন, *মূল গ্রন্থ*-পুঁথির পরবর্তী সমস্ত প্রতিলিপি প্রস্তুত হয়েছে—মূল গ্রন্থটি কীভাবে বা কতদূর কয়েকশত কিংবা কয়েক হাজার বৎসর সময় ধরে কতপরিমাণ স্থানে প্রচারিত ও প্রসারিত হয়েছিল—সেই অনুসারে। তাই বর্তমানে কোনো গ্রন্থের পুঁথিনির্ভর গবেষণাকালে ঐ গ্রন্থের প্রাপ্ত পুঁথিসমূহের প্রত্যেকটিকে তার বহিরঙ্গ আকার প্রকার, লিপি ও লেখনশৈলীগত বৈশিষ্ট এবং আন্তর বৈশিষ্টের মানদণ্ডে পুঙ্খানুপুঙ্খভাবে বিচার করে মূল্যায়ন করা আবশ্যক। এই প্রসঙ্গে বিচার্য,—উপস্থিত বা হাতের পুঁথিটি গ্রন্থকারের *স্বাক্ষর* বা *autograph* কিনা। প্রাচীন গ্রন্থ এমনকি মধ্যযুগীয় গ্রন্থের ক্ষেত্রেও স্বয়ং গ্রন্থকারের হাতে-লেখা পুঁথিটি—অর্থাৎ *autograph* অধিকাংশ সময়েই আমাদের হাতে এসে পৌঁছয়নি। সেক্ষেত্রে গবেষণাধীন বিশিষ্ট গ্রন্থের যতগুলি পুঁথি হাতে পাওয়া গেছে, তাদের মধ্যে কে কার *প্রত্নরূপ*, অর্থাৎ *archetype*, সেই সম্বন্ধ নির্ণয় করা একান্ত প্রয়োজন। উপস্থিত পুঁথিগুলির মধ্যে একটি প্রত্নরূপ ও তার থেকে উদ্ভূত প্রতিলিপিসমূহকে সরাসরি চিহ্নিত ও নির্দিষ্ট করা না গেলেও পাঠ ও পাঠভেদের, বিশেষতঃ গ্রন্থপাঠ বা গ্রন্থাংশ বাদ যাওয়া, এবং অসংলগ্ন বা ভ্রান্তপাঠের সাদৃশ্য বা বৈসাদৃশ্য লক্ষ্য করে পুঁথিগুলিকে দলগত বা গোষ্ঠীগতভাবে বিভক্ত করা যায়, এবং সাক্ষাৎ প্রত্নরূপটিকে হাতে না পাওয়া গেলেও কোন্ কোন্ পুঁথি একই *প্রত্নরূপ* বা *archetype*-এর উৎসে সম্পর্কিত সেই অনুমান করা সম্ভব হয়। এইভাবে দেখা যায় মধ্যবর্তী স্তরে যে পুঁথিসমূহের অবস্থান তারা পূর্ববর্তী প্রত্নরূপের নিরিখে প্রতিলিপি (copy); আবার সেইগুলিই তাদের থেকে প্রস্তুত পরবর্তী প্রতিলিপিগুলির পক্ষে *প্রত্নরূপ* বা *archetype*। প্রতিলিপিগুলির ক্ষেত্রে পুঁথিলেখকের ব্যবহৃত বা দৃষ্ট *মধ্যবর্তী প্রত্নরূপ*-কে পারিভাষিকভাবে বলা হয় *hyparchetype*। আমাদের সামনে উপস্থিত অথবা হাতে পাওয়া কোনো পুঁথির লেখক পুঁথি লেখার সময়ে যদি দুটি ভিন্ন গোত্রের, অর্থাৎ গ্রন্থপাঠের দৃষ্টিতে ভিন্ন ধারার বাহক দু'টি প্রত্নরূপকে সামনে রেখে তাদের আধারে পুঁথি লিখে প্রস্তুত করে থাকেন, তাহলে একটি পুঁথির মধ্যে দুই ধরনের প্রত্নরূপের বৈশিষ্ট বিধৃত আছে দেখা যাবে। এই ধরনের *প্রতিলিপি* বা *copy* কে বলা হয় *conflated copy* বা *সংকীর্ণ* কিংবা *সংকর* (অর্থাৎ মিশ্রণযুক্ত) প্রতিলিপি।

এইভাবে একটি গ্রন্থের বহু পুঁথি যদি পাওয়া যায়, তাহলে পুঁথি-গবেষকের ও গ্রন্থ-গবেষকের প্রথম কর্তব্য,—তাদের গোত্রবিভাগ করা, এবং গোত্রানুসারী পরম্পরার ঐতিহাসিক এবং পারস্পরিক সম্বন্ধ নির্ণয় করা। উপস্থিত পুঁথিগুলির এই সম্বন্ধ নির্ণয় করার প্রক্রিয়াকে পুঁথি-গবেষণার ভাষায় বলা পুঁথির বংশবৃক্ষ প্রস্তুত করা। লাতিন শব্দটি *stemma codicum;* ইংরেজি অনুবাদে *genealogy of the codices,* i.e. manuscripts; *codex* শব্দের অর্থ *manuscript* বা *মাতৃকা*, (বহুবচনে *codices*)। অন্যান্য শব্দগুলি ইংরেজিতে প্রাচীন ভারতীয় ভাষায় *পুস্ত, পুস্তক, পুস্তিকা*।

একটি পুঁথির পরিচয়-প্রদানকালে বা স্বরূপনির্ণয়কালে যে পারিভাষিক শব্দটির ব্যবহার সচরাচর এসে পড়ে সেগুলি তাহলে নিম্নরূপ *autograph, exemplar, copy,*

archetype, hyparchetype অথবা *sub-archetype, conflated copy* ইত্যাদি। উল্লিখিত শব্দাবলি প্রাচীন পুঁথি সম্পর্কে প্রযোজ্য। AACR/2 গ্রন্থে *holograph* এই পারিভাষিক শব্দটি বিশেষ এক ধরনের পাণ্ডুলিপির জন্য প্রযুক্ত। লক্ষণ হিসাবে বলা হয়েছে, "manuscripts handwritten by the person(s) not responsible for the work(s) contained therein". সুতরাং গ্রন্থাগার-বিজ্ঞানের *holograph* বলতে বোঝায় এমন পাণ্ডুলিপি যা লিখিত বিষয়ের রচয়িতার নিজের হাতের লেখা নাও হতে পারে। কিন্তু লিখিত বিষয়ের দায়িত্ব সম্পূর্ণত রচয়িতারই। এই ধরনের *holograph* পাণ্ডুলিপির রচয়িতার স্বাক্ষরযুক্ত, অথবা স্বাক্ষরশূন্য দু-ভাবেই থাকতে পারে। বক্তব্য এই যে, কোনো ব্যক্তির সহায়ক-সচিব শ্রুতলিখনে রচয়িতার বক্তব্য লিপিবদ্ধ করে রাখতে পারেন ; কিংবা টেপরেকর্ডার, ডিক্‌টাফোন ইত্যাদি যন্ত্রে ধরে রাখা উচ্চারণ, ভাষণ প্রভৃতির যখন লিখিত রূপ প্রস্তুত করা হয়, সেগুলিও এই পর্যায়ভুক্ত হবার যোগ্য। আধুনিককালে বাংলায় *অনুলেখন* শব্দটি প্রচলিত হয়েছে। প্রকাশিত ভাষণ বা নিবন্ধের বক্তব্যের দায়িত্ব কিন্তু অনুলেখকের নয়, মূল বক্তার।

আধুনিককালে পুঁথি বলতে প্রাচীন কোনো পুঁথির হাতে লেখা বর্ণান্তরীকৃত রূপ (transcript), কার্বনকপি, ফটোকপি, মাইক্রোফিল্ম থেকে প্রস্তুত অনুরূপ চিত্ররূপ, মূল পুঁথির জেরক্স কপি ইত্যাদিও বোঝাতে পারে। এগুলি পুঁথিসংক্রান্ত কার্যক্রমের ব্যাবহারিক দিক বিবেচনা করে উল্লিখিত হল।

পুঁথি-গবেষকের কাছে প্রাচীন পুঁথি সন্ধান-অনুসন্ধান-গবেষণার বিষয়। কারণ, তাঁর লক্ষ্য, পুঁথির আধারে বিধৃত ও প্রাপ্ত গ্রন্থের পাঠনির্মাণ এবং গবেষণাবিধিসম্মতভাবে আনুষঙ্গিক বিষয়াবলির বিচার-বিশ্লেষণ; যেহেতু প্রাচীন পুঁথিসমূহের মধ্যেই অমূল্য সাংস্কৃতিক সম্পদ সংরক্ষিত থাকে। এর বিপরীতে, গ্রন্থাগার-বিজ্ঞানীর দৃষ্টিতে যে কোনো সময়ের পাণ্ডুলিপি পঞ্জিনির্মাণ ও তথ্যপ্রযুক্তির প্রয়োগ পদ্ধতির লক্ষ্যে গ্রহণযোগ্য এবং গুরুত্বপূর্ণ উপাদান। পূর্বের কথার সূত্র ধরে এখানে উল্লেখ করা যায় যে, প্রাচীন ভারতীয় পুঁথিসম্ভার, অর্থাৎ *indic manuscripts* সমগ্র বিশ্বের বৃহত্তম পুঁথিসম্ভার। এই পুঁথিসম্পদের সিংহভাগই সংস্কৃতগ্রন্থ। অবশিষ্ট অংশ মধ্যযুগীয় বিভিন্ন ভারতীয় ভাষা এবং ভারতীয় প্রাদেশিক ভাষাসমূহের প্রাচীন সাহিত্যসম্পদ। এই বিপুল গ্রন্থরাজির অত্যন্ত সমান্য অংশই এযাবৎ মুদ্রিত গ্রন্থাগারে প্রকাশ লাভ করেছে। এই কারণে সাম্প্রতিককালে ভারতীয় পুঁথিসম্পদ পঞ্জিনির্মাণ, বিবরণ, সংরক্ষণ প্রভৃতি কারিগরী প্রয়োগগত ক্রিয়াকলাপের জন্যও যেমন অত্যন্ত গুরুত্বপূর্ণ; তেমনি এই অসংখ্য গ্রন্থরাজি বিষয়গত গ্রন্থমূল্যেও অপরিসীম তাৎপর্যপূর্ণ। শুধুমাত্র কোনো বিশেষ বিষয় বা শাস্ত্রের গ্রন্থ হিসাবে নয়, ভারতীয় লিপিসমূহের উৎস, বিবর্তন, ঐতিহাসিক ধারাবাহিকতা এবং পারস্পরিক সম্বন্ধের বিচার ও নির্ণয়ের জন্যও হস্তলিখিত প্রাচীন পুস্তকসম্পদের গুরুত্ব অপরিমেয়।

।। ২।। পুঁথিবিদ্যা।। **Manuscriptology**

Manuscriptology শব্দটি বর্তমান বিদ্বজ্জনসভাসমূহে বহু-ব্যবহৃত একটি শব্দ, বিশেষত ভারতবিদ্যা-গবেষকদের মধ্যেও এই নিয়ে বিদগ্ধ আলোচনা বেশ দৃঢ় হয়ে উঠেছে। ভাষান্তরে এই শব্দটিকেই আমরা *পুঁথিবিদ্যা, পুঁথিবিজ্ঞান* ইত্যাদি শব্দ দিয়ে প্রকাশ করি। উল্লিখিত, ইংরেজি শব্দটির মধ্যে দুটি লাতিন এবং একটি গ্রীক শব্দের সংমিশ্রণ উপস্থিত। লাতিন শব্দদুটির অর্থ আগেই বলা হয়েছে, যে-দুটি শব্দ মিলে *manuscript* শব্দটি গঠিত। তৃতীয় বা শেষ উপাদানটি গ্রীক শব্দ *logos*, যার অর্থ বাক্ বা শব্দ, অর্থাৎ শেষতঃ ভাষা অথবা ভাষাসম্বন্ধী অধ্যয়ন। সুতরাং *manuscriptology* শব্দটির প্রাথমিক অর্থ দাঁড়ায়, দীর্ঘকালের পরম্পরাক্রমে রক্ষিত ও প্রাপ্ত কোনো ভাষায় রচিত গ্রন্থের হস্তলিখিত সামগ্রীর বিজ্ঞানসম্মত অধ্যয়ন। সহজ ভাষায় বলা যায়, পুঁথির পাঠোদ্ধার এবং পুঁথিসংক্রান্ত প্রাসঙ্গিক বিষয়সমূহের বিশদ অধ্যয়ন ও গবেষণাকেই *Manuscriptology* শব্দটির মধ্যে ধরার চেষ্টা করা হয়। এই কারণে প্রকৃতপক্ষে *Manuscriptology* বিদ্যাক্ষেত্রে তিনটি বিষয়ের বিস্তৃত অধ্যয়ন লক্ষণীয়। প্রথমতঃ উপস্থিত বা প্রাপ্ত পুঁথিসমূহের যথাযথ বিবরণপঞ্জি ও সূচি ক্যাটালগ প্রস্তুত করা। দ্বিতীয়তঃ, গ্রন্থের যে-পুঁথিটি বা পুঁথিগুলি পাওয়া গেছে তার গ্রন্থগত পাঠ-নির্ণয় ও বিশ্লেষণী অধ্যয়ন এবং পুঁথিসমূহে বিধৃত পাঠের পারস্পরিক তুলনা লক্ষ্য করা। এই পদ্ধতিতে গবেষণা করে অপ্রকাশিত গ্রন্থের মুদ্রিত ও সম্পাদিত সংস্করণ প্রকাশের গবেষণাকর্ম রূপ লাভ করে। এই কাজের ব্যাপারে পুঁথির বংশবৃক্ষ নির্মাণের কথা আগেই বলা হয়েছে। এছাড়াও প্রাথমিকভাবে পুঁথির পাঠ ও পাঠান্তর মিলিয়ে গ্রন্থটির সমীক্ষাত্মক সংস্করণ প্রস্তুত করতে গেলে যে পদ্ধতিতে ক্রমান্বয়ে কাজ করা প্রয়োজন, তা নিম্নরূপ। একই গ্রন্থের একাধিক পুঁথি পাওয়া গেলে তাদের বাহ্য ও আন্তর বৈশিষ্টাবলি অবলোকন করে সেগুলিকে কয়েকটি গোষ্ঠীতে বিভক্ত করা প্রয়োজন। কোন্ স্থান থেকে পুঁথিগুলি সংগৃহীত হয়েছে, সেই দৃষ্টিতেও একধরনের গোষ্ঠীবিভাজন সম্ভব। অন্যদিকে প্রাচীনতা ও অর্বাচীনতার নিরিখে পুঁথিগুলির কালিক অবস্থান ও পাঠগত গুরুত্ব সম্বন্ধে অবহিত থাকা প্রয়োজন। এরপরের স্তরে একটি পুঁথিকে সর্বাধিক উপযুক্ত বিবেচনা করে আদ্যন্ত প্রতিবর্ণীকরণ (transcription) করতে হয়। কোন্টি এ বিষয়ে উপযুক্ত হবে, সে বিষয়ে একটিমাত্র বাঁধাগত নির্দেশ বা বিধি দেওয়া সম্ভব হয় না। মোটামুটি যে সমস্ত দিকে দৃষ্টি রেখে প্রথম প্রতিবর্ণীকরণের নির্বাচন করতে হয়, সেগুলি হল, প্রাচীনতর পুঁথির অগ্রাধিকার, সর্বাধিক শুদ্ধ পাঠযুক্ত, এবং অসম্পূর্ণ পুঁথির চেয়ে সম্পূর্ণ পুঁথির অগ্রাধিকার; এই দুইটি বৈশিষ্ট থাকা সত্ত্বেও খারাপ লেখা পুঁথির ছিন্নভিন্ন অবস্থা ইত্যাদি ব্যাবহারিক দৃষ্টিতে কাজের সুবিধার কারণে অর্বাচীনতর কিন্তু স্পষ্টাক্ষরে সুলিখিত কোনো পুঁথিকে অগ্রাধিকার দেওয়া হতে পারে। এছাড়া কার্যগতিকে অগ্রাধিকারযোগ্য কোনো পুঁথি দেরিতে এসে পৌঁছনোর কারণেও কোনো গবেষক সেটিকে প্রথমে *transcription* কার্যের জন্য নিতে অসমর্থ হতে পারেন। পুঁথির কাজের প্রায়োগিক

ভাষায় যে পুঁথিটির পূর্ণাঙ্গ *transcription* প্রস্তুত হয় তাকে সাধারণত *মাদার* বলে উল্লেখ করা হয়। তবে এক্ষেত্রে নবীন গবেষকদের জন্য বিশেষভাবে উল্লেখ্য যে, যে-পুঁথিটিকে *মাদার* করা হল, গ্রন্থের সিদ্ধান্তিত *পাঠ নির্ণয়ের ব্যাপারে তার অগ্রাধিকার থাকবে, এমনটা কিন্তু আদৌ নয়।* এর পরে সংগৃহীত অন্যান্য পুঁথিগুলি পড়ে প্রথম পুঁথির পাঠের সঙ্গে কোথায় কোথায় তাদের ভিন্নতা, তা সবই প্রাসঙ্গিক স্থানে প্রথম পুঁথির প্রতিবর্ণীকৃত রূপের নিচে নিচে ক্রমান্বয়ে লিপিবদ্ধ করতে হয়। এইভাবে একএকটি পুঁথি নিয়ে আগাগোড়া ভিন্নতার স্থানগুলিকে ধরে রাখতে হয়। উপরোক্ত বিবরণ থেকেই স্পষ্ট হয় যে, তুলনাত্মক অধ্যয়নের জন্য সংগৃহীত পুঁথির সংখ্যা বিবেচনা করে প্রতিবর্ণীকৃত প্রতি লাইন বরাবর তার নিচে ততগুলি পঙ্‌ক্তি ছেড়ে রাখা প্রয়োজন। প্রতি লাইনের বাঁদিকে মার্জিনে ঐ লাইনের জন্য নির্দিষ্ট পুঁথিটির পরিচয় লিখতে হয় এবং সেটি আগাগোড়া প্রত্যেক পাতায় করতে হয় এবং সেই লাইন বরাবর শুধুমাত্র সেই পুঁথিটির ভিন্নতার স্থানগুলি লিখে রাখতে হয়। এই কাজটিকে বলা হয় *collation,* সংস্কৃত বা বাংলায় একে *পাঠসংতুলন* বলা যায়। এখন প্রশ্ন, যদি কোনো গ্রন্থের পুঁথির সংখ্যা খুব বেশি হয়,—যেমন কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেবকৃত *মহাভারতের* এযাবৎ নথিভুক্ত পুঁথির সংখ্যা *আড়াই হাজারেরও* বেশি, জয়দেবকৃত *গীতগোবিন্দ* কাব্যের এযাবৎ নথিভুক্ত পুঁথির সংখ্যা প্রায় *সাড়ে চারহাজার*— তাহলে এই বিপুল সংখ্যক পুঁথির প্রত্যেকটিকেই কি collation-পত্রে তুলে ধরতে হবে? বলা বাহুল্য, ব্যাবহারিক দৃষ্টিতেই একাজ সম্ভব নয়। সেক্ষেত্রে নির্বাচনপদ্ধতি কী হবে, এই প্রশ্নের কোনো একমুখী, চরম-সিদ্ধান্তিত বিধি ব্যক্ত করা সম্ভব নয়। কয়েকটি দৃষ্টিভঙ্গির কথা উল্লেখ করা যায়। যেমন—একই এলাকার একাধিক পুঁথি থাকলে তাদের প্রতিনিধিস্থানীয়ভাবে তাদের মধ্যে প্রাচীনতমটি বা শুদ্ধতমটি গ্রহণীয়, কিন্তু যদি সেগুলির মধ্যে আবার প্রত্নরূপের ধারাবাহিকতার ভিন্নতা থাকে, সেক্ষেত্রে স্থান নির্বিশেষে যে পুঁথিগুলিকে এক প্রত্নরূপের থেকে উদ্ভূত মনে হয়, সেই প্রত্নরূপানুসারী বিভাজন করে তাদের মধ্য থেকে পূর্বোল্লিখিত বৈশিষ্টের দৃষ্টিতে অগ্রাধিকার দিয়ে প্রতিনিধিরূপে নির্বাচন করা যেতে পারে। আবারও এই বিভিন্ন গোষ্ঠী বা গোত্রে বিভক্ত পুঁথিগুলির মধ্যে যদি দেখা যায় যে, তাদের মধ্যেকার একটির থেকেই অপর প্রতিলিপিগুলি লিখিত, সেক্ষেত্রে বলা বাহুল্য, অবশিষ্ট প্রতিলিপিগুলির অগ্রাধিকার থাকে না। তবে অর্বাচীনের তুলনায় প্রাচীনতর পুঁথিটি অধিক বিবেচনাযোগ্য প্রায় সবসময়েই। এরপরেও কতগুলি পুঁথি *collation* বা *সংতুলন* করা হবে, তার উর্ধ্বসীমা নির্ণয় করা গবেষণাক্ষেত্রের পরিবেশ, লক্ষ্য, চাহিদা, নির্ধারিত নীতি ইত্যাদি অনেক কিছুর উপরেই নির্ভর করে। এর বিপরীতে নিম্নসীমা বলে কিছু নির্দেশ করা কড়াকড়িভাবে সম্ভব নয়। কারণ, কোনো কোনো গ্রন্থের পুঁথির সংখ্যার বিশালতা যেমন লক্ষণীয়, তেমনি বহু গ্রন্থের এযাবৎ প্রাপ্ত পুঁথির সংখ্যা একটিমাত্র। একে বলা হয় *codex unicus;* সংস্কৃত বা বাংলা ভাষায় বলা যায়, *একলমাতৃকা*। *Codex unicus* অবলম্বনে গ্রন্থ-সম্পাদনাকালে সরাসরি *collation* কাজটি করা স্বভাবতঃই সম্ভব হয় না।

এই প্রসঙ্গে অপরিহার্যরূপে একটি বিষয় এসে পড়েছে। তা হল, পুঁথিগুলির নামকরণ। গ্রন্থগবেষণার জন্য সংগৃহীত পুঁথিগুলি *transcription* ও *collation* -এর জন্য যখন গৃহীত হয় এবং সেগুলি নিয়ে বিধিসম্মতভাবে কাজ করতে হয়, তখন প্রতিটি পুঁথির প্রায়োগিক নামকরণ প্রয়োজন ; এবং সেই সূচি গ্রন্থারম্ভে স্পষ্টভাবে সংকেতিত করে দিতে হয়। এখন এই নামকরণের ক্ষেত্রে দুটি প্রধান পদ্ধতি চলে আসছে। পুঁথির প্রাপ্তিস্থানের নামের আদ্যক্ষর দিয়ে। যেমন কলকাতা থেকে প্রাপ্ত পুঁথির পরিচয় C (কিংবা বর্তমান নগরনামানুসারে K,) মাদ্রাজ থেকে (বর্তমানে চেন্নাই) প্রাপ্ত পুঁথির পরিচয়চিহ্ন M, ত্রিবান্দ্রম (বর্তমানে তিরুবনন্তপুরম) থেকে প্রাপ্ত হলে তার চিহ্ন T, পাটনা থেকে প্রাপ্তের চিহ্ন P, নেপাল থেকে প্রাপ্তের চিহ্ন N ইত্যাদি। এক স্থান থেকে একাধিক পাওয়া গেলে এই অক্ষরের পাশে ছোট করে 1,2,3,4 ইত্যাদি সংখ্যা বসিয়েও সংকেত করতে দেখা যায় ; বড় হাতের আদ্যক্ষরটির পাশে ছোট হাতের সেই অক্ষরটি বসিয়েও বৈশিষ্ট নির্দেশ করার প্রথা লক্ষিত হয়। দ্বিতীয় প্রথাটি হল, পুঁথিগুলিকে বর্ণমালার বিভিন্ন বর্ণ নিয়ে চিহ্নিত করে সেই তালিকা গ্রন্থারম্ভে দিয়ে দেওয়া অর্থাৎ পুঁথিগুলিকে *মাদার* থেকে শুরু করে ক্রমান্বয়ে A,B,C,D ইত্যাদি—বা সংস্কৃত বা ভারতীয় ভাষায় গবেষণা সঞ্চালিত হলে ক, খ, গ, ঘ ইত্যাদি—নামকরণ।

আরেকটি বিষয় এখানে উল্লেখ্য, মহাভারত বা তৎসজাতীয় কোনো সুদীর্ঘ গ্রন্থের *transcription* ও *collation*-এর জন্য আগাগোড়া একই পুঁথিকে *transcription*-এর *মাদার* হিসাবে গ্রহণ করা সম্ভব নাও হতে পারে। সেক্ষেত্রে একাংশের জন্য যেটি *মাদার* হিসাবে গৃহীত হল, অপরাংশের জন্য অপর একটি পুঁথি *মাদার* হিসেবে গৃহীত হতে পারে। যেমনটি ঘটেছে ব্যাসকৃত (সংস্কৃত) মহাভারতের সমীক্ষাত্মক সংস্করণ প্রস্তুত করার ক্ষেত্রে। পুনরায় উল্লেখ্য, এই *collation sheet*, বা পাঠসংতুলনপত্র পুঁথিতে বিধৃত গ্রন্থরূপের সরাসরি প্রতিবিম্বিত রূপ। এই কথাটি মাথায় রেখেই *collation*- এর কাজটি করতে হয়। এই সংতুলনপত্রে ধরে রাখা পাঠগুলির মূল্যায়ন করে গবেষক সিদ্ধান্তিত পাঠরূপটি গ্রহণ করেন। তিনি *collation sheet*-কে সামনে রেখে এইভাবে পাঠনির্ণয় করতে করতে নির্ণীত বা সিদ্ধান্তিত পাঠটি অপর একটি পত্রে লিপিবদ্ধ করেন। এবং প্রতিক্ষেত্রেই যেখানে ভিন্নতা লক্ষিত হয়েছে, সেখানে পাদটীকা-সংখ্যা দিয়ে পাটকীকায় সমীক্ষাত্মক টিপ্পনীরূপে প্রতিটি পাঠভেদ লিপিবদ্ধ রাখতে হয়। পাদটীকার এই সমীক্ষাত্মক বিবৃতি অংশের পারিভাষিক নাম *critical apparatus*, ভাষান্তরে বলা যায় *সমীক্ষাত্মক টিপ্পনী* কিংবা *পাঠবিমর্শসমীক্ষা*, অথবা *পাঠসমীক্ষাটিপ্পনী* ।

পাঠনির্ণয় ও *পাঠবিমর্শ*—এই দুই কাজের সিদ্ধান্তিত রূপ ধরা থাকবে সম্পাদিত পাঠ (*Reconstructed text* বা *body*) বা নবনির্মিত গ্রন্থশরীরে এবং সমীক্ষাটিপ্পনীতে। এই অংশটিকে গ্রন্থগবেষণার প্রথম ধাপ বা *Lower criticism* বলা হয়। এর পরে সিদ্ধান্তিত রূপে নির্মাণ করতে হয় সমীক্ষাত্মক গ্রন্থ-ও গ্রন্থেতিহাসের বিমর্শ। এই অংশের নাম 'পূর্ণাঙ্গ-বিচার' হতে পারে। ইংরেজিতে একে বলা হয় *Higher Criticism*। এই

অংশটি সাধারণত সম্পাদিত গ্রন্থের ভূমিকা অংশে সন্নিবেশিত হয়।

Higher Criticism-এ মূল *গ্রন্থ*-টির পূর্ণাঙ্গ পরিচয়, তার ইতিহাস, তার সমগ্র যাত্রাপথ ও বিস্তারলাভের নিরিখ (*History of the text and journey of the text*), গ্রন্থকার সম্বন্ধে ঐতিহাসিক তথ্যভিত্তিক এবং যাবতীয় তুলনাত্মক অধ্যয়ন। গ্রন্থের বিস্তার লাভের অর্থ বহু পুঁথিতে তার গ্রহণ-ধারণ। সুতরাং গ্রন্থের যাত্রাপথের সঙ্গে অনিবার্যভাবে এসে পড়ে তার *মাতৃকা*- বা পুঁথিসমূহের প্রসারের ইতিহাস। এই ব্যাপারে নির্দিষ্ট সম্পাদিত গ্রন্থটির যে পুঁথিসামগ্রী বিচারিত হয়েছে তার মধ্যেই এই যাত্রা ও প্রসারের রূপরেখা খুঁজতে হয়। *Collation*-পর্ব এই ব্যাপারে প্রধান সহায়ক। বলার অপেক্ষা থাকে না যে, যে-সমস্ত পুঁথিসংগ্রহে নির্দিষ্ট গ্রন্থটির পুঁথি রক্ষিত, তাদের লিপি, পুষ্পিকা, অন্যান্য বিবরণ ইত্যাদি এই ব্যাপারে দিগ্‌দর্শন ঘটাতে মুখ্য সহায়ক। এখানেই অনিবার্যভাবে এসে পড়ে বংশবৃক্ষ-প্রসঙ্গ। প্রাপ্ত ও সংতুলিত (*collated*) প্রত্যেকটি পুঁথির বিশদ ও অনুপুঙ্খ বিবরণ দেওয়া *Higher Criticism*-এর অপরিহার্য অঙ্গ। এই প্রসঙ্গে শুধু *ক্যাটালগ*-প্রাপ্ত বিবরণই যথেষ্ট নয়। সাক্ষাৎ কাজের ভিত্তিতে অক্ষর, লিপি, লেখনশৈলী, ভ্রম-প্রমাদ, লেখকের বিশেষ রীতি, ভ্রমসমূহের যথাসম্ভব কারণানুসন্ধান এবং তাদের প্রকৃতিবিচার ইত্যাদি পর্যন্ত এই বর্ণনায় সংস্থাপনীয়। এছাড়া যাবতীয় তুলনাত্মক অধ্যয়ন, অবলোকন, রচনাশৈলী, গ্রন্থ ও গ্রন্থকারের কালবিষয়ে যুক্তিসম্মত অনুসন্ধান—ইত্যাদি সবই এই বিস্তৃত বিচার-বিমর্শে (*Criticism*-এ) স্থান পায়। এজন্যেই বলা হয় *গ্রন্থ-গবেষণা* বা *Textual Criticism* । অতিরিক্ত বিষয় হিসেবে সম্পাদিত গ্রন্থে প্রাপ্ত উদ্ধৃতিসমূহের তথ্যনিষ্ঠ উৎসবিচার, এই গ্রন্থ অন্যত্র কোথায় উদ্ধৃত হয়েছে তার সন্ধান; যদি টীকা, টিপ্পনী, অনুবাদ প্রভৃতির পথে গ্রন্থটির প্রচার-প্রসার ঘটে থাকে তার ইতিহাস-অনুসন্ধানও এই অংশে সংযোজনীয় হয়ে পড়ে।

পরিশেষে স্বগৃহীত সম্পাদন শৈলীকে (*Editing Principles*) গবেষক-পাঠকের কাছে স্বচ্ছ ও প্রাঞ্জল ভাবে উপস্থাপন করা একান্ত আবশ্যক। সেখানে সংতুলিত পুঁথিগুলির নামকরণ ও তার পদ্ধতি কীভাবে করা হয়েছে এবং সংতুলনের জন্য বাছাই কীভাবে হয়েছে তার যুক্তিগ্রাহ্য বিশ্লেষণ পুঁথির মূল্যায়নের ভিত্তিতে উপস্থাপন করতে হয়। পাঠ-নির্ণয়ের পদ্ধতি, সংকট, কঠিনতা এবং সমাধানের কী পদ্ধতি সম্পাদক অনুসরণ করেছেন, তার বিবরণ এই অংশে থাকে। বলা বাহুল্য, প্রতিটি বক্তব্য সর্বদাই উদাহরণসহ ব্যাখ্যা করে দেওয়াটাই মান্য গবেষণায় প্রত্যাশিত। সেইসঙ্গে বানানশৈলী (*Orthography*) কী গৃহীত হয়েছে, সমীক্ষা-টিপ্পনীতে কী কী পাঠভেদ প্রদত্ত হয়েছে, এবং সামান্য ও সার্বিক রীতি হিসেবে কী কী প্রদত্ত হয়নি, সেই নীতিগুলিকে স্পষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। যেমন, রেফ-জনিত দ্বিত্ব যদি পুঁথিতে থকে, ণত্ব-ষত্ব, শকার-সকার-ষকার বিভ্রম ইত্যাদি পাঠান্তররূপে না দেখিয়ে, ব্যাপারগুলি সামান্য নিয়মের (*Standardisation*) মধ্যেই উল্লেখ করে দেওয়া যায়। এজন্যেই যেকোনো সম্পাদিত গ্রন্থের *Methods and Principles of Standardisation* অংশটি বিশেষভাবে লক্ষণীয়। সংক্ষেপে,—

পাঠান্তরের বিচারের দৃষ্টিতে উপেক্ষণীয় লেখন-বিচ্যুতি বা ধরনকে সার্বিকভাবে লিপিবদ্ধ করাই এখানে উদ্দেশ্য। তবে সেইধরণের তুচ্ছ লিপিকার-প্রমাদ যদি সত্যি সত্যি অর্থবহ শব্দান্তর ও পাঠান্তরের জন্ম দেয়, তাহলে কিন্তু সেটিকে পাঠবিমর্শটিপ্পনীতে উল্লেখ ও ব্যাখ্যা করে দেওয়া অবশ্যই বাঞ্ছনীয়। এছাড়া অন্যান্য সংকেত, চিহ্ন, প্রতীকী বা পারিভাষিক শব্দ, যা কিছুই সম্পাদক অবলম্বন করবেন, সার্বিক গবেষণাপদ্ধতি মেনে তার বিবৃতি স্বভাবতঃই অপেক্ষিত।

প্রাচীন গ্রন্থ-গবেষণাকে পুঁথির আধার থেকে নবরূপে নির্মাণ করে তার সমগ্র দিগন্তকে বর্তমান সন্ধানী পাঠকের কাছে তুলে ধরার এই কঠিন ও অত্যন্ত উচ্চমানের বৌদ্ধিক পরিশ্রমসাধ্য সূক্ষ্ম গবেষণাকে তাই *Textual Criticism* বলা হয়। এই কাজের প্রতি পদক্ষেপে নিরীক্ষাত্মক অধ্যয়ন, অবলোকন ও বিবরণ প্রত্যাশিত। পুঁথিবিদ্যার তিনটি শাখার মধ্যে এটি তাই সর্বাধিক কঠিন ও গুরুত্বপূর্ণ।

পুঁথিবিদ্যার অপর দুটি শাখা পুঁথির বিবরণ-পঞ্জি প্রস্তুত করা বা *Cataloguing,* এবং পুঁথির রক্ষণাবেক্ষণ-সুরক্ষা-সংরক্ষণ বা *Preservation and conservation*। এ-বিষয়গুলি আলোচনার প্রসঙ্গ ভিন্ন।

গ্রন্থ-সম্পাদনের ও পুঁথিবিজ্ঞানের জন্য প্রয়োজনীয় পারিভাষিক শব্দাবলি

লাতিন/ইংরেজি	ভারতীয় /বাংলা
manuscript / codex / evidence	পুঁথি/পুস্তক/পুস্তিকা/মাতৃকা/পুস্ত
text	গ্রন্থ
author	গ্রন্থকার
autograph	গ্রন্থকারস্বাক্ষর
scribe	লেখক/ লিপিকার/স্বাক্ষরকারী
exemplar	প্রতিরূপ
archetype	প্রত্নরূপ
hyp-archetype	অন্তর্বর্তী প্রত্নরূপ/মধ্যবর্তী প্রত্নরূপ
copies	প্রতিলিপি
contaminated copy	সংকীর্ণ প্রতিলিপি
codex unicus/single manuscript	একল-মাতৃকা/ একমাত্র উপলব্ধ মাতৃকা
stemma codicum	বংশবৃক্ষ/প্রাপ্ত পুঁথিসমূহের বংশবৃক্ষ
folium / folio / leaf	পত্র
transcription	প্রতিবর্ণীকরণ /প্রতিবর্ণস্থাপন

collation	পাঠ-সংতুলন
apparatus criticus / critical apparatus	সমীক্ষা টিপ্পনী/পাঠবিমর্শ/ পাঠ-সমীক্ষা
critical edition / text-critical edition	সমীক্ষাত্মক সংস্করণ
vulgate edition	সাধারণ সংস্করণ
populor edition	চলতি সংস্করণ
students' edition	ছাত্রপাঠ্য সংস্করণ
colophon	পুষ্পিকা
post-colophon	উত্তর পুষ্পিকা
date of codex/manuscript	পুঁথির কাল

।।৩।। পুঁথির রূপ

পূর্ববর্তী আলোচনা থেকে স্পষ্ট যে, আমাদের আলোচ্য পুঁথি বা পাণ্ডুলিপি হচ্ছে কোনো মূল গ্রন্থের (*text*) পূর্ববর্তী পূর্ববর্তী প্রত্নরূপ ও প্রতিরূপ দেখে প্রস্তুত হস্তলিখিত একটি গ্রন্থরূপ;ভারতীয় ভাষা ও ঐতিহ্যে যার পত্রাবলি পরস্পর পৃথক ; অর্থাৎ সেই পত্রসমূহ সেলাই করে বাঁধানো নয়। আরবী-ফার্সী পুঁথি কিন্তু সেলাই করে বাঁধানো। পত্রসংখ্যা অনুসারে একেকটি পত্র পরপর সাজানো থাকে। তালপাতায় লেখা পুঁথির পত্রসমূহের মধ্যস্থলে সাধারণত একটি ছিদ্র দেখা যায়; পত্রের দৈর্ঘ্য খুব বেশি হলে ডান ও বাম ধার থেকে সমদূরত্বের দু-টি ছিদ্র অনেকসময় দেখা যায়। এই ছিদ্রের মধ্য দিয়ে একটি সূত্র পরপর টেনে পত্রাবলিকে সূত্রবদ্ধ করে রাখার প্রথা ছিল এবং এখনও আছে। পুঁথি-লেখক লেখার সময়ে এই ছিদ্র ও তার চারপাশে গোলাকার বা চতুষ্কোণ স্থান ফাঁকা রেখে বাকি অংশে লেখেন। অর্থাৎ ছিদ্র ও তৎসংলগ্ন স্থানটি ছেড়ে বাঁদিক থেকে আসা পঙ্‌ক্তিটিকে ছিদ্রের ডানদিক থেকে আবার লিখতে আরম্ভ করে এগিয়ে যান। পুঁথির পত্রের উপরে লিখিত অংশের চারপাশেই সমান করে মার্জিন বা ফাঁকা অংশ থাকে এবং এই পরিমিতি একটি পুঁথির পত্রসমূহে আগাগোড়া একরকমই থাকে। এখানে একটি বিষয় উল্লেখ্য,— যদিও এই ছিদ্রের জন্যে শূন্যস্থান রাখার ব্যাপারটি শুধুমাত্র তালপাতায় লেখা পুঁথির জন্যেই প্রয়োজনীয় ছিল, এই ধরণের পুঁথি থেকে কোনো পুঁথিলেখক তুলোট কাগজে বা অন্য উপাদানে যখন পুঁথি নকল করেছেন, তখনও অনেকসময় অভ্যাসবশে ঐরকম ফাঁকা জায়গা ছেড়ে রেখে লেখার কাজে অগ্রসর হয়েছেন, এমন দেখা যায়।

আগেই বলা হয়েছে, পুঁথির পত্রের লিখিত অংশের উপরে নিচে এবং বাঁদিকে ও ডানদিকে সমান মাপের মার্জিন রেখে ভারতীয় পুঁথি-লেখকেরা পুঁথি লিখতেন। লিখিত অংশটি পত্রের মধ্যবর্তী অংশে একটি চতুষ্কোণ নির্মাণ করে; পত্রের দুই পৃষ্ঠেই লেখা

থাকে। বাঁদিক থেকে ডানদিকে লেখা এই পঙ্‌ক্তিগুলিতে দু-টি শব্দের মধ্যে বা বাক্যের মধ্যে কোনো ফাঁক থাকে না, থাকে না অধুনা পরিচিত কোনো যতিচিহ্নও। এককথায়, লিখিত অক্ষররাশি নিরন্তর নিরবচ্ছিন্নভাবে সর্বপ্রকার ব্যবধানশূন্যরূপে টানা পাশাপাশি লেখা থাকে। গদ্য বা পদ্য যাই লেখা হোক না কেন, পুঁথি লেখার এই রীতি। শ্লোকবন্ধের ক্ষেত্রে শ্লোকার্ধে একটি দণ্ড এবং শ্লোকশেষে দুটি দণ্ড দেখা যেতে পারে। কিন্তু চরণের শেষে কোনো চিহ্ন থাকে না। লেখার প্রক্রিয়ার এই পদ্ধতির পশ্চাতে আছে একটি বিশিষ্ট চিন্তা;—পুঁথির প্রতিটি পত্রই যেন হয় একটি পূর্ণকুম্ভ যা সর্বাবস্থায় মাঙ্গলিক লক্ষণাক্রান্ত। অবশ্য এখানে একথা বলা প্রয়োজন, অন্যান্য যতিচিহ্ন ব্যবহৃত না হলেও পূর্ণচ্ছেদের জন্যে একটি বা দু-টি দণ্ড এবং মধ্যবর্তী কোনো বিরাম বোঝানোর জন্যে অপেক্ষাকৃত অর্বাচীন পুঁথিতে একটি হসন্ত-চিহ্নও দেখা যায়। পঙ্‌ক্তিশেষে কোনো শব্দ যদি শেষ না হয়, তাহলে পঙ্‌ক্তির শেষ অক্ষরটির পাশে খাড়াভাবে তিনটি বিন্দু দেখা যায়; একে বিসর্গ বলে ভুল করা ঠিক হবে না। এর ভূমিকা আজকের যুগের হাইফেনের মতো। শেষোক্ত পদ্ধতিটি অধিকাংশ সময়ে গদ্যে রচিত গ্রন্থের দীর্ঘ সমাসবদ্ধ শব্দ লেখার জন্যে ব্যবহৃত হতে দেখা যায়।

লেখনীয় কোনো অংশ প্রমাদবশতঃ বাদ পড়ে গেলে লিপিকার অক্ষরপাত-বা গ্রন্থপাত-স্থলে একটি বিশেষ চিহ্ন,—যা সাধারণতঃ একটু খোঁচা মতো অথবা সেই খোঁচা চিহ্নের উপরে একটি বিন্দু, যাকে পরিভাষিকভাবে 'কাকপদ' বলা হয়,—বসিয়ে দিয়ে তারপর মার্জিনে ঐ একই চিহ্ন লিখে তার পাশে যে-পঙ্‌ক্তিতে এই গ্রন্থপাত ঘটেছে, তার সংখ্যা, অর্থাৎ, ১,২,৩—এইভাবে লাইনসংখ্যাটি লিখে তার পাশে পূরণীয় অংশটি লিখে দেন। এই চিহ্নটির নাম *কাকপদ*। লক্ষণীয় এই যে, সংশ্লিষ্ট পঙ্‌ক্তিটি যদি উপরের মার্জিনের কাছাকাছি হয়, তাহলে উপর থেকে গুণে লাইন সংখ্যা বসানো আছে, এমন দেখা যায়। যদি সেটি সংশ্লিষ্ট পুঁথির পাতার নিচের দিকের মার্জিনের কাছাকাছি হয়, তাহলে অনুরূপভাবে নিচের দিক থেকে পঙ্‌ক্তিসংখ্যা গুণে কাকপদের পাশে সেটি বসানো হয়। এছাড়াও ডানদিক বা বাঁদিকের মার্জিনেও প্রয়োজনে গ্রন্থপাত-অংশের পূরণ লিপিকার তুলে রাখেন। এইধরণের কোনো পুঁথি নিয়ে কাজ করার সময়ে পাঠোদ্ধারপূর্বক যে সাম্প্রতিক প্রতিলিপি নির্মিত হয়, সেখানে মার্জিনের এইধরণের গ্রন্থাংশ-পূরণগুলিকে কাকপদ চিহ্ন এবং পার্শ্ববর্তী পঙ্‌ক্তিসংখ্যা মিলিয়ে যথাস্থানে সন্নিবেশিত করেই লেখা প্রয়োজন। এই কাজ করার সময়ে মার্জিনে লিখিত অংশগুলির মধ্যে কোন্‌গুলি মূল গ্রন্থাংশের অঙ্গ, আর কোন্‌গুলি পরবর্তী কোনো পাঠকের হাতের *marginal note*;—তার মধ্যে সতর্ক পার্থক্য-নির্ণয় করা কঠিন, কিন্তু অত্যাবশ্যক কর্তব্য। আবার, ভ্রমবশতঃ অতিরিক্ত কিছু লিখে ফেলে থাকলে, লিপিকার পাঠকের কাছে যদি সংকেত পৌঁছে দিতে চান যে, ঐ অংশ গ্রন্থমধ্যে বর্জনীয়, তাহলে সেই অক্ষরবিশেষ বা অক্ষরাবলি, যা ভ্রান্তভাবে লিখিত হয়ে গেছে, সেই অংশের শুরু থেকে শেষ পর্যন্ত জুড়ে ওপরদিকে পরপর বিন্দু

অথবা অতিক্ষুদ্র দণ্ডরেখা বসিয়ে দেন লিপিকার। দীর্ঘতর কোনো অংশ বাদ দেওয়ার সংকেত হিসাবে লিপিকারকে অনেক সময়ে বন্ধনীচিহ্ন টেনে দিতে দেখা যায়, শুরুতে এবং শেষের দিকে সেই বন্ধনীচিহ্ন সংশ্লিষ্ট পঙ্‌ক্তির কয়েকটি অক্ষর জুড়ে উপরে এবং নিচে টেনে দেওয়া আছে, এমন দেখা যায়।

সাধারণতঃ দেখা যায়, একটি পুঁথির প্রতিটি পত্রে, এমনকি প্রতিটি পৃষ্ঠায় সমমাপের মার্জিন ছাড়া থাকে চারদিকেই, অর্থাৎ একটি আয়ত পুঁথিপত্রের ঠিক মাঝখান বরাবর স্থান সুপরিমিতভাবে ব্যবহার করেন লিপিকার। এই সুপরিমিত মুখ্য লেখপত্রের আশেপাশে মূল লিপিকার সাধারণভাবে শুধু গ্রন্থনামের সংকেত এবং পত্রসংখ্যা ছাড়া আর কিছু লেখেন না। ব্যতিক্রম স্থলগুলি উপরের অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে, যেখানে লিপিকার বিশেষ প্রয়োজনে মার্জিনে লিখতে বাধ্য হয়েছেন। কিন্তু বর্তমানে আমরা যে কোনো গ্রন্থের পুঁথির পাতার মার্জিন অংশে বেশ কিছু লেখা দেখতে পাই। তখন প্রথম বিচার্য বিষয় হয়, এই লেখাগুলি মূল লিপিকারের হাতের লেখা অর্থাৎ মূল গ্রন্থাংশ, নাকি পরবর্তী কোনো সংযোজন বা টিপ্পনী? এক্ষেত্রে যদি দেখা যায়, হাতের লেখা সম্পূর্ণ ভিন্ন ছাঁদের, ভিন্ন লিপির বা অক্ষরশৈলীর, তাহলে তার স্বরূপ বিচার করা সহজতর হবে। বলা বাহুল্য, এক্ষেত্রে *কাকপদ*-চিহ্নের অবস্থান ও অনুধাবন একটি গুরুত্বপূর্ণ প্রকরণ-কৌশল। অন্যদিকে দেখা যায় যে, এই *marginal note* গুলি অধিকাংশ ক্ষেত্রে কোনো শব্দার্থ, অতিরিক্ত কোনো অর্থব্যাখ্যা, কিংবা গ্রন্থাংশের সঙ্গে সম্পর্কিত বা অর্থবোধের উপযোগী কোনো সমান্তরাল অথবা তুলনীয় উদ্ধৃতি। সুতরাং, মার্জিনে প্রাপ্ত লিখিত অংশের চরিত্রবিচার করা এবং মূল গ্রন্থের পাঠোদ্ধারের প্রসঙ্গে তার মূল্যায়ন একটি নাতিসরল প্রক্রিয়া। প্রাচীন পুঁথির আকার প্রকারের বিচারপ্রসঙ্গে একটি গুরুত্বপূর্ণ প্রসঙ্গ হলো, একটি পুঁথির মধ্যে একাধিক গ্রন্থের সন্নিবেশ। একাধিক গ্রন্থ ধারাবাহিকভাবে একটি পুঁথির পত্রাবলির মধ্যে সুসংহত রূপে সুলিখিত অবস্থায় দেখা যায়। এই বিশেষ ব্যাপারটি চোখে পড়ে টীকা বা ভাষ্য সহ কোনো গ্রন্থের পুঁথি যখন উপস্থিত। আবার, একটি গ্রন্থের একাধিক টীকাসহ পুঁথিও যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। উদাহরণ হিসাবে সংস্কৃত সাহিত্য এবং শাস্ত্রের, যেমন, *রামায়ণ, মহাভারত, ভগবদ্গীতা, ভাগবতপুরাণ, ব্রহ্মসূত্র, ন্যায়সূত্র* ইত্যাদি গ্রন্থ এবং *চর্যাগীতিকোষ* ও *চর্যাকীতিকোষটীকা* প্রভৃতি পুঁথির উল্লেখ করা যায়। এই সব পুঁথির ক্ষেত্রে দেখা গেছে, লিপিকারেরা আশ্চর্য দক্ষতার সঙ্গে মূল গ্রন্থ ও তার ভাষ্য-টীকা ইত্যাদিকে পাঠকের অনুকূলে লিপিবদ্ধ করেছেন। কখনো মূল গ্রন্থাংশ অপেক্ষাকৃত বড় অক্ষরে এবং টীকাভাষ্য ক্ষুদ্রতর অক্ষরে লেখা হয়েছে। প্রায়ই দেখা যায়, মূল গ্রন্থটি পুঁথির পত্রের প্রতি পৃষ্ঠায় ঠিক মাঝখান বরাবর লেখা হয়েছে এবং টীকা অংশটি সমানুপাতিক অংশে হিসেবমতো ভাগ করে মূলাংশের উপরে ও নিচে সন্নিবেশিত হয়েছে। এক্ষেত্রে পুঁথিপত্রের রূপের বৈশিষ্ট ত্রিধাবিভক্ত *three-parts manuscript* ; যদি মূল গ্রন্থের উপরে নিচে লিখিত টীকার অংশ পত্রের মাঝখানে লিখিত মূল গ্রন্থের বাঁদিকে এবং ডানদিকে অবশিষ্ট জায়গাতে পুঁথিপত্রের লিখিত অংশের মার্জিনের সীমা বজায় রেখে লেখা থাকে,

তাহলে একটি পত্রপৃষ্ঠের পাঁচটি অংশ (*five parts*) তার লক্ষণীয় রূপ হয়ে ওঠে। একেবারে মধ্যস্থলে মূলগ্রন্থ, তার বরাবর টীকা লেখার সময়ে, উপরে এবং ডানদিকে, বাঁদিকে পূর্বপরিমিত নির্দিষ্ট মার্জিন রেখে মূলগ্রন্থের ঠিক উপর পর্যন্ত লিখে তারপরে কেন্দ্রস্থ মূলগ্রন্থকে ছেড়ে, ঠিক তার নিচে বরাবর বাঁদিকে ডানদিকে এবং নিচে অনুরূপ মার্জিন রেখে লেখার পরে আবার মূল গ্রন্থের বাঁদিকের ফাঁকা জায়গায় লিখে তারপর ডানদিকের ফাঁকা জায়গায় লিখেছেন লিপিকার। কখনো দেখা যায়, এই যে মাঝখানের বাঁদিকের এবং ডানদিকের লেখাটি অর্থাৎ পত্রপৃষ্ঠের চতুর্থ এবং পঞ্চম অংশটি বিপরীতমুখে লেখা। অর্থাৎ, পত্রের দৈর্ঘ্য বরাবর না লিখে প্রস্থ বরাবর বাঁদিক থেকে ডানদিকে লিখে শূন্যস্থান পূরণ করা হয়েছে। একাধিক টীকা-ব্যাখ্যা-যুক্ত একটি মূল গ্রন্থের পুঁথির ক্ষেত্রে লিপিকার এভাবে নানা কৌশল উদ্ভাবন করে ভিন্ন ভিন্ন টীকার জন্য পত্রপৃষ্ঠের অভীষ্ট স্থান আগেই নির্দিষ্ট করে নিয়ে গ্রন্থ এবং পুঁথির ধারাবাহিকতা অক্ষুণ্ণ রেখে কঠিন আয়াসের মধ্য দিয়ে *মাতৃকার* রূপ রচনা করেছেন। আধুনিককালের মুদ্রণের পৃষ্ঠ-পরিমিতি বা *formating* এর প্রাগ্‌রূপ হিসাবে এই ধরনের একাধিক অংশময় পুঁথি-পত্র বিশেষ উল্লেখের দাবি রাখে।

পুঁথির ক্ষেত্রে পত্রসংখ্যা-সন্নিবেশ দেখা যায় সেই পৃষ্ঠা থেকে শুরু, যেখানে গ্রন্থের লেখা শুরু। স্মরণীয় পুঁথির পরিমাণ উল্লিখিত হয় *পত্র*-সংখ্যা (*folio*) দিয়ে, *পৃষ্ঠা*সংখ্যা (*pages*) দিয়ে নয়। পত্রের একদিকেই সংখ্যা নিবেশিত, পৃষ্ঠাসংখ্যা গোনা না হওয়ার কারণে এই একটি সংখ্যাই যথেষ্ট। একটি পত্রে দুটি *পৃষ্ঠা* বা *অঙ্ক*, সম্মুখ (*recto*) এবং *পৃষ্ঠ* (*verso*)। সাধারণতঃ পত্রের পৃষ্ঠভাগেই (*verso*) সংখ্যাটি সন্নিবেশিত দেখা যায়; বিশেষতঃ উত্তরভারতে প্রাপ্ত সংস্কৃতপুঁথির ক্ষেত্রে। অবশ্য দক্ষিণভারতের তালপত্রে লিখিত পুঁথিতে প্রথম পত্রের সম্মুখপৃষ্ঠা থেকেই *গ্রন্থ*-লেখা শুরু হবার কারণে সম্মুখভাগেই পত্রসংখ্যা লিখিত দেখা যায়। তিব্বতী কাষ্ঠফলক-মুদ্রণ (*xylograph*) এবং হস্তলিখিত পুঁথিতেও সম্মুখপত্রভাগেই পত্রসংখ্যা নিবেশিত। সংক্ষেপে বলা যায়,—*পত্র* বা *folio* অর্থ একটি সমগ্র পুঁথির পরস্পর অসংবদ্ধ এক-একটি পাতা, তার মধ্যে দুটি ভাগ 'সম্মুখ' ও 'পৃষ্ঠ'—যাদের *পৃষ্ঠা, অঙ্ক*, বা *side* বলা হয়। তাই পুঁথির স্থান-উল্লেখ করতে হলে *পত্রাঙ্ক* বলতে হয় এবং তার অর্থ—পত্রসংখ্যা, সম্মুখ ও পৃষ্ঠ কোন্ ভাগ, তা এবং পঙ্‌ক্তিসংখ্যা—এই তিনটির উল্লেখ করা। সম্মুখভাগকে (*recto*) আগে *r* এবং পৃষ্ঠভাগকে (*verso*) *v* দিয়ে উল্লেখ করা হত, কিন্তু মুদ্রণে r ও v প্রায় কাছাকাছি হওয়ার দরুন প্রমাদ এড়াতে ইদানিং যথাক্রমে *a*, *b* দিয়েই বোঝানো হয়। সংস্কৃত, বাংলা বা ভারতীয় যে-কোনো ভাষায় এদের যথাক্রমে *ক*, *খ* দিয়ে চিহ্নিত করা যায়। অর্থাৎ কোনো উল্লেখে *5a3, 10b5* , (কিংবা *৫ক৩, ১০খ৫*) ইত্যাদি দেখলে বুঝতে হবে, ঐ পুঁথির পঞ্চম পত্রের সম্মুখভাগে তৃতীয় লাইনে, দশম পত্রের পৃষ্ঠভাগে পঞ্চম লাইনে ইত্যাদি। আগেই বলা হয়েছে যদি পৃষ্ঠভাগে পত্রসংখ্যা (*foliation*) থাকে, তাহলে সম্মুখভাগ থাকে সংখ্যাহীন; এর বিপরীতে পৃষ্ঠভাগ থাকে সংখ্যাহীন। পুঁথিপত্রের

যান্ত্রিক-প্রতিলিপি নির্মাণের সময়ে সংখ্যাহীন দিকগুলিতে সংখ্যা সন্নিবেশ করিয়ে তারপরে ফটো-নির্মাণ করলে গবেষকের কাজের সুবিধা হয়। অন্যথা ভুলক্রমে—যা প্রায়ই ঘটে থাকে এবং স্বাভাবিকভাবেই তা ঘটতেই পারে, যেহেতু যন্ত্রচালক পুঁথিপত্রের সংখ্যার পাঠোদ্ধার করে করে ছবি তুলবেন না নিশ্চয়ই,—সংখ্যাবিহীন পত্রের ছবি নিয়ে গবেষক মুস্কিলে পড়েন, এইটি কোন্ পত্রের সম্মুখভাগ। (বা পৃষ্ঠভাগ, যদি পৃষ্ঠভাগ সংখ্যাঙ্কিত না হয়।))।

প্রাচীন ভারতীয় পুঁথির রূপালোক বিষয়ে একটি জরুরি বিষয় হচ্ছে তার 'পূর্ণকুম্ভ-স্বরূপতা। প্রতিটি পত্রের লেখনযোগ্য পৃষ্ঠাংশ অর্থাৎ মার্জিন বাদ দিয়ে যে-অংশে লেখার কথা লিপিকার নিজে স্থির করে নিয়েছেন, সেই অংশটি— পরিপূর্ণরূপে অক্ষরাঙ্কিত হবে এটাই লেখার আদর্শ। মাঝখানে কোনো ব্যবধান বা ছেদ থাকবে না— যেহেতু তা অশুভ লক্ষণ। তাই পদচ্ছেদ, বাক্যচ্ছেদ ইত্যাদিজনিত কোনো ব্যবধান পঙ্‌ক্তিতে দৃষ্টিগোচর হয় না। এমন কি যদি পুঁথির পঙ্‌ক্তির মাঝখানেই অধ্যায়, পরিচ্ছেদ, এমনকি সমগ্র গ্রন্থও সমাপ্ত হয়, তাহলে পঙ্‌ক্তির বাকি অংশ কোনো শুভ চিহ্ন, পুষ্প বা অক্ষর দিয়ে ভরাট করে রেখেছেন লিপিকার। তালপত্র বা ভূর্জপত্রের কোনো অংশ স্বাভাবিক রুক্ষতা বা অমসৃণ গ্রন্থিস্থানের কারণে যদি টানা লেখার জন্যে অনুপযুক্ত হয়, তাহলেও লিপিকারদের এই কৌশল অবলম্বন করতে দেখা যায় ; কারণ, সর্বশুভলক্ষণ 'পূর্ণকুম্ভ' রূপেই 'মাতৃকা' নির্মাণে সে প্রতিজ্ঞাবদ্ধ।

পরস্পর অসংবদ্ধ পত্রাবলি যথাক্রমে পরপর সাজিয়ে শালু-কাপড়ে আঁটসাঁট করে বেঁধে রাখার বিশেষ কৌশলও শিক্ষণীয়। শিথিল বাঁধনে পুঁথির পত্রাবলি পরস্পর ঘষাঘষিতে নষ্ট বা ছিন্ন হতে পারে। শালুবদ্ধ পুঁথিটিকে মাপমতো বেষ্টনে বাঁধা থাকে। পাটাগুলি অনেক সময়ে ভিতরের বিষয়বস্তুর দিগ্‌দর্শক বা ব্যাখ্যান হিসেবে চিত্রিত থাকে। পুঁথির পাটা ও পাটা-চিত্রের বিষয়-রঙ- রূপ-বক্তব্য ইত্যাদির ধারাবাহিক ইতিহাস নির্ণয়ও পুঁথির ইতিহাসের পাশাপাশি সামাজিক সাংস্কৃতিক ইতিহাসের সাক্ষ্য ও সংকেতবহ মৌলিক উপাদান। তালপাতার পুঁথির পত্রাবলির মাঝখানে ছিদ্র করে তার মধ্যে দিয়ে সূত্র গ্রন্থন করে টানটান করে বাঁধা থাকে। পুঁথিলেখক তার জন্যে হিসেব করে আগে থেকেই জায়গা ছেড়ে রাখতেন। মজার কথা হল, এই ধরনের প্রত্নরূপ দেখে পরবর্তী লিপিকার কাগজের উপাদানেও অনুরূপ জায়গা ফাঁকা রেখে লিখে গেছেন নিজস্ব পুঁথি লেখার সময়ে— এমন উদাহরণ দুর্লভ নয়। বর্তমানে অবশ্য তালপাতার পুঁথির একান্ত ভঙ্গুর দশার কারণে রক্ষণাবেক্ষণ বা সংরক্ষণের সময়ে ছিদ্রবন্ধনের সূত্রটি সরিয়ে রেখে একক পত্রগুলিকে ক্রমচিহ্নিত করে সাজিয়ে রাখা একটা বড় দায়িত্ব হয়ে পড়েছে।

তিব্বতী *xylograph* ও হস্তলিখিত পুঁথিও এই ধরনের অসংবদ্ধ পত্রসমাবেশ, যা বস্ত্রখণ্ডের মধ্যে সুবদ্ধ ও তার পরে কাঠের পাটার মধ্যে রক্ষিত থাকে। ভারতীয় ভূ-খণ্ডে আরবি-ফার্সি পুঁথির পত্রাবলি কিন্তু ভালোভাবে সেলাই দিয়ে বাঁধা এবং তারপরে সুদৃশ্য চামড়া বা কাপড়ের বাঁধানো অবস্থায় পাওয়া যায়। পুরনো বাঁধাই জীর্ণ হবার ফলে

এবং বারবার বাঁধাই-এ প্রাচীন পত্র-উপাদান বিনষ্ট, ছিন্ন বা ভগ্ন হয়ে পড়ার আশঙ্কায় বর্তমানে আরবি-ফার্সি পুঁথির বিশেষজ্ঞরাও নতুন করে পুঁথি-বাঁধাই করার প্রস্তাবের পক্ষে নন। তাঁদের মতে, পুঁথির গ্রন্থের সুরক্ষা আগে ; তাই তাকে প্রাধান্য দিতে গিয়ে যদি প্রয়োজন হয়, তবে অন্যান্য পুঁথির মতোই আরবি-ফার্সি বা ইসলামি পুঁথিও বস্ত্রবদ্ধ করে আলমারিতে তাকে খাড়া না রেখে আড়াআড়িভাবে শায়িত রাখাই হবে বাঞ্ছনীয় পদ্ধতি। এবিষয়ে স্পষ্ট মত ব্যক্ত করেছিলেন আরবির অধ্যাপক ড. শহীদুল্লাহ্, ২০০১ সালে, কলকাতার এশিয়াটিক সোসাইটি আয়োজিত একটি পুঁথি-সুরক্ষাবিষয়ক কর্মশালায়। সহ-আলোচক ছিলেন সংস্কৃতের অধ্যাপক ড. সমীরণ চন্দ্র চক্রবর্তী।

ভারতীয় পুঁথির বহিরঙ্গ রূপ অবলোকন প্রসঙ্গে সংক্ষেপে আরো দু-একটি কথা বলা প্রয়োজন। শুরুতে লেখক বা লিপিকার নিজ ইষ্টদেবতার উদ্দেশে কিছু প্রণাম-মন্ত্র লিখে রাখেন। *নমো গণেশায়, শ্রীকৃষ্ণায় নমঃ* ইত্যাদি তার উদাহরণ। তারপরে তিনি মূলগ্রন্থের লিপি প্রস্তুত শুরু করেন। তার শুরুতে দেখা যায় গ্রন্থকার-রচিত প্রণাম-স্তব-স্তোত্রাত্মক মঙ্গলশ্লোক বা স্বস্তি-বাচন। দীর্ঘগ্রন্থের প্রতি অধ্যায়শেষে বা পরিচ্ছেদান্তে গ্রন্থ-গ্রন্থকার-গ্রন্থভাগ সম্বন্ধে উল্লেখ করে এর সমাপ্তি সুলিখিত থাকে। এই অংশ গ্রন্থকারের লেখনীপ্রসূত হতে পারে, তবে তার পরিবর্তে লিপিকারের লেখাও কিছু অস্বাভাবিক ব্যাপার নয়। যদি কোনো গ্রন্থের *খণ্ডিত* অর্থাৎ অসম্পূর্ণ পুঁথি হাতে পড়ে, তাহলে মূল *পুষ্পিকা* বা *colophon*- এর অভাবে এই মধ্যবর্তী *পুষ্পিকা*-গুলি থেকেই গ্রন্থসংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে হয়; সেদিক থেকে এই অংশগুলির গুরুত্ব সমধিক। গ্রন্থ ও পুঁথি-র 'প্রারম্ভিক' এই অংশকে ইংরেজিতে *incipit* বলা হয়। গ্রন্থশেষে পুঁথিতে গ্রন্থ ও পুঁথি সম্বন্ধে যে তথ্য-বিবরণ পাওয়া যায়, যেখানে গ্রন্থকার স্বীয় পরিচয়, গ্রন্থ-নাম, এবং অন্যান্য কিছু ব্যক্তিগত কথাও রচনা করে যান—তা হল গ্রন্থকারের *'পুষ্পিকা, 'উপসংহার'* বা *explicit* । এর পরবর্তী অংশ হল *পুঁথির পুষ্পিকা,* যার রচয়িতা পুঁথিলেখক স্বয়ং। তিনি *সমাপ্তমিদং পুস্তকম্* লিখে লেখা-সমাপ্তির বর্ষ, মাস, পক্ষ, তিথি, স্থান ইত্যাদি সঠিকভাবে উল্লেখ করেন। এমন কি পুঁথি-গ্রন্থের স্বত্ব বা মালিকানা কার, অর্থাৎ কার নির্দেশে এই পুঁথিটি লেখা হল তাও উল্লিখিত থাকে। যদি যেখানে পুঁথির শেষ, সেখানেই গ্রন্থেরও সমাপ্তি ঘটে তাহলে লিপিকার সাধারণতঃ স্পষ্টভাবে উল্লেখ করেন 'পুঁথি শেষ হল, গ্রন্থেরও সমাপ্তি এখানেই'। — *সমাপ্তমিদং পুস্তকং, সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ*। তবে গ্রন্থসমাপ্তি সত্ত্বেও শুধুমাত্র প্রথমাংশটুকু— অর্থাৎ *সমাপ্তং পুস্তকম্*—লিখেই গ্রন্থের পুঁথি শেষ করার দৃষ্টান্ত বিরল নয়। এই বাক্য বা বাক্যদ্বয় অলংকৃত পুষ্পচিত্রের মধ্যে লিখে পুঁথিকার মাঙ্গলিক কর্তব্য সূচনা করেছেন— এমন দৃষ্টান্তই সচরাচর দেখা যায়। (দ্রষ্টব্য— বর্তমান প্রবন্ধকারের নিবন্ধ—'পুঁথির পুষ্পিকা-উত্তরপুষ্পিকা'।)। লক্ষণীয় যে, পুঁথির আরম্ভের মতো পুঁথির শেষেও *গ্রন্থকারের* বিবরণ সংবলিত *পুষ্পিকা* তথা তৎপরবর্তী সংযোজন *উত্তরপুষ্পিকাতে* পুঁথি ও গ্রন্থের রূপ, স্বরূপ, যাত্রাপথ, ইতিহাস, এমনকি আনুষঙ্গিক সামাজিক তথ্যবিবরণও বিধৃত থাকে। তাই পুঁথির বিবরণ-পঞ্জি-নির্মাণই হোক, বা গ্রন্থ-

সম্পাদনার কাজই হোক—উভয়ক্ষেত্রেই এই অংশের প্রতি গবেষকের সতর্ক দৃষ্টিপাত ও গভীর অনুধাবন প্রত্যাশিত।

সবশেষে চিত্রিত পুঁথির রূপ ও আকার-প্রকার সম্বন্ধে কয়েকটি কথা বলা প্রয়োজন। ভারতীয় পুঁথির ক্ষেত্রে অধিকাংশ সময়ে দেখা যায় যে, চিত্রটি পুঁথি-পত্রের মধ্যস্থলে নিবেশিত এবং লেখার পঙ্‌ক্তি তার চারপাশে, চিত্রটিকে ঘিরে, বাঁদিক থেকে ডানদিকে চলেছে। বাঁদিকে লেখা শুরু হয়ে চিত্র পর্যন্ত গিয়ে তার প্রবাহ চিত্রের ডানদিকে ফের চলতে থাকে। পত্রের মার্জিনে গিয়ে আবার ফিরে আসে পত্রের একেবারে বাঁ-মার্জিনে। কখনও দেখা যায় চিত্রটি পুঁথি-পত্রের একধারে, ডানপাশে কিংবা বাঁপাশে অঙ্কিত ;পত্রের অর্ধাংশ জুড়ে অথবা এক কোণে এক-চতুর্থাংশ স্থানেও এভাবে চিত্রসন্নিবেশ দেখা যায়।

অত্যন্ত গুরুত্বপূর্ণ চিত্রিত পুঁথি হল জড়ানো পটের আকারে, ইংরেজিতে একে বলা হয় scroll। এই জড়ানো পটরূপের আধারে চিত্রিত পুঁথির উপাদান তুলোট কাগজ কিংবা অতি সূক্ষ্ম রেশম বা পাটবস্ত্র। চিত্র, অক্ষরশৈলী, কালি— সবদিক থেকেই এগুলি অত্যন্ত সুচারুরূপে অলংকৃত রূপনির্মাণ। অত্যন্ত লোকপ্রিয় কথাকাব্য, গাথা কিংবা ধর্মীয় গৌরবের মহত্ত্বপূর্ণ গ্রন্থের এজাতীয় পুঁথি পাওয়া যায়। অধিকাংশ ক্ষেত্রেই এইসব পট-পুঁথির অক্ষর অতি ক্ষুদ্রাকৃতি, কারণ, একটি পটের মধ্যেই সচিত্র গ্রন্থটিকে সম্পূর্ণ করা প্রয়োজন—লিপিকারের লক্ষ্য সেরকমই। এইধরনের পট-পুঁথিতে লেখনশৈলীও বহু বিচিত্র হয়ে থাকে। অনেকসময় অক্ষরগুলিকে সোজা পঙ্‌ক্তিতে না লিখে মাঙ্গলিক সূচনা হিসেবে পুষ্পদলের আকারে বিন্যস্ত দেখা যায়। কখনো বা পুঁথির পঙ্‌ক্তিগুলি স্বর্ণাক্ষরে লিখিত, কখনো রজতাক্ষরে, কখনো এক পঙ্‌ক্তি স্বর্ণ এবং এক পঙ্‌ক্তি রজতাক্ষরে। তিব্বতী পুঁথির মধ্যে এধরনের স্বর্ণাক্ষর ও রজতাক্ষর কিংবা উভয়বিধ অক্ষরের মিশ্রণে যে পুঁথিগুলি বিশেষ উল্লেখযোগ্য, তা হল *অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা, শতসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা, পঞ্চরক্ষা এবং ধারণী-গ্রন্থসমূহ*। বৌদ্ধতন্ত্রের অনুষ্ঠান-কলার গ্রন্থাবলি পটচিত্রে না হলেও তুলোট কাগজের ওপরে এভাবে স্বর্ণাক্ষর ও রজতাক্ষরে লিখিতরূপে পাওয়া যায়। পট-পুঁথিরূপে বিভিন্ন পুঁথিশালায় রক্ষিত আছে *রামায়ণ, মহাভারত, ভগবদ্‌গীতা* এবং *ভাগবত-মহাপুরাণের পুঁথি*। বারাণসীর সরস্বতী ভবন গ্রন্থাগার, তাঞ্জাভুরের সরস্বতী মহাল গ্রন্থাগার, বড়োদরার প্রাচ্যবিদ্যাকেন্দ্র, কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিসংগ্রহ, দিল্লি ন্যাশনাল মিউজিয়াম—এই সমস্ত সংগ্রহে এজাতীয় চিত্রিতপুঁথি, স্বর্ণ-রজতাক্ষরের পুঁথি এবং পট-পুঁথি সংরক্ষিত আছে। বাংলা পুঁথির মধ্যে বৈষ্ণব গ্রন্থসমূহ, চৈতন্যলীলা বিষয়ক গ্রন্থ এবং রামায়ণ ও মহাভারতের চিত্রিত-অলংকৃত পুঁথি বেশি দেখা যায়। কলকাতার এশিয়াটিক সোসাইটি এবং বঙ্গীয় সাহিত্য পরিষদে এধরনের সংগ্রহ আছে। ইসলামি পুঁথির মধ্যে ফার্সি কাব্যের পুঁথিসমূহ চিত্রিতরূপে অলংকৃত আকারে পাওয়া যায়। সেখানে অনেক সময় অক্ষরবিন্যাস ও সজ্জাই চিত্রের মর্যাদায় উন্নীত। রঙ, তুলি এবং স্বর্ণবর্ণে চিত্রিত অলংকরণ যখন ফার্সি পুঁথির পাতায় দেখা যায়, সাধারণভাবে তার প্রাথমিক বৈশিষ্ট হল এই যে, লিখিত অংশের চতুর্দিকে সুষমভাবে সেই চিত্রাঙ্কনের বিন্যাস লক্ষণীয়।

পুঁথির রূপের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল অক্ষরশৈলী, যা প্রত্যেকটি পুঁথিকে তার নিজস্ব অনন্য বৈশিষ্ট দান করে। প্রাচীন ভারতীয় পুঁথিতে প্রাপ্ত লিপিমালা ও লেখনশৈলী সম্বন্ধেবিস্তৃত আলোচনা অন্যত্র।

।। ৪।। ভারতীয় লিপি ও লেখনশৈলী

ক. প্রাচীন ভারতীয় লিপি

প্রাচীন ভারতীয় লিপি বলতে সেইসব লিপিকে বোঝায় যাতে হাতে লেখা পুঁথি আছে, কিন্তু যেগুলি আধুনিককালের মুদ্রণপর্বে মুদ্রণযন্ত্রে স্থান পায়নি। এরকম কয়েকটি লিপি— ব্রাহ্মী, খরোষ্টী, গ্রন্থ, শারদা, গৌড়ী, নেওয়ারী, নন্দিনাগরী, মৈথিলী, কৈথী, মোড়ী, টাকরী, তুলু, রঞ্জনা, কিরাতলিপি, মধ্যযুগীয় বাংলা। এছাড়া আছে মাত্রাযুক্ত ও মাত্রাবিহীন তিব্বতী লিপি। তবে মাত্রাসহ তিব্বতী লিপি মুদ্রণেও লভ্য।

ব্রাহ্মী ও খরোষ্টী লিপিতে শিলালেখ, তাম্রপট্ট, মুদ্রাক্ষর ইত্যাদি ঐতিহাসিক লেখপত্র ছাড়া পুঁথি পাওয়া যায়নি। প্রাচীনতম ব্রাহ্মীলিপির নিদর্শন খ্রিঃ পূর্ব তৃতীয় শতকের অশোকের শিলালেখ, ভাষা প্রাকৃত। এই লিপিকে বলা হয় 'অশোক-ব্রাহ্মী'। ঐতিহাসিক কারণেই ভারতের বিভিন্ন প্রান্তে ব্রাহ্মী-লিপির স্থানীয় পরিবর্তন ঘটতে থাকে এবং ঐ স্থানীয় রূপগুলি সেই এলাকার ব্রাহ্মীর বৈশিষ্ট হয়ে দাঁড়ায়। খ্রিঃ চতুর্থ শতাব্দী থেকে সপ্তম শতাব্দী পর্যন্ত গুপ্ত আমলে উত্তরভারতে ব্রাহ্মীলিপির যে রূপ দাঁড়ায়, তাকে সাধারণতঃ 'গুপ্তব্রাহ্মী' বলা হয়। আসলে এই গুপ্তব্রাহ্মী থেকেই সপ্তম শতাব্দীতে তিব্বতে তিব্বতী লিপির প্রবর্তন হয়েছিল। লিপির নাম ব্রাহ্মী দেওয়া হয়েছে আধুনিক কালে। সুপ্রাচীন মূল সংস্কৃত গ্রন্থে 'ব্রাহ্মীভাষা' বা 'ব্রাহ্মী ভারতী' বলে সংস্কৃতভাষাকে বোঝানো হয়েছে। খ্রিঃ ১ম শতকে রচিত বৌদ্ধশাস্ত্র *ললিতবিস্তর*- গ্রন্থে ৬৪ রকম লিপির উল্লেখ দেখা যায় ; তাদের প্রথমটিই 'ব্রাহ্মী' (দশম পরিবর্ত) ;তাই গবেষকরা এই নামটি বেছে নেন।

ব্রাহ্মীলিপি লেখা হয় সমান্তরালভাবে বাঁদিক থেকে ডানদিকে। খরোষ্টী লেখা হয় ডানদিক থেকে বাঁদিকে। ভারতের প্রাচীন লিপিগুলি সবই লেখা হয় বাঁদিক থেকে ডানদিকে এবং সবকটি অক্ষরভিত্তিক বর্ণবিন্যাস, চিত্রমূলক বর্ণমালা নয়।

উত্তরভারতের শারদা, গৌড়ী, নেওয়ারী, কৈথী, নন্দিনাগরী, মৈথিলী ইত্যাদি যে ব্রাহ্মীলিপির পরিবারভুক্ত নানা বিবর্তিত রূপ, এ-বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু অনেকে ভুলভাবে মনে করেন, দক্ষিণভারতের লিপিগুলির উৎস ব্রাহ্মী নয়। আসলে দক্ষিণভারতেও খ্রিঃ সপ্তম শতাব্দী থেকে ব্রাহ্মীলিপি যে স্থানীয় রূপ নিয়েছিল, পল্লবযুগের লিপি ইত্যাদি আকারে, তা থেকেই দক্ষিণ ভারতের লিপিসমূহের উদ্ভব। ক্, ত্, য্— এ বর্ণগুলি উল্লিখিত লিপিগুলিতে যে চেহারা নিয়েছে সেগুলিকে তুলনা করলেই অত্যন্ত স্পষ্টভাবে লক্ষ্য করা যায় যে, এই লিপিগুলি একই পরিবারভুক্ত এবং তার মূল ব্রাহ্মী। এমনকি বর্তমান ভারতের

লিপিগুলির বর্ণসমূহকে তুলনা করলেও দেখা যায় যে, তাদের মধ্যে বৈসাদৃশ্যের চেয়ে সাদৃশ্যই বেশি এবং এই সাদৃশ্য প্রাচীন বা আধুনিক কোনো লিপিতেই মাত্র দু-তিনটি বর্ণের ক্ষেত্রে নয়। আরও উল্লেখ্য, শুধু উপরোক্ত লিপিগুলিতেই নয়, সিংহলী এবং থাই লিপিতেও এই সাদৃশ্য লক্ষণীয়, —এই লিপিগুলিরও মূল ব্রাহ্মী,—অবশ্য দক্ষিণী ব্রাহ্মী।

খ. লিপি ও সাংস্কৃতিক সংহতি

এই সমস্ত প্রাচীন লিপি শিক্ষা করার প্রয়োজনীয়তা ফুরিয়ে যায়নি। ইতিহাসের অনুসন্ধান করতে হলেই প্রয়োজন, শিলালেখ বা অন্যান্য লেখপত্রের পাঠ উদ্ধার করা। ভারতের অজস্র পুঁথিশালায় সঞ্চিত অসংখ্য পুঁথিতে ধরা সাহিত্যে শিল্প, বিজ্ঞান, দর্শন, ইতিহাস, চিত্র ইত্যাদি নানা বিষয়ের সাহিত্যসম্পদের নাগাল পেতে হলে প্রয়োজন হয় এইসব লিপির জ্ঞান। এক কথায়, বর্তমান ভারতের বর্তমান সময় থেকে দু-শ বছর পেছনে গিয়ে, বর্তমানের পশ্চাৎপটে থাকা ভারতের আত্মপরিচয় আবিষ্কার করা সম্ভব হবে না, যদি প্রাচীন লিপিতে লেখা পুঁথির পাঠ উদ্ধার না করা যায়।

এই লক্ষ্য নিয়ে বিগত দশ-বারো বছর ধরে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এবং ইন্দিরাগান্ধী রাষ্ট্রীয় কলাকেন্দ্রের সহযোগিতায় ভারতবর্ষের একাধিক বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগ, পুঁথি বিভাগ তথা প্রাচ্যগবেষণা কেন্দ্রগুলিতে ক্রমান্বয়ে *পুঁথিবিদ্যা ও লিপিবিজ্ঞান* কার্যশালা অনুষ্ঠিত হয়েছে। এই ধরনের লিপি কার্যশালা কলকাতায় প্রথম অনুষ্ঠিত হয় রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বেদবিদ্যা কেন্দ্র বা Scholl of Vedic Studies-এ ১৯৯২ সালে, যেখানে গ্রন্থ, নেওয়ারী এবং মধ্যযুগীয় বাংলা লিপির পাঠদান এবং হাতেকলমে পুঁথির পাঠোদ্ধার অভ্যাস করা হয়। এরপরে ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় কলাকেন্দ্রের উদ্যোগে দিল্লির শ্রী লালবাহাদুর শাস্ত্রী রাষ্ট্রীয় সংস্কৃত বিদ্যাপীঠে রাষ্ট্রীয় লিপিবিজ্ঞান ও পুঁথিবিজ্ঞান কর্মশালা অনুষ্ঠিত হয়। ১৯৯৫ সালে এই সংস্থার সহযোগিতায় পুণে বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগে একবছরের মধ্যে দুটি এই জাতীয় কার্যশালা অনুষ্ঠিত হয়। সাধারণভাবে, পুঁথিবিদ্যা ও গ্রন্থগবেষণার বিচার-বিমর্শ-পদ্ধতি ইত্যাদি নিয়ে বিস্তারিত ব্যাখ্যানের পাশাপাশি এই কার্যশালাগুলিতে অশোক-ব্রাহ্মী-সহ অন্ততঃ দুটি প্রাচীন সংস্কৃত বা অন্যান্য ভারতীয় পুঁথিতে প্রাপ্ত লিপির সরাসরি পাঠদান ও পাঠোদ্ধার অভ্যাস চলে। এরপরে মহীশূর, তিরুবনন্তপুরম এবং চেন্নাই-এর প্রাচ্যবিদ্যা কেন্দ্রে এজাতীয় তিন সপ্তাহব্যাপী নিবিড় পাঠক্রমের কার্যশালা অনুষ্ঠিত হয়। পূর্বোক্ত জাতীয় সংস্থাটির সহযোগে বারাণসীর একটি গবেষণাকেন্দ্রে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালায় কয়েকটি কার্যক্রম অনুষ্ঠিত হয়। পুণে বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিকেন্দ্রে একধিক করে প্রগত (advance level) স্তরের পুঁথি ও লিপিবিজ্ঞান কার্যশালা অনুষ্ঠিত হয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুঁথিশালা, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বেদবিদ্যাকেন্দ্র, কলকাতার) পুণের বৈদিক সংশোধন মণ্ডল—এই গবেষণাকেন্দ্রগুলিতে বারবার এই

পুঁথিবিদ্যা এবং লিপিবিজ্ঞানের নিবিড় পাঠক্রম ও অন্তত দুই সপ্তাহব্যাপী কার্যশালার অনুষ্ঠান করা হয়। ঐ প্রতিষ্ঠানগুলিতে প্রাচীন ও মধ্যযুগের ভারতের সাহিত্য ও শাস্ত্রপাঠের প্রয়োজনীয় প্রকরণ ও উপকরণ হিসেবে গবেষকদের স্বনির্ভর ও সাক্ষাৎ মূলগ্রন্থ পাঠে উপযোগী করে তোলার লক্ষ্যে এই কার্যক্রম নিয়মিতভাবে চালু আছে। প্রত্যেক ক্ষেত্রেই গ্রন্থ-সম্পাদনার পদ্ধতিবিজ্ঞান এবং নানা প্রকরণের সঙ্গে সঙ্গে অভিলেখমালা এবং প্রাচীন পুঁথির লিপির সঙ্গে সাক্ষাৎ পরিচয় ও তার পাঠোদ্ধার অভ্যাস করা হয়ে থাকে।

উপরে যে লিপিগুলির কথা বলা হয়েছে, তাদের মধ্যে কৈথী, মোডী ও টাকরী লিপিতে সংস্কৃত পুঁথি নেই বললেই চলে। টাকরীতে উত্তরভারতের গাড়োয়াল, কুমায়ুন প্রভৃতি এলাকার বণিকদের মধ্যে ব্যবহৃত ভাষায় লেখা নথিপত্র এবং পাহাড়ী চিত্রকলার চিত্রফলকে লিখিত বিবরণ উল্লেখ্য। কৈথী লিপিতে পশ্চিমভারতের, বিশেষ করে রাজস্থান এলাকার স্থানীয় ভাষায় লেখা অজস্র নথিপত্র আছে—সময় ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দী। ঐ সময়েই মহারাষ্ট্রে মারাঠী ভাষায় নথিপত্র লেখায় ব্যবহৃত হত মোডী (১৬/১৭-১৯ শতাব্দী) লিপি। নন্দিনাগরীর (১৫-১৭) ব্যবহার ছিল সংস্কৃত লেখার জন্য। গৌড়ী লিপিতে (৯ম-১৩/১৪ শতাব্দী) লেখা আছে সংস্কৃত গ্রন্থ। নেওয়ারীতে (১১-১৮ শতাব্দী) লেখা হয়েছে সংস্কৃত, নেওয়ারী, নেপালী— তিন ভাষার গ্রন্থ। মধ্যযুগীয় বাংলাতে বাংলা ও সংস্কৃত দুরকম পুঁথিই আছে (১৫-১৯ শতক)। মৈথিলী লিপিতে (১২-১৯ শতক) মৈথিল ও সংস্কৃত দুরকম পুঁথিই আছে (১৫-১৯ শতক) মৈথিল ও সংস্কৃত দুই সাহিত্যই ধরা আছে, মলয়ালম-এও তাই। লক্ষণীয়, গ্রন্থ-লিপি শুধুমাত্র সংস্কৃত ভাষায় প্রয়োজনীয় সবকটি ধ্বনিচিহ্ন না থাকার কারণে এই লিপিটিকে বিশেষভাবে রূপ দেওয়া হয়েছিল। গ্রন্থ বলে কোনো ভাষা নেই। শুধু লিপি আছে, শারদাও সেইরকম। শারদা লিপিতে (খ্রিঃ ৭ম/৮ম-১৯শতক) সংস্কৃত ও কাশ্মীরী দুই ভাষার গ্রন্থই লেখা হয়েছে। তামিল লিপিতে কোনো সংস্কৃত পুঁথি নেই। আবার গ্রন্থ-লিপি প্রাচীন পুঁথির লিপি হলেও দক্ষিণ ভারতে সংস্কৃত গ্রন্থ ছাপার প্রয়োজনে এই লিপিটিকে মুদ্রণপর্বেও মুদ্রিত গ্রন্থের জন্য গ্রহণ করা হয়েছে। তাই গ্রন্থ-লিপিতে ছাপানো বইও গ্রন্থাকারে পাওয়া যাবে। তুলু লিপিতে সংস্কৃত ও তুলু দুই ভাষায় লেখা পুঁথিই আছে।

প্রাচীন ভারতীয় লিপির প্রাচীনতম নিদর্শন পাওয়া গেছে, মধ্য এশিয়াতে পাওয়া সংস্কৃত পুঁথিতে—লিপির নামকরণে বলা যেতে পারে কুষাণ-ব্রাহ্মী (২য় -৩য় শতাব্দী); এই পুঁথিগুলি ছিল অধিকাংশ তালপত্রে। এই পুঁথিগুলিই তথাকথিত তুর্ফান-পুঁথি ; কারণ, মধ্যএশিয়ার যে-এলাকায় এগুলি পাওয়া গিয়েছিল, তার নাম তুর্ফান। এগুলি সংরক্ষিত আছে জার্মানির বার্লিন শহরে রাষ্ট্রীয় গ্রন্থাগারে। এছাড়াও উত্তর-পশ্চিম ভারত,—বর্তমানে পাকিস্তানের গিলগিট পুঁথিতে গুপ্ত ব্রাহ্মীলিপির নিদর্শন ধরা আছে (৪র্থ-৭ম শতাব্দী); গিলগিট পুঁথিগুলির অধিকাংশই ভূর্জপত্রে লেখা। বর্তমানে ভারতীয় ভূখণ্ডে এগুলিই প্রাচীনতম পুঁথিসংগ্রহ;সংরক্ষিত আছে নতুন দিল্লির জাতীয় অভিলেখাগারে।

আগের আলোচনাতে স্পষ্ট হয়েছে যে, গ্রন্থ, শারদা, নন্দিনাগরী, মোডী বা কৈথী

শুধু স্থানীয় লিপির নাম, ভাষার নাম নয়। কিন্তু টাকরী, বাংলা বা নেওয়ারী স্থানীয় ভাষা ও লিপি দুইয়েরই নাম, ঠিক যেমন তেলুগু, কন্নড়, তুলু, ওড়িয়া বা মলয়ালম ভাষা ও লিপি দুইয়েরই নাম এবং এই লিপিগুলিতে সংস্কৃত ও স্থানীয়ভাষা দুই-ই লেখা হয়েছে, এবং আজও তা হচ্ছে।

মুদ্রণশিল্পের অগ্রগতির সঙ্গে সঙ্গে প্রাচীন ভারতীয় লিপিসমূহের পারস্পরিক সম্বন্ধ কৌতূহলের সৃষ্টি করে। আগেই বলা হয়েছে, গ্রন্থ-লিপি কীভাবে এবং কী প্রয়োজনে মুদ্রণ পর্বেও গৃহীত হয়েছে। কিন্তু মনে রাখা প্রয়োজন, শারদা, নন্দিনাগরী, গৌড়ী, নেওয়ারী, মৈথিলী, তুলু, মধ্যযুগীয় বাংলা—এই লিপিগুলি কখনোই মুদ্রণযন্ত্রে স্থান লাভ করেনি। অন্যদিকে ওড়িয়া, তেলুগু, কন্নড় ও মলয়ালম্ লিপি মুদ্রণেও ব্যবহৃত হয়ে চলেছে। অবশ্য স্বাভাবিক কারণেই মুদ্রিত অক্ষর বা লিপিশৈলী পুঁথিতে পাওয়া অক্ষর ও লিপিশৈলীর চেয়ে সামান্য পৃথক্।

বর্তমান ভারতে এই সমস্ত প্রাচীন লিপি পাঠ করতে সমর্থ ব্যক্তির সংখ্যা নেহাতই কম। খোদ নেপালে নেওয়ারদের মধ্যেও নেওয়ারী লিপি পড়তে সক্ষম ব্যক্তি নেই বললেই চলে। শারদা লিপির জন্মভূমি কাশ্মীরে দু-এক জন সংস্কৃত পণ্ডিত ছাড়া শারদা লিপি কেউই পড়তে পারে না। আগেই বলা হয়েছে, নেওয়ারী বা শারদা কখনও মুদ্রণযন্ত্রে মুদ্রিত হয়নি। গৌড়ী, নেওয়ারী, মৈথিলী পাঠকের সংখ্যা ভারতবর্ষে নগণ্য। পশ্চিমভারতে বড়জোর দশ থেকে ত্রিশজন সংস্কৃতজ্ঞ ব্যক্তি নন্দিনাগরী পড়তে পারেন। শারদা বা নেওয়ারী লিপি পড়তে পারা ব্যক্তির সংখ্যা সারা ভারতে দশ থেকে পনেরোর বেশী হবে না—এমন কথা লিপি কর্মশালায় বারবার উচ্চারিত হয়েছে। দক্ষিণভারতের সংস্কৃতজ্ঞদের মধ্যে অবশ্য গ্রন্থ-লিপি পড়তে পারেন অধিকাংশ ব্যক্তি।

প্রাচীন ভারতীয় লিপির জ্ঞান বর্তমান ভারতীয় লিপিগুলিকেও চিনে নিতে সহায়তা করে। ভাষাজ্ঞান না থাকলেও ভারতের এক প্রদেশের মানুষ যদি অন্যান্য প্রদেশের ভাষার লিপিটুকু পড়তে সমর্থ হয় তাহলেই সমগ্র ভারতবর্ষকে অত্যন্ত ঘনিষ্ঠ, একাত্ম এবং সংহত মনে হবে। সাংস্কৃতিক সংহতি রক্ষার পক্ষেও ভারতীয় লিপিমালার জ্ঞান সহায়ক এবং জরুরি।

গ. বর্তমান ভারতীয় লিপি

বর্তমান ভারতীয় লিপিসমূহকে প্রাথমিকভাবে উত্তরভারতীয় ও দক্ষিণভারতীয় লিপি হিসেবে ভাগ করা হয়। কিন্তু এইসঙ্গে পশ্চিমভারতীয় লিপি বলে পৃথক্ প্রকৃতিও স্বীকার করা যেতে পারে। বর্তমানে মুদ্রণকার্যে ব্যবহৃত উত্তরভারতের লিপির মধ্যে আছে দেবনাগরী, বাংলা, উর্দু, ওড়িয়া, গুজরাটী, মারাঠী। উর্দুভাষা সহ উত্তরভারতের অন্যান্য সমস্ত ভাষাকেই দেবনাগরী লিপিতে লেখা ও ছাপা সম্ভব। কিন্তু তা হল ধ্বনি বিচারের কথা। বাস্তব

পরিস্থিতিতে হিন্দি, মৈথিলী, ভোজপুরী, মাড়োয়ারী, রাজস্থানের অন্যান্য ভাষা, বুন্দেলখণ্ডী, মগহী—এগুলি লেখা হয় দেবনাগরী লিপিতে। কোনো বিশেষ ধ্বনিগত প্রয়োজনে দু-একটি দেবনাগরী বর্ণের সামান্য হেরফের করে নেওয়া প্রয়োজন হয় বিশেষ চিহ্ন দিয়ে। মারাঠী বর্তমানে লেখা ও ছাপা হয় দেবনাগরী লিপিতেই। মৈথিলী লিপির পৃথক অস্তিত্ব পুঁথিতে বা বিশেষ প্রয়োজনে হাতের লেখায় থাকলেও মুদ্রণে তা কখনও আসেনি। অসমীয়া ও মণিপুরী ভাষা লেখা ও মুদ্রণের বর্তমান লিপি বাংলাই। তবে কিছু বর্ণচিহ্নের সামান্য হেরফের লক্ষিত হয়। যেমন অসমীয়া 'র' লেখা হয় 'ৰ'। *সিটি* লিখতে হলে অসমীয়াতে লিখতে হবে *চিটি*। অর্থাৎ বাংলা বর্ণমালা ব্যবহৃত হলেও প্রতিটি বর্ণের ধ্বনিমূল্য যে বাংলা ও অসমীয়াতে হুবহু এক, তা নয়।

মিজো, লুসাই, খাসিয়া, বোরো, এ সমস্ত ভাষায় লিপি রোমান। বোরো ভাষার জন্যে কী লিপি ব্যবহার করা হবে, তা নিয়ে এখনও বিতর্ক চলছে। এই ভাষাগুলির লিখিত সাহিত্য-পরম্পরা যেহেতু খুব পুরনো নয়, তাই এদের নিজস্ব লিপি গড়ে ওঠেনি। মণিপুর রাজ্য ও মণিপুরী সংস্কৃতি যখন বঙ্গের বৈষ্ণব সংস্কৃতির প্রভাবে ছিল, তখন থেকে এই ভাষার জন্যে ব্যবহৃত লিপিও বাংলা। পশ্চিমভারতের মহারাষ্ট্র ও গুজরাটে মুদ্রণ-পর্ব আসার আগে মহারাষ্ট্রের নিজস্ব মোডী লিপি ও গুজরাটে গুজরাটী লিপি চালু ছিল। বর্তমানে মরাঠী লেখার লিপি দেবনাগরী। মোডী লিপিতে কখনও কিছু মুদ্রিত হয়নি। গুজরাটী লিপি অবশ্য মুদ্রণালয়ে স্থান পেয়েছিল। বর্তমানে ক্রমশঃ দেবনাগরী লিপি বেশি ব্যবহৃত হচ্ছে। এই দুটি ভাষাতেই এক বিশেষ ধরনের 'ল' আছে, যার উচ্চারণ অনেকটা 'ড়'-এর কাছাকাছি। এই ধ্বনিটির জন্যে এই দুটি ভাষার ক্ষেত্রে দেবনাগরী লিপিতে একটি পৃথক বর্ণ সংযোজিত হয়।

পশ্চিমভারতের পাঞ্জাবী ভাষার জন্য আছে গুরুমুখী লিপি। অবশ্য পাঞ্জাবী ভাষা গুরুমুখী ও উর্দু— দুই লিপিতেই লেখা যায়। প্রসিদ্ধ পাঞ্জাবী কবি-সাহিত্যিকেরা অনেক সময়েই কাব্য-কবিতা লিখতেন উর্দু লিপিতে। কিন্তু শারদা মুদ্রণালয়ে গৃহীত হয়নি, তার বদলে কাশ্মীরী লিপির জন্যে আসে দেবনাগরী লিপি। বর্তমানে পাঞ্জাবীর মতই কাশ্মীরী ভাষা দেবনাগরী বা উর্দু দুই লিপিতেই লেখা সম্ভব এবং তার প্রচলনও আছে। অনেকসময় কাশ্মীরী কবি-সাহিত্যিকরা কাশ্মীরে বসে কিছু প্রকাশ করলে তা লিখতেন উর্দু লিপিতে। কিন্তু কাশ্মীরের বাইরে, দিল্লি বা অন্যত্র গ্রন্থ প্রকাশের জন্যে বেছে নিতেন দেবনাগরী লিপিকেই।

নেপালী ও নেওয়ারী ভাষার জন্যে প্রাচীন যুগে নেওয়ারী লিপির ব্যবহার থাকলেও বিগত প্রায় আড়াইশ বছর ধরে নেওয়ারী লিপির ব্যবহার খোদ নেপালেও নিষিদ্ধ হয়ে যায়। তখন থেকে একমাত্র নেপালীভাষা ও বর্তমানে নেওয়ারী লিপি অত্যন্ত অপ্রচলিত, খাস নেওয়ারদেরও অজানা, প্রাচীনপুঁথির লিপিতে পর্যবসিত হয়েছে। নেওয়ারী লিপি কখনোই মুদ্রিত হয়নি। 'নেওয়ার' বলতে একটি জনগোষ্ঠী বা জাতি, যারা প্রধানতঃ বৌদ্ধধর্মাবলম্বী, একটি ভোটবর্মী ভাষা এবং একটি লিপিকে বোঝায়। লক্ষণীয়, নেওয়ারী

ভাষায় এই ভাষা ও লিপিকে 'নেওয়ারী' বলা হয় না, বলা হয় 'নেপালভাষা' এবং 'নেপাল লিপি'।

ওড়িয়া ভাষা বরাবরই ওড়িয়া লিপিতে লেখা হয়েছে, বর্তমানেও তাই। মুদ্রণের ওড়িয়া ও প্রাচীন পুঁথির ওড়িয়া লিপির মধ্যে খুব বেশি পার্থক্য নজরে আসে না। দক্ষিণ ভারতের লিপির মধ্যে বর্তমানে তেলুগু, কন্নড় ও মলয়ালম উল্লেখ্য। তুলু নামে এক জাতি, ভাষা ও লিপি থাকলেও বর্তমানে মুদ্রিত আকারে তুলু লিপি নেই। তেলুগু এবং কন্নড় লিপির মধ্যে ঘনিষ্ঠ সাদৃশ্য চোখে পড়ে। বৃত্তাকার ও অর্ধবৃত্তাকার নানা বর্ণ ও বর্ণসংযোগ এদের বৈশিষ্ট্য। মাত্রা দেওয়ার রীতিটি কন্নড় লিপিতে বর্ণের মাথায় সমান্তরাল রেখাটি ডানদিকের উপরে হুকের মতো, তেলুগু লিপিতে তা বর্ণের মাথার কাছে বাঁদিকে অনেকটা টিক্-চিহ্নের মতো। এই দুই লিপির মধ্যে সাদৃশ্যের কারণ ঐতিহাসিক। দুশ-আড়াইশ বছর আগেও এ দু-টি লিপি একই ছিল; অর্থাৎ কন্নড় ও তেলুগু পরস্পর পৃথক লিপিরূপে আত্মপ্রকাশ করেনি। এ দুটি লিপিতেই বর্ণসংযোগের ব্যাপারটি সামান্য আলগা বা শিথিল মনে হয় অর্থাৎ দু-টি ব্যঞ্জনবর্ণ সংযুক্ত হলেও তাদের সংযুক্ত চেহারাটি ঘনসংবদ্ধ নয়, যেমন দেবনাগরী বা বাংলার ক্ষেত্রে ঘটে। দু-টি যুক্ত-ব্যঞ্জন উপরে নিচে কিংবা পাশে একটু নিচে সন্নিবিষ্ট হয়। এছাড়া স্বরসংযোগের চিহ্নগুলিও অর্থাৎ আ-কার, ই-কার, এ-কার ইত্যাদি বড়সর আকারে মূল ব্যঞ্জনের আগে পিছে বসে থাকে মনে হয়। ঙ, এবং, ম্, ন্ ইত্যাদি সমস্ত বর্গীয় অনুনাসিকই অনুস্বার দিয়ে লেখা হয়।

তামিল লিপিতে আমাদের পরিচিত স্পর্শবর্ণের বর্গের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বর্ণ নেই, অর্থাৎ *খ, গ, স, ছ, ঝ, থ, দ, ধ, ফ, ব,* ভ ইত্যাদি নেই। ব্যতিক্রম শুধু *বর্গীয় জ*। এই বর্ণ তামিল লিপিতে আছে। তামিল লিপিতে সংযুক্ত বর্ণেরও অস্তিত্ব নেই। নেহাৎ প্রয়োজনীয় স্থলে কোনো বর্ণের মাথার উপরে বিন্দু চিহ্ন দিয়ে সেই ব্যঞ্জনবর্ণটির হলন্তস্বরূপ নির্দেশ করা হয়। অন্যথায় স্বরভক্তি বা বিপ্রকর্ষ খুব বেশী রকম দৃষ্ট। তাই তামিল অক্ষরে *সুব্রহ্মণ্যম্* লিখতে হলে লিখতে হবে চুপিরমণিয়ম্। আবার ঐ এক *চ* অক্ষর দিয়ে *চ, শ, স* সবেরই কাজ চালানো হয়, যদিও তামিল বর্ণমালায় *শ, স* আছে। আবার ঐ সংক্ষিপ্ত ব্যবহারের কারণেই ক অক্ষরটি দিয়ে *ক, হ, চ*—এ সবের কাজ চালানো হবে। যদিও *হ* বর্ণটি বর্ণমালায় আছে। তামিল বর্ণগুলি দেখতে আপাতত চতুষ্কোণ। কোনো কোনো চতুষ্কোণের সামনে বা পিছনে বৃত্তাকার সংযোজন দেখা যায়।

বর্তমানে কেরলের লিপি মলয়ালম্। মলয়ালম্ লিপির প্রাচীন স্তরও ছিল। মুদ্রণেও এই লিপি এসেছে। এই লিপির বর্ণগুলি প্রায় বৃত্তাকার বা অর্ধবৃত্তাকার। সংযুক্ত ব্যঞ্জন লেখার সময় সেগুলি সংযুক্ত হয়। যে-দুটি বর্ণ যুক্ত হয়, তাদের পূর্ণরূপ অবশিষ্ট থাকে না, যেমনটা ঘটে দেবনাগরী বা বাংলা লিপিতে, তেমনই। মলয়ালম্ এবং তামিল লিপিতেও ঐ বিশেষ 'ল' ধ্বনিটির যার উচ্চারণ 'ড়' এর কাছাকাছি,—তার একটি নয়, দুটি প্রকার আছে, যা এই ভাষাগুলির ধ্বনিবৈচিত্রের মধ্যে পড়ে।

বর্তমান ভারতে আরও কয়েকটি গৌণ লিপি হচ্ছে লিম্বু, লেপ্চা ও তিব্বতী।

হিমালয়ের পার্বত্য অঞ্চলে নেপালীদের মতোই সুপ্রাচীন কাল থেকে তিব্বতী বা ভোটবর্মী নানা জাতির বাস। তাদের প্রত্যেকের নিজস্ব ভাষা বা লিপি আছে। লিম্বু, লেপ্চা তার মধ্যেই পড়ে। সিকিমে ব্যবহৃত অন্য ভাষাটি সিকিমী। সিকিমী ও ভুটানী ভাষার লিপি আসলে তিব্বতী। খাস তিব্বতী জাতি বাস করে দার্জিলিং জেলার কালিম্পং-এ, সিকিম ও অরুণাচলপ্রদেশে। তাছাড়াও ভারতের বিভিন্ন স্থানে শরণার্থী হিসেবে বহু তিব্বতী বাস করে। তাদের মাতৃভাষার লিপি স্বভাবতঃই তিব্বতী।

উর্দু ছাড়া ভারতে ব্যবহৃত সমস্ত লিপিই সমান্তরালভাবে বাঁদিক থেকে ডানদিকে লেখা হয়।

বর্তমান ভারতের মুদ্রিত আকারে বাংলা লিপি সবচেয়ে বেশি জটিল, ঘনসংবদ্ধ *(compact)* ও পরিনিষ্ঠিত মনে হয়। এই বর্ণমালার স্বরসংযোগ চিহ্ন ও যুক্ত ব্যঞ্জনের চেহারা তার সমর্থন জানায়। এর কারণ, এই লিপি ঐতিহাসিকভাবে বহু স্তর পার হয়ে এইরূপ গ্রহণ করেছে,—এমন কি মুদ্রণ শুরু হবার পরেও নানা প্রকার মুদ্রণের ছাঁচের বিবর্তণের মধ্য দিয়েও এই রূপ গ্রহণ সুসম্পন্ন হয়েছে।

উপসংহারে বাংলা লেখার লেখনকলা বা *গ্রাফোলজি* অর্থাৎ লেখার কারিগরি শৈলী ও প্রকার সম্বন্ধে কিছু কথা সংক্ষেপে উপস্থাপন করতে পারা যায়। লেখনকলা ও বানানশৈলীর মধ্যে যে প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ সম্বন্ধ থাকে, সেদিকেও পুঁথি-গবেষক ও গ্রন্থসম্পাদনা-গবেষকের দৃষ্টি রাখা অপরিহার্য। গ্রন্থপাঠ নির্ণয় করে সমীক্ষাত্মক সংস্করণ প্রস্তুত করার সময়ে শুদ্ধ বানানের রীতি, পদ্ধতি ও শৈলী সম্বন্ধে স্পষ্ট ধারণা ও যুক্তিসঙ্গতভাবে অদ্যন্ত সমতা রক্ষা করা প্রয়োজন। অন্যদিকে সংস্কৃত গ্রন্থ সম্পাদনা করার সময়ে সর্বদা মতর্স থাকতে হয়, বানান বা লেখনশৈলীটি সংস্কৃত ব্যাকরণসম্মত ব্যুৎপত্তির দৃষ্টিতে সমর্থনযোগ্য হল কি না। লেখার অভ্যাস, ধরন, স্থানীয় বা প্রাদেশিক উচ্চারণ কীভাবে লেখনরীতি বা শৈলীকে প্রভাবিত করে, স্থানীয় বা প্রাদেশিক ভাষার বৈশিষ্টাবলি কীভাবে ঐ স্থানের লিপিতে সংস্কৃত লেখাকেও প্রভাবিত করতে পারে (ভাষাকে নয়, লেখার ধরনকে)— ইত্যাদি বিষয়েও পুঁথির পাঠক-গবেষকের স্বচ্ছ ধারণা, উপলব্ধি ও অভিজ্ঞতা গ্রন্থের পাঠোদ্ধার ও পাঠনির্ণয় এবং নির্ণীত পাঠকে যৌক্তিক প্রতিষ্ঠা দানের ব্যাপারে দৃঢ়তা এনে দেয়। কোন্‌টি ব্যাকরণগত শুদ্ধ বানান *(spelling)* এবং কোনটি লেখনকলাগত বৈশিষ্ট *(orthography)*—এ বিষয়ে সুস্পষ্ট ধারণার অভাব গবেষণাত্মক সম্পাদনাকর্মকে ব্যাহত হরে।

ঘ. লেখার কারিগরি

বানানের একটি বড় এলাকা অনুস্বারকে ঘিরে। বর্তমান সময়ে সংবাদপত্রে ব্যবহৃত বানানরীতি সার্বিকভাবে বিদ্যাক্ষেত্রের বানানরীতিকেও যথেষ্ট প্রভাবিত করে। বলা বাহুল্য, বানান ছাড়াও মুদ্রণালয়ের কারিগরি কৃৎকৌশল ও তার প্রয়োগ অনুযায়ী যে লিপিরীতি

তাও সাধারণভাবে ছাত্রছাত্রী থেকে শুরু করে অন্যান্যদেরও লেখনরীতিকে প্রভাবিত করে।

সাধারণভাবে পত্রপত্রিকায় দেখা যাচ্ছে, বর্তমানে বাংলাভাষা লেখার বানানশৈলীতে অনুস্বার ব্যবহারের ব্যাপারে বাংলার প্রাচীন পন্থাই গৃহীত হচ্ছে—অর্থাৎ যেখানে অনুস্বার এবং বর্গপঞ্চম দুটোই শুদ্ধ, সেখানে বর্গপঞ্চম ব্যবহৃত হচ্ছে। কখনও আবার অনিয়মিতভাবে অনুস্বার এবং বর্গপঞ্চম লেখা হচ্ছে। উদাহরণ দিলে হয়তো ব্যাপারটা স্পষ্ট হয়;— *সংঘর্ষ* বা *সংঘাত* না লিখে লেখা হচ্ছে *সঙ্ঘর্ষ* ও *সঙ্ঘাত। সঙ্ঘ* লেখা হচ্ছে, অথচ ঐ একই শব্দ *রাষ্ট্র* শব্দের সঙ্গে লেখা হচ্ছে *রাষ্ট্রসংঘ*। তুলনীয় উদাহরণ—*সঙ্গীত* বা *সঙ্গম*। অবশ্য এমনও দেখা যায় যে, এই সমস্ত শব্দেই অনিয়মিতভাবে অনুস্বার এবং বর্গপঞ্চম লেখা হচ্ছে। এ বিষয়ে আর একটি সমস্যাও আছে। ব্যুৎপত্তির দৃষ্টিতে তৎসম শব্দ *সংকট, সংচয়, সংভব, সংতান*—অনুস্বার শুদ্ধ। তুলনীয় উদাহরণ—*সংঘ, সংগতি, সংজয়, সংতরণ, সংদেহ, সংধান, সংভাবনা, সংপদ, সংমান* ইত্যাদি। এ ক্ষেত্রে বাংলা লেখনরীতিতে কিন্তু ক-বর্গ ছাড়া অন্য বর্গের ক্ষেত্রে অর্থাৎ চ, ছ, জ, ত, থ, দ, ধ, প, ফ, ব, ভ-এই সমস্ত বর্ণের সঙ্গে সংযুক্ত হিসেবে অনুস্বার লেখা এতই অপ্রচলিত যে তাকে অধিকাংশ মানুষই ব্যাকরণগত অশুদ্ধি বলে ভাবেন। হয়তো এ দৃষ্টিতেই বাংলা বানান সংস্কারের প্রস্তাবে বলা হয়েছে, পাঁচ বর্গের ক্ষেত্রেই যেখানে ব্যুৎপত্তির দৃষ্টিতে বর্গপঞ্চম এবং অনুস্বার দুই-ই শুদ্ধ সেখানে বর্গপঞ্চমকেই একরূপতা করে নেওয়া হবে। সাধারণ বানানের ক্ষেত্রে এই প্রবন্ধকারের বক্তব্য ক-বর্গ ছাড়া অন্যগুলির জন্যে উল্লিখিত এবং তৎসজাতীয় শব্দাবলির জন্যে নুস্বার চোখে ঠেকলেও ক-বর্গের জন্যে অন্ততঃ অনুস্বারের বিধি মেনে নিলে কি নতুন লিখিয়েদের জন্যে লেখা সহজ হয়ে ওঠে না? সেই সঙ্গেই তো বেশ কিছু বানানের ক্ষেত্রে কঠিন যুক্তব্যঞ্জন লেখা সহজ হয়ে যায়। এর অর্থ অবশ্য এই নয় যে, সমস্ত বর্গপঞ্চমকেই নির্বিচারে অনুস্বার দিয়ে লেখা যাবে—*অঙ্ক, কঙ্ক, বঙ্ক, শঙ্খ, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সঙ্গ, অঞ্চল, চঞ্চল, লাঞ্ছনা, ব্যঞ্জন, গুঞ্জন, গঞ্জনা, ঝঞ্ঝা, তন্তু, পন্থা, অম্বা*—ইত্যাদি শব্দে **অনুস্বার ভুল**। কিন্তু *সংগীত, সংকট, ভয়ংকর, ধুরংধর, শংকর, সংকর* ইত্যাদি বানানে অনুস্বার থাকলে কী অসুবিধে? বিশেষ করে তা যখন ব্যাকরণগত ব্যুৎপত্তির দৃষ্টিতে শুদ্ধ? সহজকথায়, যে সমস্ত অনুস্বার *ম্*-ধ্বনিজাত সেগুলি শুদ্ধ। অন্যথায় তা অশুদ্ধ; ব্যুৎপত্তিগত শুদ্ধি বলতে এ জিনিসটি মনে রাখা প্রয়োজন। লক্ষ্য করা প্রয়োজন যে, *সঙ্গীত, সঙ্গম, সঙ্কট* লিখলেও *সংগ্রাম সংক্রমণ* লেখা হয়। অথচ উপসর্গ *সম্* অংশটি প্রতিটি শব্দেই এক। *ঙ্-এ, ক্-এ, র্*-ফলা লেখা বেশ দুঃসাধ্য ভেবে তখন অনুস্বারেরই আশ্রয় নিতে হচ্ছে। তাহলে মূলেই অনুস্বার দিয়ে *সংগীত, সংগম, সংকট* লিখতে কী আপত্তি? রবীন্দ্রনাথ কিন্তু এক্ষেত্রে সর্বত্র অনুস্বারই লিখেছেন; কারর তা ব্যুৎপত্তিগতভাবে শুদ্ধ, অশুদ্ধ নয়। কিন্তু সঙ্গ, ভঙ্গ ইত্যাদি শব্দে অনুস্বার চলবে না;কারণ, সেখানে *সম্* উপসর্গ নেই;ঐ ঙ্-গুলি আসলে এঞ্-জাত;সঞ্জ্, ভঞ্জ্ ধাতু থেকে অন্যোন্য বর্ণসমীভবনের ফলে জ্ যখন গ্-এ পরিণত, তখন ঞ্-ও ঙ্-এ

পরিণত হয়েছে।

যে কোনো বর্গ-পঞ্চমকেই সর্বাবস্থায় অনুস্বার দিয়ে বোঝানোর রীতি উত্তর ভারতে হিন্দীভাষা লেখার শৈলী এবং দক্ষিণভারতীয় ভাষা সমূহের লক্ষণীয় বৈশিষ্ট্য। উত্তর ভারতে হিন্দীভাষা লেখার এই লেখনরীতি সংস্কৃত ভাষার ক্ষেত্রেও প্রযুক্ত হয়ে সংস্কৃতভাষার অত্যন্ত অশুদ্ধ বানান লেখনরীতি চালু করেছে যা মুদ্রিত গ্রন্থেও দেখা যায়। ঠিক একইভাবে বিপরীত দৃষ্টিকোণ থেকে বর্গপঞ্চমকেই একমাত্র শুদ্ধ ভাবার সংস্কার বাংলা ভাষার বাংলা লিপিরীতিকে চালিত করার সঙ্গে সঙ্গে বাংলা লিপিতে সংস্কৃত লেখাকেও এমন প্রভাবিত রেখেছে যে বাংলা অক্ষরে সংস্কৃতভাষা লিখতে গিয়ে *সংচয়, সংতান, সংভব, সংপদ* লিখলে অধিকাংশ ব্যক্তি তাকে অশুদ্ধ সংস্কৃত বানান মনে করেন। এর প্রভাবে অশুদ্ধ হলেও *সম্বর্ধনা, সম্বৎসর* লেখা হয়। এমনই উদাহরণ *সম্বলিত, সম্বিজ্ঞান, সম্বর্গ*। শুদ্ধ বানান হবে *সংবলিত, সংবিজ্ঞান, সংবর্গ*। কারণ এই ব-গুলি অন্তঃস্থ-ব, যা ম্-এর সঙ্গে সংযুক্ত হতে পারে না।

সুতরাং দেখা যাচ্ছে, একদিকে লিপি ভাষার বাহক বা মাধ্যম। অন্যদিকে বিভিন্ন প্রদেশের স্থানীয় বা আঞ্চলিক ভাষা ও লিপি দুই-ই থাকার ফলে সেই আঞ্চলিক *(regional)* লিপিটিকে সেই ভাষার বানান ও লেখনরীতির সঙ্গে অভিন্ন ও একাত্ম ভাবার একটা মানসিক প্রক্রিয়া স্বাভাবিকভাবে কাজ করে। এর ফলে যে লিপিটি যে-আঞ্চলিকভাষার বাহক-মাধ্যম সেই লিপিতে অন্য ভাষা লিখতে গেলেও, যে-ভাষাটি লেখা হচ্ছে, তার শুদ্ধি-অশুদ্ধি-মাত্রা বা বানান শৈলীর চাইতে স্থানীয় ভাষার বানান শৈলীর সংস্কার বেশী সক্রিয় থাকে। কিন্তু সাধারণ প্রচলিত গ্রথ মুদ্রণের ক্ষেত্রে এ ব্যাপারটিকে নগণ্য মনে হলেও গুরুগম্ভীর গবেষণাত্মক গ্রন্থ সম্পাদনা ও মুদ্রণের সময়ে বিষয়টিকে অত্যন্ত সূক্ষ্মভাবে পরিচালিত করা প্রয়োজন। সুতরাং, বানানের শুদ্ধি-অশুদ্ধি নির্ণীত হবে যে-ভাষাটি লেখা হচ্ছে, তার ব্যুৎপত্তি ও বানানগত রীতি-নীতির বিচারে। এই কারণে দক্ষিণ ভারতের সর্বত্র অনুস্বার দিয়েই হসন্ত-যুক্ত ম্-এর কাজ চালানো হয়। এমনকি *এম্. এ* (M.A) পরীক্ষা লেখার জন্যেও সেই সেই লিপিতে লেখা হয় *এং. এ.*। কিন্তু উত্তর ভারতের ভাষায় বর্গপঞ্চমের স্থানে যতই অনুস্বার লেখা হোক না কেন কখনই *এং. এ.* লেখা হয় না। অরও বলা যায়, দক্ষিণ ভারতে অনুস্বারের উচ্চারণ ম্-এর মতো—তাদের উচ্চারণে *এং. এ.* বা *সংস্কৃত, সিংহ* ইত্যাদি সবই শুনলে মনে হবে *এম্. এ., সম্স্কৃত, সিম্হ* ইত্যাদি। এর ফলে বোঝা যায়, স্থানীয় উচ্চারণও লেখন শৈলীকে প্রভাবিত করতে সমর্থ।

বর্গপঞ্চমের স্থানে অনুস্বারের ব্যবহার সম্পর্কে এ-কথাও উল্লেখ্য যে, প্রাচীন পুঁথিতে অধিকাংশ সময়েই অনুস্বারের প্রয়োগ লক্ষ্য করা যায়। শিলালেখের ক্ষেত্রেও এ কথা প্রযোজ্য। এই প্রক্রিয়া পুঁথি লেখকের শ্রম ও স্থান দুই ব্যাপারেই সাশ্রয় ঘটিয়েছে। পূর্ণ অক্ষর লেখার চাইতে, কিংবা সংযুক্ত বর্ণের অর্ধেক অক্ষর লেখার চাইতেও একটি বিন্দু বা ছোট্ট গোল চিহ্ন বসিয়ে অনুস্বার লেখা সহজতর।

বানানের আরেকটি গুরুত্বপূর্ণ দিক বর্ণদ্বিত্ব। অত্যন্ত সঠিকভাবে সর্বাধুনিক স্বীকৃত বাংলা ভাষার বানান পদ্ধতিতে অপ্রয়োজনীয় দ্বিত্ব বর্জন করা হয়েছে। যেমন *ধর্ম, কর্ম, বর্ম, অর্জন, অর্চনা, গর্জন বর্ধন* ইত্যাদি। বাংলা প্রাচীন বানান শৈলীতে দেখা যায় রেফ্ -এর পরে দ্বিত্বের ঘনঘটা। ওড়িয়া ভাষাতেও এ ব্যাপারটি লক্ষণীয় ছিল। তবে বাংলায় এত দ্বিত্বের ঘনঘটা সত্ত্বেও *তর্ক, কর্ক, অর্ক, কর্ণ, স্বর্ণ, তর্পণ, অর্গল, প্রার্থনা, গর্দভ, গর্ভ, অর্ঘ, অর্ঘ্য* ইত্যাদি শব্দে কিন্তু রেফ্-জনিত দ্বিত্ব দেখা যেত না এবং যারা সংস্কারবশতঃ মনে ভাবতেন আর্য, আচার্য, ভট্টাচার্য ইত্যাদি শব্দে অতিরিক্ত একটি য-ফলা না থাকলে কিংবা *ধর্ম্ম, কর্ম্ম* ইত্যাদি শব্দে দ্বিত্ব ব্যবহার না করলে তা ব্যাকরণগত দৃষ্টিতে অশুদ্ধ,—অন্ততঃ সংস্কৃত ব্যাকরণের দৃষ্টিতে অশুদ্ধ,—তাঁরাও এর ব্যতিক্রম ছিলেন না। বক্তব্য এই যে, রেফ্ এর পরে রেফ্ জনিত যে দ্বিত্ব তা স্বয়ং পাণিনি-ব্যাকরণ অনুসারে বিধি নয়, বিকল্পমাত্র। সুতরাং ঐ দ্বিত্ব শুধুমাত্র লেখন শৈলীর প্রভাব বা উচ্চারণের সংস্কারমাত্র। গবেষণাগতভাবে সম্পাদিত সংস্কৃত গ্রন্থেও এই দ্বিত্ব বর্জিত হয়েছে। তবে যে-শব্দে ব্যুৎপত্তিগতভাবে কোনো দ্বিত্ব আছে, বা জটিল যুক্ত ব্যঞ্জন আছে, সেগুলিকে বাদ দেওয়া যাবে না, তা সংস্কৃত ভাষাতেই হোক বা তৎসম শব্দ হিসাবে গৃহীত বাংলা ভাষার শব্দই হোক। এজন্যে *উজ্জ্বল, শয্যা, সজ্জা, পাশ্চাত্ত্য (পশ্চাৎ+ত্য)* ইত্যাদি শব্দের বানান বিশেষভাবে লক্ষ্য করতে হবে। *ঊর্ধ্ব* শব্দের বানান নিয়ে প্রায়ই অসুবিধে হতে দেখা যায়। রেফ্-এর পরে দ্বিত্ব করলে বানানটি হবে দ্ এ ধ্ এ ব্ ফলা রেফ্ দিয়ে *ঊর্দ্ধ* এই রকম। কিন্তু রেফের পরে অপ্রয়োজনীয় দ্বিত্ব বর্জন করলে *আগন্তুক দ্ টি বাদ যাবে, ব-ফলা নয়*। সুতরাং, *ঊর্ধ্ব লেখা শুদ্ধ, ঊর্দ্ধ অশুদ্ধ*। এইরকমই উদ্দ্যোত বানানে দু-টি দ্ থাকবে। কারণ প্রথম দ্-টি *উদ্* উপসর্গের, দ্বিতীয় দ্-টি ধাতুর; কিন্তু *উদ্যোগ, প্রদ্যোত, বিদ্যুৎ* শব্দে একটিই দ্; কারণ সেখানে *উদ্যোগ* শব্দে উপসর্গে দ্ আছে, যোগ শব্দে দ্ নেই; প্র, বি,-এই সব উপসর্গেও দ্ নেই; *প্রদ্যোত* বা *বিদ্যুৎ* শব্দের একটি দ্ ধাতুর দ্-টিকেই ধরে রেখেছে। তাই দ্বিত্ব বর্জন নির্বিচারে নয়; অপ্রয়োজনীয় *বৈকল্পিক দ্বিত্বই বর্জনীয়*।

কিন্তু কিছু কিছু জায়গায় আধুনিক ভারতীয় ভাষায় কিছু আপোসও করা প্রয়োজন। যেমন মূল সংস্কৃতে পুত্-ত্র, মিত্-ত্র, পত্-ত্র ইত্যাদি শব্দে ত্-এ ত্-এ-র-ফলা ব্যুৎপত্তির দৃষ্টিতে শুদ্ধ বানান এবং গবেষণা-গ্রন্থে এই বানান লেখাই প্রত্যাশিত হলেও *বাংলা ভাষার* যে-কোনো স্তরে লেখালেখির ব্যাপারে শুধু ত্-এ র-ফলা (অর্থাৎ *পুত্র, মিত্র, পত্র*) লেখাই শিষ্ট ও সাধু বলে বিবেচিত হতে পারে।

তবে এ কথাও মনে রাখা প্রয়োজন যে, কোনো কোনো আধুনিক ভারতীয় ভাষাতেও রেফ্-এর পরে দ্বিত্ব-ই স্বীকৃত বানান, এমন কি মূর্ধন্য ণ্ বা তালব্য শ্ ইত্যাদির ক্ষেত্রেও। উদাহরণ হিসেবে ওড়িয়া বা মলয়ালম্ ভাষার বানানশৈলীর উল্লেখ করা যায়।

লেখন-রীতি বা বানানশৈলীর সঙ্গে দেখা যাচ্ছে, স্থানীয় ভাষা, তার উচ্চারণ ও স্বীকৃত বানান পদ্ধতির পারস্পরিক সম্পর্ক রয়েছে। এই সম্বন্ধ একটি ভাষার স্তরে সক্রিয়

থাকলে তার বিশ্লেষণ ও শিষ্ট বিধিবদ্ধতা একরকম। কিন্তু স্থানীয় লিপিতে অন্য ভাষা লিখতে গেলে সেই পারস্পরিক সম্পর্কের দ্বিতীয় একটি স্তরে পৌঁছতে হয়। সেই বিষয়টিকেও মনে রাখা প্রয়োজন। কারণ, একটি লিপিকে যদি শুধু একটি ভাষার বাহক মনে করে মুদ্রণপ্রক্রিয়া ও পদ্ধতি পর্যন্ত সমস্ত ব্যবস্থা সম্পন্ন করে ফেলা হয়, তাহলে সেই লিপিতে অন্য ভাষা লেখার সাময়ে অর্থাৎ আধুনিক কালের ভাষায় বলা যায়, যে কোনো প্রতিবর্ণীকরণ বা বর্ণান্তর রচনা করার সময়ে অব্যবস্থা দেখা দেবে, এবং গবেষণা বা কোনো মননশীল রচনার জন্যে প্রয়োজনে উপযুক্ত প্রতিবর্ণীকরণ প্রযুক্ত করা যাবে না। সহজকথায়, এই রেফ্-এর পরে দ্বিত্ব বা অন্যান্য বানানশৈলী, যা বর্তমান বাংলা ভাষা লেখার জন্যে ব্যবহৃত হবে না, সে ধরণের যুক্তাক্ষরও বাংলা অক্ষরের বা বাংলা লিপির মুদ্রণালয়ে মজুত থাকা প্রয়োজন। তা না হলে, প্রয়োজনস্থলে বাংলা অক্ষরে সংস্কৃত, ওড়িয়া, মলয়ালম ইত্যাদি ভাষার সঠিক প্রতিবর্ণিতরূপ উপস্থিত করা সম্ভব হবে না। স্বীকৃত লেখন-শৈলী বিন্যাসের সঙ্গে সঙ্গে গবেষণার দৃষ্টিতে প্রকাশনে ও মুদ্রণের ব্যাপারে এই দিকটি উপেক্ষিত থাকা ঠিক হবে না। বিষয়টি আধুনিক ভারতের অন্যান্য ভাষা ও লিপির ক্ষেত্রেও চিন্তনীয়।

সম্প্রতি বানান সরলীকরণ প্রসঙ্গে যুক্তাক্ষর লেখার সরলীকরণেরও প্রস্তাব এসেছে। নতুন পড়ুয়া বা নতুন লিখিয়েদের স্বার্থে বাংলা যুক্তাক্ষরের দুর্বোধ্যতা ও দুরূহতা দূর করে স্বস্থতা সম্পাদনের কথা উঠেছে। ক-এ ত-এ সংযোগ ক্ত না লিখে ক-এর নিচে ত লেখার প্রস্তাব এসেছে। মূর্ধন্য ণ-এ ড-এ সংযোগ ণ্ড না লিখে ণ্‌ড লেখার প্রস্তাব আসে। দ্-এ ধ্-এ সংযোগ দ্ধ না লিখে ধ-এর বাঁদিকে পিঠে ছোট দ লেখার কথা উঠেছে। এই প্রসঙ্গে একটু ফিরে দেখা প্রয়োজন। হাতের লেখা ছাড়িয়ে মুদ্রণালয়ে যখন বাংলা অক্ষর স্থান পেল, তখন মনোকাস্ট্-এর যুগ; সেখানে প্রায় হতের লেখার ছাঁদেই-সব যুক্তাক্ষর এসেছিল ছাপাখানার যান্ত্রিক কৌশলের মধ্যেও। তবে অনেক পরে গত শতাব্দীর সত্তর ও আশির দশকে ছাপাখানার কারিগরি কৌশলের যখন পরিবর্তন এল এবং ব্যাপকভাবে লাইনোটাইপ এবং ইলেক্ট্রো টাইপিং চলতে থাকল, তখন যেহেতু সেই কারিগরিতে দুটির বেশি অক্ষর-সংযোগ ছাপানো সম্ভব হচ্ছিল না সেই কারণে যুক্তাক্ষরের ভাঙন আসে—র্দ্ধ্ব লেখার সময় র্ধ-পর্যন্ত একটি একক, ব-ফলাটি পাশে ছোট হয়ে বসে থাকছিল। জ্ব-ফলার ক্ষেত্রেও তাই। র-ফলাও মূল বর্ণের থেকে পৃথক্‌ভাবে বসে থাকছিল। এরকম আরও অজস্র উদাহরণ দেখানো যায়। পরবর্তীতে গত শতাব্দীর নব্বই-এর দশক থেকে যখন কম্পিউটারে ছাপা প্রায় সার্বত্রিক হয়ে উঠেছে এবং ঢালাওভাবে সেই কাজ চলছে তখন কম্পিউটারের যান্ত্রিক সম্ভাবনাকে সহজে কাজে লাগিয়ে যে-কোনো রকমের বর্ণরূপ নির্মাণ করা সম্ভব হল। এবং সাবেক সুসংবদ্ধ যুক্তাক্ষরের চেহারা ফিরে এল খবরের কাগজের পাতা থেকে শুরু করে সর্বত্র। প্রকৃতপক্ষে এখন আবার স্বচ্ছতা সাধনের জন্যে লাইনোটাইপের লেখার শৈলীতে ফিরে যাওয়া কি বাস্তবসম্মত, কারণ সুসংবদ্দ যুক্তাক্ষরের চাইতে লাইনো শৈলীতে লেখায় জায়গা লাগে অনেক বেশি—শুধু একটি ব-ফলা বা র-

ফলার জন্যে একটি পূর্ণাক্ষরের স্থান ছেড়ে দিতে হয়। আরও বলা যায় ক্ত-এর সংযোগ ভেঙে ক্ত না হয় লেখা গেল; ত্-এ ত্-এ সংযোগ লেখার সময়ে কী হবে? তখন তো ত্ত লিখতেই হবে। ভ্-*এ র-ফলা* বা ত্-*এ র*-ফলা লেখার সময়েই বা কী হবে? তখন তো *ভ্র*, *ত্র* লিখতে হবে, লাইনোতেও সেইরকমই ছাপা হত। *জ্-এ ঞ্-এ* সংযোগ বা *ক্-এ মূর্ধন্য ষ্-এ* সংযোগও তো অপরিবর্তিত থাকে বা রাখার কথা হচ্ছে জ্ঞ এবং ক্ষ।

উদাহরণের তালিকা দীর্ঘ করে লাভ নেই। নতুন পড়ুয়া বা লিখিয়েদের কথা ভেবে সরলীকরণ ও স্বচ্ছতার প্রস্তাব এসেছে। মূলতঃ প্রস্তাবের সঙ্গে কোনো বিরোধ নেই; প্রশ্ন উঠছে ব্যাবহারিক প্রয়োগ ও তার উপযোগিতা সম্পর্কে। নতুন পড়ুয়াদের শুধু এই সরলতা ও স্বচ্ছতা শিখিয়ে রাখলে শিক্ষকদের কাজের চাপ কমছে কিনা তাও ভাবা দরকার। এক যাবৎ ছাপা সমস্ত গ্রন্থরাশি, লাইনো-পর্ব বাদ দিয়ে কম্পিউটারে ছাপা যাবতীয় পাঠ্য—সবতো একদিনে অন্য চেহারা নেবে না! তাহলে সেই মুদ্রিত সম্ভার পড়ার জন্যে আবারও কি পড়ুয়াদের ক্লাস খুলতে হবে না? তা ছাড়াও ছাপাখানায় একটি মুদ্রণশৈলী না হয় চালু হল, সঙ্গে সঙ্গে যত লেখক অর্থাৎ লিখিয়ে আছে, তারা সাবেক অভ্যাস ছেড়ে নতুন প্রস্তাব অনুযায়ী হাতের লেখা পাল্টাবে এমনটা আশা করা যায় না। ফলে হাতের লেখার যুক্তাক্ষর বোঝানোর জন্যে পড়ুয়া থেকে কম্পোজিটার পর্যন্ত ক্লাস খোলার দরকার হয়ে পড়বে। ফলতঃ, আশঙ্কা থেকে যায়, এক বর্ণমালা ও যুক্তাক্ষর শেখার জন্যে অনেক রকমের শিক্ষণ-প্রশিক্ষণ অপরিহার্য হয়ে পড়বে।

সুতরাং নতুন পড়ুয়াদের স্বার্থে অসমান স্বচ্ছতা বিধানের চাইতে যুক্তাক্ষর লেখার পদ্ধতিটিকে যুক্তি দিয়ে বুঝিয়ে দিলে আর কোনো অসুবিধে থাকে না। এক কথায়, একক অক্ষর ও যুক্তাক্ষরে তার চেহারা পরিবর্তন এবং পরিবর্তনের সহজগ্রাহ্য ব্যাখ্যা জানা থাকলে ব্যাপারটি অস্পষ্ট থাকে না। অন্যদিকে এ-কথাও ভেবে রাখা দরকার এবং পড়ুয়াদের শেখানো দরকার,—স্বরবর্ণের পূর্ণরূপ এবং ব্যঞ্জনবর্ণের যুক্ত স্বরমাত্রারূপ ও তো দেখতে পৃথক্। তাদের যদি মনে রাখা যায়, তাহলে যুক্তব্যঞ্জনের ক্ষেত্রে পূর্ণব্যঞ্জনের সামান্য পরিবর্তিত রূপে কী এত অসুবিধে? আ এবং া, ই এবং ি, ঈ এবং ী, উ এবং ু বা ু, ঊ এবং ূ ঋ এবং ৃ, এ এবং ে, ঐ এবং ৈ, ও এবং ো, ঔ, ৌ যে এক, সেরকমই ধ এবং ্ব, র, এবং ্র যে এক, কিংবা য এবং ্য যে এক,—তা একবারে শিখে নিলেই যুক্তাক্ষর চিনতে আর অসুবিধে থাকে না। এককথায়, উদাহরণ হিসেবে বলা যায় র, ৰ্ এবং ্র সবই যে আসলে *র* বা *র*-এর বিভিন্ন রূপ, এইটি বোঝা দরকার, পূর্ণরূপে র, সংযুক্ত ব্যঞ্জনে অংশরূপ রেফ বা র-ফলা। পূর্ণরূপে *ধ* লেখা হলেও দ্-এ ধ্-এ, ন্-এ ধ্-এ, বা ব্-এ ধ্-এ সংযোগ লিখতে হবে ধ-এর আঁকড়িটি যদি বাঁদিকে টানা যায়, তাহলে তা অন্য বর্ণটির অর্থাৎ 'দ' 'ন' বা 'ব'-এর সঙ্গে কাটাকাটিতে পরিণত হবে; সুতরাং অক্ষরের লেখার টান বাঁদিক থেকে সরিয়ে ডানদিকে লেখা হচ্ছে, তাই ধ না লিখে ্ব হচ্ছে। ক-এর সঙ্গে র-ফলা বা ত যোগ হলে *ক* এর চেহারা সামান্য পরিবর্তিত হয়; কিন্তু *ক* চেনার উপায় কী? অতি প্রাচীন স্তর থেকেই ক-এর বর্ণ রূপের বৈশিষ্ট, একটি ঋজু রেখাকে

আরেকটি সমান্তরাল টান কেটে দিচ্ছে এবং ডানদিকে শুঁড়ের মতো এগিয়ে থাকছে। ক্ এ ত্ এ বা ক্ এ র-ফলা যখন ক্ত বা *ক্র* লেখা হয়, তখন এই বৈশিষ্ট অস্পষ্ট থাকে না। নিচের র-ফলা অংশকে চেনা খুবই সোজা। ক-এর শুঁড় বা উ-কার চিহ্নকে গুলিয়ে ফেলার দরকার নেই—ক-এর শুঁড়ের পিঠটি উপরের দিকে এবং তা বাঁদিক থেকে ডানদিকে প্রসারিত। উ-কার ডানদিক থেকে বাঁদিকে প্রসারিত এবং তার পিঠটি থাকে নিচের দিকে—অবশ্য এ-ধরণের হ্রস্ব উ-কার লেখার দরকার হয় *র-এ হ্রস্ব উ (রু)*, বা র-ফলাতে হ্রস্ব-উ যোগ করার সময়ে, যেমন *ত্-এ র-ফলা হ্র স্ব*-উ বা *দ্-এ র-ফলা হ্র স্ব উ* ইত্যাদি *(ত্রু, দ্রু)*। দন্ত্য-ন্ সংযোগ সাধারণভাবে প্রায় অপরিবর্তিত চেহারাতেই আসে। যেমন *রত্ন, যত্ন* কিন্তু হ্ এ ন্ এ সংযোগ লেখার সময়ে ন হ্-এর নিচে না লিখে হ্-এর গায়ে ডানদিকে লেখা হচ্ছে—কিন্তু লেখার টান উল্টো দিকে—হ্ন। এর কারণ, হ্-এ মূর্ধন্য ণ্ লেখার সময়ে মূর্ধন্য ণ্ হ্-এর *নিচে* লেখা দু-টি সংযুক্ত অক্ষরের মধ্যে পার্থক্য স্পষ্ট করার জন্যে স্বাভাবিক প্রয়াস। একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অক্ষর-শরীর—যুক্তাক্ষরে ঞ্ এবং মূর্ধন্য ণ্-এর চেহারা। পূর্ণাক্ষরে যদিও এদের দু-জনকে দেখতে একেবারেই পৃথক্, কিন্তু যুক্তাক্ষরে দ্বিতীয় উপাদান হিসেবে এদের চেহারা এক হয়ে যায়—জ্ এ ঞ লেখার সময়ে অর্ধেক বর্গীয় জ্-এর পিঠে 'ঞ'-র পুঁটুলি দেখে 'ঞ' বলে চেনা যায় ; সেই একই *দুই পাপড়ির পুঁটুলি মূর্ধন্য ষ্ মূর্ধন্য ণ্*-এর সংযোগ লেখার সময়েও *ণ্ এর জন্যে* ব্যবহার করা হয়। ফলে আমরা জ্ঞ এবং ষ্ণ পাই—যেমন *জ্ঞান, বিষ্ণু*। প্রাচীন পুঁথিতে কিন্তু ঞ্-সংযোগ ণ্-সংযোগে দেখতে একেবারে একরকম ছিল না। *ণ্-সংযোগ পাপড়ি দুটি খোলা মুখের ছিল*। বাংলা ছাপা অক্ষরের সুষমায় এরা এক হয়ে গেছে। অন্যদিকে শুধু প্রাচীন নয়, বর্তমান লিপিতে পর্যন্ত ভারতের প্রায় সর্বত্র দু-টি বা তিনটি গোল পাপড়ির মতো টান দিয়ে মূর্ধন্য ণ্ লেখা হয়। সুতরাং, সংযুক্ত বর্ণের পাপড়ি দু'টিকে মূর্ধন্য ণ্ বলে চেনা যুক্তি ও বুদ্ধি দিয়ে সম্ভব।

মূর্ধন্য-ণ্-এ ড্-এ সংযোগ চেনা এর ফলে খুবই সহজ হয়ে যায়। ণ্ড এই অক্ষরটিতে উপরের দুটি গোল পাপড়ি পর্যন্ত মূর্ধন্য ণ্, তার নিচে প্রায় ত্-এর মতো টানটি পুরনো ড্-এর চেহারা। হাতের লেখা করার সময়ে এখনকার পূর্ণাক্ষর ড্-এর লেজের বাঁদিকে মাত্রাহীন মূর্ধন্য ণ্-এর অর্ধরূপ যোগ করার চাইতে *একটানে* ণ্ড লেখা সহজতর এবং মুদ্রণ ক্ষেত্রে এই অক্ষর কম জায়গা নেবে। এইরকম অন্যান্য অক্ষরের ক্ষেত্রেও যদি পূর্ণাক্ষর ও সংযুক্ত বর্ণে পাওয়া, বা স্বরসংযোগে পাওয়া অংশাক্ষরের চেহারা স্পষ্ট করে দেওয়া যায়, তাহলে নতুন করে স্বচ্ছতার আলোচনার দরকার হয় না, তা আপনি এসে যায়। ফলে পুরনো মুদ্রণ, হাতের লেখা, আধুনিক মুদ্রণ—কিছুই আর দুর্বোধ্য থাকে না।

বর্তমান বানান ও লেখনশৈলী প্রসঙ্গে অক্ষর বিন্যাসের এই যুক্তিজ্ঞানও খানিকটা প্রয়োজন হয়েছে—এখানে অবশ্য লিপির ইতিহাসের কথা বলা হচ্ছে না। বর্তমানে ব্যবহৃত *লিপির বিন্যাসের যুক্তিজ্ঞান* বা *গ্র্যাফোলজির কথা* ভাবা যেতে পারে। বানান ও লেখন-শৈলীর সংস্কার সাধনের সময়ে যেমন একদিকে শব্দের ব্যুৎপত্তির দিকে দৃষ্টি রাখা

প্রয়োজন, তেমনি লেখন-শৈলী বা অক্ষরের রূপ পরিবর্তনের প্রস্তাবের পূর্বে লিপি বা লেখনের সামগ্রিক স্বরূপের দিকেও দৃষ্টি রাখা দরকার। কৃত্রিমভাবে স্বচ্ছতা বা সহজবোধ্যতা আনতে গিয়ে পূর্বে মুদ্রিত, প্রকাশিত ব্যাপক গ্রন্থসম্ভারকে অস্বচ্ছ অস্পষ্ট করে তোলা বোধ হয় ঠিক হবে না।

মাত্র একশ বছরের পুরনো বাংলা পুঁথি পড়তে গিয়ে দেখি, সেখানে একই অক্ষরচিহ্ন বা *graph* দিয়ে একাধিক ধ্বনি বা বর্ণ প্রকাশ করা হচ্ছে। উদাহরণ হিসেবে বলতে পারি, *বর্গীয় ব, অন্তঃস্থ ব* ও *র* একইভাবে ব অক্ষরের মাধ্যমে লেখা হচ্ছে; বর্তমানে প্রতিলিপি প্রস্তুত করতে গেলে অর্থ বুঝে পাঠোদ্ধার করতে হচ্ছে। অন্যথায় *রামা* বা *বামা* এই দু-এর মধ্যে তফাৎ করার উপায় নেই, যেমন *রাবণ* এবং *বারণ* শব্দ দেখতে একই রকম হয়ে যায়। *ল, দন্ত্য ন* এবং *মূর্ধন্য ণ*-ও একইভাবে লেখা হত প্রাচীন বাংলা পুঁথিতে; ফলে *লীলা, নীলা, লীনা* সব একাকার; *জল* বা *জন* প্রসঙ্গ থেকে অর্থ বুঝে লিপ্যন্তর করতে হয় বর্তমানে। তুলনীয় অন্য উদাহরণ, *করণ* ও *কবল*। এমনই অন্য উদাহরণ হিসেবে উল্লেখ করতে পারি যে, প্রায় *ব-ফলার* মতো ত্রিভুজ একটি চিহ্ন দিয়ে হ্রস্ব উ-সংযোগ ও *ব-ফলা* দুই-ই বোঝানো হত। প্রায়ই *র-ফলা* ও *ব-ফলা* অনেকটা একইভাবে উঠে আসত পুঁথিলেখকের দ্রুত লেখনে; এমনিভাবেই পূর্ণাক্ষর *জ, ন, ল* আলাদা দেখতে হলেও যুক্তবর্ণে এদের সংযোগ দেখতে একরকম হয়ে যেত। যেমন *লজ্জা* শব্দের দ্বিতীয় *জ* এবং *রত্ন* শব্দের *ন* একইভাবে প্রথম বর্ণটির নিচে একটি উল্টো ইংরেজি **v**-এর মতো লিখে দেওয়া খুবই চালু পদ্ধতি ছিল। ভালো করে লিখলে *জ*-সংযোগের জন্যে উল্টো w-এর মতো লেখা হত, কিন্তু *ল-সংযোগ*ও ঐভাবেই লেখা,—ফলে *লজ্জ* এবং *লল্ল* দেখতে এক হয়ে যেতে পারে (*সংযুক্ত দ্বিতীয় জ্‌* এবং *ল্‌* এর ক্ষেত্রে)। এই সমস্ত ক্ষেত্রেই শুধু বর্ণমালার জ্ঞান নয়, একটি লিপির নিজস্ব গ্র্যাফোলজির বৈশিষ্ট্য প্রথমেই লক্ষ্য করে নিলেই আর অসুবিধে থাকে না। আর একথা যে শুধু একশ বছরের বা তার বেশি পুরনো বাংলা পুঁথি পড়ার জন্যে প্রয়োজন তা নয়; বর্তমান বাংলা লিপির জন্যেও প্রয়োজন। কারণ, আমাদের লিপিতে স্বরবর্ণ যোগ করার সময়েই বর্ণের চেহারা পাল্টে যাচ্ছে; একটি নতুন পূর্ণাঙ্গ *বর্ণচিত্র* (*graph*) তৈরি হচ্ছে; ব্যঞ্জনবর্ণ সংযোগের ক্ষেত্রে তো বটেই। সুসংবদ্ধ যুক্ত-ব্যঞ্জনবর্ণ যেসব ভাষায় আছে, সেখানে যুক্তবর্ণের বিচিত্র চেহারাকে যুক্তি দিয়ে ও ঐতিহাসিকতার আলোয় বোঝার অভ্যাস অপরিহার্য। কথাটা শুনতে বা পড়তে যত কঠিন মনে হচ্ছে, কাজে অভ্যাস করা কিন্তু ততটা নয়। তবে ভাষাজ্ঞান না থাকলে শুধু এই অক্ষর-বিন্যাসের যুক্তিবিজ্ঞান বা *Graphology* নিয়ে গ্রন্থপাঠ, বা পুঁথির পাঠোদ্ধার কোনোটাই সম্ভব নয়। প্রাচীন পুঁথির যে কোনো লিপির পাঠ গ্রহণ করার সময়েও এভাবেই লিপিশরীরের পূর্ণাঙ্গ ও ভগ্নাংশ উভয় রূপের পূর্ণ, খণ্ডিত-বিখণ্ডিত—সম্ভাব্য সকল প্রকার আঁচড়ের সঙ্গে পরিচয় করে নেওয়া একান্ত প্রয়োজন। শুধু বর্ণমালার তালিকা হাতে নিয়ে লিপি শেখা যায় না। অক্ষরশরীরের শারীরবিজ্ঞান-সম্মত যৌক্তিক ও বৌদ্ধিক গ্রহণ ও অবধারণ অত্যন্ত জরুরি।

সংস্কৃত পুঁথির পরিচয়—শ্রেণীবিভাগ ও বিষয় নির্ধারণ

মধুসূদন বেদান্তশাস্ত্রী

সচ্চিদানন্দরূপায় ব্রহ্মণে পরমাত্মনে।
নমামি পরযা ভক্ত্যা অখণ্ডায় নমো নমঃ।।
অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
শাস্ত্রাণাং রক্ষণার্থায় সর্বলোকসুখায চ।
বিদ্যার্থিনাং হিতার্থায় কিঞ্চিদ্বক্তুমিহোদ্যতঃ।।

শাস্ত্রের গভীরে প্রবেশ করিতে হইলে, বিশেষভাবে তাহা জানিতে হইলে প্রাচীন হস্তলিখিত পুঁথি ভালভাবে আলোচনা না করিলে সম্যগ্‌ভাবে তাহা জানা বা বোঝা যায় না। ভারতবর্ষের যাহা কিছু সম্পদ তাহা সকলই প্রাচীন মুনি ঋষি হইতে আরম্ভ করিয়া বিদগ্ধজনেরা লিপিবদ্ধ করিয়া রাখিয়া গিয়াছেন।

সেই সমস্ত পুঁথির শ্রেণী বিভাগ ও বিষয় বিভাগ এবং নাম স্থির করা অত্যন্ত দুরূহ কাজ। কিন্তু অভ্যস্ত হইলে কাজ খুব কঠিন নহে, বরং অত্যন্ত আনন্দদায়কই হয়। যেমন দর্শনশাস্ত্রের দিকে দৃষ্টি দিলে দেখা যায়—ন্যায়, বৈশেষিক, যোগ, মীমাংসা, সাংখ্য ও বেদান্তদর্শন, বৌদ্ধদর্শন এবং জৈনদর্শন। এই দর্শনগুলি সম্পর্কে কিছুটা পঠন-পাঠন বা ধ্যান-ধারণা থাকিলে কোন্‌টা কোন্ দর্শন তাহা বুঝিতে অসুবিধা হয় না। কাব্য, ব্যাকরণ, জ্যোতিষ, ধর্মশাস্ত্র, পুরাণ, শিল্পশাস্ত্র, বাস্তুবিদ্যা, আয়ুর্বেদ, ধনুর্বেদ, শৈবাগম, বৈষ্ণবাগম, তন্ত্রশাস্ত্র প্রভৃতিও পূর্বজ্ঞাত না থাকিলে বর্গীকরণ বা বিষয় বিভাগ করা যায় না। ব্যাকরণের পুঁথির বেলায়ও ঠিক একই অবস্থা। পাণিনীয় ব্যাকরণ, কলাপ ব্যাকরণ, মুগ্ধবোধ ব্যাকরণ, সারস্বত ব্যাকরণ, হরিনামামৃত ব্যাকরণ, চন্দ্রিকা বা চান্দ্র ব্যাকরণ প্রভৃতি যে-কোন একটি ব্যাকরণের জ্ঞান থাকিলে অন্য ব্যাকরণ বুঝিতে অসুবিধা হয় না।

ভারতীয় সাহিত্যের বিস্তৃতি ও প্রাচুর্য দেখিয়া পাশ্চাত্য মনীষিগণ বিস্ময়বিমুগ্ধ হইয়াছেন। ভারতবর্ষের প্রাচীন শিল্প, সাহিত্য, দর্শন, ব্যাকরণ, ইতিহাস, সমাজতত্ত্ব, বাস্তুবিদ্যা এবং লিপিতত্ত্ব সম্বন্ধে বহু নূতন তথ্য বাঙালীর তথা ভারতীয়দের দৃষ্টিপথে আসিয়াছে। প্রায় দুইশত বৎসর যাবৎ ভরতবর্ষের বিভিন্ন প্রান্তে সংস্কৃত ও প্রাদেশিক ভাষায় লিখিত

প্রাচীন পুঁথির অনুসন্ধান, সংগ্রহ এবং সংকলনের কাজ চলিয়া আসিতেছে। পুঁথিগুলির লেখা লক্ষ্য করিলেই তাহা সহজেই অনুমান করা যায়। কোন গ্রন্থে 'ব' 'র' একই রূপ। কোথায়ও ণ, ন, ল, একই আকৃতি। শ, ষ, স, এর প্রভেদ প্রাচীন পুঁথিতে কঠিন। বঙ্গদেশের অধিকাংশ পুঁথিই বঙ্গাক্ষরে লিখিত। তাহার মধ্যে কুটিলাক্ষরে অর্থাৎ প্রাচীন বাংলায় "প্রোটো বেঙ্গলী" অক্ষরে লেখা বহু পুঁথি পাওয়া যায়। বঙ্গদেশে সামান্যসংখ্যক দেবনাগরী অক্ষরে লেখা পুঁথি পাওয়া যায়। তাহাও শেষের দিকের লেখা বাঙালীরই।

দেশের প্রাচীন নিদর্শনের মধ্যে পুঁথিই মনে হয় ভঙ্গুর—অথচ পুঁথির মধ্যেই জ্ঞান-বিজ্ঞানের যত তথ্য লুকাইয়া আছে তত তথ্য আর কোথাও নাই বলিয়াই মনে হয়। শিল্পশাস্ত্র, বাস্তুবিদ্যা, আয়ুর্বেদ, ধনুর্বেদ, প্রযুক্তিবিদ্যা, সঙ্গীতবিদ্যা, নৃত্যকলা প্রভৃতি সমস্তই পুঁথিতে আছে। কেবলমাত্র ধৈর্য সহকারে অনুসন্ধান করা প্রয়োজন।

১৮৬৮-১৮৬৯ খৃষ্টাব্দে ভারত সরকারের নেতৃত্বে পুঁথির অনুসন্ধান ও অনুশীলনের কাজ বিভিন্ন প্রদেশে সূচিত হইয়াছিল। তাহার ফলস্বরূপ ১৮৭৮ খৃষ্টাব্দে ঐ সরকার কর্তৃক একটি বিবরণাত্মক তালিকা মুদ্রিত হইয়াছিল। তাহার পরই ঐ কার্য স্থগিত হইয়া যায়। সমস্ত প্রদেশেই ঐ কার্য হইয়াছিল, তাহার প্রমাণ পুঁথির বিবরণাত্মক সূচীপত্র হইতেই জানা যায়। ফোর্ট উইলিয়াম কলেজ প্রথমে পুঁথিগুলি সংগ্রহ করিয়া পণ্ডিতমশায়দের দ্বারা প্রতিলিপি তৈয়ার করান। ঐ প্রতিলিপিগুলির বহুলাংশ বর্তমানে এশিয়াটিক সোসাইটিতে রক্ষিত আছে। পুঁথি সংরক্ষণের জন্য পুরাতত্ত্ব বিভাগের একটি স্বতন্ত্র বিভাগ একান্তভাবেই প্রয়োজন। প্রায় দেড় শত বৎসর পূর্বে এই বিভাগের তত্ত্বাবধানে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের সহযোগিতায় প্রায় বার হাজার পুঁথি সংগৃহীত হইয়া যাদুঘরে রাখা হইয়াছিল। দীর্ঘকাল যাবৎ সেই স্থানে অনাদৃতভাবে থাকিবার পরে শেষ পর্যন্ত এশিয়াটিক সোসাইটির হাতে দায়িত্ব অর্পণ করিয়া পুরাতত্ত্ব বিভাগ অব্যাহতি লাভ করিয়াছিল। এই প্রসঙ্গে রাজেন্দ্রলাল মিত্রের নাম একান্তই স্মরণযোগ্য। পুঁথির ব্যাপারে তাঁহার ঐতিহাসিক অবদান সর্বথা স্বীকরণীয়। রাধাকান্ত দেবের সংগৃহীত সমস্ত পুঁথিই প্রায় দশ/বার বৎসর পূর্বে এশিয়াটিক সোসাইটিকে দান করা হয়।

দেশের বিভিন্ন গ্রন্থাগারে পুঁথি সংগ্রহ একটা আনুষঙ্গিক ব্যাপার হইয়া দাঁড়াইয়াছিল। বিভিন্ন প্রদর্শনীতে এক বহিরাগত ব্যক্তির নিকট পুঁথিপ্রদর্শন একটি আভিজাত্যের পরিচায়ক স্বরূপ হইয়াছিল। রাজা-জমিদারেরা তাঁহাদের গ্রন্থাগারের শোভা বৃদ্ধির এবং আত্মসম্মান বজায় রাখার জন্য বিশিষ্ট পণ্ডিত মহাশয়দের দ্বারা নানা ধরণের পুঁথি লিখাইয়া রাখিতেন। এরূপও শোনা গিয়াছে যে, নিজ বংশাবলীর গুণকীর্তন লিখাইয়া তাহা সযত্নে রাখিতেন ও জনসমক্ষে প্রচার করিতেন। তাঁহারা সমস্ত পুঁথিই সুন্দরভাবে কারুকার্যখচিত কাঠের মলাট এবং অতি সুন্দর মূল্যবান কাপড়ে বাঁধিয়া রাখিয়া দিতেন। যাহা দেখিয়া বহিরাগত ব্যক্তি মনে করিতেন যে, ইহাতো বিশাল পাণ্ডিত্যের বিকাশ।

প্রথমে পুঁথি ভূর্জপত্রে বা ভোজপাতায় লেখা আরম্ভ হয়। তাহার পর গাছের বল্কলে বা ছালে, তারপর তালপাতা বা তেরেটপাতায় লেখা হয়। পরে তুলোট কাগজ,

দেশজ কাগজ প্রভৃতিতে লেখা চলিতে থাকে। তালপাতা বা তেরেটপাতা প্রথমে রৌদ্রে শুকাইয়া কয়েকদিন জলে ভিজাইয়া পুনরায় রৌদ্রে শুকাইয়া লেখার উপযোগী করিয়া তাঁহারা লিখিতেন।

এই সমস্ত পুঁথি এরূপ কালিতে লেখা হইত যাহা জল লাগিলে উঠিয়া যাইত না অথবা কোনপ্রকারেই মুছিয়া যাইত না। কালি পুঁথি লেখকেরা নিজেরাই তৈয়ার করিতেন। আম,জাম, বকুল, শিমুল, কাঁঠাল প্রভৃতি গাছের ছাল তুলিয়া আনিয়া ঢেঁকিতে অথবা হামানদিস্তায় ছেঁচিয়া নূতন মাটির হাঁড়িতে পরিমাণ মত জল দিয়া মুখে একটি মাটির সরা চাপা দিয়া কোনরূপ বায়ু প্রবেশ করিতে না পারে সেইভাবে মাটির প্রলেপ দিয়া মুখ বন্ধ করিয়া সাত হইতে দশদিন পর্যন্ত মাটির মধ্যে গর্ত খুঁড়িয়া পুতিয়া রাখিতেন। তারপর তুলিয়া আগুনে ফোটাইয়া গামছা দিয়া ছাঁকিয়া কালি বাহির করিতেন। কালি পাতলা হইলে চাউল পোড়াইয়া তাহা গুঁড়া করিয়া প্রয়োজন মত কালির গাঢ়ত্ব করিয়া লইতেন। সম্পূর্ণ ঠাণ্ডা হইলে পর ঐ কালি ব্যবহার করা হইত। সে লেখার স্থায়িত্ব কয়েক শত বৎসর সযত্নে রক্ষা করিলে সহস্রাধিক বৎসরেও ঐ লেখা কোন প্রকারেই নষ্ট হয় না। মাটির দোয়াত জলে ভিজাইয়া কালি লেখার জন্য রাখা হইত।

তখন শকুন, চিল প্রভৃতি পাখির পালক, বাঁশের কঞ্চি অথবা খাগের (শরের) দ্বারা কলস তৈয়ার করিয়া তাহার দ্বারা লেখনীর কার্য নির্বাহ করা হইত। তাহারই প্রতীক হিসাবে সরস্বতীপূজায় মাটীর দোয়াত ও খাগের কলম দেওয়ার ব্যবহার এখনও প্রচলিত।

১৮৩৪ খৃষ্টাব্দে কাঠের অক্ষরে প্রথম মহামহোপাধ্যায় রঘুনন্দন ভট্টাচার্যের অষ্টাবিংশতিতত্ত্ব ছাপা হয় শ্রীরামপুরে। ক্যারি সাহেব উহা ছাপান। গুরুনাথ বিদ্যানিধি স্বপ্রতিষ্ঠিত ছাত্রপুস্তকালয় নামক প্রকাশনা সংস্থা হইতে ১৩১৮ বঙ্গাব্দে প্রথম তালপাতায় শ্রীশ্রী চণ্ডী ছাপা অক্ষরে প্রকাশ করেন। তারপর তালপাতায় আরও পূজাপদ্ধতি এবং কর্মকাণ্ডের পুঁথি প্রকাশিত হয়।

পুঁথি রক্ষা করা অতীব দুরূহ ব্যাপার। ইহাকে অগ্নি, জল, তৈল, শিথিল বন্ধন, চোর ও মূষিক এবং গ্রন্থনাশক কীট হইতে রক্ষা করিতে হইবে। মূর্খব্যক্তির হাতে কখনও পুঁথি দেওয়া অনুচিত। কথিত আছে—

তৈলাদ্ রক্ষেদ্ জলাদ্ রক্ষেদ্ রক্ষেচ্ছিথিলবন্ধনাৎ।
মূর্খহস্তে ন দাতব্যমেবং বদতি পুস্তকম্॥
উদকানলচৌরেভ্যো মূষকেভ্যস্তথৈব চ।
রক্ষণীযা প্রযত্নেন যস্মাৎ কষ্টেন লিখ্যতে॥

প্রাচীন কালে পুঁথির কীটনাশক কোন ঔষধাদি ছিল না। উই এবং অন্যান্য পুঁথিনাশক কীট হইতে রক্ষা করিবার জন্য তাঁহারা দোক্তাপাতা, নিমপাতা, এবং সাপের খোলস দিয়া উপযুক্ত প্রক্রিয়া সহকারে নিয়মিতভাবে রক্ষা করিতেন। মাঝে মাঝে পুঁথি রৌদ্রে দেওয়া হইত। রান্নাঘরে উনুনের ৮/১০ ফুট উপরে বাঁশের মাচা বা চালি করিয়া পুঁথি রাখা হইত। উনুনের ধোঁয়াতে গ্রন্থকীট বিনষ্ট হইত। তাঁহারা পুঁথিকে সন্তানের ন্যায় অতি

সাবধানে যত্ন করিয়া রাখিতেন এবং সদ্যোজাত শিশুকে যেভাবে হাতে ধরা হয় সেইভাবে পুঁথি ধরিয়া ব্যবহার করিতেন। শত্রুকে যেরূপ নির্দয়ভাবে বন্ধন করা হইত পুঁথিও সেইভাবে অর্থাৎ শক্ত করিয়া বাঁধা হইত। কারণ হাল্কাভাবে বাঁধিলে পুঁথির অভ্যন্তরে কীট প্রবেশ করার সুযোগ পায়।

পুঁথির মধ্যে জ্ঞান-বিজ্ঞানের যত তথ্য লুক্কায়িত আছে অন্যত্র তাহা অতীব সুদুর্লভ। পুঁথির লিপিকার কীরূপ কষ্ট করিয়া পুঁথি লিখিতেন তাহার উক্তি হইতে অনুমেয়—

ভগ্নপৃষ্ঠকটিগ্রীবং স্তব্ধদৃষ্টিরধোমুখম্।
কষ্টেন লিখিতং গ্রন্থং যত্নেন পরিপালঙ্গ।।

পুঁথির পারিভাষিক শব্দ জানার জন্য "ইণ্ডিয়ান্ টেক্সচুয়াল্ ক্রিটিসিজম্" নামক এস. এম. কাত্রের গ্রন্থটি দেখা যাইতে পারে।

সাম্প্রতিককালে প্রকাশিত ভারতীয় প্রাচীন লেখমালা নামক গ্রন্থখানি গৌরীশঙ্কর হীরাচাঁদ ওঝার লিখিত বইখানি দেখিলে লিপিশিক্ষার পক্ষে সহজ হয়।

লিপি অনেক প্রকারের। প্রাদেশিক বৈশিষ্ট্যানুসারে বিভিন্ন নামে বিভক্ত যথা— কাশ্মীরে শারদা, নেপালে নেওয়ারী, হিন্দীবলয়ে দেবনাগরী, তামিলনাড়ু অঞ্চলে গ্রন্থ প্রাচীন লিপি। রঞ্জনা শৈল্পিক লেখা নেপালে দেখা যায়। মূলভাষা সংস্কৃত কিন্তু ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে প্রাদেশিক ভাষাতে লেখা বহু পুঁথি লিপিকরেরা লিখিয়া গিয়াছেন দেখা যায়। এই সমস্ত কারণেই প্রাদেশিক লিপিগুলিও জানা প্রয়োজন। বঙ্গদেশে বাংলা, আসামে অসমীয়া, উৎকলপ্রদেশে ওড়িয়া প্রভৃতি লিপিতেও লিপিকরদের, সংস্কৃত ভাষায় লেখা বহু পুঁথি পাওয়া যায়। খরোষ্টি, ব্রাহ্মী প্রভৃতি লিপি মুদ্রা, তাম্রফলক প্রভৃতিতে পাওয়া যায়। অসমীয়া অক্ষরেও বহু পুঁথি পাওয়া যায়। তাহার বৈশিষ্ট্য ৰ র হইবে এবং র ব হইবে। পুঁথি অনুশীলনের দ্বারাই এই সমস্ত প্রভেদ স্থির করা যায়। গ্রন্থের প্রারম্ভে নমস্কার শ্লোক দেখিয়া গ্রন্থকার কোন্ দেবতার উপাসক তাহা অনুমান করা যায়। মহামহোপাধ্যায় কৃষ্ণচন্দ্র তর্কালঙ্কার মহাশয় "দায়ভাগপ্রৰোধিনী" টীকার আরম্ভে ইষ্টদেবতার নমস্কার করিয়াছেন :—

পাদাম্বুজে দ্বে জগদম্বিকাযাঃ শ্রীকৃষ্ণো বিপ্রো হৃদযে নিধায।
করোতি টীকামিহ দাযভাগ-গ্রন্থাবৰোধায সদেকরম্যাম্।।

সাধারণতঃ পুঁথির পুষ্পিকা দেখিয়াই নাম স্থির করা হইয়া থাকে। সেক্ষেত্রেও একটি বিরাট প্রশ্ন থাকে— একই হাতে লেখা দুইখানা পুঁথির সমান মাপের কাগজ, সমসংখ্যক পঙ্ক্তি, সমান সংখ্যক অক্ষর প্রতি পঙ্ক্তিতে। সেইস্থলে ভ্রমবশতঃ একটি পুঁথির শেষ পাতাটি অপর পুঁথির শেষ পাতার সহিত পরিবর্তিতভাবে রাখা হইয়াছে। এরূপ ক্ষেত্রে দুইখানা পুঁথিরই অন্তিম পৃষ্ঠার পূর্ব পৃষ্ঠার সহিত সমানভাবে সঙ্গতি আছে কিনা মিলাইয়া দেখিয়া পরে নাম স্থির করিতে হইবে।

কোন কোন পুঁথির আদ্যন্ত থাকে না। সেই সমস্ত পুঁথির নাম স্থির করিবার জন্য আদ্যন্ত পাঠ করিয়া দেখিতে হইবে যে, কোথাও পরিচ্ছেদ, অধ্যায়, সর্গ, পটল সমাপ্ত

হইয়াছে এইরূপ পাওয়া যায় কি-না, তাহাও না পাওয়া গেলে সম্পূর্ণ পুঁথিটি পড়িয়া যে বিষয়ের যে পুঁথি বলিয়া মনে হইবে সেই মুদ্রিত পুস্তক লইয়া মিলাইয়া দেখিয়া নাম স্থির করিতে হইবে। কোন কোন পুঁথির পার্শ্বে বিশেষতঃ ন্যায়-বৈশেষিক প্রভৃতি শাস্ত্রের পুঁথির পার্শ্বে সা জাগা, খা পা, জা পা, বা, জা শি, ব্যা জা, অ জা, মা জা পা ইত্যাদি রূপে সংক্ষেপে নাম পাওয়া যায়।

পুঁথির পঠন-পাঠন অতীব দুরূহ কাজ। কোন ব্যক্তি গড়গড় করিয়া বহু পুঁথি পড়িয়া ফেলিলেন। হঠাৎ দেখা যায় তিনি স্তব্ধদৃষ্টি পুঁথিতে নিবদ্ধ করিয়া নীরব। সেই পাঠ উদ্ধার করিতে দীর্ঘক্ষণ চলিয়া যায়। শব্দার্থ, ব্যাকরণ, প্রকরণ, প্রসঙ্গ প্রভৃতি দ্বারা পাঠোদ্ধার করিতে হয়। ধৈর্য, সহনশীলতা, মনোনয়ন, একাগ্রতা, অর্থবোধক প্রভৃতি সম্যগ্‌রূপে না থাকিলে পুঁথি পাঠোদ্ধার করা খুবই কঠিন। কেবল অক্ষর পরিচিতিতেই পুঁথির পাঠোদ্ধার করা যায় না। পুঁথির বিষয় নির্ণয় করা অতীব দুরূহ ব্যাপার। তাহার জন্য ভারত সরকার নির্দিষ্ট নিয়মে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের বহু প্রতিষ্ঠান হইতে সংস্কৃত পুঁথির তালিকা (Catalogue) প্রকাশিত হইয়াছে ও হইতেছে। সেগুলির সাহায্য গ্রহণ করা ভিন্ন অন্য চিন্তা করা যায় না। কারণ এখন তাদৃশ ব্যক্তির বড়ই অভাব যিনি সর্বশাস্ত্র সম্বন্ধে বিশেষজ্ঞ; পুঁথি দেখিয়া ২।৪ পঙ্‌ক্তি পড়িয়া পুঁথির নাম ও বিষয় বলিয়া দিতে পারেন।

বঙ্গদেশের বহু প্রাচীন পুঁথি কুটিলাক্ষরে লেখা আছে। তাহার অক্ষর উদ্ধার করা অনেক সময় গবেষণাসাধ্য। যাঁহারা সেই অক্ষরের সহিত পরিচিত তাঁহাদের কথা স্বতন্ত্র। কিন্তু যেরূপ প্রাচীন ব্যক্তি এখন মাত্র হাতে গোনা কয়েকজন আছেন। তাঁহাদের মধ্যে অনেকেই কর্মাক্ষম।

এতদ্দেশে প্রায় দেড়শত বৎসর পূর্বেও অনেক লিপিকর ছিলেন যাঁহারা পুঁথি নকল করিয়া তাহা বিক্রয় করিয়া সেই অর্থের দ্বারা জীবনযাত্রা নির্বাহ করিতেন। বর্তমানে লিপিকরের অত্যন্ত অভাব। "জেরক্স মেশিন" চালু হওয়ায় সেই সম্প্রদায় এখন লোপ পাইয়াছে বলা যায়।

ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় নিম্নলিখিত পুঁথিগুলি পার্শ্বোক্ত মূল্যে লিপিকরের নিকট হইতে ক্রয় করিয়াছিলেন। অক্ষর বা শ্লোক হিসাবে মূল্য নির্ধারিত হইতে সেই সময়।

কাব্যাদর্শ (২০০০ শ্লোক)—১.২৫ পঃ
মাঘটীকা—কবিবল্লভ চক্রবর্তী—৫.০০
নাগেশভট্টের রসমঞ্জরীপ্রকাশ—০০.৫০
কিরাতের মল্লিনাথ টীকা—২.৫০
১২১৮ বঙ্গাব্দে মাঘটীকা নকলমূল্য—১৫.০০
১৭৩৬ শকাব্দে কিরাতটীকা—১২.০০

গ্রন্থের নাম উদ্ধার করিতে পারিলেই শ্রেণী/ বিষয় বিভাগ করা যায় না। উত্তম

রূপে পড়িয়া তারপর শ্রেণী/বিষয় বিভাগ করিতে হয়। গ্রন্থের নামে অনেক সময় বিভ্রম সৃষ্টি হইয়া থাকে। যেমন:—নমস্কারবিবেকঃ। কবিরাজকৌতুকম্। ন্যায়মকরন্দঃ। কাতন্ত্রপরিশিষ্টম্। কবিকল্পদ্রুমঃ। আর্যভট্টীযম্। কাব্যকামধেনু। পঞ্চরাত্রম্। হযশীর্ষপঞ্চরাত্রম্। প্রভা। হরতত্ত্বদীধিতিঃ। উশনঃসংহিতা প্রভৃতি। লিপি শিক্ষার সঙ্গে সঙ্গেই পুঁথির শেষে প্রদত্ত তারিখ স্থির করার জন্য কয়েকটি উদাহরণ :—

অঙ্কদন্তিরসক্ষৌণীগুণিতে শকবৎসরে।
চৈত্রে শুক্রদিনে'লেখি স্বীযং কন্দর্পশর্মণা।।
ৰাণসিন্ধুপক্ষচন্দ্রে চতুর্দশ্যাংচ ভার্গবে।
লিখিতং পুস্তকমিদং রামচন্দ্রদ্বিজন্মনা।।
শাকে'নন্ত যুগাৰ্ধিগণিতে ব্যলেখি পুস্তী স্বযম্।
শ্রীরাজীবসুতামরেণ কালীপদধ্যাযতাম্।।
শাকে'ঙ্ক রামাঙ্গসুধাংশুসংখ্যে
গীতাভিধানাখিলযোগশাস্ত্রম্।
শ্রীকৃষ্ণপাদাম্বুজলিপ্সুনান্তে
শ্রীরামপুত্রেণ মুদা ব্যলেখি।।
তুলাং গতে দিবানাথে রন্ধ্রচন্দ্রমিতে সোমে।
সপ্তাধিকে দশম্যাংচ চতুর্দশশতোত্তরে।।
দ্বিরত্যষ্টিমিতে শাকে।
গ্রহবস্বাগ্নি শীতগৌ।

লিপিকরেরা অঞ্চলানুযায়ী সাল, শকাব্দ, সম্বৎ ব্যবহার করিতেন। তাঁহারা সালের সহিত তারিখ, বার, তিথি, নক্ষত্রও দিয়া দিতেন শ্লোকের মাধ্যমে শব্দের দ্বারা। কিছু পুঁথিতে অঙ্কের দ্বারাও সাল তারিখ পাওয়া যায়। লিপিকররা প্রায় পুঁথিতেই নিজের নাম, পিতার নাম, বাসস্থান প্রভৃতির পরিচয় লিপিবদ্ধ করিতেন। সংস্কৃত পুঁথির প্রায় সম্পূর্ণ হইলে পুষ্পিকার শেষে লিপিকরেরা লিখিতেন—যাহাকে বলা হয় Post Colophon.:-

যথাদৃষ্টং তথা লিখিতং লেখকো নাস্তিদোষকঃ।
ভীমস্যাপি রণে ভঙ্গো মুনীনাংচ মতিভ্রমঃ।।
যাদৃশং পুস্তকে দৃষ্টং তাদৃশং লিখিতং মযা।
যদি শুদ্ধমশুদ্ধং বা মম দোষো ন দীযতে।।
অদৃষ্টদোষাৎ স্মৃতিবিভ্রমাদ্ বা
যদর্থহীনং লিখিতং মযাত্র।
তৎসর্বমার্যৈঃ পরিশোধনীযং
কোপো ন কার্যঃ খলু লেখকায।।

পুস্তক অপহরণকারীকে তিরস্কার ইহাও গ্রন্থশেষে:—

যত্নেন লিখিতং চেদং যশ্চোরযতি পুস্তকম্।
শূকরী তস্য মাতা চ পিতা তস্য চ গর্দভঃ।।
পুস্তকং হরতে যস্তু কাণো দুঃখী ভবেন্নরঃ।
মৃতঃ স্বর্গং ন গচ্ছেত্তু পিতরং নরকং নযেৎ।।
অর্জিতং ভূরিকষ্টেন পুস্তকং যস্তু মে'পঘ।
হর্তুমিচ্ছতি যঃ পাপী তস্য বংশক্ষয়ো ভবেৎ।।
আত্মনো হ্যপকারাযোপকারায পরস্য চ।
ইদং হরতি যো মূঢ়স্তস্য তাতঃপশুর্ধ্রুবম্।।
যাবল্লবণসমুদ্রো যাবন্নক্ষত্রমণ্ডিতো মেরুঃ।
যাবচ্চন্দ্রাদিত্যৌ তাবদিদং পুস্তকং জযতু।।

পুঁথির শেষ অর্থাৎ পুষ্পিকা প্রভৃতির পরে লিপিকরেরা তাৎকালিক সামাজিক পরিস্থিতি, বাজারদর প্রভৃতি লিখিয়া রাখিতেন। তাহার দ্বারাও গবেষকদের অনেক সুবিধা হইয়া থাকে।

যদি কোন ব্যক্তির প্রবল ইচ্ছা থাকে তাহা হইলে তিনি স্বচেষ্টায় পুঁথি পড়া শিখিতে পারেন। প্রথমে একখানি পরিচিত পুঁথি লইয়া তাহার একখানি উত্তম সংস্করণ মুদ্রিত পুস্তক সম্মুখে রাখিয়া যে শব্দটি বা অক্ষরটি বুঝিতে কষ্ট হইতেছে তাহা মিলাইয়া পড়িলেই পাঠোদ্ধার হয়। এইরূপে কয়েকখানি বিভিন্ন শাস্ত্রের পুঁথি পড়িতে অভ্যস্ত হইলেই পরে সমস্ত পুঁথি পড়াই সহজ হইয়া যায়। পাঠাভ্যাস প্রতিনিয়তই রাখিতে হয়। বহু প্রাচীন কুটিলাক্ষরে লিখিত পুঁথিগুলিও অভ্যস্ত হইলে পরে আর অসুবিধা হয় না।

প্রাচীন ভারতে পুঁথির মর্যাদা

কালীকুমার দত্ত শাস্ত্রী

মুদ্রণব্যাপার প্রচলিত হইবার পূর্বে পুঁথিই ছিল বিদ্যার ধারক ও বাহক। পুঁথির কথা বলিতে গেলে বিদ্যার প্রসঙ্গ অপরিহার্য। প্রাচীন ভারতে বিদ্যার আদর সম্বন্ধে তথ্য জানিতে হইলে প্রাচীন ভারতে দানকার্যের মাহাত্ম্য সম্বন্ধে কয়েকটি তথ্য জানা আবশ্যক। অতএব দানের কথা দিয়াই আলোচনা সুরু করা যাক।

দানের মাহাত্ম্য অতি সুপ্রাচীন কাল হইতেই ভারতে সুবিদিত। ঋগ্‌বেদে 'দানস্তুতি' নামে যে মন্ত্রগুলি পাওয়া যায় (১-১২৬ ; ১.৬১-৪ ; ১০-১১৭) সেগুলিতে দানকার্যের সপ্রশংস উল্লেখ আছে। অথর্ববেদেও অনুরূপ দানকার্যের প্রশংসার কথা মেলে। এগুলি 'কুন্তাপসূক্ত' (২০-১২৭-৩৬) নামে পরিচিত। ঋগ্‌বেদে একটি মন্ত্র আছে—

"ন বা উ দেবাঃ ক্ষুধমিদ্বধং দদুরুতাশিতমুপগচ্ছন্তি মৃত্যবঃ।
উতো রয়িঃ পৃণতো নোপ দস্যত্যুতাপৃণন্ মর্ডিতারং ন বিন্দতে।।' (১০।১১৭।১)

লাডউইগ সাহেব (Der Ṛgveda, V-561) এই মন্ত্রটির অন্তনির্হিত যুক্তিটি সুন্দরভাবে বিশ্লেষণ করিয়াছেন :

"যে সকল কপটব্যক্তি নিজেদের হৃদয়হীনতা ঢাকিবার জন্য এরূপ যুক্তির অবতারণা করে যে 'দেবতার বিধানে অনাহারে মৃত্যু যাহাদের ভাগ্যে নিদিষ্ট, অন্নদান করিয়া সেই ক্ষুধার্তদের সাহায্য করার অর্থ হইল ভাগ্য নির্দেশের বিরুদ্ধ আচরণ করা ;তাহাদের যুক্তির বিরুদ্ধে তীব্র পরিহাসসহকারে এই মন্ত্রে বলা হইয়াছে যে, ক্ষুধাক্লিষ্ট দরিদ্রের অনাহারে মৃত্যুই যদি দেবতার বিধান হয় তাহা হইলে অন্নের প্রাচুর্যে স্ফীত ধনী নিশ্চয়ই চিরকাল বাঁচিয়া থাকিবে!"

প্রায় পাঁচ হাজার বৎসর আগেকার এই মানবিকতাময় যুক্তি আজও পুরাতন হইয়া যায় নাই। ধনিকতার বিরুদ্ধে কোন কথা ইহাতে নাই বটে, কিন্তু ধনীর হৃদয়হীনতা ও কপটতার বিরুদ্ধে তীব্র কশাঘাত আছে।

মহাভারতেও বহু স্থানে দানপ্রশংসার কথা মেলে। (দ্রষ্টব্য—মহাভারত, ১২-২৩৪, ১৪-৩৮ ; ১৩.৭-৮ ; ২২ ; ৫৭-৬৭ ; ৬৯ ; ৭৩ ; ৭৬ ; ৭৯-৮০ ; ১১২ ; ১২০-১২১ ; ১৩৪ ; ১৪৫ ; ১৪.৯২ এবং অন্য বহুস্থানে)।

দানের প্রশংসা করিয়া বলা হইয়াছে যে, যোগ্য পাত্রে দানই প্রশংসার্হ। অপাত্রে দান দাতা ও গ্রহীতা—উভয়ের পক্ষেই ক্ষতিকারক।

"গো-ভূ-তিল-হিরণ্যাদি পাত্রে দাতব্যমর্চিতম্। নাপাত্রে বিদুষা কিঞ্চিদাত্মনঃ শ্রেয ইচ্ছতা।।
বিদ্যাতপোভ্যাং হীনেন ন তু গ্রাহ্যঃ প্রতিগ্রহঃ। গৃহ্ণন্ প্রদাতারমধো নযত্যাত্মানমেব চ।।"
(যাজ্ঞবল্ক্য, ১-২০, ১-২)

দানপ্রসঙ্গে একথাও বলা হইয়াছে যে, দান যেন গ্রহীতার তুষ্টি বিধান করে। "দাতা দানং তথা দদ্যাৎ যেন তুষ্যেত তেন সঃ।" (মহাভারত, গীতাপ্রেস, গোরখপুর ১৩-১৪৫)

বিভিন্ন প্রকার দানের মধ্যে কতকগুলি বিশেষ দানকে আবার 'অতিদান' বা শ্রেষ্ঠ দান বলিয়া গণ্য করা হইয়াছে। 'বিদ্যাদান' বা 'ব্রহ্মদান' এই অতিদানের অন্তর্ভুক্ত। বিদ্যাদানের এই গৌরব খ্যাপন হইতে স্পষ্টই বোঝা যায় সেকালে বিদ্যার প্রতি সাধারণ মানুষের কত প্রগাঢ় শ্রদ্ধা ছিল। শাস্ত্রে গো, ভূমি ও বিদ্যা এই তিনটি দানকে অতিদান বলিয়া গণ্য করা হইয়াছে এবং এই অতিদানের ফলের কথা বলিয়া দাতাকে প্ররোচিত করা হইয়াছে।

"ত্রীণি তুল্যপ্রদানানি ত্রীণি তুল্যফলানি চ।
সর্বকামদুঘা ধেনুর্গাবঃ পৃথ্বী সরস্বতী।।"

[উদ্ধৃতি; লক্ষ্মীধররচিত *কৃত্যকল্পতরু*, ৫ম খণ্ড (দানখণ্ড), গায়কোয়াড় ওরিয়েণ্ট্যাল সীরিজ, সংখ্যা ৯২, ১৯৪১, পৃষ্ঠা ২০০]

হযশীর্ষপঞ্চরাত্রে (সংকর্ষণকাণ্ড, ৩১.৪৮-৫০) বলা হইয়াছে যে 'গোদান' করিলে পর গ্রহীতা যেরূপ সেই গাভীর দুগ্ধ পান করিতে থাকিবে, দাতাও সেইরূপ স্বর্গে সুখলাভ করিবেন। 'ভূমিদান' করিলে গ্রহীতা যেরূপ সেই ভূমিতে উৎপন্ন শস্যাদি ভোগ করিবেন, দাতাও অনুরূপভাবে স্বর্গে তাঁহার বাসনাসমূহের পরিপূর্তি লাভ করিবেন। 'বিদ্যাদান' করিলে পর প্রদত্ত পুস্তক হইতে জ্ঞানলাভ করিয়া গ্রহীতা উপকৃত হইবেন, দাতাও সেইরূপ ইহলোকে সর্ববিপদ্ হইতে মুক্তিলাভ করিয়া পরলোকে নিঃশ্রেয়স্ লাভ করিবেন।

শাস্ত্রে বলা হইয়াছে যে, কোন পুণ্যকর্মই বিদ্যাদান-পুণ্য অপেক্ষা উৎকৃষ্টতর নহে। (হযশীর্ষ, সংকর্ষণ কাণ্ড, ৩১-৩৫)

বিষ্ণুধর্মোত্তরে (৩-৩০৩-১-৪) বলা হইয়াছে—

"বিদ্যাদানাৎ পরং ধর্মো ন ভূতো ন ভবিষ্যতি।" (বেঙ্কটেশ্বর প্রেস সংস্করণ)

নন্দিপুরাণে[১] আছে—"বিদ্যা মুখ্যা চ দানানাম্।" (উদ্ধৃতি, হেমাদ্রিরচিত চতুর্বর্গচিন্তামণি, দানখণ্ড, ভরতচন্দ্র শিরোমণি সম্পাদিত, বিব্লিওথেকা ইণ্ডিকা, ১৮৭৩, পৃঃ ৫৪৪—)

মনু বলেন—"সর্বযামেব দানানাং ব্রহ্মদানং বিশিষ্যতে।" (৪-২৩৩)

যাজ্ঞবল্ক্যও বলিয়াছেন—

"সর্বধর্মমযং ব্রহ্ম প্রদানেভ্যোধিকং যতঃ।
তদ্ দদৎ সমবাপ্নোতি ব্রহ্মলোকমবিচ্যুতম্।।" (১-২১২)

অতএব বিদ্যাদান করা মনুষ্যমাত্রেরই কর্তব্য বলিয়া গণ্য।

সাধারণতঃ প্রাচীন ভারতের আর্যসমাজে বিদ্যাদান বলিতে বিনা বেতনে অধ্যাপনাকার্যকেই বুঝাইত এবং এরূপ বিদ্যাদান ব্রাহ্মণের পক্ষে অবশ্যকর্তব্য বলিয়া নির্ধারিত ছিল।

"অধ্যাপনমধ্যয়নং যজনং যাজনং তথা।
দানং প্রতিগ্রহং চৈব ব্রাহ্মণানামকল্পয়ৎ।।" (মনু, ১.৮৮)

মহাভারতেও এই বিদ্যাদানের প্রশংসা করা হইয়াছে।

"বিদ্যাদানং তথা দেবি, পাত্রভূতায় বৈ দদৎ।
প্রেত্যভাবে লভেন্মর্ত্যো মেধাং বৃদ্ধিং ধৃতিং স্মৃতিম্।।"
(গোরখপুর সংস্করণ, ১৩.১৪৫ পৃঃ ২৩৪, ৪র্থ খণ্ড)

এমন কি বিদ্যার্জনব্যাপারে অর্থ সাহায্য করাও বিশিষ্ট পুণ্যকার্যরূপে গণ্য ছিল।

"দাপনমথ বিদ্যানাং দরিদ্রেভ্যো'র্থবেদনৈঃ। স্বযং দত্তেন তুল্যং স্যাদিতি বিদ্ধি শুভাননে।। (মহাভারত, ঐ)

'বিদ্যাদান কিন্তু অধ্যাপনা বা অধ্যয়নার্থী দরিদ্রকে অর্থ সাহায্য করার মধ্যেই সীমাবদ্ধ ছিল না। পুঁথি বা পুস্তক দান, এমন কি লিখিবার কোন উপকরণ দানও বিদ্যাদান বলিয়া গণ্য হইত।

"বিদ্যাদানমবাপ্নোতি প্রদানাৎ পুস্তকস্য চ।" (হেমাদ্রিধৃত বিষ্ণুধর্মোত্তরবচন, গ্রন্থ পরিচয় পূর্বে উক্ত)।

"যে'পি পত্রং মসীপাত্রং লেখনীসম্পুটাদিকম্।
লঘুশাস্ত্রাভিযুক্তায় তে'পি বিদ্যাপ্রদাযিনাম্।।
যান্তি লোকান্ শুভান্ মর্ত্যাঃ পুণ্যভাজো নরাধিপ।" (হেমাদ্রিধৃত নন্দিপুরাণ বচন ; বল্লাল রচিত *দানসাগর,* অধ্যায় ৪৩, ভবতোষ ভট্টাচার্য সম্পাদিত। (বিব্‌লিওথেকা ইণ্ডিকা, ১৯৫৩-১৯৫৬)

এ সম্বন্ধে শাস্ত্রীয় যে সকল বিধান আছে সেগুলির একটি বিশেষ লক্ষণীয় বিষয় এই যে, একান্ত পুণ্যলাভই এই বিদ্যাদাতার একমাত্র লক্ষ্য নহে। এই দানের মধ্যে যে মানবিকতার স্পর্শ আছে, তাহার মূল্য পুণ্যপ্ররোচনা অপেক্ষাও অধিক তাৎপর্যপূর্ণ। এই দানকার্যে উৎসাহদান প্রসঙ্গে বিশেষভাবে বলা হইয়াছে যে এই বিদ্যাদানের প্রত্যক্ষ ফল হইল জ্ঞানের বিস্তার এবং এই জ্ঞানবিস্তারে সাহায্য করা সুজনমাত্রেরই অবশ্যকর্তব্য বলিয়া গণ্য। কারণ জ্ঞানহীন মানুষ কার্যাকার্য বিচার করিতে পারে না, ন্যায়-অন্যায়ের বিচারের শক্তি তাহার থাকে না। দাতাকে মনে রাখিতে হইবে যে, জ্ঞান মানুষকে পাপের কলুষতা হইতে মুক্তি দান করে। ফলে বিদ্যাদান করিলে মানুষকে পাপমুক্ত করা হয়।

"ধর্মাধর্মং ন জানাতি লোকো'যং বিদ্যযা বিনা।
তস্মাৎ সদৈব ধর্মাত্মন্ বিদ্যাদানরতো ভবেৎ।।"
(হেমাদ্রিধৃত বহ্নিপুরাণবচন ; গ্রন্থপরিচয় পূর্বে দেখুন)

"ধর্মাধর্মং ন জানন্তি বিদ্যাদানবহিষ্কৃতাঃ।
তস্মাৎ সর্বপ্রযত্নেন বিদ্যাদানং প্রযচ্ছতি।।" (ঐ, বরাহপুরাণবচন)।
"অনেন বিধিনা যস্তু বিদ্যাদানং প্রযচ্ছতি।
স ভবেৎ সর্বলোকানাং দর্শনাদঘনাশনঃ।।" (ঐ, দেবীপুরাণবচন)

বিদ্যাদানের যে দৃষ্ট ও অদৃষ্ট—এই দুই প্রকার ফল আছে, তাহা পূর্বের আলোচনা হইতে স্পষ্ট বোঝা যায়। শাস্ত্রেও আছে—

"বিদ্যযা বর্ততে লোকো ধর্মাধর্মং চ বিন্দতি।
তস্মাদ্ বিদ্যা সদা দেযা দৃষ্টাদৃষ্টফলার্থিভিঃ।।"
(দেবীপুরাণবচন, পূর্বোক্ত কৃত্যকল্পতরুধৃত)

শাস্ত্রে বিদ্যাদান সম্পর্কে যে সকল পদ্ধতি নির্দিষ্ট হইয়াছে, সেগুলি অনুষ্ঠানবহুল ও বহু ব্যয়সাধ্য। এ সম্বন্ধে একথাও বলা হইয়াছে যে, দাতা কার্পণ্য না করিয়া নিজ বিত্তানুসারে দান করিবে।

"... স্বানুসারেণ বিত্তশাঠ্যবিবর্জিতঃ।
কৃত্বা বিধিমিমং ভক্ত্যা বিদ্যাদানফলং লভেৎ।।" (স্কন্দপুরাণবচন, হেমাদ্রিধৃত)

বলা বাহুল্য যে এধরণের ব্যয়বহুল অনুষ্ঠান দরিদ্রের নাগালের বাহিরে। শাস্ত্রকারেরা কিন্তু দরিদ্রের কথাও ভাবিয়াছেন এবং দরিদ্রও যাহাতে সমাজে বিদ্যাপ্রসারকার্যে সাহায্য ও বিদ্যাদানের পুণ্য অর্জন করিতে পারে তাহার জন্যই তাঁহারা যথোপযুক্ত ব্যবস্থা করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন বিত্তহীন বলিযা যে মানুষ বিদ্যদানের পুণ্য হইতে বঞ্চিত হইবে, তাহা নহে। নিজ বিত্তানুসারে দরিদ্র যদি কলম দোয়াত, লেখনপত্র, লেখনফলক, বন্ধনরজ্জুসমেত পুঁথি জড়াইবার কাপড়— পুঁথি আস্তরণের বস্ত্র, পুঁথি রাখিবার চৌকি, চাঁদোয়া, বই রাখিবার বাক্স, পড়িবার সময়ে পুঁথি রাখিবার জন্য 'যন্ত্রক'—বা এই ধরণের বিদ্যার কোন উপকরণ দান করে, তাহা হইলে সে-ও ধনীর অনুষ্ঠানবহুল বিদ্যাদানের অনুরূপ ফললাভ করিবে।

"আত্মবিত্তানুসারেণ বিদ্যাদানং করোতি যঃ।
অসাধ্যং ফলমাপ্নোতি আঢ্যতুল্যং ন সংশযঃ।।" (দেবীপুরাণ, হেমাদ্রিধৃত)

হযশীর্ষ, সংকর্ষণকাণ্ড, ৩১,২৪ শ্লোকেও অনুরূপ কথা পাওয়া যায়।

হযশীর্ষে উক্ত বিধানটি (৩১.৫৩-৫৪) আরও স্পষ্টভাবে ব্যাখ্যাত হইয়াছে—

"যো দদ্যাৎ সফলং পাত্রং মসীভাজনলেখনীম্।
অন্যাং লিখনসামগ্রীং যৎ সূক্ষ্মমপি কিঞ্চন।।
সো'পি প্রাপ্নোতি তৎপুণ্যং যদ্ বিদ্যাদানজং স্মৃতম্।"

বিদ্যাদানপ্রসঙ্গে আর একটি বিশেষ লক্ষণীয় বিষয় এই যে বিদ্যাদান যে শুধু কোন ব্যক্তিকেই করিতে হইবে, এমন কোন কথা নাই। মন্দিরে বা গ্রন্থ-সংরক্ষণের জন্য কোন সরস্বতী-ভাণ্ডারে (Library) গ্রন্থ দান করিলেও বিদ্যাদানের ফল লাভ করা যাইবে।

"প্রদদ্যাদ্ বিভবৈর্দিব্যৈঃ সুরাযতনবেশ্মসু।" (নন্দিপুরাণ, হেমাদ্রিধৃত)

"তস্মিন্ পুণ্যাহশব্দেন বিদ্যাকোশগৃহং নযেৎ।

এবং যঃ শিববিদ্যাযাঃ কুর্যাদ্ আযতনং শুভম্।

স মুক্তঃ পাতকৈঃ সর্বৈর্বিদ্যাদানফলং লভেৎ।। (স্কন্দপুরাণ, ঐ)

বুহ্‌লার তাঁহার 'ইণ্ডিয়ান প্যালিওগ্রাফি' নামক গ্রন্থে (পুনর্মুদ্রণ, কলিকাতা, ১৯৬২, পৃঃ ১৪৮) দেখাইয়াছেন যে, মঠে মন্দিরে বা পুস্তকভাণ্ডারে গ্রন্থদান বৌদ্ধ ও জৈনসম্প্রদায়ে' একটি অবশ্য কর্তব্যকর্ম বলিয়া বিবেচিত হইত। সরস্বতী ভাণ্ডার স্থাপন করাও বিদ্যাদান বলিয়া গণ্য হইত এবং ইহাতে বিশেষ পুণ্যলাভের কথাও শাস্ত্রে আছে। শাস্ত্রে আরও আছে যে, 'বিদ্যাব্যাখ্যানমণ্ডপ' (Audience hall) নির্মাণ করাও কর্তব্য।

"বিদ্যামণ্ডলকং কৃত্বা বিদ্যাব্যাখ্যানমণ্ডপে।

তত্রাভ্যর্চ্য শিবাংবিদ্যাং তদ্‌ব্যাখ্যাং শৃণুযাৎ ততঃ।। (স্কন্দপুরাণ, ঐ)

বিদ্যাদান সম্পর্কীয় বিধানগুলি বর্তমানে যেসকল গ্রন্থে পাওয়া যায় সেগুলি অবশ্য খুব প্রাচীন নহে। এগুলির মধ্যে প্রাচীনতম গ্রন্থটি সম্ভবতঃ খ্রীষ্টীয় সপ্তম শতক অপেক্ষা প্রাচীনতর নহে, কিন্তু এগুলিকে যে ঐতিহ্যের ধারা রক্ষিত হইয়াছে, তাহা অতি সুপ্রাচীন।

একটি প্রাচীন কিংবদন্তী আছে যে, বেদব্যাসের লিপিকররূপে গণেশ বেদব্যাসকথিত মহাভারত লিপিবদ্ধ করেন। (মহাভারত, গোরখপুর, ১-১-৭৪-৮৩)। গল্পটি পণ্ডিতদের মতে প্রক্ষিপ্ত (Interpolation)। ইহা প্রক্ষিপ্ত হইলেও একথা অবশ্যই মানিতে হইবে যে পুঁথি লেখার ব্যাপারটি এদেশে অতি প্রাচীনকাল হইতেই প্রচলিত। পাণিনি (খ্রীষ্টপূর্ব ৫ম শতকে) লিপির উল্লেখ করিয়াছেন (পাঃ ৩।২।২১), বার্ত্তিককারও (বা. ৪।১।৪৯ সূত্রস্থ) লিপির কথা বলিয়াছেন। বৌদ্ধ সম্পদায়ে প্রচলিত কিংবদন্তী হইতে জানা যায় যে বুদ্ধের মহাপরিনির্বাণের অনতিকাল পরেই তাঁহার অনুশাসনগুলি তাল পত্রে লিপিবদ্ধ হইয়াছিল (বীল প্রণীত হুয়েন সাঙের জীবনী, পৃঃ ১১৭)। অতি প্রাচীনকালে এদেশে বৃক্ষপত্র, ভূর্জত্বক্, বস্ত্রখণ্ড প্রভৃতিতে যে পুঁথি লেখা হইত তাহা বৈদেশিকগণের লিখিত বৃত্তান্ত হইতে জানা যায়। Q. Curtius-এর লিখিত বৃত্তান্ত হইতে জানা যায় যে, আলেকজাণ্ডারের ভারত আক্রমণকালে (খ্রীঃ পূঃ ৩২৭ অব্দে) এদেশে ভূর্জপত্রে লিখনপ্রথা প্রচলিত ছিল এবং Nearchos খ্রীষ্টপূর্ব চতুর্থশতকে এদেশে সুসংহত বস্ত্রের উপরে লিখনপ্রথার উল্লেখ করিয়াছেন। (বুহলার, পূর্বোক্ত ; পৃঃ ২৩)। মধ্য এশিয়ার তুরফান অঞ্চলে প্রাচীন কুষাণলিপিতে লিখিত সংস্কৃত গ্রন্থের যে সকল খণ্ডাংশ পাওয়া গিয়াছে তাহা হইতে মনে হয় খ্রীষ্টজন্মের বহু পূর্বকাল হইতেই এদেশে পুঁথিলেখার পদ্ধতি প্রচলিত ছিল। (*Bruchstuecke buddistischer Dramen,* Lueders, Berlin 1911)। প্রাচীনকালে এদেশে যখন যানবাহন ব্যবস্থা নিতান্ত অনুন্নত ছিল এবং যাহাও ছিল, তাহার গতি ছিল অত্যন্ত মন্থর, তখনও এদেশে লিখিত হইবার পর অল্পকালের মধ্যেই পুঁথিগুলি যেভাবে দূরদূরান্তে প্রচারিত হইত তাহা হইতে তখনকার লোকের জ্ঞানস্পৃহা ও পুঁথির সমাদরের কথা অনুমান করা যায়। উদাহরণস্বরূপ উল্লেখ করা যাইতে পারে যে বিশ্বনাথ কবিরাজ অনুমানিক ১৩৫০ খ্রীষ্টাব্দে উড়িষ্যায় বসিয়া তাঁহার প্রসিদ্ধ 'সাহিত্যদর্পণ' গ্রন্থ রচনা

করেন। ১৩৮৪ খ্রীষ্টাব্দে লিখিত এই গ্রন্থের অনুলিপি পাওয়া যায় জম্মু সহরের গ্রন্থাগারে (ষ্টাইনসংকলিত জম্মুস্থিত পুঁথির তালিকা, পৃষ্ঠা ৬৪—)। ১১৫৯ খ্রীষ্টাব্দে বন্দ্যঘটীয় সর্বানন্দ তাঁহার 'টীকা-সর্বস্ব রচনা করেন। বঙ্গদেশ এ পুঁথি পাওয়া যায় নাই। সম্পাদক যে সাতখানি পুঁথি পাইয়াছিলেন, সবগুলিই পাওয়া যায় দাক্ষিণাত্যে এবং সেগুলি মালয়লম লিপিতে লেখা (টীকাসর্বস্ব, ত্রিবাঙ্কুর সংস্কৃত সীরিজ, ৩৮, ত্রিবান্দ্রম্, ১৯১১, মুখবন্ধ, পৃঃ ২)। শূলপাণি ১৪২০-১৪৩০ খ্রীষ্টাব্দে তাঁহার শ্রাদ্ধবিবেক' রচনা করেন। কয়েক বৎসরের মধ্যেই দেখা যায় বৃহস্পতি রায়মুকুট তাঁর 'স্মৃতিরত্নহার' গ্রন্থে 'শ্রাদ্ধবিবেক' হইতে বচন উদ্ধৃত করিয়াছেন (Indian Historical Quarterly, XVII 1941, 1.465)।

বিদ্যাদানের ইতিহাস বোধহয় সুরু হয় ব্রহ্মদান অর্থাৎ বেদদানের মহিমা প্রচারকাল হইতে। মনু ও যাজ্ঞবল্ক্য ব্রহ্মদানের নিরতিশয় মহিমার কথা বলিয়াছেন (উপরে দেখুন)। যম সম্ভবতঃ শাস্ত্রদানের কথা বলিয়া বিদ্যাদানের ক্ষেত্রকে প্রসারিত করেন।

"য ইমাং পৃথিবীং দদ্যাৎ সর্বকামোপশোভিতাম্।
দদ্যাচ্ছাস্ত্রং চ বিপ্রাণাং তদ্বচ্চৈতানি তৎসমম্।।"

(লক্ষ্মীধরধৃত যমবচন, পৃঃ ২০১)

এই 'শাস্ত্র' শব্দের মর্ম যে কি তাহা স্কন্দপুরাণে ব্যাখ্যাত হইয়াছে।

"ঋগ্‌যজুঃসামাথর্বা চ ভারতং পাঞ্চরাত্রকম্।
মূলরামায়ণং চৈব শাস্ত্রমিত্যভিধীয়তে।।
যচ্চানুকূলমেতস্য তচ্চ শাস্ত্রং প্রকীর্তিতম্।।"

(মাধবাচার্যরচিত সর্ব দর্শনসংগ্রহের পূর্ণপ্রজ্ঞদর্শনপ্রসঙ্গে উদ্ধৃত)

অর্থাৎ শাস্ত্র বলিতে চতুর্বেদ, মহাভারত, রামায়ণ, পাঞ্চরাত্রগ্রন্থসমূহ ও এগুলির অনুকূল গ্রন্থগুলিকে বোঝায়। পরে দেখা যায় যে তৎকালপ্রচলিত জ্ঞানভাণ্ডারের প্রায় সমস্ত শাখাই শাস্ত্র বলিযা পরিগণিত হইয়াছে। নন্দিপুরাণমতে (লক্ষ্মীধরধৃতবচন)-চতুর্বেদ, ষট্ বেদাঙ্গ, ধর্মশাস্ত্র, মীমাংসা, তর্ক ও পুরাণ—এইগুলিই প্রধানতঃ বিদ্যা নামে পরিচিত। 'আত্মবিদ্যা' কিন্তু অন্য সকল বিদ্যা অপেক্ষা শ্রেষ্ঠ।

"ষড়ঙ্গানি বেদাশ্চত্বারো ধর্মশাস্ত্রং পুরাতনম্।
মীমাংসা তর্কমপি চ এতা বিদ্যাঃ প্রকীর্তিতাঃ।।"

"সর্বাধিকা চাত্মবিদ্যা সংসারভযনাশিনী।" এই সকল মূল বিদ্যার অঙ্গরূপে আবার বিদ্যা বহুধা বিস্তৃত। এগুলির মধ্যে আবার আয়ুর্বেদ ও শস্যবিদ্যা বিশেষ উল্লেখযোগ্য।

"আসামেবান্তরোৎপন্নাঃ পরা বিদ্যাঃ সহস্রশঃ।
আয়ুর্বেদঃ শস্যবেদো বর্গভেদঃ প্রকীর্তিতঃ ।।" (ঐ)

এই সকল অঙ্গবিদ্যার মধ্যে চারুকলা (Fine Arts), শিল্পকলা, ধাঁধা বা নানা ধরণের প্রহেলিকা, গাথা, এমন কি বিভিন্ন বিষয়ক শ্লোকসংগ্রহ (Anthology) ও অন্তর্ভুক্ত হইয়াছে। "শ্লোকং প্রহেলিকাং গাথামথান্যদ্ বা সুভাষিতম্।।" লক্ষ্মীধর দেবীপুরাণ হইতে যে সকল বচন উদ্ধৃত করিয়াছেন তাহাতে দেখা যায় যে, উপরের তালিকার সহিত ইতিহাস,

সিদ্ধান্তশাস্ত্র, মোক্ষশাস্ত্র, তন্ত্র, গণিত, জ্যোতিষ (Astronomy), ফলিত জ্যোতিষ Astrology), আগম ও অন্যান্য বহু বিষয় সংযোজিত হইয়াছে। শুক্রনীতিসার মতে—

"প্রাগ্‌বৃত্তকথনঞ্চৈকরাজবৃত্তমিষাদিতঃ।
যস্মিন্ স ইতিহাসঃ স্যাৎ পুরাবৃত্তঃ স এব হি।।"

মতান্তরে—"ধর্মার্থকামমোক্ষাণামুপদেশসমন্বিতম্। পুরাবৃত্তকথাযুক্তমিতিহাসং প্রচক্ষতে।।" অর্থাৎ প্রাচীন ভারতের ইতিহাস' history নহে। উহা একটি স্বতন্ত্র বিদ্যা।

যোগিযাজ্ঞবল্ক্যগ্রন্থে (পুণ্য, ১৯৫১) সিদ্ধান্তশাস্ত্রসম্বন্ধে বলা হইয়াছে—

"হৈরণ্যগর্ভৈঃ কাপিলৈরপান্তরতমৈস্তথা (?)।
সনৎকুমারব্রহ্মিষ্ঠৈস্তথা পাশুপতৈরপি।
পাঞ্চরাত্রৈঃ সদোন্মুক্তৈঃ সিদ্ধান্তৈরত্র সপ্তভিঃ।।" (২, ৬৭-৬৮)

হয়শীর্ষ আবার (২, ৩১.৫৯) স্মৃতিশাস্ত্রগুলিকেও ইহার সহিত যুক্ত করিয়াছেন। এইসকল তালিকা দেখিয়া মনে হয় বিদ্যদানপ্রসঙ্গে বিদ্যা বলিতে ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ— পুরুষের এই চতুর্বর্গসাধনের সহায়ক সকল বিদ্যাকেই বুঝায়।

"ধর্মার্থকামমোক্ষাণাং যা বিদ্যা সিদ্ধযে মতা।
তাং লেখ্য ব্রাহ্মণে দত্ত্বা স্বর্গমাপ্নোত্যসংশযম্।।" (হয়শীর্ষ, ২-৩১-৬১)

বিদ্যাদানপ্রসঙ্গে ভূর্জত্বক্ ও তালপত্রে লিখিত পুঁথির কথাই প্রধানতঃ বলা হইয়াছে। তালপত্র (এবং তেড়েত পাতাও) পুঁথি লিখিবার পূর্বে বিশেষভাবে নির্বাচিত ও সংস্কৃত (treated) হইত।

"শ্রীতাডপত্রকে সংচে সমে পাত্রসুসংচিতে।।" (দেবীপুরাণ, হেমাদ্রিধৃত) সমগ্র পত্রটির পরিমাণ অনুসারে অর্ধাংশ জুড়িয়া লিখিবার বিধান ছিল। অপর অর্ধাংশ (চতুর্দিকে) খালি থাকিত। সম্ভবতঃ এই অংশে ভ্রম সংশোধন সংযোজন টিপ্পনী প্রভৃতি লিখিত হইত।

'কুর্যাৎ তু পুস্তকং তত্র লেখ্যাদ্ দ্বিগুণবিস্তরম্।" (দানসাগর, পৃঃ ৪৭৮)

বিধান দেওয়া হইয়াছে পত্রের দুই অহগুলি পরিমিত স্থাতনে লেখা উচিত।

কুর্যাত্তুপুস্তকং তস্য লিখেদ্দ্ব্যঙ্গুলবিস্তরম্।" (নন্দিপুরাণ, হেমাদ্রিধৃত)

এই লিখিত অংশটি অনেক সময়ে লিপিকরের রুচি অনুসারে কোন সীমাচিহ্ন দ্বারা চিহ্নিত হইত। কার্যতঃ দেখা যায় যে অনেক ক্ষেত্রে রেখা অঙ্কিত করিয়া সীমাচিহ্ন দেওয়া হইয়াছে। এই প্রসঙ্গে নন্দিপুরাণে আছে—

"শুভং শ্লক্ষ্ণং চ রম্যং চ কৃষ্ণং মেচকিতং চ বা।"

দানসাগরে ইহার ব্যাখ্যা দেওয়া হইয়াছে—'কৃষ্ণমেচকিতং মসীনির্মিত সমযজ্ঞাদি লিখনানুগুণশ্যামরেখম্।।" সম্ভবতঃ ইহা দ্বারা মূল লেখাটিকে মসীদ্বারা সীমাচিহ্নিত করিয়া পরবর্তী যোজনাদির দ্বারা নির্ধারিত অংশটি শ্যামরেখাদ্বারা বেষ্টিত করিতে হইবে—এই ধরণের ইঙ্গিত করা হইয়াছে। বক্তব্যটি ঠিক যে কি, তাহা স্পষ্ট বোঝা যায় না। হেমাদ্রি

'মেচকিতং' শব্দের অর্থ করিয়াছেন 'ময়ূরার্ধচন্দ্রাঙ্কিতম্'। সম্ভবতঃ তিনি চারিদিকের খালি জায়গায় (margins) ময়ূর পুচ্ছের অর্ধচন্দ্রের মত চিত্রাদি অঙ্কনের কথা বলিয়াছেন। এধরণের চিত্রাঙ্কিত সংস্কৃতভাষার পুঁথি কিন্তু বিরল।

লেখাগুলি সুন্দর ও মসৃণ হওয়া আবশ্যক। প্রত্যেকটি অক্ষরের অবয়ব স্পষ্ট ও পূর্ণাঙ্গ হওয়া প্রয়োজন, উপরের মাত্রাগুলি যথাযথভাবে সন্নিবেশিত হওয়া আবশ্যক। পঙ্‌ক্তিগুলি যেন সমরেখায় সজ্জিত হয়। অক্ষরগুলি সমান পরিমাপের হওয়া উচিত এবং সেগুলি খুব মোটা বা সরু হইবে না। হ্রস্ব-দীর্ঘ চিহ্নগুলি খুব স্পষ্ট হইবে এবং প্রত্যেকটি রেখা, বিন্দু ও বর্ণ সংযোজন যেন অনায়াসগম্য হয়।

'শীর্ষোপেতান্ সুসম্পূর্ণান্ সমশ্রেণীগতান্ সমান্।
অক্ষরান্ বৈ লিখেদ্ যস্তু লেখকঃ স বরঃ স্মৃতঃ।।"

(মৎস্যপুরাণ, তারানাথ তর্কবাচস্পতির 'বাচস্পত্য অভিধানে উদ্ধৃত)

"সমশীর্ষৈঃ সুমাংসলৈঃ (হয়শীর্ষ, ২, ৩১, ১০)
"নাতিকৃশৈর্নাতিস্থূলৈর্হ্র স্বদীর্ঘাদিলক্ষিতৈঃ)।
সম্পূর্ণাবয়বৈর্মাত্রাবিন্দুরসংযোগলক্ষিতৈঃ।।" (ঐ ৩১-১১)

এ প্রসঙ্গে পুরাতন পাঠশালার পণ্ডিতমহাশয়গণের উপদেশ স্মরণীয়। "সমানি সমশীর্ষাণি ঘনানি বিরলানি চ।"

তাঁহাদের উপদেশ—অক্ষরগুলি যেন মাপে সমান হয়, মাথাগুলি যেন সমরেখায় থাকে, সেগুলি যেন পরস্পর সুসংশ্লিষ্ট হয় কিন্তু একটি যেন অপরটির গায়ে জড়াইয়া না যায়। বলা বাহুল্য, ইহা শাস্ত্রনির্দেশেরই প্রতিধ্বনি।

এ সম্পর্কে নাগরাক্ষরই সর্বাপেক্ষা জনপ্রিয়। নন্দিলিপি (জৈনগণের শাস্ত্রগ্রন্থে ব্যবহৃত লিপি) ও কাশ্মীরকলিপির (সারদা লিপি?) উল্লেখও পাওয়া যায়।

অগ্নি পুরাণে (আনন্দাশ্রম সংস্করণ, ৬৩।১৫) কেবল নাগরাক্ষরের কথা আছে। হযশীর্ষে (২-৩১-১০) কাশ্মীর ও নাগর এই দুই লিপির উল্লেখ আছে। দেবীপুরাণে (হেমাদ্রিধৃত) বলা হইয়াছে—"নন্দিনাগরকৈর্বর্ণৈঃ।" নন্দিপুরাণে নাগরলিপি ও বিভিন্ন প্রান্তীয় লিপিতে শাস্ত্র লিখিবার নির্দেশ দেখা যায়। "ব্যক্তদেশলিপিন্যাসং মুখ্যং নাগরমুচ্যতে।" (কৃত্যকল্পতরু, পৃঃ ২১৬)। লক্ষ্মীধর ইহার অর্থ করিয়াছেন—"ব্যক্তা তদ্দেশানুসারিণী লিপির্যত্র ন্যাসে'ক্ষরনির্মাণে স তথা। অর্থাৎ বিভিন্ন প্রান্তীয় লিপিতেও পুঁথি লেখা চলিবে।

এ প্রসঙ্গে শাস্ত্রীয় লেখনকার্যে যে লেখনী ব্যবহৃত হইত, তাহাও উলেখযোগ্য। সাধারণতঃ সোনার কলমই ব্যবহৃত হইত। "লেখন্যা হৈমযা শুচিঃ" (হয়শীর্ষ, ২.৩১.১০), " হৈমযা চ লেখন্যা' (অগ্নিপুরাণ ৬৩.১৫), সুবর্ণলেখনী কার্যা" (বরাহপুরাণ, হেমাদ্রিধৃত) 'লেখনীভিশ্চ দিব্যাভির্হৈমচিত্রাভিরেব চ।" নন্দিপুরাণ, ঐ)। বঙ্গে প্রচলিত আশীর্বচন—"সোনার দোয়াত কলম হোক"—এ প্রসঙ্গে স্মরণীয়। কিন্তু দানসাগরে এ প্রসঙ্গে বলা হইয়াছে (পৃঃ ৪৮০)—"লেখনীশস্ত্রসংযুক্তে।" এই লেখনীশস্ত্র দেখিয়া মনে হয় পালক, খাগড়া, কঞ্চি বা এই ধরণের বস্তু, যেগুলিকে কলমরূপে ব্যবহার করিবার জন্য

ছুরির দরকার, সেগুলিও কলমরূপ ব্যবহৃত হইত। নন্দিপুরাণে চিত্রাভিঃ' পদটিতে বোধহয় এই ধরণের কলমের ইঙ্গিত রহিয়াছে। এক্ষেত্রে লক্ষণীয় এই যে একাদশ শতকে ক্ষেমেন্দ্র লেখনী অর্থে 'কলম' কথাটির প্রয়োগ করিয়াছেন। কেরাণীর বর্ণনায় তিনি লিখিয়াছেন— 'মসী সকলমা যস্য' ... "কলমাঙ্কিতকর্ণেন ভূর্জপত্রকপাণিনা।" (নর্মমালা ১.১৬ ও ২. ১২০ কাশ্মীর সংস্কৃত সীরিজ সংখ্যা ৪০, ১৯২৩)

শাস্ত্রীয় লেখনকার্যে রৌপ্যনির্মিত দোয়াতের প্রচলনই বোধ হয় বেশী ছিল। "রৌপ্যে পাত্রে মসীং স্থাপ্য" (হয়শীর্ষ, ২-৩১-১০)। "মসীভাণ্ডং চ রৌপ্যকম্ (বরাহপুরাণ, হেমাদ্রিধৃত)। তবে দরিদ্র ব্যক্তির পক্ষে যে মস্যাধারদানের বিধান দেওয়া হইয়ছে, তাহা হইতে মনে হয় স্বল্পমূল্যের মসীপাত্রও এ ব্যাপারে প্রচলিত ছিল। নন্দিপুরাণ (হেমাদ্রিধৃত) কেবল 'সুসমিদ্ধে মসীভাণ্ডে' এই নির্দেশ আছে, কোন ধাতুর উল্লেখ নাই। 'সুসমিদ্ধে' এই বিশেষণ দেখিয়া মনে হয় যে দোয়াতটি বেশ সুগঠিতও চক্‌চকে-ঝক্‌ঝকে হইত।

সাধারণতঃ নানা গাঢ়বর্ণের কালি ব্যবহৃত হইত। তবে পীত, রক্ত, হরিৎ ও কৃষ্ণবর্ণ কালিই জনপ্রিয় ছিল। কালি যাহাতে সুচিরস্থায়ী হয়, সেজন্য নানাপ্রকার রাসায়নিক দ্রব্য (দৃঢ় সংস্তম্ভন) মিশ্রিত করিয়া কালি প্রস্তুত করা হইত।

"মসীভিশ্চাপ্যনেকাভিশ্চতুর্বর্ণাভিরেব বা।
দৃঢ়সংস্তম্ভনযুক্তাভির্মেচকৈশ্চাপ্যনেকশঃ।।" (নন্দিপুরাণ)

বল্লালমতে— 'চতুর্বর্ণাভিঃ' পদের অর্থ—'পীত-রক্ত-হরিৎকৃষ্ণবর্ণদ্রব্যরসময়ীভিঃ। হেমাদ্রি বলেন মসীস্থৈর্যের জন্য 'দৃঢ়স্তম্ভন'-যোগের প্রয়োজন। এই দৃঢ়স্তম্ভনযুক্তমসীর নিদর্শন পাওয়া যায় 'আন্ধের' অঞ্চলের স্তূপে রক্ষিত একটি দেহাবশেষাধারে (Relic vessel)। পাত্রটির ঢাকনির ভিতরের পিঠে যে লেখা আছে সেটি খ্রীষ্টপূর্ব দ্বিতীয় বা তৃতীয় শতকের। সে লেখা আজও অম্লান আছে। (Cunningham Bhilsa Topes p 249)। তুরফানে প্রাপ্ত প্রাচীন কুষাণযুগের পুঁথির লিপিগুলি প্রায় দুই হাজার বৎসর পরেও অম্লান রহিয়াছে।

পুঁথির উপরের পাতাটিকে বলা হইত 'মলপত্র' বা 'মলপৃষ্ঠ' (বর্তমানে বলা হয় 'মলাট')।

"লজ্জতে মলপত্রেণ চক্রনারাচসংচয়ে।" (ক্ষেমেন্দ্র দেসোপদেশ ৬-১০) এই মলপত্র অনেক সময়ে পীত, রক্ত, পিঙ্গল প্রভৃতি নানাবর্ণে রঞ্জিত হইত। অনেক পুঁথিতে আবার মলপত্রে নানারূপ আলপনা বা চিত্র অঙ্কিত দেখা যায়।

"বহিশ্চ বর্ণং কুর্বীত পুস্তকস্য মনোরমম্।
পীতৈ রক্তৈঃ কষায়ৈর্বা সুনিবদ্ধং বিচিত্রিতম্।।" (নন্দিপুরাণ হেমাদ্রিধৃত)

সাধারণতঃ পুঁথির পাতাগুলির সোজা পিঠে (recto) কোন পত্রসংখ্যা দেওয়া হইত না। পত্রসংখ্যা দেওয়া হইত পাতাটির উল্‌টা পিঠে (verso)। পরে পাতাগুলিকে ক্রমিক সংখ্যানুসারে সাজাইয়া অনেকক্ষেত্রেই মাঝখানে ছিদ্র করিয়া একটি দড়ি দিয়া সুরক্ষিত করা হইত। এই দড়ির সাহায্যেই পুঁথিটিকে বাঁধা হইত। এই দড়ির ছিদ্রের জন্য

প্রতিটি পৃষ্ঠার মাঝখানে একটি নির্দিষ্ট স্থানে লেখা বাদ দেওয়া হইত। বহু তালপাতার পুঁথিতে এরূপ দড়ি দেখা যায়। দুইটি দড়ি দেওয়া প্রাচীন পুঁথিও বিরল নহে। পরবর্তীকালে বিশেষ করিয়া কাগজে লেখা পুঁথিগুলিতে এরূপ ছিদ্র প্রায়ই দেখা যায় না। এই দড়ি সাধারণতঃ হাল্‌কা লাল বা কাল রঙের হইত।

"কার্পাসসূত্রগ্রথিতম্" (নন্দিপরাণ, ঐ)

"রক্তেন বাথ কৃষ্ণেন মৃদুনা রঞ্জিতেন চ।
দৃঢ়সূত্রনিৰন্ধেন এবং বিধিকৃতেন চ।।" (দেবীপুরাণ ঐ)

বিধান ছিল এই যে পুঁথি পাঠ করিবার সময়ে দড়িটিকে আলগা করিয়া দিয়া পুঁথি খুলিতে হইবে এবং পাঠশেষে আবার ঠিকভাবে বাঁধিয়া রাখিতে হইবে। কোনক্রমেই আলগা করিয়া বাঁধা পুঁথি নানাচাড়া করা চলিবে না।

"গ্রন্থিং চ শিথিলং কুর্যাদ্ বাচকঃ কুরুনন্দন!
পুনর্ৰগ্নীত তৎসূত্রং ন মুক্ত্বা ধারযেৎ ক্বচিৎ।।" (বাচস্পত্যধৃতবচন)

বলা বাহুল্য আলগাবাঁধা পুঁথি নাড়াচাড়া করিলে পাতাগুলি ক্ষতিগ্রস্ত হইতে পারে, সেইজন্যই এই বিধান। পরিষ্কার সূক্ষ্ম রেশমী কাপড়ে বা রঙীন কার্পাসবস্ত্রে পুঁথিগুলিকে জড়াইয়া রাখা হইত। "দিব্যপট্টাংশুকাবৃতম্।" (হয়শীর্ষ, ২-৩১-৬)। পুঁথিগুলিকে সংরক্ষিত করিবার জন্য পেটিকা ও বাক্সের কথাও পাওয়া যায়। তালাচাবি দেওয়ার কথাও আছে। দেবীপুরাণে পুঁথি সংরক্ষণের জন্য বাঁশের কাঠামোর উপর চর্মের আচ্ছাদন দিয়া তৈয়ারী পেটিকার কথা বলা হইয়াছে।

"বিচিত্রকঞ্চিকা পার্শ্বে চর্মণা সংপুটীকৃতে।" (হেমাদ্রিধৃত)

হেমাদ্রিমতে 'কঞ্চিকা' অর্থে ' বেণুশাখা'।

স্কন্দপুরাণে (হেমাদ্রিধৃত) বলা হইয়াছে : পুঁথি রাখিবার পেটিকাটি শ্রীপর্ণ বা চামড়া দিয়া তৈয়ারী করিতে হইবে এবং ইহার কোলটি বেশ বড় করিতে হইবে যাহাতে অনেক পুঁথি ইহার মধ্যে রাখা যায়।

"যঃ শ্রীপর্ণসমুদ্ভূতং নিম্নখাতং সুসংচে যম্।
দদ্যাৎ সম্পুটকং কৃত্বা চর্মণা বাপি নির্মিতম্।।"

শ্রীপর্ণ অর্থে পদ্ম, অরণি (ইহাকে গণিয়ারীও বলা হয়) ও গাম্ভারী বৃক্ষ। এখানে মনে হয় কাঠের কথাই বলা হইয়াছে।

স্কন্দপুরাণ হইতে আরও জানা যায় যে পুস্তকভাণ্ডারগুলিতে পুঁথি রক্ষার জন্য ডালাওয়ালা চৌকা বাক্সে পুঁথি রাখা হইত। এই বাক্সগুলি সুদৃশ্য ও সুগঠিত হইত এবং এগুলি স্বর্ণ বা রৌপ্যনির্মিত এবং নানারত্নময় কারুকার্যযুক্ত হইত। অনেক ক্ষেত্রে এগুলি কাংস্য, পিত্তল, তাম্র বা লৌহদ্বারাও নির্মিত হইত। এগুলির ডালা থাকিত এবং তালা দিবার ব্যবস্থাও থাকিত। অনেক ক্ষেত্রে কাঠ বা বাঁশ দিয়াও এগুলি তৈয়ারী করা হইত।

"যঃ সৌবর্ণং সুসম্পূর্ণং সর্বরত্নোপশোভিতম্।
সপিধানসুমঞ্জূষং বিদ্যাকোশসমাশ্রযম্।।

কারযেদ্ বাপি রৌপ্যেণ তাম্রেণ চতুরস্রকম্।
কাংস্যারকূটলোহং বা দারুবংশাদিনির্মিতম্।।"
"কুর্যাৎ তালকসংযুক্তং বিদ্যারত্নকরণ্ডকম্।।"

পাঠ করিবার সময় পুঁথিটি সাধারণত একখণ্ড কাপড় বিছাইয়া তাহার উপর রাখা হইত। এই বস্ত্রখণ্ডের নাম 'পুস্তকাস্তরণ'। অনেক সময়ে আবার পুঁথিটি আসন বা মাদুরজাতীয় কোন কিছুর উপর রাখা হইত।

"পুস্তকাস্তরণং দত্ত্বা সুপ্রমাণং সুশোভনম্।' (দেবীপুরাণ, হেমাদ্রিধৃত)
"পুস্তকাস্তরণং দত্ত্বা সহস্রং তৎপ্রমাণতঃ।
তদাসনং বিতানং বা শিবলোকে মহীয়তে।।" (স্কন্দপুরাণ, ঐ)

পুস্তিকাযজ্ঞব্যাপারে কিন্তু পুঁথি একটি বিশেষধরণের পুস্তিকাধারে রাখা হইত। এই আধারটি 'শরযন্ত্র' 'সরযন্ত্র', 'শিবযন্ত্র' প্রভৃতি নামে পরিচিত ছিল। (দানসাগর, পৃঃ ৪৮৯, পাদটীকা—৩)। নন্দিপুরাণে ইহাকে 'বিদ্যাধার' (মতান্তরে 'বিদ্যাধর') বলা হইয়াছে। দেবীপুরাণে ইহার নাম 'যন্ত্র' বা 'যন্ত্রক'। এই যন্ত্রটি স্বর্ণ, রৌপ্য, গজদন্ত বা কোন উৎকৃষ্ট জাতীয় (চন্দনাদি) কাষ্ঠদ্বারা নির্মিত হইত। এটি দেখিতে খুব সুন্দর ও হাল্‌কা ধরণের হইত। এটিকে যান্ত্রিক-কৌশলে প্রয়োজনমত স্বচ্ছন্দে খুলিবার ও মুড়িবার (folding and unfolding) ব্যবস্থা থাকিত। এটি বেশ প্রশস্ত হইত এবং কাষ্ঠ নির্মিত হইলে গ্রন্থিবিহীন কাষ্ঠ ব্যবহৃত হইত। খুলিবার ও মুড়িবার জন্য কব্‌জাধরণের কৌশল ইহাতে থাকিত।

"তস্য মধ্যে ন্যসেদ্ 'যন্ত্র'ং' নাগদন্তময়ং শুভম্।" (দেবীপূরাণ হেমাদ্রিধৃত)
'যন্ত্রকং চাসনং চৈব দণ্ডাসনমথাপি বা।" (ঐ)

নন্দিপুরাণে (হেমাদ্রি, বল্লাল ও লক্ষ্মীধরধৃত) আছে—

"বিদ্যাধারং প্রকুর্বীত হেমরূপময়ং শুভম্।
নাগদন্তময়ং বাপি শুভদারুময়ং তথা।।
মনোজ্ঞমগুরুং রম্যং শ্লক্ষ্ণযন্ত্রপ্রযোগজম্।
সংকোচপত্রসংযুক্তং বিকাশেন সমন্বিতম্।।
তত্র বিদ্যাং বিনিহিতাং কুর্যাৎ পুস্তকসংহিতাম্।"
"রম্যং লঘু সুবিস্তীর্ণং নির্গ্রন্থি গ্রন্থিসংযুতম্।
বিদ্যাধারং ততো যন্ত্রসংস্থিতং পূর্বপুস্তকম্।।"

বর্ণনা দেখিয়া মনে হয় যন্ত্রটি বোধ হয় কবজাওয়ালা ইংরাজি X (এক্‌স্) অক্ষরের মত দেখিতে কোন একটি বস্তু। এখনও জৈন, শিখ ও মুসলমানেরা ধর্মগ্রন্থ পাঠের সময়ে গ্রন্থখানি এইরূপ একটি কাষ্ঠনির্মিত আধারে রাখেন। ইহাতে পাঠের সুবিধা হয়। দেবীপুরাণে [২] এই ধরণের একটি অনুন্নত অবস্থায় যন্ত্রের কথা আছে। যন্ত্রটি গজদন্তনির্মিত, নীচে সূতা দিয়া আল্‌গা করিয়া এবং উপরে শক্ত করিয়া বাঁধা।

"তস্য মধ্যে ন্যসেদ্ যন্ত্রং নাগদন্তময়ং শুভম্।

অধঃ কিঞ্চিন্নিবদ্ধং তু উর্দ্ধতোʼপি সুসংযুতম্।।
তস্যোর্দ্ধং বিন্যসেদ্ বিদ্বান্ পুস্তকং লিখিতং শুভম্।।” (ঐ)

হয়শীর্ষে আবার পুঁথি রাখিবার জন্য দণ্ডাসনের' কথাও আছে। এই দণ্ডাসন নানারত্নখচিত ও স্বর্ণময় হইত। গ্রন্থে কিন্তু এই দণ্ডাসনের আর কোন পরিচয় দেওয়া হয় নাই। দেবীপুরাণেও দণ্ডাসনের কথা আছে—

"যন্ত্রকং চাসনং চৈব দণ্ডাসনমথাপি বা।"

এই প্রসঙ্গে গজদন্ত বা অন্য কোন উপাদানে নির্মিত সিংহাসনের কথাও আছে। সম্ভবতঃ এটি উৎসবাদি বিশেষ সময়ে ব্যবহার্য চৌকি ধরণের কোন বস্তু। লেখা বা পড়ার জন্য ব্যবহৃত স্বল্পোন্নত ক্রমনিম্ন ডেস্ক জাতীয় কাঠের আসবাব আজও বঙ্গের পল্লীতে দেখা যায়। এটিও সম্ভবতঃ এই ধরণের কোন পাঠোপকরণ।

এখন এই 'শরযন্ত্র' কথাটির অর্থ সম্বন্ধে বেশ একটা বিভ্রান্তি দেখা যায়। সুবন্ধুরচিত বাসবদত্তা গ্রন্থে (আনুমানিক ৬ষ্ঠ শতাব্দী ;হল সাহেবের সংস্করণ, বিব্লিওথেকা ইণ্ডিকা, ১৮৫৯) এই শরযন্ত্র শব্দটির প্রয়োগ আছে (পৃষ্ঠা ২৫০)।

"রক্তাংশুকপটে বিষমপ্ররূঢ়-বিসলতা-শরযন্ত্রকানুগতশতপত্রপুস্তকসনাথে মকরন্দবিন্দুসন্দোহনির্ভরপানমত্তমধুকরসান্দ্রমন্দ্র-মঞ্জুস্বনৈঃ স্বধর্মম্ ইব পঠতি বিকচকমলাকরভিক্ষৌ" ইত্যাদি। শিরাম ত্রিপাঠী (১৮শ শতক) স্বীয় 'দর্পণ'-টীকায় 'শরযন্ত্র' শব্দটির ব্যাখ্যা প্রসঙ্গে লিখিয়ছেন—"শরযন্ত্রকং তালপত্রীয়পুস্তকমধ্যরজ্জুঃ.... 'সরত' ইতিভাষায়াম্"। তাঁহার মতে 'শরযন্ত্র' অর্থে তালপাতার পুঁথির মধ্যস্থলে যে দড়ি পরানো হয়, সেই দড়ি। মনিয়ের উইলিয়ামস্ ও ভি এস. আপ্তে তাঁহাদের সংস্কৃত-ইংরাজি অভিধানে এই অর্থই গ্রহণ করিয়াছেন। কিন্তু পুরাণগুলিতে যেভাবে শরযন্ত্রের বর্ণনা দেওয়া হইয়াছে ও শিবরামের প্রায় ছয়শত বৎসর পূর্বে বল্লালাদি বিচক্ষণ শাস্ত্রবিদ্গণ শব্দটির যে অর্থ করিয়াছেন তাহাতে শিবরামকৃত অর্থ যে আদৌ সঙ্গত হয় নাই—ইহা নিঃসংশয়ে বলা যায়। আনুমানিক খ্রীষ্টীয় অষ্টম শতকের গ্রন্থ হয়শীর্ষপঞ্চরাত্রে স্পষ্টতই নির্দেশ আছে—শরযন্ত্রের উপরে পুঁথি রাখিতে হইবে। অগ্নিপুরাণেও ইহার সমর্থন পাওয়া যায়—

"স্বস্তিকে মণ্ডলেʼভ্যর্চ্য শরদযন্ত্রাসনে স্থিতম্।
লেখ্যং চ লিখিতং পুস্তং গুরুর্বিদ্যাং হরিং যজেৎ।। [৬৩-১৩-১৪]

খ্রিষ্টীয় দ্বাদশ শতকে বল্লাল (*দানসাগর*, পৃঃ ৪৭৮) যেভাবে 'বিদ্যাধর' ও 'শরযন্ত্র' যে অভিন্ন বলিয়া প্রতিপন্ন করিয়াছেন, তাহাতে শরযন্ত্রের অর্থসম্বন্ধে আর কোন সন্দেহের অবকাশ থাকে না।

শরযন্ত্র পুস্তকপাঠের পক্ষে খুবই উপযোগী, সন্দেহ নাই। কিন্তু লিখিবার পক্ষে তত সুবিধাজনক নহে। এইজন্যই বোধ হয় হয়শীর্ষে পুঁথি লিখিবার জন্য দণ্ডাসন ও গজদন্তনির্মিত সিংহাসন ব্যবহার করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। দেবীপুরাণেও দণ্ডাসনের কথা বলা হইয়াছে। এই প্রসঙ্গে শ্যামদেশে (থাইল্যাণ্ড) যে শরযন্ত্র ব্যবহৃত হইত তাহার

উল্লেখ করা যাইতে পারে। ওদেশের যন্ত্রটি উন্নততর এবং আদর্শ পুস্তক সম্মুখে রাখিয়া লেখ্য পুঁথিতে লিখিবার পক্ষে খুবই সুবিধাজনক। বিংশশতকের গোড়ার দিকে মণ্টগোমারি শূলার *(Journal of the American Oriental Society, XXIX, 1908. pp 281-83)* ওদেশের বৌদ্ধ ভিক্ষুগণকে পুঁথি লিখিবার জন্য এই যন্ত্র ব্যবহার করিতে দেখিয়াছিলেন। তিনি বর্ণনা করিয়াছেন—পুস্তক লিখিবার জন্য লিপিকর মন্দিরের মেঝেতে অসনপিঁড়ি হইয়া বসেন। তাঁহার সম্মুখে থাকে প্রায় এক হাত উচ্চ একটি চিত্রকরের ফলাকাধারের (easel) মত একটি কাঠামো (frame)। এই কাঠামোর একটি ধাপে আদর্শ পুঁথিটি রাখা হয় এবং অপর ধাপে লিখিবার জন্য সাদা পাতাগুলি রাখা হয়।

এই বর্ণনা হইতে স্পষ্টই বোঝা যায় যে এটি শরযন্ত্রেরই প্রকারভেদ। হযশীর্ষ ও দেবীপুরাণে যে দণ্ডাসনের কথা বলা হইয়াছে, তাহা হয়তো এই যন্ত্রই। ভারত হইতে শ্যামদেশে এরূপ যন্ত্রের প্রচলন খুব অস্বাভাবিক নহে। প্রমাণ অভাবে এ বিষয়ে অবশ্য জোর করিয়া কিছু বলা যায় না।

পুঁথিযজ্ঞ বা উৎসবের ব্যাপারে শাস্ত্রে বিধান এই যে, পুঁথি লিখিবার জন্য উপযুক্ত গুণান্বিত লেখককে শাস্ত্রীয় অনুষ্ঠানাদিসহকারে নিয়োগ করিতে হইবে। বহু প্রাচীন গ্রন্থেই দেখা যায় যে লেখকগণ একটি বিশেষ জাতিগত শ্রেণী হইতে নর্বাচিত হইতেন, ইঁহাদিগকে 'কায়স্থ' বলা হইত।

"লেখকান্ অপি কাযস্থান্ লেখকৃত্যে বিচক্ষণান্ (বাচস্পত্যধৃত পরাশর বচন)। এই লেখকগণ সাধারণতঃ ধর্মাধিকরণে *(Law courts)* ও রাষ্ট্রের বিভিন বিভাগে লেখার কাজে নিযুক্ত হইতেন। ইঁহারা নানা শাস্ত্রে ব্যুৎপন্ন এবং বিভিন্ন প্রান্তীয় লিপি বিষয়ে অভিজ্ঞ হইতেন।

"সর্বদেশাক্ষরাভিজ্ঞঃ সর্বশাস্ত্রবিচক্ষণঃ। লেখকঃ কথিতো রাজ্ঞঃ সর্বাধিকরণেষু বৈ।। (বাচস্পত্যধৃতপরাশর বচন)

শূদ্রকের মৃচ্ছকটিকে (নবম অঙ্ক) ধর্মাধিকরণস্থ কায়স্থের একটি মনোজ্ঞ চিত্র আছে। ভাসের পঞ্চরাত্রে (দ্বিতীয় অঙ্ক) পাওয়া যায় যে সেনাপতি যুদ্ধক্ষেত্রে সৈনিকগণের কার্যাবলীর বিবরণ মহাফেজখানায় দাখিল করিবার জন্য লেখকগণের দ্বারা লেখাইতেছেন। ক্ষেমেন্দ্র তাঁহার 'নর্মমালা'য় এই সম্প্রদায়ের কোন কোন ব্যক্তি সম্বন্ধে তীব্র বিদ্রূপ করিয়াছেন—

"তুষ্টস্তমেত্য বরদঃ কলিঃ সাক্ষাদভাষত।
সর্বদেববিনাশায় গচ্ছ বৎস মহীতলম্।।
অনেন কলমাস্ত্রেণ মন্দদন্তেন প্রহারিণা।। (১-১১-২)

পুঁথি-যজ্ঞের ব্যাপারে কিন্তু লেখক হইতেন ব্রাহ্মণ। এই লেখক অবশ্যই বেদবিৎ ও ছন্দঃশাস্ত্রজ্ঞ হইতেন।

"ব্রাহ্মণান্ বেদসম্পূর্ণাংশ্ছন্দোলক্ষণপারগান্।" (বহ্নিপুরাণ, হেমাদ্রিধৃত)

দেবীপুরাণে এইসব লিপিকরকে 'পুস্তকলেখক' বলা হইয়াছে। সম্ভবতঃ 'কায়স্থ'

লিপিকর হইতে পুঁথিযজ্ঞের লিপিকরের পার্থক্য সূচিত করিবার উদ্দেশ্যেই এই শব্দটি প্রযুক্ত হইয়াছে।

পুস্তক লেখকের গুণাবলী সম্বন্ধে বহ্নিপুরাণে বলা হইয়াছে যে, ইনি শাস্ত্রপারগ, ছন্দোনিপুণ, স্বয়ং সৎকবি, মধুর কণ্ঠস্বরযুক্ত এবং স্মৃতিশক্তিদ্বারা প্রনষ্ট পাঠের উদ্ধারে সমর্থ হইবেন।

তথা সংপূজযেদ্ বৎস লেখকং শাস্ত্রপারগম্।
ছন্দোলক্ষণতত্ত্বজ্ঞং সৎকবিং মধুরস্বরম্।।
প্রনষ্টং স্মরতি গ্রন্থং শ্রেষ্ঠং পুস্তকলেখকম্।" (হেমাদ্রিধৃত)

মৎস্যপুরাণ ইহার সহিত আরও কয়েকটি গুণের কথা বলিয়াছেন। এই মতে লেখক অক্ষরবিন্যাসে সুদক্ষ, দ্রুত লেখনে সমর্থ এবং বাক্যশ্রবণ মাত্রে অর্থানুধাবনে পটু হওয়া আবশ্যক। চাণক্যসংগ্রহেও আছে—

"সকৃদুক্তগৃহীতার্থো লঘুহস্তো জিতাক্ষরঃ।
সর্বশাস্ত্রসমালোকী প্রকৃষ্টো নাম লেখকঃ।।" (বাচস্পত্যধৃত)

হযশীর্ষমতে এগুলি ছাড়াও লেখকের তর্কে পারদর্শী, বাক্যালাপপটু, কথা-আখ্যানাদি সম্বন্ধে অভিজ্ঞ ও বিষ্ণুভক্ত হওয়া আবশ্যক। বলা-বাহুল্য, শেষের গুণটি কেবল সম্পদায়-বিশেষের জন্য, সর্বজনসাধারণ নহে।

"পঞ্চাবযববাক্সিদ্ধশ্ছন্দোলক্ষণবিৎ তথা।
বাক্যালাপকথাভিজ্ঞো বিষ্ণুপূজনতৎপরঃ।।" (২।৩১।১২-১৩)

পুঁথিযজ্ঞে একজন আবৃত্তিকারীরও প্রয়োজন হইত। ইঁহাকে বলা হইত 'বাচক', 'পাঠক' বা 'কথক'। এই কথক অবশ্যই ব্রাহ্মণ হইতেন। বাৎস্যায়নের কামসূত্রে (১-৩।) যে চতুঃষষ্টি চারুকলার কথা আছে, এই 'বাচক' বা 'পাঠকে'র শিল্পও সেগুলির মধ্যে অন্যতম। এই প্রসঙ্গে বলিয়া রাখা ভাল যে বঙ্গদেশ ও তাহার নিকটবর্তী অঞ্চলে 'কথক' বলিতে 'কথকতা'-নিপুণ ব্যক্তিকে বোঝায়। আবৃত্তি, ব্যাখ্যান, গান এবং কিঞ্চিৎ আঙ্গিক অভিনয়ের সাহায্যে শাস্ত্রের অর্থ বিশ্লেষণ এই কথকতার বৈশিষ্ট্য। পুঁথিযজ্ঞের কথক কিন্তু এই কথক হইতে স্বতন্ত্র। বাচকের গুণাবলী সম্বন্ধে বলা হইয়াছে—তিনি জ্ঞানী, চতুর, বিনয়ী এবং সুবক্তা হইবেন। তাঁহার কণ্ঠস্বর মধুর হওয়া প্রয়োজন। তিনি সর্বশাস্ত্রবিৎ, সঙ্গীতাভিজ্ঞ এবং লিপিসমূহের পাঠোদ্ধারে দক্ষ হইবেন। শব্দের মর্মার্থনির্ণয়ে দক্ষতা, শাস্ত্রের নিগূঢ় তাৎপর্য উদ্ঘাটনে নৈপুণ্য, ছন্দঃশাস্ত্রে বিচক্ষণতা, অনর্গল, বাক্যবিন্যাসকুশলতা এবং বাক্য ও বর্ণাবলীর সুস্পষ্ট উচ্চারণক্ষমতা এই বাচকের বিশেষ গুণ বলিয়া গণ্য।

"ব্রাহ্মণং বাচকং বিদ্যান্নান্যবর্ণজমাদরাৎ।"
"সপ্তস্বরসমাযুক্তং কালে কালে বিশাম্পতে।
প্রদর্শয়ন্ রসান্ সর্বান্ বাচযেদ্ বাচকো নৃপ)।।" (বাচস্পত্যধৃত)
"সর্বশাস্ত্রাদিতত্ত্বজ্ঞো গান্ধর্বজ্ঞস্তু সুস্বরঃ।

বাচযেদ্ বাচকঃ সুস্থো ব্রাহ্মণঃ শাস্ত্রবিচ্ছুচিঃ ॥ (হয়শীর্ষ, ২-৩১. ৩৪-৩৫)

"শাস্ত্রসদ্ভাববিদুষে বাচকেতি প্রিয়ংবদে।" (বহ্নিপুরাণ, হেমাদ্রিধৃত)

"ব্রাহ্মণস্য সুবৃত্তস্য বাচকস্য বিজল্পতঃ।" (বরাহপুরাণ, ঐ)

"বাচকো ব্রাহ্মণঃ প্রাজ্ঞঃ শ্রুতশাস্ত্রো মহামনাঃ।

অভ্যস্তাক্ষরবিন্যাসো বৃত্তশাস্ত্রবিশারদঃ ॥

শব্দার্থবিৎ প্রগল্ভশ্চ বিনীতো মেধযা পুনঃ।

গীতজ্ঞো বাক্যসুশ্রব্যস্বরো'নাবিলভাষকঃ ॥" (নন্দিপুরাণ, ঐ)

উপরে যে গুণাবলীর তালিকা দেওয়া হইয়াছে, তাহা হইতে স্পষ্টই বোঝা যায় যে কেবল আবৃত্তিকারীই 'বাচক' বলিয়া গণ্য হইত না। এই বাচকের কার্য দুই ভাগে বিভক্ত ছিল (১) তাঁহার প্রথম কার্য ছিল মূল পুস্তক হইতে আবৃত্তি করিয়া লেখককে নির্ভুলভাবে লিখিতে সাহায্য করা। "উভয়ং চাপি তল্লেখ্যং সমীকুর্যাচ্চ বাচকম্।" (নন্দিপুরাণ)

হেমাদ্রি ব্যাখ্যা করিয়াছেন—"উভয়ং লেখ্যং বাচযন্ সমীকুর্যাৎ ;।"

কিভাবে যে ভ্রম-সংশোধন করিতে হইবে সে সম্বন্ধে প্রধান নির্দেশগুলি এই—

(ক) যে সকল অক্ষর বাদ পড়িয়াছে বা অধিক হইয়াছে, সেগুলির সংশোধন করিতে হইবে।

(খ) অক্ষরবিন্যাসে রেখাঘটিত কোন ত্রুটি থাকিলে তাহা ঠিক করিয়া দিতে হইবে।

(গ) অনুস্বার-বিসর্গের যথাযথ প্রয়োগের দিকে খুব সজাগ দৃষ্টি রাখিতে হইবে।

(ঘ) পুনরুক্তিস্থলে পূর্বাপর-সঙ্গতি সম্বন্ধে সাবধানে বিচার করিয়া সিদ্ধান্ত স্থির করিতে হইবে।

তুলনীয়—"সংগতিঃ পৌনরুক্ত্যানাং সমাধানসমাকুলম্।" (অভিনবভারতী, প্রারম্ভিক শ্লোক ৬)

(ঙ) যে স্থলে কোন অংশ প্রনষ্ট হইয়াছে বলিয়া সন্দেহ হইবে, সেস্থলে সমাধান করিবার পূর্বে প্রকরণ ও ছন্দের ঔচিত্য সম্বন্ধে বিশেষ বিবেচনা আবশ্যক।

(চ) গ্রন্থখানি যদি সূত্রাকারে রচিত হয়, তাহা হইলে এরূপ ক্ষেত্রে সূত্রটিকে সংশোধন করিবার পূর্বে অন্যান্য সূত্রের সহিত সেই সূত্রের অনুবৃত্তি প্রভৃতি সম্পর্ক, অধিকার প্রভৃতি, সূত্রের প্রতিপাদ্য বিষয় এবং সেই বিষয়ে সূত্রকারের অভিপ্রেত সমাধান প্রভৃতি সম্বন্ধে বিশেষ বিচার করিতে হইবে।

(ছ) গ্রন্থখানি যদি সূত্রাকারে রচিত না হয়, তাহা হইলে সন্দিগ্ধস্থলে সমগ্র গ্রন্থের প্রতিপাদ্য বিষয়ের সহিত সঙ্গতি রাখিয়া সংশোধন করিতে হইবে।

(জ) সংশোধন সম্বন্ধে সর্বসাধারণ নিয়ম এই যে, কোনকরম সংশোধন করিবার পূর্বে গ্রন্থখানির প্রতিপাদ্য বিষয়, গ্রন্থকারের ইঙ্গিত (সূচনা), উদ্দেশ *(references)* এবং গ্রন্থকার স্পষ্টতঃ বা জ্ঞাপকতার সাহায্যে যাহা বলিয়াছেন সেগুলিপুঙ্খানুপুঙ্খভাবে বিচার করিয়া দেখিতে হইবে।

(ঝ) যে ক্ষেত্রে শব্দগুলির একাধিক অর্থ হয়, সেক্ষেত্রে শব্দের যোগ্যতা *(compatibility)*, আসত্তি *(poroximity)* এবং অন্য শব্দের সহিত অন্বয়াদি সম্পর্ক বিশেষভাবে বিচার করিয়া সংশোধন করা কর্তব্য।

(ঞ) কারকাদি ব্যাকরণগত প্রক্রিয়াগুলি ভালোভাবে বিবেচনা করিয়া সংশোধন করা কর্তব্য। দেখিতে হইবে যেন কোন ব্যাকরণগত অশুদ্ধি না থাকে।

(ট) কোন একটি বিশেষ শব্দের প্রয়োগ সম্বন্ধে সন্দেহ হইলে পরপ্রসঙ্গ পর্যালোচনা করিয়া গ্রন্থকারের অভিপ্রেত শব্দটি অনুমান করিয়া লইতে হইবে। হেমাদ্রি বলেন—যদি কোন একটি বিশেষ শব্দ বর্জন করিলে গ্রন্থকারের বক্তব্যটি সম্যক্ পরিস্ফুট হয়, তবে প্রয়োজনবোধে সেক্ষেত্রে সেই বিশেষ শব্দটি বর্জন করা যাইতে পরে।

(ঠ) ছন্দের প্রয়োগব্যাপারে এরূপ সন্দেহের ক্ষেত্রে গ্রন্থকারের অভিপ্রায়টি অনুমান করিয়া লইতে হয়।

ঊনাধিকৈশ্চ সংযুক্তং বর্ণৈর্মাত্রাদিভিস্তথা।
অনুস্বারবিসর্গৈশ্চ যুক্তাযুক্তৈর্বিচারযেৎ॥
শাস্ত্রং প্রকৃতয়া যুক্ত্যা পৌনরুক্ত্যং বিশোধযেৎ।
ঊনার্থোক্ত্যা প্রসঙ্গৈশ্চ ছন্দোযোগ্যতযা তথা॥
সূত্রান্তরার্থবোধেন প্রশ্নোত্তরবিবেকতঃ।
অসূত্রত্বাচ্চ শাস্ত্রস্য সমুদাযার্থবোধতঃ॥
প্রক্রান্তসূচনোদ্দেশৈর্গদিতৈশ্চোদিতৈরপি।
বহ্বর্থানাং চ শব্দানাং যোগাসত্তিং পরীক্ষ্য তু॥
সর্বশাস্ত্রর্থবোধেন কারকাদ্যৈরবিপ্লুতৈঃ।
ক্বচিচ্ছব্দবিবক্ষৈশ্চ প্রকৃতার্থং নিরূপযেৎ॥
ছন্দসাং চাপি বুদ্ধ্বা তং বৃত্তসংযোগমীপ্সিতম্।
এবং বিদ্যাং তু মেধাবী শাস্ত্রং সৎকৃত্য কৃৎস্নতঃ॥" (নন্দিপুরাণ, হেমাদ্রিধৃত)

উক্ত নিয়মগুলি পর্যালোচনা করিলে দেখা যায় যে, মূলগ্রন্থের সংশোধন ব্যাপারে বাচক ও লেখককে যথেষ্ট স্বাধীনতা দেওয়া হইয়াছে। বলা বাহুল্য যে অযোগ্য ও দায়িত্বজ্ঞানহীন ব্যক্তির হাতে পড়িলে এই নিয়মের ফলে মূল পুঁথির পাঠবিকৃতির সমূহ সম্ভাবনা রহিয়াছে। এদেশে পুঁথিগুলির পাঠে যে সকল বিচিত্র পাঠ-বিকৃতি দেখা যায়, সেগুলির অধিকাংশের জন্যই এই নিয়মগুলি যে মূলতঃ দায়ী, সে বিষয়ে কোন সন্দেহ নাই। আর একটি বিশেষ উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ ত্রুটি এই যে, পাঠসংশোধনের পূর্বে বিভিন্ন পুঁথি সংগ্রহ করিয়া সেই সকল পুঁথির সহিত পাঠ মিলাইবার সম্বন্ধে কোন কথাই বলা হয় নাই। অথচ বিজ্ঞানসম্মত পাঠোদ্ধাররীতিতে এরূপ বিভিন্ন পুঁথির পাঠবিচার অপরিহার্য। দশম শতাব্দীতে অভিনবগুপ্ত কিন্তু পুঁথির পাঠোদ্ধার সম্বন্ধে যে পদ্ধতির ইঙ্গিত দিয়াছেন উহা আধুনিক বিজ্ঞানসম্মত পাঠোদ্ধারপদ্ধতির অগ্রদূত বলিয়া গণ্য হইতে পারে। তাঁহার মতে সন্দিগ্ধ পাঠের ক্ষেত্রে বিভিন্ন পুঁথির পাঠ সম্বন্ধে বিশেষ আলোচনা

করিয়া যে পাঠ গ্রহণযোগ্য বলিয়া মনে হইবে, সেটিকে গ্রন্থে সন্নিবিষ্ট কবিতে হইবে। অপর পাঠগুলিকে কিন্তু উপেক্ষা করিলে চলিবে না, সেগুলিরও নির্দেশ করিতে হইবে। বলা বাহুল্য, বর্তমানে ইহাই সর্বাপেক্ষা নির্ভরযোগ্য পদ্ধতি বলিয়া স্বীকৃত হইয়াছে।

"উপাদেযস্য সংপাঠস্তদন্যস্য প্রতীকনম্।" (অভিনবভারতী, প্রারম্ভিক শ্লোক, ৫)

(২) বাচকের দ্বিতীয় কর্তব্য হইল পুঁথিযজ্ঞের নির্দিষ্ট উৎসবকালে যথাযথ বিধি অনুসারে সামাজিকবৃন্দকে পুঁথি পাঠ করিয়া শোনানো। এই পাঠ সম্বন্ধে সাধারণ নিয়মগুলি এই—

সপ্তস্বরের যথাযথ সমাবেশের সাহায্যে রসাভিব্যক্তি যাহাতে হয় সেই ভাবে স্পষ্ট উচ্চারণে পুঁথি আবৃত্তি করিতে হইবে।

"সপ্তস্বরসমাযুক্তং কালে কালে বিশাম্পতে।
প্রদর্শযন্ রসান্ সর্বান্ বাচযেদ্ বাচকো নৃপ।।" (বাচস্পত্যধৃত)

এই নির্দেশ হইতে অবশ্য এরূপ ধারণা হওয়াই স্বাভাবিক যে, গান করিয়া পুঁথি আবৃত্তি করিবার কথাই এখানে বলা হইয়াছে। কারণ, এখান যে সপ্ত স্বরের কথা বলা হইয়াছে উহা সঙ্গীতের ষড়্‌জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ নামে প্রসিদ্ধ গেয় স্বর।

"ষড্‌জঋষভগান্ধারৌ মধ্যমঃ পঞ্চমস্তথা
ধৈবতশ্চ নিষাদশ্চ সপ্ত স্বরাঃ প্রকীর্তিতাঃ।।" (সঙ্গীতদামোদর, ৩য় স্তবক পৃঃ ৩০, কলিকাতা সংস্কৃত কলেজ রিসার্চ সীরিজ, সংখ্যা ১১, ১৯৬০)

শাস্ত্রে বাচকের কার্যপ্রসঙ্গে যাহা বলা হইয়াছে তাহা গান নহে, আবৃত্তি। আবৃত্তি ও গানের মধ্যে যথেষ্ট পার্থক্য আছে। এ স্থলে ভরত নাট্যশাস্ত্রের ব্যাখ্যানপ্রসঙ্গে আচার্য অভিনবগুপ্ত গান ও আবৃত্তির প্রভেদ সম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহা বিশেষ প্রণিধানযোগ্য। অভিনব গুপ্ত বলিয়াছেন—'আবৃত্তিকালে উচ্চারিত স্বর কেবলমাত্র উচ্চ, মধ্য ও নিম্ন— এই তিনটি স্থানকে স্পর্শ করিবে। উদাত্ত, অনুদাত্ত, স্বরিত, কম্পিত প্রভৃতি বর্ণের সাহায্যে অনুরণনময় যে রক্তিপ্রধানতা (গ্রামাদিযোজনা) গানের ক্ষেত্রে আবশ্যক আবৃত্তির ক্ষেত্রে তাহা পরিত্যাজ্য। রসানুগুণ সুরসংযোজনা যদি প্রাধান্য লাভ করে, তাহা হইলে উহা গানে পরিণত হইবে, আবৃত্তি হইবে না।' এ বিষয়ে তিনি আরও অনেক সূক্ষ্ম আলোচনা করিয়াছেন কিন্তু বর্তমান প্রবন্ধে সেই সকল বিষয়ের বিশ্লেষণ অনাবশ্যক।

"উদাত্তানুদাত্তস্বরিতকম্পিতরূপতযা স্বরাণাং যদ্ রক্তিপ্রধানত্বম্ অনুরণনমযং তত্ত্যাগেন উচ্চনীচমধ্যমস্থানস্পর্শিত্বমাত্রং পাঠ্যোপযোগীতি দর্শিতম্। যদি হি রসগতা রক্তিঃ পাঠ্যে প্রাধান্যেনাবলম্ব্যেত তদা গানক্রিযা অসৌ স্যাৎ, ন পাঠঃ।" (নাট্যশাস্ত্র গায়কোয়াড় ওরিয়েণ্ট্যাল সীরিজ, সংখ্যা ৬৮, ২য় খণ্ড, পৃঃ ৩৮৫)

এই প্রসঙ্গে যে স্বরের কথা বলা হইয়াছে, তাহা 'গেয় স্বর' নহে, 'পাঠ্যস্বর' অর্থাৎ আবৃত্তিকালে প্রযোজ্য স্বর। এখানে একথার উলেখ বোধ হয় অপ্রাসঙ্গিক হইবে না যে, নাট্যশাস্ত্রে বিভিন্ন রসের ব্যঞ্জনায় বিভিন্ন স্বরের প্রয়োগ করিবার বিধান আছে। মধ্যম ও

পঞ্চম শৃঙ্গাররসের অনুকূল। হাস্যরসেও এই দুইটি স্বর প্রযোজ্য। বীররসের অভিব্যঞ্জনায় ষড়্জ ও ঋষভ প্রযোজ্য। এই স্বর দুইটি রৌদ্র ও অদ্ভুত রসেরও অনুকূল। করুণরসের স্বর হইল গান্ধার ও নিষাদ। বীভৎস ও ভয়ানক রসে ধৈবতস্বর প্রযোজ্য। (*নাট্যশাস্ত্র*, ঐ অধ্যায় ১৭ , ১০৩-১০৫ শ্লোক)

শাস্ত্রে নির্দেশ দেওয়া দেওয়া হইয়াছে যে, যে গ্রন্থটি আবৃত্তি করিতে হইবে, সেই গ্রন্থখানি আদ্যন্ত পাঠ করিয়া পাঠককে তাহার মর্ম অবধারণ করিতে হইবে। পাঠকালে মধুরস্বরে প্রতিটি শব্দ ও প্রতিটি অক্ষর স্পষ্টভাবে উচ্চারণ করিয়া আবৃত্তি করিতে হইবে। ধীরস্থির ভাবে পাঠ করিতে হইবে, তাড়াহুড়া করা চলিবে না। রসভাবাদির সামঞ্জস্য রাখিয়া গ্রন্থ পাঠ করিতে হইবে।

"বিস্পষ্টমদ্রুতং শান্তং স্পষ্টাক্ষরপদং তথা।
কলস্বরসমাযুক্তং রসভাবসমন্বিতম্।
বুধ্যমানঃ সদাত্যর্থং গ্রন্থার্থং কৃৎস্নতো নৃপ!" (বাচস্পত্যধৃত)

হয়শীর্ষের নির্দেশ এই যে, বাচক যখন পুঁথিযজ্ঞের উৎসবে সভাজনসমক্ষে গ্রন্থ পাঠ করিবেন, তখন এমনভাবে পাঠ করিতে হইবে যে তাহা অতিদ্রুত বা অতি বিলম্বিত হইবে না। অতি উচ্চকণ্ঠ বা অতি নিম্নকণ্ঠে পাঠ করা অবিধেয়। স্বরব্যঞ্জনগুলি শাস্ত্রনির্দিষ্ট অষ্ট স্থানস্থিত[৩] করিয়া যথাযথভাবে উচ্চারণ করিতে হইবে। বর্ণমালার (alphabet) তেষট্টিটি [৪] অক্ষর যেন খুব স্পষ্টভাবে উচ্চারিত হয়। রসভাবাদি যেন যথাস্থানে স্পষ্টতঃ অভিব্যক্ত হয়। শৃঙ্গাররসযুক্ত বিষয়গুলি মধুরভাবে পাঠ করিতে হইবে। করুণরসের ব্যাপারে কারুণ্যের অভিব্যক্তি প্রয়োজন। যুদ্ধসংঘর্ষাদি ব্যাপারে যথাযথ উত্তেজনা, সংক্ষোভ প্রভৃতি অভিব্যক্ত করিতে হইবে। তপস্যা, প্রশান্তি প্রভৃতি বিষয় যেখানে থাকিবে, সেখানে ধীরস্থির ও মৃদুমন্দভাবে পাঠ করিতে হইবে এবং দার্শনিক বিষয়বস্তুগুলরি পাঠকালে বিবেচনাসূচক ভাবে বিলম্বিতভাবে আবৃত্তি করা উচিত।

"নাতিদ্রুতং ন বিলম্বং নাত্যুচ্চং নাতিনীচকম্।
সর্বশাস্ত্রাদিতত্ত্বজ্ঞো গান্ধর্বজ্ঞস্তু সুস্বরঃ।
বাচযেদ্ বাচকঃ সুস্থো ব্রাহ্মণঃ শাস্ত্রবিচ্ছুচিঃ।
গুরুণা সমনুজ্ঞাতস্ত্বষ্টস্থানসমন্বিতম্॥
ত্রিষষ্টিবর্ণসংযুক্তং রসভাবান্বিতং তথা।.."
"সরাগং ললিতং বাচ্যং কারুণ্যং করুণান্বিতম্।
ধারাবর্তকসংক্ষোভৈর্যুদ্ধোক্তীর্বাচযেদ্ বুধঃ॥
তপঃ সামাদি যৎ কিঞ্চিৎ তচ্ছনৈর্বাচযেদ্ বুধঃ।
অধ্যাত্মাদিষু যৎ কিঞ্চিৎ তদ্ বিবিচ্য শনৈঃ পঠেত্ ।।" (২.৩১. ;৩৪-৩৮)

নন্দিপুরাণের নির্দেশও হয়শীর্ষেরই মত। পার্থক্য এই যে, এই মতে যুদ্ধ, উত্তেজনা ও সক্রোধোক্তিগুলি যথাযথ আবেগের সহিত পাঠ করিতে হইবে এবং শৃঙ্গার রসযুক্ত বিষয়গুলির আবৃত্তিকালে সেই সেই স্থানে যে ছন্দ প্রযুক্ত হইয়াছে সেই ছন্দের বৈশিষ্ট্য

বজায় রাখিয়া প্রসন্নতা ও মাধুর্য করিয়া পাঠ করিতে হইবে।

"এবং বিধানতো বাচ্যং বাচকেন বিপশ্চিতা।
তপঃশমাত্মকং সর্বং স্বর্গাদিফলসাধকম্।।
শনৈর্বিবোধ্য বৈ বাচ্যমধ্যাত্মাদি চ যদ্ ভবেৎ।
ক্রুদ্ধোক্তিযুদ্ধসংক্ষোভং ধারাবর্তেন বাচযেৎ ।।
সরাগং ললিতৈর্বাক্যৈর্বাচযেদ্ বৃদ্ধসংগমে।
নানাবৃত্তানুরূপেণ লালিত্যেন চ বাচযেৎ।। (হেমাদ্রিধৃত)

হেমাদ্রি 'ধারাবর্তেন' শব্দের অর্থ করিয়াছেন—'বেগেন'।

বাক্যাভিনয় প্রসঙ্গে নাট্যশাস্ত্রের উপদেশ এই যে, আবৃত্তিটি যাহাতে রসানুগুণ হয় সেজন্য দ্রুত, মধ্য ও বিলম্বিত— এই তিনটি লয়ের (tempo) প্রয়োজনানুরূপ প্রয়োগ আবশ্যক। শৃঙ্গার ও হাস্যর মধ্য লয়, করুণরসে বিলম্বিত লয় ও অবশিষ্ট পাঁচটি রসের ক্ষেত্রে দ্রুত লয় অবলম্বনীয়।

"এষাং চ দ্রুতমধ্যবিলম্বিতাস্ত্রযো লযা রসেষূপপাদ্যাঃ।
তত্র হাস্যশৃঙ্গারয়োর্মধ্যলযঃ, করুণে বিলম্বিতো বীররৌদ্রাদ্ভুতবীভৎসভযানকেষূ দ্রুত ইতি।
(নাট্যশাস্ত্র, ২য় খণ্ড , ১৭-১৩১ ; পৃঃ ৩৯৯)

এই প্রসঙ্গে নাট্যশাস্ত্রে বিচ্ছেদ, অনুবন্ধ, অর্পণ, বিসর্গ, দীপন ও প্রশমন—এই ছয়টি অঙ্গের কথা বলা হইয়াছে। নির্দিষ্ট কোন একটি স্থানে বিরতির নাম বিচ্ছেদ, শ্বাসগ্রহণার্থে বিরতির বা বিভিন্ন শব্দের উচ্চারণের মধ্যে বিরতির অভাবের নাম **অনুবন্ধ**। বাচক যে ধরণের চিত্তাকর্ষক মধুরস্বরে লীলায়িত আবৃত্তি দ্বারা সমগ্র শ্রোতৃজনের মনকে সম্পূর্ণরূপে আবিষ্ট করিতে পারেন, সেই ধরণের আবৃত্তির নাম **অর্পণ**। সহজ, সরল ও স্বতঃপ্রবৃত্তভাবে *(Spontaneously)* বাচনের নাম **বিসর্গ**। পাঠ্যবিষয়ের প্রকৃতি অনুসারে কণ্ঠস্বরের মাধুর্যপূর্ণ উচ্চ, নীচ ও মধ্যম স্থানে সাবলীল গতাগতির নাম **দীপন**। উচ্চারণতত্ত্বে *(phonetics)* যে উরঃ কণ্ঠ ও শিরঃ—এই তিনটি স্থানের কথা বলা হইয়াছে সেই স্থানগুলি হইতে উচ্চারিত স্বরকে প্রয়োজন অনুসারে উচ্চ, নীচ ও মধ্যম ধ্বনিতে লীলায়িতভাবে উচ্চারণ করিয়া রসভাবাদির অভিব্যক্তিসাধনই এই দীপন অঙ্গের প্রধান লক্ষ্য। কোন প্রকার বিরসতার সৃষ্টি না করিয়া উচ্চ হইতে নীচ ধ্বনিতে ধীরে ধীরে অবতরণের *(decrescendo)* নাম **প্রশমন**।

"অথাঙ্গানি ষড় বিচ্ছেদো 'র্পণং বিসর্গো'নুবন্ধো দীপনং প্রশমনমিতি।"

অভিনবগুপ্তের মতে এই ছয়টি অঙ্গ আবৃত্তিপ্রসঙ্গে নাদের যে যথাযথ উচ্চাবচভাব *(modulation of voice)* অত্যাবশ্যক তাহার সহিত ঘষ্ঠিভাবে সংশ্লিষ্ট। 'অনুবন্ধ' -দ্বারা বিরামহীন পাঠ বুঝায় ইহার বিপরীত 'বিচ্ছেদ'। 'অর্পণ' হইল মুক্ত কণ্ঠে পাঠ কিন্তু 'বিসর্গ ঠিক ইহার বিপরীত। নিম্ন হইতে উচ্চে কণ্ঠস্বরের ক্রমিক লীলায়িত আরোহণ হইল 'দীপন' আর অনুরূপভাবে উচ্চ হইতে নিম্নে অবতরণের প্রক্রিয়া হইল **'প্রশমন'**। নাদের

এই যে ছয়টি ভেদ, ইহাদের মূল তত্ত্ব হইল ভাব ও অভাব, উপচয় ও অপচয় এবং আরোহ ও অবরোহ।

"তথাচ মধ্যে ত্রুটিতত্বমত্রুটিতত্বং বা তাবতো বিচ্ছেদানুবন্ধৌ।
পীবরত্বমপীবরত্বং বা ইমাবর্পণবিসর্গৌ।
আরোহণমবরোহণং বা তে দীপনপ্রশমনে।
এবং ভাবাভাবতঃ, উপচযাপচযতঃ, আরোহাবরোহতশ্চ ষড়্ভেদো নাদঃ।"

(ঐ)। এই অঙ্গগুলি প্রয়োগ সম্বন্ধে নাট্যশাস্ত্রের নির্দেশ এই যে—

শৃঙ্গার ও হাস্যরসের ব্যাপারে অর্পণ, বিচ্ছেদ, দীপন, ও প্রশমন সুবিবেচনা-সহকারে প্রযোক্তব্য। করুণরসের ক্ষেত্রে দীপন ও প্রশমনের যথোপযুক্ত প্রয়োগ করিতে হইবে। বীর, রৌদ্র ও অদ্ভুত রসে বিচ্ছেদ, প্রশমন, দীপন ও অনুবন্ধের নিপুণভাবে প্রয়োগ বাঞ্ছনীয়। বীভৎস ও ভয়ানকরসের সম্যক্ অভিব্যক্তিস্থলে কুশলাতার সহিত বিসর্গ ও বিচ্ছেদ প্রযোক্তব্য।

"তত্র হাস্যশৃঙ্গারয়োরাকাঙ্ক্ষাযামর্পণবিচ্ছেদদীপনপ্রশমনযুক্তং পাঠ্যং কার্যম্। দীপনপ্রশমনযুক্তং করুণে বিচ্ছেদপ্রশমনদীপনানুবন্ধবহুলং বীররৌদ্রাদ্ভুতেষু। বিসর্গবিচ্ছেদযুক্তং বীভৎসভযানকযোরিতি।" (ঐ) নাট্যশাস্ত্রে ঐ সম্বন্ধে বহু বিস্তৃত আলোচনা আছে, কিন্তু বর্তমান আলোচনায় সেগুলির উল্লেখ অনাবশ্যক। উপরের আলোচনা হইতে এইটুকু বেশ বেঝা যায় যে পাঠযজ্ঞ সংসৃষ্ট উৎসবে আবৃত্তির যে রীতি অনসৃত হইত, অভিনয়তত্ত্বোপদিষ্ট আবৃত্তি পদ্ধতির সহিত তাহার সাদৃশ্য খুবই ঘনিষ্ঠ। শ্রোতৃমণ্ডলীর মধ্যে একটা অনুকূল ভাবাবেশের আবহাওয়া সৃষ্টি করিবার উদ্দেশ্যে বোধ হয় এভাবে আবৃত্তির বিধান রচিত হইয়াছিল। এরূপ আবৃত্তি যে শ্রোতৃজনের মনোরঞ্জনের পক্ষে সহায়ক হইত এ বিষয়ে কোন সন্দেহ নাই।

'পাণিনীয়শিক্ষা'-গ্রন্থেও পাঠক ও পাঠকার্য সম্বন্ধে অনুরূপ নির্দেশ পাওয়া যায়—
'গীতী শীঘ্রী শিরঃকম্পী তথা লিখিতবাচকঃ।
অনর্থজ্ঞো'ল্পকণ্ঠশ্চ ষড়েতে পাঠকাধমাঃ।।
মাধুর্যমক্ষরব্যক্তিঃ পদচ্ছেদস্তু সুস্বরঃ।
ধৈর্যং লযসামর্থ্যং চ ষড়েতে পাঠকা গুণাঃ।।" (শ্লোক ৩২-৩৩)

পুঁথিযজ্ঞোৎসবের পাঠে সাধারণতঃ অধ্যায়, সর্গ বা আখ্যানের শেষে সেই দিনকার পাঠ সমাপ্ত হইত।

"সর্গাধ্যায়ে সমাপ্তে চ কথাপর্যন্ত এব বা। (নন্দিপুরাণ হেমাদ্রিধৃত)

এই পাঠশ্রবণার্থী শ্রোতৃমণ্ডলী সম্পর্কেও শাস্ত্রে কতকগুলি নিয়ম দেখা যায়। শাস্ত্রে আছে যে, শ্রোতা স্নান করিয়া গাত্রে শ্বেতচন্দনাদি বিলেপন করিবে শ্বেতমাল্য ধারণ করিবে। শ্রদ্ধা ; প্রীতি ও মনোযোগসহকারে পাঠ শ্রবণ করিতে হইবে।

"স্নাতৈঃ শুক্লৈঃ সমালেব্ধৈঃ স্রগ্বিভিঃ সুসমাহিতৈঃ।
প্রীতযুক্তৈস্ততঃ শ্রব্যং শাস্ত্রং শ্রদ্ধাসমন্বিতৈঃ।।" (ঐ)

কেবল পাঠ শ্রবণ করিলেই শ্রোতার কর্তব্য সম্পূর্ণ হয় না। তাহারা যাহা শুনিয়াছে, সে সম্বন্ধে পরস্পর আলাপ-আলোচনাও অবশ্য কর্তব্য।

"শিষ্যৈঃ পরস্পরং শাস্ত্রং চিন্তনীয়ং বিচক্ষণৈঃ।" (ঐ)

যদি কোন বিষয়ে সংশয় জাগে, তাহা হইলে বিনয়ের সহিত গুরুকে জিজ্ঞাসা করিয়া সে সংশয়ের নিরসন করিতে হইবে। এই সংশয়-নিরসনও পাঠকের কর্তব্যের অন্তর্ভুক্ত। শাস্ত্রমতে এই পাঠশ্রবণের উপযোগিতা এই যে, কোন শাস্ত্রের পাঠ গোড়া হইতে শেষ পর্যন্ত শুনিলে পর মানুষের মনে সেই শাস্ত্র সম্বন্ধে শ্রদ্ধার উদ্রেক হয় এবং সেই শাস্ত্র আয়ত্ত করিবার জন্য ঔৎসুক্য জন্মায়। ইহার ফলে তাহার মনের কালুষ্য সদ্যই দূরীভূত হয়।

"সমগ্রশাস্ত্রশ্রবণেন পুংসঃ শ্রদ্ধাপ্রধানং ভবতীহ চেতঃ।
রাগশ্চ শাস্ত্রাত্মকমভ্যুপৈতি দোষাশ্চ নাশং নিমিষেণ যান্তি।।" (ঐ)

বিদ্যাদানযজ্ঞে গুরুর ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। তাঁহার গুণাবলীর যে তালিকা দেওয়া হইয়াছে তাহাতে তাঁহাকে যে শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনের নির্দেশ দেওয়া হইয়াছে, উহা যে যথার্থতই তাঁহার প্রাপ্য— সে বিষয়ে কোন সন্দেহের অবকাশ থাকে না। গুরুর গুণাবলী প্রসঙ্গে বলা হইয়াছে যে, গুরু হইবেন সর্ব সদ্‌গুণে ভূষিত জ্ঞানী ও ধার্মিক ব্যক্তি। তাঁহার আকৃতি-প্রকৃতি যেন অমায়িকতাপূর্ণ এবং বন্ধুত্বব্যঞ্জকহয়। তাঁহার ব্যক্তিত্ব যেন সমীহা ও সম্ভ্রমের উদ্রেক করে। ইনি বেদাদি সকল শাস্ত্রের বিভিন্ন শাখায় বিশেষ ব্যুৎপন্ন হইবেন, প্রিয়সত্যভাষী, সচ্চরিত্র, স্মিতবদন ও মাৎসর্যহীন হইবেন, এবঃ শিষ্যগণকে সরলভাবে শাস্ত্রসমূহের গূঢ়ার্থ বুঝাইতে নিপুণ হইবেন।

"গুরুশ্চ ধর্মবান্ প্রাজ্ঞঃ শ্রুতশাস্ত্রো বিমৎসরঃ।
বিপ্রঃ প্রকৃতিসংশুদ্ধঃ শুচিঃ স্মিতমুখঃ সদা।।
সুবৃত্তো বৃত্তশাস্ত্রজ্ঞঃ শব্‌দশাস্ত্রবিশারদঃ।
অভ্যস্তশাস্ত্রসন্দোহঃ প্রকৃতার্থপ্রবর্তকঃ।।
অধ্যায়সর্গবিচ্ছেদবিভক্ত্যর্থপ্রযোজকঃ।
শাস্ত্রার্থপদবিদ্ ধীমান্ পদশ্লোকার্থৰোধকঃ।।
সমুদাযপ্রকীর্ণার্থমুখ্যশাস্ত্রানুষঙ্গজম্।
অনক্ষরং চ হৃদ্‌বস্তু ব্যপদিশ্যার্থবোধকঃ।।
প্রক্রান্তাদিশ্চ (?) শাস্ত্রার্থবিভাগপরিনিষ্ঠিতঃ।
কষ্টাভিমানগূঢ়ার্থভঙ্গেন চ বিৰোধকঃ।।
শ্রদ্ধেযবাগনালস্যঃ শ্রোতৃবৃত্তপ্রৰোধকঃ।" (ঐ)

বিভিন্ন গ্রন্থে গুরুর গুণাবলীর যে সমস্ত তালিকা আছে, মোটামুটি সেগুলি উপরের তালিকাটিরই অনুরূপ। সামান্য প্রভেদ যাহা দেখা যায়, সেগুলি কেবল বিভিন্ন সম্প্রদায়গত বৈশিষ্ট্য রক্ষার জন্য। এই প্রসঙ্গে ইহা বিশেষ উল্লেখযোগ্য হয়শীর্ষ পঞ্চরাত্রমতে কেবল ব্রাহ্মণই যে গুরুপদে বরণীয়, তাহা নহে। যথাযোগ্য ব্রাহ্মণের অভাবে উপযুক্ত গুণান্বিত

ক্ষত্রিয় বা বৈশ্যও গুরুপদে অভিষিক্ত হইতে পারেন। কিন্তু শূদ্রকে কোন মতেই গুরু করা চলিবে না। ব্রাহ্মণের গুরু কিন্তু ব্রাহ্মণই হইবেন।

"ব্রাহ্মণানামলাভে তু ক্ষত্রিয়ো বৈশ্যশূদ্রয়োঃ।
ক্ষত্রিয়াণামলাভে তু বৈশ্যঃ শূদ্রস্য কল্পিতঃ।।
কদাচিদপি শূদ্রস্তু না চাচার্যত্বমর্হতি।" (হয়শীর্ষ, ১.২, ১৫-১৬)

এখন বিদ্যাদানপ্রসঙ্গে যে যজ্ঞোৎসব প্রচলিত ছিল তাহার বিধি. ও প্রক্রিয়ার পরিচয় দেওয়া যাক। শুভনক্ষত্রযুক্ত পুণ্যদিনে শুভ 'যোগ' অর্থাৎ জ্যোতিষ মতে সপ্তবিংশতি ভাগে বিভক্ত কালাংশের নির্দিষ্ট একটি পুণ্যকালে এই যজ্ঞোৎসবের দিনক্ষণ স্থির করিতে হইবে। এই দিনক্ষণটির কথা সমারোহ-সহকারে জনসাধারণের নিকট ঘোষণা করিতে হইবে। (হয়শীর্ষ, ২.৩১.২-৪২) যজ্ঞানুষ্ঠানের জন্য একটি নিভৃত প্রাসাদ বা গৃহ নির্বাচন করিতে হইবে। যজ্ঞস্থান গোময়লেপনের দ্বারা শুদ্ধ করিতে হইবে, উপরে চন্দ্রাতপের *(canopy)* আচ্ছাদন দিতে হইবে এবং পুষ্প বিকিরণ করিয়া সুসজ্জিত (decorated) করিতে হইবে। এই যজ্ঞশালায় পঞ্চবর্ণে রঞ্জিত তণ্ডুল দ্বারা একটি 'স্বস্তিক' অঙ্কিত হইত। এই স্থানে পুঁথি রাখিবার জন্য একটি শুভ 'শরযন্ত্র' বা একটি সুদৃশ্য 'দণ্ডাসন' অথবা একটি 'সিংহাসন' স্থাপিত হইত। দণ্ডাসনটি স্বর্ণনির্মিত ও নানা রত্নময় কারুকার্যখচিত হইত। সিংহাসনটি গজদন্ত বা চন্দনাদি উৎকৃষ্ট কাষ্ঠ দ্বারা নির্মিত হইত। ইহার পরে গুরু এই আধারে দুইখানি পুঁথি রাখিয়া দিতেন। এই পুঁথি দুইটির একটি হইত মূল বা লিখিত পুঁথি। এই পুঁথি দেখিয়াই যজ্ঞের পুঁথিটি লেখা হইত। অপরটি হইত অলিখিত বা লেখ্য পুঁথি। এইটিতে মূল পুঁথিটির প্রতিলিপি করা হইত। দুইটি পুঁথিই মিহি রেশমী বা রঙীন সূতী কাপড়ে জড়ানো থাকিত। ইহার পরে পুঁথিদাতা বস্ত্রাদি দান করিযা ভক্তিসহকারে গুরুকে বরণ করিতেন। এই সময়ে লেখনযজ্ঞের সূচনা করিয়া ব্রাহ্মণগণ কয়েকটি গেয় গাথা ও কাহিনী লিখিতেন এবং পাঠ করিতেন। এইবারে লেখক-বরণের পালা। পুষ্প, গন্ধদ্রব্য, বস্ত্র, কঙ্কণ প্রভৃতি বিবিধ উপহার দিয়া লেখককে সংবর্ধনা করা হইত। ইহার পরে গুরু বিবিধ উপচারে বিষ্ণুর পূজা করিতেন এবং দাতাও গুরু, গ্রন্থ ও হরির যথোচিত পূজা করিতেন। ইহার পরে মহাসমারোহে পুণ্যাহঘোষণা করিয়া মূল গ্রন্থ অবলম্বনে লেখ্য পুঁথির লেখনকার্য আরম্ভ করা হইত। পুঁথি লিখিবার জন্য লেখক পূর্বমুখ হইয়া আসন গ্রহণ করিতেন এবং লেখা আরম্ভ করিবার পূর্বে বিদ্যাবেদীর (পদ্মিনী) ধ্যান করিতেন। পাঁচটি শ্লোক লিখিয়া পুঁথিযজ্ঞের উদ্বোধন দিবস ঘোষিত হইত। এখানে নন্দিপুরাণে এইরূপ বিধান আছে যে যজ্ঞিয়লেখনকার্য আরম্ভ করিবার পূর্বে লেখক স্নান করিয়া শুচি হইবেন। সদ্যোধৌত শ্বেতবস্ত্র এবং উত্তরীয় ধারণ করিয়া তিনি পুষ্পমাল্যে সুসজ্জিত হইবেন। তাঁহার বাহু মুক্তাখচিত সুবর্ণ কেয়ূরে (Armlets) ভূষিত হইবে এবং অঙ্গুলীতে অঙ্গুরীয়ক থাকিবে। প্রথমদিনে পাঁচটি শ্লোক লিখিয়া তিনি বিশ্বকর্মার পূজা করিবেন। দাতাও একাগ্রচিত্তে ভক্তিপূর্ণভাবে গুরু-পূজা করিবেন। ইহার পরে ভোজনোৎসব অনুষ্ঠিত

হইবে। ভোজনশেষে ব্রাহ্মণগণকে অর্থ দক্ষিণা দিয়া সম্মানিত করিতে হইবে। এইভাবে পুঁথিযজ্ঞের উদ্বোধন অনুষ্ঠিত হইবে।

"লেখকো বুদ্ধিমান্ স্নাতঃ শুক্লপুষ্পাম্বরোজ্জ্বলঃ।
সুবর্ণমুক্তাকেয়ূরো মুদ্রিকাশোভিতাঙ্গুলিঃ।।" (ঐ)

দেবীপুরাণমতে উদ্বোধনদিবসের উৎসব দিনের বেলাতেই সমাপ্ত হইবে না, উহা রাত্রিকালেও চলিবে। সেই দাতা অন্য সকলের সহিত রাত্রিজাগরণ করিবেন। রাত্রিকালে সঙ্গীত-বাদ্য-নাট্যাভিনয় প্রভৃতি নানাপ্রকার আমোদ প্রমোদের ব্যবস্থা করিতে হইবে এবং এজন্য নট, নর্তক, চারণ, ভ্রাম্যমাণ গায়কদল প্রভৃতি (নটনর্তকনগ্নৈশ্চ) শিল্পী সমাবেশ করিতে হইবে। অভিনয়ের বিষয়বস্তু অবশ্য লেখ্য পুঁথির বিষয়বস্তুর সহিত সম্পর্কযুক্ত হইবে।

"রত্রৌ জাগরণং কুর্যাৎ সর্বপ্রেক্ষাং প্রকল্পযেৎ।
নটচারণনগ্নৈশ্চ দেব্যাঃ কথনসম্ভবৈঃ।।' (ঐ)

ইহার পর যে-পর্যন্ত লিখিত-গ্রন্থের প্রতিলিপিকার্য সমাপ্ত না হয়, ততদিন পর্যন্ত প্রতিদিনই লেখার কার্য চলিলে প্রতিদিনই লেখা করিবার পূর্বে ও লেখার কাজ শেষ হইলে বিদ্যার অধিষ্ঠাত্রী দেবীর অর্চনা করা হইত। সঙ্গে চলিত গুরু, গ্রন্থ ও হরির অর্চনা। কার্যারম্ভে ও কার্যশেষে প্রতিদিনই দাতা গুরুকে প্রণাম করিতেন। প্রতিলিপি শেষ হইলে পর বিদ্যাদান প্রতিষ্ঠা উৎসব অনুষ্ঠিত হইত।

নন্দিপুরাণের বিধান অনুসারে গ্রন্থ লেখার কাজ শেষ হইলে পর পুনরায় পুণ্যাহ ঘোষণা করা হইত এবং দিবারাত্রিব্যাপী ভোজন-মহোৎসব চলিত। তাহার পর লেখক বাচকের সহায়তায় সমগ্র পুঁথি মিলাইয়া ভ্রম সংশোধন করিতেন। এইভাবে লেখ্য পুঁথিটিকে আদর্শ পুঁথির নির্ভরযোগ্য প্রতিলিপিতে পরিণত করা হইত।

"ততঃ সমাপ্তে শাস্ত্রে তু পুনঃ পুণ্যাহসংযুতম্।
কুর্যাৎ তত্তদহোরাত্রে পানভোজনবস্তুভিঃ।।
উভযং চাপি তল্লেখ্যং সমীকুর্যাচ্চ বাচকম্।" (ঐ)

হেমাদ্রি ব্যাখ্যা করিয়াছেন—"উভয়ং লেখ্যং বাচযন্ সমীকুর্যাৎ।"

দেবীপুরাণের বিধান এই যে, গ্রন্থ লেখার কাজ শেষ হইলে পর যথোচিত পুজার্চনাদি করিতে হইবে। তাহার পর বিদ্যাদান প্রতিষ্ঠা উৎসব আরম্ভ হইবে। এই উৎসবের জন্য একটি ত্রিতল, পঞ্চতল বা সপ্ততল রথ নির্মাণ করিতে হইবে। এই রথটি হইবে 'সর্বতোভদ্র' (চারিদিক্ খোলা, বিভিন্ন তলে উপর্যুপরি সমপ্রকোষ্ঠযুক্ত অথবা সর্বপ্রকার শুভলক্ষণ যুক্ত) শ্রেণীর। এই রথটি সর্বপ্রকার কল্যাণসূচক প্রতীকাদিযুক্ত হইবে। রথটিকে নানা বস্ত্রাদি, ঘন্টা, চামর, কিঙ্কিণী, দর্পণ ও অর্ধচন্দ্রাদি দ্বারা (চাঁদমালা) শোভিত করিতে হইবে। রথটিতে ঝালর দেওয়া থাকিবে। এই রথে ধূপ, ধুনা, চন্দন, অগুরু, গুগ্‌গুল প্রভৃতি

বাসন-দ্রব্য ও পূজাদ্রব্য স্থাপন করিতে হইবে। রথস্থ পুঁথির পূজা শেষে বলবান্ অশ্বসমূহদ্বারা বাহিত হইয়া রথটি পরিক্রমায় বাহির হইবে। রথের এই প্রদক্ষিণকালে সমবেত নরনারীর একটি বিরাট মিছিল ইহার অনুগমন করিবে। প্রদক্ষিণশেষে পুঁথিখানি রথ হইতে নামাইয়া মন্দিরে আনিতে হইবে। সেখানে যথাবিধি উৎসবার্চনাদি অনুষ্ঠানের পর পুঁথিখানি যথাযোগ্য গুণান্বিত ব্যক্তিকে দান করিতে হইবে।

"ততঃ পূর্বোক্তবিধিনা পুনঃ পূজাং প্রকল্পয়েৎ।
তথা বিদ্যা-বিমানং তু সপ্তপঞ্চত্রিভূমিকম্।।
বিচিত্রবস্ত্রশোভাঢ্যং শুভলক্ষণলক্ষিতম্।
কারযেৎ সর্বতোভদ্রং কিঙ্কিণীরবকান্বিতম্।।
দর্পণৈরর্ধচন্দ্রৈশ্চ ঘণ্টাচামরমণ্ডিতম্।
তস্মিন্ ধূপং সমুৎক্ষিপ্য সুগন্ধচন্দনাগুরুম্।।
তুরুষ্কং গুগ্‌গুলং বৎসশর্করামধুমিশ্রিতম্।
পূজযেৎ পূর্ববৎ সর্বান্ কন্যাস্ত্রীদ্বিজদুঃখিতান্।।"....
"মহতা জনসংঘেন রথস্থং দৃঢ়বাহনৈঃ।
যুবভিশ্চাভিতো নেযং যস্য দেবস্য চাগমম্।।"—
"তস্মিন্ পূজাং তথা কৃত্বা দেবদেবস্য শূলিনঃ।
সমর্পযেৎ প্রণম্যেশং প্রীযন্তাং মাতরো মম।।
সদাধ্যযনযুক্তায বিদ্যাদানরতায চ।
বিদ্যাসংগ্রহযুক্তায কৃতশাস্ত্রশ্রমায চ ।।
তেনৈব বর্ততে যস্তু তস্য তং বিনিবেদযেৎ।" (দেবীপুরাণে)

হয়শীর্ষে যে উৎসবের বিধান আছে সেটি আরও আড়ম্বরপূর্ণ ও বিস্তারিত। এই মত অনুসারে পুঁথিযজ্ঞোৎসব-প্রতিষ্ঠার জন্য কুণ্ড, বেদি ও অন্যান্য শাস্ত্রীয় উপকরণ সমন্বিত একটি মণ্ডপ নির্মাণ করিতে হইবে। এই মণ্ডপ নির্মাণের আবার বহু খুঁটিনাটি বিধান আছে। এখানে অনাবশ্যকবোধে সেগুলির বিবরণ আর দেওয়া হইল না। এই মণ্ডপের উত্তরপূর্বদিকে অবস্থিত ভদ্রপীঠে (মধ্যভিত্তিস্থ উচ্চবেদিতুল্য স্থানে অথবা উৎকৃষ্ট আসন বা পিঁড়িতে) একটি নির্দোষ দর্পণ স্থাপন করিতে হইবে। সেই দর্পণে পুঁথিটির যে প্রতিবিম্ব পড়িবে, তাহাকে মাঙ্গল্যপূর্ণ কলসের জলে শাস্ত্রীয়বিধান অনুসারে পুণ্যাভিষেক করাইতে হইবে। এই অভিষেক একটি অবশ্যকরণীয় বিধি। কারণ অভিষেকহীন প্রতিষ্ঠা নিষ্ফল হয়— ইহাই শাস্ত্রের বিধান। পাছে জল লাগিয়া বর্ণাদি বিবর্ণ হয় বা মুছিয়া যায়, সেজন্য চিত্রস্থ প্রতিমা, মৃৎপ্রতিমা ও পুঁথির ক্ষেত্রে এইভাবে দর্পণস্থ প্রতিবিম্বে অভিষেকের বিধান দেওয়া হইয়াছে।

"তস্মিন্ সন্নিবেশযেদ্ বিদ্বান্ নির্মলং দর্পণং শুভম্।
তত্র সংদৃশ্য তদ্‌রূপং স্নাপযেৎ ক্রমযোগতঃ।।

যস্মাৎ স্নানবিহীনং তু নিষ্ফলং স্থাপনং ভবেৎ।
চিত্রং চ নশ্যতে স্নানাৎ তস্মাৎ তং প্রতিবিম্বগম্।।
দৃষ্ট্বাভিষেচযেৎ কুম্ভৈঃ পূর্ববৎ ক্রমযোগতঃ।" (হয়শীর্ষ ২.৩০. ৪-৫)

অভিষেকের পর প্রতিমাদি পূজাবিধি অনুসারে যথাবিহিত মন্ত্রাদি উচ্চারণ পূর্বক পুঁথিটিকে পূজা করিতে হইবে, কেবল 'নেত্রোন্মীলন'-সংক্রান্ত বিধানগুলি বাদ পড়িবে। প্রতিমাগুলির, বিশেষতঃ মানবাকৃতি *(anthropomorphic)* প্রতিমাগুলির পূজায় 'নেত্রোন্মীলন'-ব্যাপারটি অবশ্য কর্তব্য। কিন্তু পুঁথি প্রতিমা নহে— এই জন্যই বোধ হয় পুঁথি পূজায় 'নেত্রোন্মীলন'-বিধি অনাবশ্যক বলিয়া বিবেচিত হইয়াছে।

ইহার পর পুঁথিটিকে একটি শয্যায় স্থাপিত করিয়া তাহার 'অধিবাস' করিতে হইবে। এই 'অধিবাস' অর্চনাবিধির একটি বিশেষ অঙ্গ। দেবতা যে নিজ ধামে আছেন তাহারই প্রতীক এই 'অধিবাস'। অগ্নিপুরাণমতে—

"হরেঃ সান্নিধ্যকরণমধিবাসনমুচ্যতে।" (৬০.১)

অধিবাসের পর বিবিধ উপচারে পূজা করিয়া হোম করিতে হইবে। ইহার পর দাতা ও উপস্থিত ব্যক্তিবৃন্দ সকলে মিলিয়া সেই হোমযজ্ঞের চরু ভক্ষণ করিবেন। যজ্ঞের দক্ষিণারূপে গাভী ও বস্ত্রযুগ্ম দান করিতে হইবে। দাতা নিজের আর্থিক সঙ্গতি অনুসারে ব্রাহ্মণ ও মূর্তিপগণকে বিবিধ উপহার দান করিয়া পরিতুষ্ট করিবেন। 'মূর্তিপ' অর্থে 'পূজারি' অথবা মূর্তিরক্ষক'। এখানে 'মূর্তিপ' অর্থে 'পুজারিকেই বুঝাইতেছে। ইহার পর দরিদ্র, অসহায় ও বিকলাঙ্গ অক্ষম ব্যক্তিগণকে অর্থাদি দানে সন্তুষ্ট করিতে হইবে।

দেবীপুরাণে আবার এই প্রসঙ্গে নারীগণের পূজা ও কুমারী-পূজার বিধান আছে।

"কন্যাঃ স্ত্রিযশ্চ সংপুজ্য" "নৃপঃ পৌরাশ্চ পূজযেৎ" (হেমাদ্রিধৃত)

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, বর্তমানেও এদেশে নানাস্থানে বিবিধ পূজানুষ্ঠানে 'কুমারী পূজার' প্রচলন আছে।

রাজা স্বয়ং যদি দাতা হন, তাহা হইলে এই প্রসঙ্গে তিনি পৌরজনকেও যথোচিতরূপে সম্মানিত করিবেন।

ইহার পরে আছে বিশেষ জাঁকজমকপূর্ণ শোভাযাত্রার ব্যবস্থা। এই শোভাযাত্রায় পুঁথিটিকে রথে, হস্তিপৃষ্ঠে অথবা নরবাহিত শিবিকাদি উৎকৃষ্ট যানে স্থাপন করিতে হইবে। এই রথাদিতে যতজন সম্ভব ব্রাহ্মণকে স্থান দিতে হইবে। যানের উপরে একটি চাঁদোয়ার আচ্ছাদন থাকিবে। নানাপ্রকার ধ্বজপতাকাদি দ্বারা যানটি সুশোভিত হইবে। শোভাযাত্রাটিতেও নানাপ্রকার ধ্বজপতাকা ও চাঁদোয়া থাকিবে। শঙ্খ, পটহ, ভেরী, দুন্দুভি প্রভৃতি নানাপ্রকার বাদ্য এবং গায়কদল এই শোভাযাত্রার সহযোগী হইবে। স্বয়ং রাজাও নিজ সৈন্যসামন্তগণের সহিত এই শোভাযাত্রায় যোগ দিবেন। তাঁহার পার্শ্বচারিণী হইবেন চামরধারিণী বরনারীবৃন্দ। এই সাড়ম্বর জাঁকজমক পূর্ণ শোভাযাত্রা সমগ্র নগর প্রদক্ষিণ করিবে। যাত্রাশেষে পুঁথিটিকে হয় দাতার গৃহে অথবা কোন মন্দির বা সরস্বতী-ভাণ্ডারে লইয়া যাইতে হইবে।

নন্দিপুরাণের ব্যবস্থায় এই শোভাযাত্রায় পুঁথিটিকে অশ্বপৃষ্ঠেও স্থাপন করা চলিত। এই মতে যানটি রত্নখচিত, সুন্দর বস্ত্রে সুসজ্জিত ও ঘণ্টা চামরাদি দ্বারা সুশোভিত হইত। ইহার উপরে একটি বৃহৎ ছত্র থাকিত। ছত্রটির দণ্ডে রত্নাদি দ্বারা নানা কারুকার্য খচিত হইত। শোভাযাত্রায় নানাপ্রকার নৃত্যগীতবাদ্যাদির ব্যবস্থা থাকিত।

"আরোপ্য যানে রত্নাঢ্যে শুভবস্ত্রপরিষ্কৃতে।
ঘণ্টাচামরশোভাঢ্যে রত্নদণ্ডাতপত্রিণি॥
গজবাজিরথস্থং বা মহাশোভাসমন্বিতম্।
পুরতো গীতনৃত্যেন নানাবাদ্যরবেণ চ॥
মঙ্গলৈর্বেদনির্ঘোষৈর্দেবায বিনিবেদযেৎ।
নানারূপোপহারৈশ্চ সম্পূজ্য তু দিবৌকসঃ।
দত্ত্বা চ পুস্তকং তত্র পিতৄণাং ধর্মমুদ্দিশেৎ॥" (ঐ)

ইহার পর পুনরায় পুঁথিটিকে পূজা করিতে হইবে। পূজাশেষে তিনটি মণ্ডল অঙ্কিত করিয়া মধ্যবর্তী মণ্ডপে একটি মণ্ডলে একটি সিংহাসন স্থাপিত করিয়া তাহার উপর পুঁথিটিকে রাখিতে হইবে। দ্বিতীয় মণ্ডপে গুরু আসন গ্রহণ করিয়া তৃতীয় মণ্ডলস্থ বিষ্ণুর পূজা করিবেন। ইহার পর জগতের শান্তি কামনা করিয়া প্রার্থনা করিতে হইবে।

হেমাদ্রিধৃত নন্দিপুরাণ মতে নানা উপচারে গ্রন্থটির পূজা করিয়া উহা দেবতাকে নিবেদন (dedication) করিতে হইবে। এই পূজায় বেদপাঠ, শুভমন্ত্রোচ্চারণ ও পিতৃপুরুষগণের ধর্ম কীর্তন করা অবশ্যকর্তব্য। অনুষ্ঠানশেষে গ্রন্থটি শিবমন্দিরে দান করিতে হইবে। আজ পর্যন্ত দাক্ষিণাত্যের বহু মন্দিরে যে অমূল্য গ্রন্থ সঞ্চয় দেখা যায়, তাহা হয়তো একদিন এইভাবে বিদ্যাদানের ফলেই পরিপুষ্ট হইয়াছিল।

এই গ্রন্থ পূজার পরেই বাচকের কর্তব্য আরব্ধ হইত। শাস্ত্রনির্দিষ্ট পদ্ধতি অনুসারে বাচক গ্রন্থখানি পাঠ করিয়া সমবেত জনমণ্ডলীকে শুনাইতেন। মনে হয় দেশের রাজাও এই জনসভায় উপস্থিত থাকিতেন।

"বাচযেচ্ছ্রাবযেদ্ বিদ্বান্ নৃপতিং কারকং তথা।" (হয়শীর্ষ, ২.৩১/.৩৬)

একটি অধ্যায়, সর্গ বা খণ্ড সম্পূর্ণ পাঠ করিয়া বাচক সেদিনের মত পাঠ শেষ করিয়া জগতের শান্তি কামনা করিয়া প্রার্থনা করিতেন। সম্পূর্ণ গ্রন্থটির পাঠ শেষ না হওয়া পর্যন্ত প্রতিদিনই পাঠ চলিত। শাস্ত্রে গ্রন্থ পাঠের উপর বিশেষ গুরুত্ব আরোপিত হইয়াছে। বলা হইয়াছে যে, গ্রন্থ পাঠ করিয়া যদি জনগণকে শোনানো না হয়, তাহা হইলে পুঁথি লেখানো বা বিদ্যাদান-প্রতিষ্ঠা—এসকলই বৃথা।

"এবং লিখেদ্ বাচযিত্বা পুস্তকং বিষ্ণুতৎপরঃ। অন্যথা *নিষ্ফলং জ্ঞেযং লিখিতে স্থাপিতে হ্যপি*॥" (ঐ, ৩১.৪২-৪৩) তখনকার দিনে পুস্তক পাঠ করিয়া শোনানো যে জনশিক্ষার একটি বিশেষ অঙ্গ ছিল, এ বিষয়ে কোন সন্দেহ নাই। একই সঙ্গে শিক্ষালাভ ও নির্দোষ চিত্তবিনোদনের উপায় হিসাবে পাঠ শ্রবণ সেদিনকার সমাজে যে জনপ্রিয় ছিল

তাহারও বহু প্রমাণ পাওয়া যায়। এই প্রথা প্রাচীনকালে দূরপ্রাচ্যেও বিস্তৃতি লাভ করিয়াছিল। কাম্বোজ দেশীয়। (Combodia) একটি তাম্রশাসন হইতে জানা যায় যে খ্রীষ্টীয় ৬ষ্ঠ শতাব্দীতে সেখানের মন্দিরে রামায়ণ, মহাভারত ও পুরাণের পুঁথি দান করা হইয়াছিল এবং এগুলি যাহাতে জনসাধারণকে পাঠ করিয়া শোনানো হয় তাহাও ব্যবস্থা করা হইয়াছিল। (*A History of Sanskrit Literature,* A A. Macdonell, Reprint 1665, page 242; *A History of Indian Literature,* M. Winternitz, Vol. 1.C.U. 1927, P. 464) খ্রিষ্টীয় সপ্তম শতকে রচিত বাণভট্টের কাদম্বরী গ্রন্থ হইতে জানা যায় যে, রাণী ও রাজকুমারীরা মন্দিরে যে মহাভারতাদি গ্রন্থ পাঠ হইত তাহা শুনিতে যাইতেন। রাণী বিলাসবতী সম্বন্ধে বলা হইয়াছে—"অদ্য তু, চতুর্দশীতি ভগবন্তং মহাকালম্ অর্চিতুমিতো গতয়া তত্র মহাভারতে বাচ্যমানে শ্রুতম্।" গন্ধর্বরাজকুমারী কাদম্বরী সম্বন্ধে আছে—"পাঠ্যমানে চ সর্বমঙ্গলমহীয়সি মহাভারতে দত্তাবধানাম্।" (মহামহোপাধ্যায় হরিদাস সিদ্ধান্তবাগীশের সংস্করণ, নকীপুর, শকাব্দ। ১৮৪৭, যথাক্রমে ২৪৩ ও ৬২-৬৩ পৃষ্ঠা)।

ইহার পরে গুরু দাতা ও সভাস্থ সকলকে শান্তিবারি সেচন করিয়া শুভ কামনা জানাইবেন। তাঁহাকে স্বর্ণ ও যুগ্মবস্ত্র দক্ষিণা দেওয়া হইবে। বাচককে এক জোড়া সুবর্ণকঙ্কণ ও তাঁহার মনোমত অন্যান্য দ্রব্যসমূহ দেওয়া হইবে। এইভাবে পুঁথিযজ্ঞ প্রতিষ্ঠা-উৎসব সমাপ্ত হইবে।

ইহার পরে আসিত পুঁথি দান করিবার পালা। দাতা ইচ্ছা করিলে যথাযোগ্য গুণী পাত্রে পুঁথি দান করিতে পারিতেন। হয়শীর্ষমতে গুরুকে বা বিদ্যাবান্ ব্রাহ্মণকে পুঁথিদান করা কর্তব্য। এমন কি দাতা যদি নিজ প্রয়োজনেও পুঁথি লেখান, তাহা হইলেও পুঁথিযজ্ঞের অনুষ্ঠান করা উচিত। বিষ্ণুমন্দিরেও পুঁথি দান করা চলিত।

"এবং লিখেদাত্মনো'র্থে দদ্যাদেবং জনার্দনে।
বিষ্ণুরূপায় গুরবে দদ্যাদ্ বা দ্বিজপুঙ্গবে।
বিষ্ণুজ্ঞানাভিযুক্তায় বেদস্নাতায় ধর্মিণে।" (হয়শীর্ষ, ২, ৩১. ৪৩-৪৪)

গ্রহীতার গুণাবলী সম্বন্ধে বলা হইয়াছে যে, তিনি ব্রাহ্মণ, বেদবিদ্যায় নিপুণ, অধ্যাপনারত, বিজ্ঞ, বুদ্ধিমান্ ও সচ্চরিত্র হইবেন।

"ব্রাহ্মণস্য সুবৃত্তস্য বাচকস্য বিজল্পতঃ।
অনেন বিধিনা দত্ত্বা..... ।। (বরাহপুরাণ, হেমাদ্রিধৃত)
"অনেনৈব বিধানেন ব্রাহ্মণে শীলশালিনি।
প্রবোধযতি ধীযুতে যুক্তজ্ঞে বেদবাদিনি।।
বিন্যসেৎ তু শুভং শাস্ত্রং মহাপুণ্যজিগীষযা।" (নন্দিপুরাণ, ঐ)

দেবীপুরাণের বিধান এই যে, পুঁথিটি যে বিষয়ের, সেই বিষয়ের চর্চায় নিবিষ্ট ব্যক্তিকেই সেই পুঁথি দান করা বিধেয়। গ্রহীতার শাস্ত্রে নিষ্ঠাবান্, অনলসভাবে জ্ঞানাহরণে রত, শাস্ত্রনিষ্ণাত এবং অধ্যাপনাব্রতী হওয়া প্রয়োজন।

"সদাধ্যযনযুক্তায বিদ্যাদানরতায চ।
বিদ্যাসংগ্রহযুক্তায কৃতশাস্ত্রশ্রমায চ।।"
"তেনৈব বর্ততে যস্তু তস্য তং বিনিবেদযেত্।" (হেমাদ্রিধৃত)

অগ্নিপুরাণে (৬৩, ১৩ হইতে) হয়শীর্ষোক্ত বিধানগুলিই সংক্ষেপে বলা হইয়াছে।

বহ্নিপুরাণমতে যথাযোগ্য গুণান্বিত ব্যক্তিকে যখন পুঁথি দান করা হইবে, তখন সেই সঙ্গে বিভিন্ন রত্ন, দুগ্ধবতী গাভী, বস্ত্রাদি, আভরণ ও নানাপ্রকার ব্যবহারোপযোগী দ্রব্যাদি উপহার দিতে হইবে। কোন একটি বিশেষ শুভ দিনে, সূর্য বা চন্দ্রের গ্রহণদিবসে, বিষুবদিনে বা কোন সংক্রান্তিদিবসে এই দান প্রশস্ত।

চন্দ্র-সূর্যোপরাগে বা সংক্রান্ত্যযনবাসরে।
পুণ্যে হ্নি তৎ সুসংপূজ্য বস্ত্রালংকারভূষণৈঃ।
ঘৃতধেন্বা যুতং রত্নৈর্দদ্যাদ্ গুণবতে ততঃ।' (ঐ)

বিদ্যাদানসংক্রান্ত অনুষ্ঠানাদি সমাপ্ত হইলে পর দাতা নিজ সাধ্যানুসারে একটি উৎসবের আয়োজন করিবেন এবং সমাগত জনগণকে উপাদেয় চর্ব্য, চোষ্য, লেহ্য, পেয় ভোজনাদি দ্বারা পরিতৃপ্ত করিবেন। এ বিষয়ে নন্দিপুরাণের নির্দেশ এই—রাজা যদি স্বয়ং দাতা হন, তাহা হইলে তিনি আত্মীয়, স্বজন, বন্ধুবান্ধব ও পাত্রমিত্রাদি পরিবেষ্টিত হইয়া স্বনগরে এই উৎসব-ভোজনাদির আয়োজন করিবেন। গ্রামণী অনুরূপভাবে নিজ গ্রামে এই উৎসব ভোজনাদি ব্যাপারের অনুষ্ঠান করিবেন। গৃহস্থ এইভাবে নিজ গৃহে উৎসবাদি করিবেন।

"ততশ্চ ভক্ষযেদ্ বিপ্রান্ রুদ্রভক্তাংশ্চ মানবান্।
যথাশক্তি চ কর্তব্য উৎসবঃ স্বেষু বেশ্মসু।।
রাজ্ঞা তু নগরে কার্যা গ্রামে গ্রামাধিপৈস্তথা।
গৃহে গৃহস্থৈঃ কর্তব্যা উৎসবা বন্ধুভিঃ সহ।' (ঐ)

এই বিদ্যাদান পদ্ধতি হইতে বেশ বোঝা যায় যে, পুণ্যলাভার্থী ধনীর বদান্যতায় দেশে পুঁথির সঞ্চয় বর্ধিত হইত, কোথায় কোন পুঁথি লিখিত হইল এবং পুঁথিখানি কোথায় রহিল, সে কথা জনসমাজে সুবিদিত হইত, পুঁথির পাঠ শ্রবণ করিয়া নিরক্ষর জনসাধারণও ধর্ম, নীতি, সদাচার প্রভৃতি সম্বন্ধে জ্ঞান লাভ করিত। এইভাবে জনসাধারণের মধ্যে শিক্ষার প্রসার ঘটিত। উৎসবাদির ফলে অনেকেই অনুরূপ বিদ্যাদানকার্যে উৎসাহিত হইত। গুণী ও বিদ্বান্ ব্যক্তিদের সম্মাননার ফলে বিদ্যাচর্চায় মানুষের মনে প্রেরণা জাগিত। বিদ্যাদানের বিবরণ হইতে এটুকু বেশ বোঝা যায় যে তখন এদেশে বিদ্যাদেবী কুবেরেরও পূজ্যা ছিলেন, এখনকার মত কুবেরের ক্রীতদাসীতে পরিণত হন নাই।

এই বিবরণে প্রাচীন ভারতের ধর্ম, শিক্ষা ও সংস্কৃতির যে চিত্র পাওয়া যায়, জাতীয় ইতিহাস রচনার ব্যাপারে তাহার গুরুত্ব অস্বীকার করা যায় না। দুঃখের বিষয় এই যে, এদেশের ঐতিহাসিকগণের দৃষ্টি এদিকে এখনও আকৃষ্ট হয় নাই। অথচ এগুলিকে উপেক্ষা করিয়া প্রকৃত জাতীয় ইতিহাস রচনা অসম্ভব।

পাদটীকা

১. নন্দিপুরাণ বর্তমানে অপ্রাপ্য। চতুর্বর্গচিন্তামণি, দানসাগর, কৃত্যকল্পতরু, বিধানপারিজাত, অপরার্ককৃত যাজ্ঞবল্ক্যটীকা প্রভৃতি স্মৃতিগ্রন্থে এই পুরাণ হইতে বহু বচন উদ্ধৃত হইয়াছে। এ সম্বন্ধে তথ্য দিয়া সাহায্য করিবার জন্য আমি মদীয় শ্রদ্ধার্হ সহকর্মী (ভূতপূর্ব) ডক্টর রাজেন্দ্রচন্দ্র হাজরা মহাশয়ের নিকট কৃতজ্ঞ। তাঁহার **Studies in the Upapuranas, vol. II, Calcutta Sanskrit College Research Series, no. XXII** গ্রন্থের ৪৮৪ ও পরবর্তী পৃষ্ঠাসমূহে এ সম্বন্ধে বিশেষ তথ্য দ্রষ্টব্য।

২. শরযন্ত্রং পুস্তকধারণায় পরস্পরান্তঃপ্রবেশিতং বর্ণবিচ্ছুরিতং ফলকদ্বয়ং যস্য দ্রামিডভাষায়াং 'শিক্কুপ্পলকৈ' ইতি ব্যবহারঃ।' "শরযন্ত্রং সমারোহঃ সরস্বতীপীঠমিতি যাবদ্" ইতি কশ্চিৎ।—বাসবদত্তার 'বিমর্শিনী' টীকায় কৃষ্ণমাচার্য, সংস্করণ—বাণীবিলাস প্রেস, শ্রীরঙ্গম। ১৯০৬, পৃঃ ৩১৯।

৩. অষ্টৌস্থানানি বর্ণানামুরঃ কণ্ঠঃ শিরস্তথা।
জিহ্বামূলং চ দন্তাশ্চ নাসিকৌষ্ঠৌ চ তালু চ।।" (পাণিনীয় শিক্ষা, ১৩)

৪. বঙ্গদেশীয় তান্ত্রিক সম্প্রদায়ে বর্ণমালায় তেষট্টিটি বর্ণ আছে বলিয়া ধরা হয়। এই মতে দীর্ঘ ৯ কে ধরিয়া স্বরবর্ণের সংখ্যা ১৪টি। ৯টি প্লুতস্বর। পঁচিশটি স্পর্শবর্ণ। তিনটি উষ্মবর্ণ—শ, ষ, স,। একটি উষ্ম মহাপ্রাণ বর্ণ—হ্। ২টি অর্ধস্বর—য, ব। একটি তরল **(liquid)** বর্ণ—ল। ১টি আকম্পিত **(trilled)** বর্ণ—র। একটি শ্রুতি **(glide)**— অর্ধোচ্চারিত য্। ২টি তাড়িত **(flapped)** বর্ণ—ড়, ঢ়। একটি সংযোগজ—ক্ষ। তিনটি নাসিক্য—অনুস্বার (ং), বিসর্গ (ঃ) ? ও (ँ)। নাট্যশাস্ত্রে (১৭-১০৯)অবশ্য আবৃত্তি প্রসঙ্গে উদাত্ত, অনুদাত্ত, স্বরিত ও কম্পিত—এই চারিপ্রকার 'বর্ণের' কথা বলা হইয়াছে। এখানে উহা অপ্রাসঙ্গিক বলিয়া আলোচিত হইল না।

('মহর্ষি নগেন্দ্র স্মারক গ্রন্থ' থেকে সংগৃহীত। 'Our Heritage' পত্রিকার উনবিংশ বর্ষ, প্রথম খণ্ডে প্রবন্ধটি প্রথম প্রকাশিত হয়েছিল)

পুঁথিপাঠ

রমাকান্ত চক্রবর্তী

সংস্কৃত সাহিত্য পরিষৎ-এর সঙ্গে আমার সম্পর্ক সুনিবিড়। এই বিখ্যাত সারস্বত প্রতিষ্ঠানে এসে, বই পত্র পড়ে, কতো কিছু যে জেনেছি, শিখেছি, তা বলতে সময় লাগবে। শুধু এই বলি যে, সংস্কৃত সাহিত্য পরিষৎ-এ না এলে শিক্ষা অসম্পূর্ণ হয়। আজ এখানে এসে কথা বলার সুযোগ পেয়ে আমি ধন্য।

আজ পুঁথিপাঠ সম্বন্ধেই কিছু বলব। *পুঁথিপাঠ,* অর্থাৎ *Textual Criticism.* প্রথমেই কয়েকটি বইয়ের নাম করি যথা, The New Encyclopaedia Britannica 15th edition, Chicago, 2002, Volume-6, এবং Volume-20 যথাক্রমে "Illumunated Manuscript" এবং Textual Criticism" (দ্রষ্টব্য, Macropaedia) ;R. Stokes, The Function of Bibliography (1969) ; V.A. Dearing, A Manual of Textual Analysis (1959), Donald Jackson, The story of writing (1981), এবং F.T. Rowers, Bibliography and Textual Criticism (1964)।

মনে রাখা দরকার, পুঁথিবিদ্যা, Manuscriptology, বিজ্ঞান, পুঁথি-বিজ্ঞানচর্চা, প্রত্নলিপিজ্ঞান বা Paleography-র উপরে দাঁড়িয়ে থাকে। মূল পুঁথির সমীকরণ বা Identification-ই পুঁথিপাঠের মৌল উদ্দেশ্য। যে বস্তু বা Material-এর উপরে পুঁথি লেখা হয়েছে, তার প্রকৃতিও নির্ধারণ করতে হবে। বলা বাহুল্য, পুঁথিবিদ্যাচর্চায় বহুবিধ জ্ঞানের সমন্বয় থাকে। যাঁরা পুঁথি নিয়ে গবেষণা করেন, তাদের বহু বিষয় জানতে হয়। যে কোন পুঁথি সম্বন্ধেই মমতা ও শ্রদ্ধা থাকা দরকার। যে কোন পুঁথি অতীতকালের জীবন্ত নিদর্শন। পুঁথির গবেষণায় ইতিহাসজ্ঞান আবশ্যিক। পুঁথির তালিকায় শুধু মূল বিষয়ের উল্লেখই নয়, পুঁথিতে বিবৃত তথ্যাদিরও সংক্ষিপ্ত বিবরণ থাকলে ভালো হয়। বিশেষ ভাবে সংস্কৃত ও বাংলা পুঁথির Colophon বা পুষ্পিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনেক বহুবর্ণোজ্জ্বল পুঁথি (Illustrated Manuscript) আছে। স্বর্ণবর্ণ, রৌপ্যবর্ণ, কৃষ্ণবর্ণ আধারে শুভ্রবর্ণ, বহু বর্ণে অঙ্কিত চিত্রাবলী পুঁথির শোভা বৃদ্ধি করেছে। ভারতে, তিব্বতে, চিন দেশে, জাপানে, ইরানে, আরবীয় মধ্য এশিয়াতে, ইওরোপে শতশত বহুবর্ণোজ্জ্বল পুঁথি আছে। *বাশোলি* ঘরানার চিত্রসহ জয়দেবের 'গীতগোবিন্দ'-এর পুঁথি দেখলে মন ভরে যায় অসামান্য সৌন্দর্যের অনুভূতিতে। মন আলোকিত হয়ে ওঠে।

ইওরোপের বিভিন্ন দেশে *(Scriptoria)* বা পুঁথিলেখার কর্মশালা *(workshop)* ছিল। এখানে পুঁথিতে ছবি আঁকার কাজকে বলা হত *Historiation*। পুঁথিকে নানা বর্ণে রঙিন করাকে বলা হত Illumination। আরবীয় ইরানীয় পুঁথিতে Callgraphy, লিখনশিল্প বিস্ময়কর সৌন্দর্যে উদ্ভাষিত, অতি বিচিত্র। র‍্যনেসাঁস-এর কালে পশ্চিম ইওরোপে পুঁথির অলংকরণ গৃহের ও গীর্জার অলংকরণকেও প্রভাবিত করে। কিন্তু খ্রিষ্টীয় পঞ্চদশ শতকের দ্বিতীয়ার্ধে, মুদ্রণযন্ত্র ব্যবহারে, বর্ণোজ্জ্বল পুঁথির সংখ্যা কমে যেতে থাকে। মুদ্রাঙ্কিত পত্ররঞ্জন প্রচলিত হয়।

এখন প্রসঙ্গ, *Textual Criticism,* পুঁথিপাঠ, অথবা পুঁথির বিচারমূলক পাঠ। পাঠনির্ণয়ের বিশিষ্ট পদ্ধতিকেই Textual Criticism বলা হয়। এর সঙ্গে অনেক বিষয় সংশ্লিষ্ট যথা, পুঁথির *Bibliography* বা নির্ভরযোগ্য তালিকা, পুঁথির *authenticity* বা মৌলতা, পুঁথির Interpretation বা ব্যাখ্যা। শুধু মূলের পাঠই নয়, পুঁথির রচনা-কৌশলের বিশেষত্ব জানতে হয়। এর সঙ্গে সংশ্লিষ্ট বিশেষ পুঁথি সম্বন্ধে ঐতিহাসিক অনুসন্ধান। পুঁথির ঐতিহাসিক প্রেক্ষিত জানা থাকলে তার প্রযৌক্তিক, ভাষাতাত্ত্বিক, সাহিত্যিক, নান্দনিক তাৎপর্য বোধগম্য হয়।

পুঁথিপাঠে আরও কয়েকটি বিষয় গুরুত্ববহ, যথা, পুঁথির *Transmission* বা সঞ্চারণ, পুঁথির ব্যাকরণ বিষয়ক বিশিষ্টতা, পুঁথিতে ব্যবহৃত পরিভাষা, এবং পুঁথির ঐতিহাসিক প্রেক্ষিত। পুঁথিপাঠ, *Textual Criticism* এর অর্থে, ব্যাপক ভাষাতাত্ত্বিক গবেষণা।

আমাদের দুর্ভাগ্য এই যে, আমাদের বহু পুঁথি হারিয়ে গিয়েছে। ঢাকা জেলার বিক্রমপুর পরগণায় অবস্থিত আমাদের গ্রামের পৈত্রিক বাড়িতে প্রায় পাঁচ হাজার পুঁথি ছিল। ১৯৪৭-এর বঙ্গভঙ্গে পাঁচহাজার পুঁথি যে কোথায় গেল, তা জানি না। বড়ু অনন্ত চণ্ডীদাস-রচিত 'শ্রীকৃষ্ণ কীর্ত্তন'-এর একটি মাত্র পুঁথি বঙ্গীয় সাহিত্য পরিষৎ-এ আছে। এর অন্য কোনও পুঁথি ১৯১৬-র পর থেকে আজ পর্যন্ত পাওয়া যায়নি। বহু বহু সংস্কৃত পুঁথি হারিয়ে গিয়েছে। নীলাচলে শ্রীচৈতন্যের ব্যক্তিগত সচীব ছিলেন স্বরূপ দামোদর নামক বৈষ্ণব সাধু। তিনি চৈতন্য সম্বন্ধে যে 'কড়চা' লিখেছিলেন, তা সম্ভবত সপ্তদশ শতকেই অদৃশ্য হয়। এই 'কড়চা'র ঐতিহাসিক মূল্য ছিল। আমাদের দেশে তাই পুঁথিপাঠ, *Textual Criticism* সমস্যাসংকুল।

কিন্তু ইওরোপে প্রাচীন *গ্রেকো* /রোমান সাহিত্যের, মধ্যযুগে বিভিন্ন ভাষায় রচিত সাহিত্যের, *Textual Criticism* এখনও ধারাবাহিক এবং সমৃদ্ধ। সেখানে বিভিন্ন সুপ্রাচীন বিশ্ববিদ্যালয় সমূহের গ্রন্থাগারে, যাদুঘরে, খ্রিষ্টান মঠে ও গীর্জাতে, ধনী ব্যক্তিদের গ্রন্থাগারে, বিভিন্ন রাষ্ট্রীয় গ্রন্থাগারে সংখ্যাতীত পুঁথি সংরক্ষিত হয়।

এখন প্রশ্ন, পুঁথির পাঠ বিভিন্ন হয় কেন, এর কয়েকটি প্রধান কারণ, পুঁথি লেখকের মনঃসংযোগের অভাব ভ্রমক্রমে শব্দের বা বাক্যের বিসংযোগ; লিপির দুষ্পাঠ্যতা; পুঁথিলেখকের অজ্ঞানতা। তার সঙ্গে আসে পুঁথির সম্পাদকের পাঠশুদ্ধির প্রবণতা, কখন কখন সম্পাদকের সুতীব্র নীতিবোধ। প্রখ্যাত পণ্ডিত বিনয়তোষ ভট্টাচার্য 'শক্তিসংগমতন্ত্র'-

এর অন্তর্গত "তারাখণ্ড"-এর পুঁথি সম্পাদনা করে গাইকোয়ার ওরিয়েন্টাল্ সিরিজ-এ প্রকাশ করলেন। কিন্তু এমনই তাঁর নৈতিকতা যে, তাতে প্রায় পঞ্চাশ শতাংশ শব্দ এবং বাক্যই তারকাচিহ্নিত, পূর্ণ পুঁথিটি এশিয়াটিক সোসাইটির পুঁথিশালায় আছে। সম্ভবত ভট্টাচার্য মহাশয়ের এই ধারণা ছিল যে, এই সব শব্দ বা বাক্য পড়লে পাঠকের চরিত্র খারাপ হয়ে যাবে।

অনেক সময় মূল পুঁথির খণ্ডিত অংশ পাওয়া যায়। তাতেও বহু সমস্যার উদ্ভব হয়।

পুঁথিপাঠের সমস্যাগুলো এইসব, যথা ;

১. একমাত্র পুঁথির বিভিন্ন *copy* বা নকল
২. মূল পুঁথি পাওয়া যাচ্ছে না। বিভিন্ন নকলের মধ্যে পারস্পরিক সম্পর্কের দুর্জ্ঞেয়তা।
৩. মূল পুঁথি ও তার নকলের মধ্যে সময়ের ব্যবধানের কম বেশি হওয়ার সম্ভাবনা।
৪. মূল পুঁথি নকল করার ঐতিহ্য।
৫. কখন কখন ধর্মীয় পুঁথিতে সাম্প্রদায়িক হস্তক্ষেপ, এবং মূল পুঁথির পাঠের পরিবর্তন।
৬. কখন কখন একই পুঁথির বিভিন্ন পাঠ।

এ সমস্ত ক্ষেত্রে *Textual Criticism*-এর কাজ হবে কালানুসরণে, এবং স্থানানুসরণে, মূল পুঁথির প্রেক্ষিতে, বিভিন্ন পাঠের সঠিক সমীকরণ বা *Identification*।

অষ্টাদশ শতকে খ্যাতনামা জার্মান ঐতিহাসিক A.L. Von Schlozer ভেবেছিলেন যে, পুঁথি বিষয়ক অনুসন্ধানে *Common Sence*-এর প্রাধান্য থাকা উচিত। তাতে তত্ত্ব থাকবে, প্রযুক্তি বা *Technique* থাকবে, সবার উপরে থাকবে *Common Sense* । পুঁথিপাঠের প্রাথমিক শর্ত, সমস্যার বা বিতর্কের সংজ্ঞার্থ নির্ণয় বা *Definition* । সমস্যাটি কী, কেন, এবং কোথায়, তা আগে বুঝতে হবে। এটা বুঝলেই প্রাসঙ্গিক গবেষণার সীমানা নির্ধারণ করা যায়। এটাই পুঁথির ..... পাঠের মৌল সর্ত, মৌল পদ্ধতি।

প্রসঙ্গত ঋগ্বেদ উল্লেখ্য। ঋক্-সমূহ শুধু মৌলিক আবৃত্তিতে যুগে যুগে কালে কালে সঞ্চারিত হলেও, প্রধানতঃ ধর্মীয় শ্রদ্ধায় সেই সঞ্চারণের শুদ্ধতা প্রশ্নাতীত। ঋগ্বেদের একটাই পাঠ, এবং তা শুদ্ধ পাঠ। কিন্তু, এমন বহু প্রাচীন পুঁথি আছে, যাদের বিভিন্ন পাঠ আছে। এমন সব ক্ষেত্রে মূল পুঁথির প্রেক্ষিতে বিভিন্ন পাঠের সমীকরণ বা *Identification* গবেষকের আবশ্যিক কৃত্য।

বৈচারিক গবেষণার তিনটি প্রধান পর্যায় হল *Recension* বা পুনর্নিরূপণ, *Examination* বা বৈচারিক অনুসন্ধান, এবং *Emendation* বা বিশোধন। এই সব কাজ এক সঙ্গেই করতে হয়, আলাদা ভাবে করা যায় না। প্রাচীন *Text*-এর পুনঃ সঞ্চয়ন, পুনর্নিরূপণই *Recension*-বিষয়ক গবেষণার উদ্দেশ্য। এতে ভিতরের ও বাইরের প্রমাণ সমূহ তুলনামূলক বিচারের বিষয় হয়। এ কাজ অত্যন্ত দুরূহ। এ কাজে বহু বিষয় চলে আসে ; চলে আসে বিভিন্ন ভাষায় মূলের অনুবাদ, মূলের বহু পাঠ, অন্যান্য পুঁথিতে

মূলাংশের উদ্ধৃতি, প্রত্নলিপিতত্ত্ব, এবং *Bibliography* বা গ্রন্থবিদ্যা। সর্বক্ষেত্রেই যদি মূল পুঁথি-রচনার ইতিহাস জানা যায়, তবে বৈচারিক গবেষণা অনুমান প্রমাণের চোরাবালি থেকে মুক্তিলাভ করে।

অনেক ক্ষেত্রে পাঠের বিভিন্নতা বিচার করে পুঁথির একটা আদিম আদর্শ বা *Archetype* নির্ধারিত হয়েছে। যেমন, ভাবা হয়েছে যে, গুণাঢ্য রচিত 'বৃহৎকথা' সোমদেব রচিত 'কথাসরিৎসাগর'-এর আদিম আদর্শ।

যে বিশেষ পদ্ধতি অনুসারে মূলের *Archetype* বা *Prototype* ; আদিম আদর্শ নির্ণয় করা হয়, তাকে পাশ্চাত্যের পুঁথি বিশেষজ্ঞগণ বলেছেন *Genealogical Method* বা বংশান্বয়মূলক পদ্ধতি। একে *Stemmatic Method* বা কাণ্ড -পদ্ধতিও বলা হয়। এই পদ্ধতিতে প্রামাণিক পুঁথির সঙ্গে পুঁথিটির বিভিন্ন পাঠের তুলনামূলক বিচারের দ্বারা আদিম আদর্শটির রূপরেখা স্পষ্ট হয়ে ওঠে। বংশান্বয়মূলক পদ্ধতির একটা বৈশিষ্ট্য হল এই যে, পুঁথিটির যিনি নকল করেছিলেন, ধরে নেওয়া হয়, তিনি মাত্র সে—পুঁথিটিরই নকল করেছিলেন, যা তাঁর কাছে ছিল। নকলের এইরূপ প্রক্রিয়াকে বলা হয়েছে *Vertical Transmission* বা স্বমধ্যস্থ সঞ্চারণ। স্বমধ্যস্থ সঞ্চারণ সমস্যাসংকুল নয়; কিন্তু, যদি একাধিক বা বহু পুঁথি দেখে মূল পুঁথির নকল করা হয়, তবেই মূল পুঁথির আদিম রূপ দুর্নির্ণেয় হয়ে যায়। এইরূপ ঘটনাকে বলা হয়েছে *Horizontal Transmission* বা অনুপ্রস্থ সঞ্চারণ।

পুঁথিপাঠের অপর পদ্ধতিকে বলা হয়েছে *Distributional Approach,* অথবা বিভাগকল্পক পদ্ধতি। এই পদ্ধতি অনুসারে পাঠভেদের বিশ্লেষণ করা হয়; এই পদ্ধতিতে যাকে সংখ্যাতত্ত্বের প্রয়োগ এবং সংকেতাত্মক যুক্তির প্রয়োগ, এমন কী *Biological Taxonomy* বা জৈব শ্রেণী বিভাজন, যাতে প্রত্যেকটি শ্রেণীর চিহ্নিত পরিচয় থাকে। Taxonomy শব্দটির অর্থ, "Systematics", "Classification" [*Nebster's Seventh New Collegiage Dictionary,* 7th ed. p. 904] বিভাগকল্পক পদ্ধতিতে আজকাল *Computer* যন্ত্র ব্যবহার করা হচ্ছে। এই পদ্ধতিতে সর্বদা বিষয়নিষ্ঠা বা *Objectivity*-প্রাধান্য পায় ; মূল্যবিচার এখানে গৌণ ; অর্থাৎ, পুঁথির শুদ্ধতা অশুদ্ধতা বিচার্য হয় না। তার ফলে বিভাগকল্পক পদ্ধতিতে প্রকৃত সত্য নির্ণয়ের সম্ভাবনা নাও থাকতে পারে। পুঁথির শুদ্ধতা, অশুদ্ধতা বিচার্য না হলে পুঁথিপাঠের মৌল উদ্দেশ্যই অদৃশ্য হয়ে যায়।

যে পুঁথি দেখছি, তা আসল পুঁথি কি না, এটাই সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ প্রশ্ন। এ প্রশ্নের উত্তর পাওয়া যায় *Recension*-এর বা পুনর্নিরূপণের বিচারে। যেখানে পুঁথির সংখ্যা মাত্র এক, সেখানে সেই পুঁথিটিই archetype বা আদিম আদর্শ। [যথা, বড়ু অনন্ত চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্ত্তন'] আদিম আদর্শ-স্রষ্টার পরিচয় যথাসম্ভব জানতে হয় ; কোন কালে যে এটি রচিত হয়েছিল, তা নির্ণয় করতে হয় ; পুঁথির বিষয়বস্তু জানতে হয়। এইরূপ অধ্যয়নের দুই প্রধান মাত্রা ভাষাতত্ত্ব এবং লিপিতত্ত্ব।

যা বিশোধন বা *Emendation,* পুঁথির শুদ্ধ পাঠ নির্ণয়ে তার প্রয়োজনীয়তা

অনস্বীকার্য। কিন্তু, দেখা যায়, *Emendation* বহু ক্ষেত্রেই আনুমানিক হয়ে যায়। সম্পাদক পাদটীকায় যে ভিন্ন পাঠ দিলেন, তাই হয়তো শুদ্ধ পাঠ। এসব ক্ষেত্রে Common Sense না থাকলেই বিপর্যয় হতে পারে। *Emendation* বুদ্ধিদীপ্ত না হলে অর্থহীন হয়ে যায়, বিভ্রান্তি সৃষ্টি করে।

প্রাচীন পুঁথির বিচারমূলক সম্পাদনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সম্পাদনায় বিশুদ্ধ পাঠ নির্ণয় যত্নসাধ্য। বিভিন্ন পাঠের সূত্রসমূহ উল্লেখ করতে হয় ; এইরূপ সূত্রনির্দেশকে বলা হয় *apparatus critions,* অথবা *Critical apparatus,* অর্থাৎ বৈচারিক উপকরণ এটা *Abbreviation*-এ বা সংক্ষেপে উল্লিখিত হয়। পুঁথির বানান বা যতিচিহ্ন শুদ্ধ করা উচিত কিনা, এ প্রশ্ন অদ্যাবধি অমীমাংসিত।

পাশ্চাত্যে পুঁথির সম্পাদনায় দুইটি মৌল নীতি অবলম্বিত হত। প্রথমটি *lectrum in alterum arbiturum erat,* "which reading would be more likely to have given rise to the other", কোন বিশেষ পাঠ অপর পাঠে নিয়ে আসে, এই বিচার ; দ্বিতীয়টি, *difficilior lactis potior,* "the more difficult reading is to be preferred", কঠিনতর পাঠই গ্রাহ্য, এই বিচার। অষ্টাদশ শতক থেকে ইওরোপে এই দুই রকমের বিচার প্রচলিত আছে। কিন্তু এখন বলা হচ্ছে, *truism melior lectio potior,* "better reading is to be preferred", তুলনামূলক বিচারে যে পাঠ অন্যান্য পাঠের চেয়ে ভাল, তাই রাখতে হবে। লক্ষণীয়, আমাদের দেশে প্রাচীনকাল থেকেই *truism melior lectio potior* একটি দুর্লংঘ্য নীতিরূপে প্রচলিত আছে, শুদ্ধ পাঠের জন্যই তো আমরা যাস্কের 'নিরুক্ত', পাণিনির ব্যাকরণ, মল্লিনাথের টীকা, 'মনুসংহিতা'-র " মেধাতিথি ভাষ্য', এবং 'অমরার্থচন্দ্রিকা'-সহ বিভিন্ন কোষগ্রন্থ পড়ি। বিলুপ্ত বৌদ্ধ গ্রন্থের মুলানুসন্ধানে পড়ি সে-গ্রন্থের তিব্বতীয় ভাষায়, খোটানি ভাষায়, চিনা ভাষায় অনুবাদ।

প্রসঙ্গতঃ *Textual criticism*-এর ইতিহাস খুব সংক্ষেপে একটু বলি। এর সূত্রপাত হয়, খ্রিস্টপূর্ব তৃতীয় শতকে, আলেকজান্দ্রিয়া নগরে। সেখানে গ্রীক্ পণ্ডিতগণ পুঁথিবিদ্যার সূত্রপাত করেন। খ্রিস্টীয় চতুর্দশ শতকের মধ্যভাগ থেকে এই সুপ্রাচীন ধারাটিকে তথাকথিত *Humanist* পণ্ডিতগণ বর্জন করতে থাকেন। তাঁরা প্রাচীন গ্রেকো-রোমান পুঁথির পাঠে নানান রকমের পরিবর্তন সাধন করেছিলেন। তাঁদের পদ্ধতি ছিল অধ্যাত্মীয়, অধিকরণনিষ্ঠ, অথবা *Subjective*। এ বিষয়ে অনেক আপত্তি থাকলেও উনিশ শতকের আগে এই অধিকরণনিষ্ঠ পদ্ধতি সম্পূর্ণ ভাবে বর্জিত হয়নি। উনবিংশ শতাব্দে, বৈজ্ঞানিক চিন্তার প্রসারে, *Emendation*-এর বা পাঠশুদ্ধির প্রক্রিয়া কিছুটা ক্রমানুসারী হয়। আমাদের দেশেও তখন পাশ্চাত্যের সংস্কৃতজ্ঞ পণ্ডিতগণ সুপ্রাচীন সংস্কৃত, পালি, প্রাকৃতগ্রন্থের বৈচারিক সংস্করণ বা *Critical Edition* প্রস্তুত করেন। উনবিংশ শতাব্দে ইওরোপে বংশান্বয়মূলক (Genealogical) পুঁথিপাঠ শুরু হয় ; এই পদ্ধতি অনুসারে G.A. Bengel, G.G. Wettstein, G.S. Semler, এবং G.G. Griesback *New Testament*-এর শুদ্ধ পাঠ নির্ণয় করেছিলেন। *Genealogical Method*- কে দর্শনীয়ভাবে সম্প্রসারিত করেছিলেন

জার্মানির বিখ্যাত পুঁথিগবেষক Karl Lachmann। তাঁর অসামান্য অধ্যয়নের ফল ছিল *Greek New Testament (1850)*, Lucretins-এর রচনা (1850), এবং মধ্যকালীন জার্মান সাহিত্যর লুপ্ত রত্নোদ্ধার। Lachmann তৌলনিক ভাষাতত্ত্বকে সুপ্রতিষ্ঠিত করেন। পুঁথি সম্বন্ধে G. Grober, G. Paris, এবং Archibald Hiu-এর গবেষণাও ছিল অত্যন্ত মূল্যবান।

সময়ের অভাবে আমাকে এখন থামতে হবে। যে স্নেহভাজন ছাত্রছাত্রীরা আজ এখানে এসেছেন, তাঁদের বলি : যে কোন পুঁথি অত্যন্ত মূল্যবান। যত্ন করে পুঁথির প্রত্যেকটি অক্ষর পড়তে হবে ; পাঠের শুদ্ধতা অশুদ্ধতা বিচার করতে হবে ;পুঁথিটিকে নিজের প্রাণের মতো যত্নে রাখতে হবে ; কেননা, একটি পুঁথি থেকে শত শত জ্ঞানপুষ্প প্রষ্ফুটিত হয়, উৎসারিত হয় ইতিহাস, ভাষাতত্ত্ব, পদ্ধতিবিষয়ক জ্ঞান, এবং সর্বোপরি নির্মোহ প্রযুক্তি। পুঁথি, এককথায়, জ্ঞানের খনি।

এই বলে, আপনাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে, সশ্রদ্ধ নমস্কার করে, আমার কথা শেষ করি।

পুঁথিবিদ্যা ও সংস্কৃত পুঁথির সম্পাদনা

সুবুদ্ধিচরণ গোস্বামী

মুদ্রণ-ব্যবস্থার প্রবর্তনের ফলে লেখাপড়ার জগতে এক যুগান্তকারী পরিবর্তন সঙ্ঘটিত হয়েছে। এর ঠিক আগের এই জাতীয় বড় মাপের যুগান্তকারী ঘটনা ছিল লিখন-পদ্ধতির প্রয়োগ। নতুন নতুন উন্নততর পদ্ধতির উদ্ভাবনের ফলে সভ্যতার জন্মলগ্ন থেকেই লেখাপড়ার প্রথা-পদ্ধতির ক্রমাগত পরিবর্তন হয়েছে। প্রাচীন ভারতে গুরু-শিষ্যপরম্পরায় শ্রবণ পদ্ধতির মাধমে পঠনপাঠনের যে ব্যবস্থাপনা একদিন প্রচলিত ছিল আজকের দিনে তা কল্পনায় আনাও বেশ কষ্টকর। অথচ এইসব অতীত ঘটনার বাস্তবতা অস্বীকার করার নয়। মনের ভাব প্রকাশের মাধ্যম হিসাবে ভাষার আবিষ্কারের পর থেকেই নিজের অর্জিত জ্ঞানকে অন্যের কাছে পৌঁছে দেওয়ার ও তাকে স্থায়ী করে রাখার নিরন্তর উদ্যোগের মধ্য দিয়েই মানবসভ্যতার অগ্রগতির ধারা অব্যাহত রয়েছে। মুদ্রিত পুস্তকই আমাদের চিন্তাভাবনাকে সবচেয়ে সুবিধাজনক ও সুন্দরভাবে বহুজনের কাছে পৌঁছে দেওয়ার ও তাকে স্থায়ীকরণের আধুনিক পদ্ধতি। মুদ্রিত গ্রন্থকে কেন্দ্র করেই আজ গ্রন্থ-বিজ্ঞানের বিপুল কর্মকাণ্ড। মানুষের জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ ও সুসজ্জিত করার নতুন নতুন বুদ্ধিদীপ্ত উপায় উদ্ভাবনের জয়যাত্রা মুদ্রিত পুস্তককে অবলম্বন করেই দুর্বার গতিতে এগিয়ে চলেছে। এর থেকে পিছু হাঁটার আর কোন প্রশ্নই ওঠে না। একটাই প্রশ্ন এখন আমাদের মনকে আলোড়িত করে—সুদূর অতীতের যে সব মনীষীর লেখা আমরা শ্রম দিয়ে বুদ্ধি দিয়ে আজ পর্যন্ত যথাসাধ্য বাঁচিয়ে রাখতে সক্ষম হয়েছি সেগুলির মুদ্রণের উপযোগী বিশ্বাসযোগ্য বুদ্ধিগ্রাহ্য রূপ দেওয়া যাবে তো?

কোন লেখক নিজ হাতে যে বইটি প্রস্তুত করেন সেইটি তাঁর স্বহস্তলিখিত পুস্তক বা Autograph Copy। যতক্ষণ পর্যন্ত সেটি মুদ্রিত না হয় ততক্ষণ তার অস্তিত্ব ঐ ভাবেই অর্থাৎ হস্তলিখিত অবস্থায় বর্তমান থাকে। এই অমুদ্রিত পুস্তককেই বলা হয় পুঁথি বা পাণ্ডুলিপি, ইংরাজীতে Manuscript। পুঁথি এবং পাণ্ডুলিপি, শব্দের মধ্যে অর্থের কোন বিশেষ পার্থক্য নির্ণয় করা বেশ কঠিন। সাধারণতঃ মুদ্রণের কাজে ব্যবহারের জন্য কোন পুস্তকের লেখা যে খণ্ডটি বিশেষভাবে প্রস্তুত করা হয় তাকে পাণ্ডুলিপি বলে। আর পুরানো দিনের যে সব বই হাতে লেখা অবস্থায় রয়ে গেছে, অথচ যাদের মর্যাদা ছাপানো

বই-এই সমতুল তাদেরকে বলা হয় পুঁথি। ইংরাজীতে অবশ্য এই জাতীয় অর্থভেদের জন্য কোন শব্দভেদ হয় না। হাতে লেখা যে কোন ভাষাবদ্ধ নিদর্শনকেই Manuscript বলা হয়। তবে পুঁথিবিদ্যা বা Manuscriptology-তে Manuscript-এর সংজ্ঞা সম্পর্কে একটু সাবধানতা রক্ষার দরকার। কেননা হাতে লেখা সব নিদর্শনই পুঁথিবিদ্যার এক্তিয়ারে আসে না। যেমন Inscription বা শিলালিপি, Archival Document বা পুরাতাত্ত্বিক নিদর্শন। অশোকের শিলালিপি বা হরিষেণের শিলালিপি নিশ্চয়ই Manuscriptology-তে আলোচনায় আসবে না। অবশ্য লিপি-শিক্ষার দৃষ্টান্ত হিসাবে তাদেরে গুরুত্ব অস্বীকার করার উপায় নাই। শিলালিপির বক্তব্য সাধারণতঃ প্রচারমূলক। জ্ঞানচর্চার উদ্দেশ্যে শিলালিপি রচিত হয়নি। অতএব ঐগুলির কোন পুস্তক-মূল্য নেই। পুঁথি বলতে আমরা সেইসব হাতে লেখা নিদর্শনকে গ্রহণ করব যাদের পুস্তকমূল্য আছে, যেগুলি গ্রন্থকার রচনা করেছেন জ্ঞানলিপ্সু পাঠক-পাঠিকার জ্ঞানচর্চায় সহায়তার উদ্দেশ্যে। এই কারণে হস্তলিখিত কলেবর হওয়া সত্ত্বেও Archival Document বা পুরাতাত্ত্বিক নিদর্শনগুলি পুঁথির মর্যাদা পেতে পারে না। সম্রাট আকবরের সঙ্গে কোন রাজপুত রাজার কি সন্ধিপত্র স্বাক্ষরিত হয়েছিল কিংবা ওয়ারেন হেস্টিংসের সঙ্গে ভারতবর্ষীয় কোন রাজন্যপুরুষের কি চুক্তি হয়েছিল তা ঐতিহাসিক নিদর্শনরূপে Indian Archives বা অন্য কোন পুরাতত্ত্বশালায় সংরক্ষণের যোগ্য ঠিকই, কিন্তু হাতে লেখা অবস্থায় থাকা সত্ত্বেও ঐসব পত্রাবলীকে গ্রন্থ মর্য্যাদায় ভূষিত পুঁথি বলে দাবী করা সঙ্গত হবে না। অতএব ঐগুলিও পুঁথিবিদ্যার পরিধির মধ্যে অন্তর্ভুক্ত হওয়ার অযোগ্য। তবে কোন লেখার পুস্তক-মূল্য না থাকলেও পুঁথিবিদ্যার চর্চার ক্ষেত্রে সেটি কোন না কোন ভাবে সহায়কের ভূমিকা পালন করতেই পারে। সেক্ষেত্রে পুঁথিবিদ্যার সহায়করূপেই সেইসব লিখিত নিদর্শনের গুরুত্ব বিবেচিত হবে। কিন্তু কোন অবস্থাতেই সেগুলিকে পুঁথি বলা যুক্তিযুক্ত হবে না।

গ্রন্থকার যে বই লেখেন সে লেখা সবসময় তাঁর নিজের হাতেই হতে হবে এমন কোন কথা নেই। তিনি তাঁর মুখে মুখে রচিত গ্রন্থের কাজে কোন লিপিকর ব্যবহার করতে পারেন। ইদানীং টাইপ-যন্ত্রের উদ্ভাবন হওয়ায় গ্রন্থকার নিজে অথবা অন্যকে দিয়ে তাঁর লিখিত বইটি টাইপ (type) করিয়েও নিতে পারেন। তবে যা লেখা হল বা টাইপ্ করা হল তাতে তাঁর অনুমোদন থাকা দরকার।

রচিত গ্রন্থ অত্যন্ত দ্রুততার সঙ্গে ব্যাপক পাঠকসমাজের কাছে পৌছে দেওয়ার জন্যই মুদ্রণের আবিষ্কার হয়েছে। মুদ্রণের আনুষঙ্গিক কিছু সুবিধাও আছে। যেমন, হাতে লেখা গ্রন্থের পাঠোদ্ধার অনেক ক্ষেত্রে কঠিন, মুদ্রিত গ্রন্থের পাঠোদ্ধার খুবই সহজ। মুদ্রিত গ্রন্থের সংরক্ষণ এবং তালিকা রচনাও বহুল পরিমাণে সমস্যামুক্ত। তাছাড়া পাঠকের হাতে না পৌছানো পর্যন্ত গ্রন্থরচনার উদ্দেশ্যই সিদ্ধ হয় না। বিদ্বজ্জনের হাতে গেলে তবেই গ্রন্থের মূল্যায়ন সম্ভব। তখনই জ্ঞানসাম্রাজ্যে সেই পুস্তকের অবদান নির্ণীত হওয়ার সুযোগ আসে, জ্ঞানপ্রবাহের মূল ধারায় সেই গ্রন্থের উন্মোচিত জ্ঞানভাণ্ডার সংযোজিত হওয়ার সুযোগ পায়। তাই যতদিন মুদ্রিত না হয় ততদিন গ্রন্থের বন্দিদশা কাটে না।

প্রশ্ন হল, এত কথার দরকার কী? যে-সব গ্রন্থ এখনও মুদ্রিত হয়নি সেইসব গ্রন্থের গ্রন্থকার-অনুমোদিত পাণ্ডুলিপি মুদ্রণযন্ত্রে পাঠিয়ে দেওয়া হোক, সেখানে বারবার প্রুফ্ রিডিং-এর মাধ্যমে গ্রন্থের পাঠ বিশুদ্ধ রাখারও পর্যাপ্ত ব্যবস্থা আছে। একের পর এক সেই সব গ্রন্থ মুদ্রিত হয়ে লেখক এবং পাঠককুল সবার হাতেই এসে যাবে। সমস্যা কোথায়? সমস্যা সব জায়গায় নয়। যেখানে লেখক জীবিত নেই এবং তাঁর নিজের হাতে লেখা অথবা নিজেরদ্বারা সংশোধিত বা অনুমোদিত পাণ্ডুলিপিটিও নেই, আছে কেবল তাঁর লেখা গ্রন্থের অনুলিখিত এক বা একাধিক খণ্ডিত অথবা সম্পূর্ণ পুঁথি, সমস্যা সেইসব ক্ষেত্রে। সব পুঁথির পাঠ সবসময় এক থাকে না—কিছু ইতরবিশেষ হয়ই। কোন্ পুঁথিটি গ্রন্থকারের অনুমোদিত পাঠের হুবহু প্রতিরূপ ধারণ করে রেখেছে তা নির্ণয় করা কঠিন কাজ। যদৃচ্ছাক্রমে কোন একটি পুঁথিকে নির্বাচিত ক'রে মুদ্রিত আকারে পাঠকের দরবারে পৌঁছে দেওয়া যায়। সেক্ষেত্রে প্রশ্ন থেকেই যাবে—অবিকল লেখকের মূল লেখাটিই পাঠকের কাছে পাঠানো গেল কি? কে সাক্ষ্য দেবে যে নির্বাচিত পুঁথির পাঠই গ্রন্থকারের অনুমোদিত পাঠের অবিকল প্রতিলিপি? অনুলিখিত পুঁথিগুলির কোন্‌টি মূল গ্রন্থকে অর্থাৎ গ্রন্থকারের Autograph Copy টিকে যথাযথভাবে উপস্থাপিত করছে তা নির্ণয়ের মানদণ্ড কি? এইখানেই পুঁথিবিদ্যা-চর্চার প্রাসঙ্গিকতা। পুঁথিবিদ্যা বা Manuscriptology চর্চার মূল উদ্দেশ্য হচ্ছে প্রচলিত অনুলিপি ও অন্যান্য আনুষঙ্গিক উপকরণের সাহায্যে কিভাবে আমরা একটি গ্রন্থের মূল রূপটিকে খুঁজে বের করতে পারি তার উপায় উদ্‌ভাবন করা। একটি গ্রন্থের সম্ভাব্য সর্বোৎকৃষ্ট পাঠ নির্ধারণ পুঁথিবিদ্যাচর্চার উদ্দেশ্য মনে করলে মারাত্মক ভুল করা হবে। গ্রন্থকারের গ্রন্থে ভুলভ্রান্তি বা কোনরকম ন্যূনতা থাকতেই পারে। সেসবের সংস্কারসাধন বা গ্রন্থের উন্নতিসাধন পুঁথিবিদ্যার কাজ নয়। গ্রন্থকারের অনুমোদিত মূলগ্রন্থটিকে উদ্ধার করাই পুঁথিবিদ্যার সাধকের প্রধান এবং প্রাথমিক কাজ। সংগৃহীত পুঁথিপত্র ইত্যাদির মাধ্যমে এমনভাবে একটি গ্রন্থের পাঠ তৈরী করতে হবে যেন যুক্তিসঙ্গতভাবেই দাবী করা যায় যে ঐ পাঠটি গ্রন্থকারের Autograph Copy অর্থাৎ স্বহস্তলিখিত খণ্ডটির হুবহু অথবা নিদেনপক্ষে নিকটতম প্রতিলিপি। এখানেই পুঁথিবিদ্যাচর্চার সার্থকতা। গ্রন্থ এবং গ্রন্থকারের মূল্যায়ন এবং গ্রন্থের কলেবরবিন্যাস পুঁথিগবেষকের আনুষঙ্গিক কাজ।

এতক্ষণে পুঁথিবিদ্যাচর্চার যে উদ্দেশ্য ব্যক্ত করা হল তাতে একথা পরিষ্কার যে সংস্কৃত গ্রন্থের পাঠনির্ধারণে পুঁথিবিদ্যাচর্চার গুরুত্ব অপরিসীম। কারণ সংস্কৃভাষার প্রাচীনতা সর্বজনবিদিত। শ্রুতিপরম্পরায় বিদ্যাচর্চার কালেও সংস্কৃত ভাষা ছিল ভারতীয় উপমহাদেশে শিক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ বাহন। লিখিত পরম্পরায় বিদ্যাচর্চার ইতিহাসও কম প্রাচীন নয়। সুপ্রাচীন বৌদ্ধগ্রন্থ ললিতবিস্তরে ৬৪ রকমের লিপির উল্লেখ রয়েছে। অতএব খ্রীষ্টপূর্ব অন্ততঃ চারশো বছর আগে থেকেই সংস্কৃত ভাষায় লিখিত পরম্পরায় বিদ্যাচর্চা হত এরকম অনুমান করা অসঙ্গত হবে না। তারপর মুদ্রণ যন্ত্র আবিষ্কারের আগে পর্যন্ত এই সুদীর্ঘকাল সংস্কৃত ভাষায় নানা বিষয়ে গ্রন্থরাজি রচিত হয়েছে। সংস্কৃতে রচিত অধিকাংশ গ্রন্থই সেই কারণে অত্যন্ত প্রাচীন। আজ পর্যন্ত যে সমস্ত সংস্কৃত পুঁথি আবিষ্কৃত ও সংগৃহীত

হয়েছে তার অতি নগণ্য অংশ বাদ দিয়ে প্রায় সবটাই মূল গ্রন্থের অনুলিখনের (Transcription) পর্যায়ভুক্ত এবং এই অনুলিখনও আবার সরাসরি মূল গ্রন্থ অবলম্বনে খুব অল্পক্ষেত্রেই রচিত হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই পুঁথিগুলি অনুলিখনেরও অনুলিখন। পুঁথি রচনার উপকরণগুলি, যেমন—তালপাতা, তেরেটপাতা, ভূর্জপত্র, হাতে তৈরী দিশি কাগজ—কোনটাই দীর্ঘস্থায়ী উপকরণ নয়। অতএব গ্রন্থসংরক্ষণ এবং ব্যবহারের উদ্দেশ্যে বারে বারে পুঁথিগুলি অনুলিখিত হয়েছে। মূলগ্রন্থ যত প্রাচীন অনুলিখনের স্তরও সংখ্যায় তত বেশী। কোন্ পুঁথি অনুলিখনের কোন্ স্তরের প্রতিনিধি তা নির্ণয় করাও কঠিন কাজ। বারে বারে অনুলিখনের ফলে পুঁথিগুলির মূল পাঠের বিচ্যুতি ঘটেছে। কখনও অল্পজ্ঞের হাতে পুঁথির পাঠবিভ্রম ঘটেছে। কখনও বিজ্ঞ পণ্ডিতের হাতে সেইসব বিভ্রম সেই সেই পণ্ডিতের বুদ্ধিবিবেচনা অনুসারে সংশোধিত হয়েছে। কোন পুঁথিতে স্থানে স্থানে পাঠকের মন্তব্য বা টিপ্পনী সংযোজিত হয়েছে। পরবর্তী পর্যায়ের কোন পুঁথিতে সেইসব টিপ্পনী মূলপাঠের মর্যাদায় ভূষিত হয়েছে। কখনও কোন বিদ্বজ্জন আপন প্রতিভায় কিছু উদ্ভাবিত করে প্রচলিত গ্রন্থের স্থানে স্থানে সেগুলি সংযোজিত করেছেন। যশঃপরাঙ্মুখ সেইসব বিদ্বজ্জন নিজনামে স্বস্ব গ্রন্থরচনার পরিবর্তে মানবহিতের জন্য আপন উদ্ভাবিত তত্ত্ব ও তথ্যকে পরকৃত গ্রন্থের মধ্যেই স্থাপিত করেছেন। এইরকম নানা কারণে কোন কোন গ্রন্থের পাঠ ক্রমাগত মূলভ্রষ্ট হয়ে চরিত্রবদল করেছে। জনপ্রিয় গ্রন্থগুলির মধ্যে কখনও কখনও প্রচারমূলক উদ্দেশ্যে রচিত কাহিনী বা বিষয় সংযোজিত হয়েছে। রামায়ণ, মহাভারত বা পুরাণজাতীয় গ্রন্থের মধ্যে এইরকম ঘটনার প্রমাণ পাওয়া যায় বেশী। এইসব ঘটনার ফলশ্রুতিতেই আমরা একই গ্রন্থের বিভিন্ন পুঁথিতে সবসময় একই রকমের পাঠ পাই না। একই শকুন্তলা নাটকের বিভিন্ন অঞ্চলে প্রাপ্ত পুঁথিতে পাঠের কত বৈচিত্র্য। ঐ নাটকেরই বঙ্গীয় পাঠ মহারাষ্ট্রীয় পাঠের ব্যবধান আজও গবেষককুলের ভাবনার বিষয় হয়ে আছে। কালিদাস তো ভারতের এক এক অঞ্চলের জন্য শকুন্তলা নাটকটি আলাদা আলাদাভাবে রচনা করে যাননি। এসবই ঘটেছে পুঁথির অনুলিখনের মাহাত্ম্যে। এমনতর আরো কত দৃষ্টান্ত দেওয়া যায়।

এইরকম বিশৃঙ্খল অবস্থা হতে গ্রন্থের মূল চরিত্র উদ্ধার করা পুঁথি-গবেষকেরই দায়িত্ব। মেঘদূতের শ্লোকে 'আষাঢ়স্য প্রথমদিবসে' হবে, না 'আষাঢ়স্য প্রশমদিবসে' হবে, সেকথা বলার জন্য কালিদাসতো আর ফিরে আসবেন না। এইসব সমস্যার সমাধান করা সহজ কাজ নয়। প্রচুর সময় এবং শ্রমের প্রয়োজন। এরজন্য পুঁথিপত্র ও অন্যান্য সাক্ষ্য প্রমাণ সংগ্রহ করতে হবে, বিজ্ঞানসম্মত পদ্ধতি মেনে সেইসব পুঁথিপত্র পরীক্ষা করতে হবে। তবেই একটা বিশ্বাসযোগ্য সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভবপর হবে। সুতরাং একদিকে যেমন প্রতিটি গ্রন্থের পাঠ নির্ধারণের সাক্ষিস্বরূপ সমস্ত পুঁথি সংগ্রহ ও সংরক্ষণের প্রয়োজন অন্যদিকে তেমনি অভীষ্ট লক্ষ্যে পৌছানোর উদ্দেশ্যে বৈজ্ঞানিক পদ্ধতি ও প্রযোগকৌশল উদ্ভাবন করা কর্তব্য। এসবের জন্যই পুঁথিবিদ্যা বা Manuscriptology-শাখার উদ্ভব হয়েছে। পুঁথি সংগ্রহ, তালিকাকরণ ইত্যাদি থেকে শুরু করে পুঁথির বিভিন্ন দিকের

পর্যালোচনা ও সম্পাদনার বিভিন্ন পর্যায়ের পদ্ধতি নির্ধারণ করাই এই শাস্ত্রের করণীয় বিষয়। অত্যন্ত আশা এবং আনন্দের কথা—একাজে এখন অনেকেই ব্রতী হয়েছেন, গবেষণাদি শুরু হয়েছে। তবে প্রয়োজন অনুযায়ী সময়ের সঙ্গে তাল রেখে চলতে হলে আরও বেশী বেশী এবং দ্রুতলয়ে গবেষণা হওয়ার প্রয়োজন আছে।

প্রায় শতাব্দীকাল আগে প্রকাশিত বিখ্যাত জার্মান্ দেশীয় পণ্ডিত Theodor Aufrecht সাহেবের পরিকল্পিত *Catalogus Catalogorum*-গ্রন্থখানি সংস্কৃত পুঁথির গবেষকের কাছে এক উল্লেখযোগ্য সহায়ক গ্রন্থের মর্যাদা লাভ করেছে। সারা পৃথিবীর সংস্কৃত-পুঁথির যত Catalogue তাঁর সময়ে সংগ্রহ করা সম্ভব হয়েছিল তার ভিত্তিতে তিনি এই গ্রন্থখানি রচনা করেছেন। গ্রন্থটিতে অক্ষরানুক্রমে গ্রন্থকার ও গ্রন্থনামের তালিকা সাজানো আছে। একজন গ্রন্থকার কোন্ কোন্ গ্রন্থ রচনা করেছেন তাও জানা যাবে এবং একটি গ্রন্থের পুঁথি বিশ্বের কোন্ কোন্ সংগ্রহশালায় রক্ষিত আছে তালিকাসূচক সংখ্যাসহ তাও জানা যাবে। কিন্তু এই গ্রন্থ রচনার পরেও বিভিন্ন সংগ্রহশালায় অজস্র পুঁথি সংগৃহীত হয়েছে এবং নতুন নতুন তালিকাও তৈরী হয়েছে। ফলে এই গ্রন্থে প্রাপ্ত তথ্য বর্তমানে অসম্পূর্ণ হয়ে পড়েছে। কিন্তু এই গ্রন্থের পরিকল্পনার অসামান্য কার্যকারিতা উপলব্ধি ক'রে ভারত সরকার মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগকে দায়িত্ব অর্পণ করেছেন আরও উন্নতর *New Catalogus Catalogorum* তৈরী করার। আজ পর্যন্ত এই গ্রন্থের তেরটি খণ্ড প্রকাশিত হয়েছে। যত তাড়াতাড়ি এই গ্রন্থ সম্পূর্ণ হয় ততই মঙ্গল। শুধুমাত্র গ্রন্থ ও গ্রন্থকারের নাম এবং পুঁথির প্রাপ্তিস্থান নয় আরও কিছু বেশী তথ্য এই গ্রন্থে সন্নিবেশিত হয়েছে যেগুলি পুঁথিগবেষকের কাজের পক্ষেঅত্যন্ত সহায়ক। কোন্‌টি মূল গ্রন্থ, কোন্‌টি টীকা জাতীয় গ্রন্থ, কোন্‌টি টীকার টীকা, কোন্ গ্রন্থ কখনকোথায় প্রকাশিত হয়েছে—ইত্যাদি তথ্য এ গ্রন্থে আছে। তবে এই গ্রন্থটিও প্রথম মুদ্রণেই চূড়ান্ত সম্পূর্ণতার স্তরে পৌছাতে পারবে না। কেননা যতদিন পুঁথিসংগ্রহের কাজ অব্যাহত থাকবে ততদিনই Catalogue তৈরীর প্রক্রিয়া চলতেই থাকবে। এবং Catalogue তৈরী শেষ না হওয়া পর্যন্ত *New Catalogus Catalogorum* গ্রন্থটিও চরম পর্যায়ে উন্নীত হবে না। এইসব প্রক্রিয়ার অসমাপ্তির মধ্যেই গবেষককে কাজ করে যেতে হচ্ছে। বিদ্যাচর্চার ধারা অক্ষুণ্ণ রাখার প্রয়োজনে গবেষণা কখনই বন্ধ করা যাবে না। ফলে এইসব কাজের সম্পূর্ণতার অপেক্ষা না করেই সংস্কৃত গ্রন্থ মুদ্রণের কাজও অব্যাহত রয়েছে গবেষণার সঙ্গে সঙ্গতি রেখেই।

গ্রন্থাগারে পুঁথি সংগৃহীত হলেও সেটিকে সংরক্ষণের প্রশ্ন আসে। জীর্ণ, খণ্ডিত কোন পুঁথিরই আপাতমূল্য সম্পূর্ণ পুঁথির তুলনায় কোন অংশে কম নয়। এইসব পুঁথির দ্বারা কোন্ প্রয়োজন সাধিত হবে বা কতখানি প্রয়োজন সাধিত হবে তা আগেভাগে জানা অসম্ভব। অতএব প্রাপ্ত পুঁথি যাতে আরো ক্ষতিগ্রস্ত না হয় তারজন্য ব্যবস্থা রাখতেই হবে। যে সম্পদ এইসব সংগ্রহশালায় রক্ষিত হয়েছে তার মূল্যনির্ধারণ করার সময় এবং সুযোগের জন্য অপেক্ষা করা ছাড়া উপায় কী?

পুঁথি-সংগ্রহ, পুঁথি-সংরক্ষণ এবং নানাবিধ তালিকা প্রস্তুতি, এসব গুরুত্বপূর্ণ কাজ হলেও প্রকৃত পুঁথি সম্পাদনার ক্ষেত্রে এগুলি বহিরঙ্গ ব্যাপার। পুঁথি থেকেই গ্রন্থকার এবং গ্রন্থের সংবাদ সংগ্রহ করতে হবে। কারণ ঐসব সংবাদের উপাদান পুঁথির মধ্যেই থাকে। এইসব সংবাদ সংগ্রহের পথে প্রথম যে বাধার সম্মুখীন হতে হয় তা হচ্ছে পুঁথির লিপি।

এর পরের প্রসঙ্গ হচ্ছে পুঁথির মধ্য থেকে গ্রন্থ ও গ্রন্থকারের নাম ও অন্যান্য পরিচয় এবং রচনাকাল ইত্যাদি জ্ঞাতব্য বিষয়গুলি উদ্ধার করা। পুঁথির মধ্যে গ্রন্থের নাম না-পাওয়া সংস্কৃত পুঁথির ক্ষেত্রে অস্বাভাবিক ঘটনা নয়। গ্রন্থনাম সংস্কৃত গ্রন্থের কোন কোন গ্রন্থকারের কাছে খুব গুরুত্বপূর্ণ ব্যাপার নয়, গ্রন্থের বিষয়বস্তুই তাঁদের কাছে একমাত্র বিবেচনার বিষয়। ফলে অনেক সময় গ্রন্থনামের উল্লেখ সাধারণতঃ থাকে গ্রন্থের প্রথমে (Incipit) অর্থাৎ প্রারম্ভিক মঙ্গলাচরণের পরে এবং একেবারে শেষে (Explicit) বা পুষ্পিকার (Colophon) মধ্যে। গ্রন্থের বিষয়বস্তু আলোচনা শেষ হওযার পরে লেখক বা লিপিকর যে অংশে নিজের নাম, গ্রন্থ ও গ্রন্থকারের নাম, গ্রন্থের মালিকের নাম, গ্রন্থরচনার বা অনুলিখনের সময় ইত্যাদির উল্লেখ করেন সেই অংশটিকে পুষ্পিকা বা Colophon বলা হয়। প্রকৃত গ্রন্থ আগেই শেষ হলেও পুঁথিটি শেষ হয় এই পুষ্পিকার পরে। অনেক সময় গ্রন্থের বিষয়কে নির্দেশ করার পক্ষে সক্ষম কোন নাম গ্রন্থকার গ্রন্থনাম হিসাবে উল্লেখ করার চেষ্টা করেন। এই নাম গ্রন্থের আদিতে এবং পুষ্পিকায় যে আক্ষরিকভাবে সমান হবে সর্বদা তা সত্য হয় না। সেসব ক্ষেত্রে পুঁথির সম্পদককেই একটি নাম বেছে নিতে হবে। অনেক সময় নাম নির্বাচনের পর্বটি আরো কঠিন হ'য়ে পড়ে পূর্বোক্ত ঐ দুটি স্থানে প্রয়োজনীয় তথ্যের অভাবে। তখন গ্রন্থনামের হদিশ পাওয়ার জন্য গ্রন্থের প্রতি অধ্যায়ের শেষাংশ (Sub-explicit) খুঁজে দেখতে হয়। অনেক সময় ঐসব জায়গায় গ্রন্থনামের সূচক কোন শব্দকে আবিষ্কার করা যায়। আবার নতুন অধ্যায় যেখানে শুরু হচ্ছে সেখানেও (Sub-incipit) গ্রন্থনামের ইঙ্গিত পাওয়া যেতে পারে। গ্রন্থনাম আছে কিনা তা নিশ্চয় ক'রে বলা সম্ভব হবে এইসব প্রত্যেকটি জায়গা অনুসন্ধানের পরই। গ্রন্থকারের নাম খুঁজে পাওয়ার জায়গা হল গ্রন্থশেষের পুষ্পিকা অংশটি। তবে সেখানেও ভাষার মারপ্যাঁচটি ভালোভাবে পর্যালোচনা করে তবেই সিদ্ধান্তে পৌঁছানো যাবে যে লেখকরূপে যার নাম সন্নিবিষ্ট রয়েছে তিনি গ্রন্থের প্রকৃত রচয়িতা না লিপিকর। যেখানে দুইজনের নামই উল্লিখিত থাকে সেখানে কোন সমস্যা হয় না। একটি নামের ক্ষেত্রে 'লিখিতম্' 'রচিতম্' ইত্যাদিরূপে ব্যবহৃত ক্রিয়াপদের বাচ্যার্থানুসারেই উক্ত নামী রচয়িতা বা অনুলখক তা নির্ধারণ করতে হবে। রচয়িতা নিজেই লেখক হতে পারেন, আবার রচয়িতার নাম অতিপ্রসিদ্ধ হওয়ার লিপিকর রচয়িতার নামটি উল্লেখ করা অপ্রয়োজনীয় বিধায় এড়িয়ে যেতে পারেন। এইসব বিভিন্ন দিকগুলি উত্তমরূপে পর্যালোচনা ক'রে তবেই সিদ্ধান্তে উপনীত হতে হবে। একটি গ্রন্থের একাধিক পুঁথির পুষ্পিকা নির্ভুল সিদ্ধান্ত গ্রহণের পক্ষে সহায়ক হয়।

এরপর কালনির্ণয়ের পালা। প্রথমে পুষ্পিকায় লিখিত কাল গ্রন্থ রচনার কাল না অনুলিখনের কাল তা বিভিন্ন সাক্ষী উপকরণ থেকে নিঃসংশয় হতে হবে। তারপর যেসমস্যা

তা হ'ল কাল প্রকাশের ভাষার অর্থ আবিষ্কারের। সংখ্যা বোঝানোর জন্য কোন সংখ্যাবাচক শব্দের প্রয়োগ সংস্কৃত পুঁথিতে অধিকাংশ সময়েই থাকে না, থাকে কতকগুলি দ্যোতক শব্দ। কোন্ শব্দ কোন্ সংখ্যার দ্যোতক তা-ও পুঁথিসম্পাদককে জ্যোতিষশাস্ত্র বা বিভিন্ন সহায়ক গ্রন্থ থেকে জেনে নিতে হবে। যেমন এক-সংখ্যার দ্যোতক শব্দ চন্দ্র-প্রভৃতি, দুই-সংখ্যার দ্যোতক পক্ষ প্রভৃতি। ধরা যাক পুষ্পিকায় লেখা আছে—"শাকে চন্দ্রর্তুবসুশশিমিতে।" এর থেকে যা পাই তা হল চন্দ্র-ঋতু-বসু-শশী-পরিমিতে শকাব্দে। এখন চন্দ্র-১, ঋতু-৬, বসু-৮, শশী-১, সবগুলি পরপর সাজিয়ে নিলে দাঁড়ায়-১৬৮১, এরপরের নিয়ম হল—'অঙ্কস্য বামা গতিঃ' অর্থাৎ উদ্দিষ্ট সংখ্যাটি লাভ করার জন্য আমাদের সর্বশেষ ডানদিকের সংখ্যা থেকে শুরু করে বামদিকে আসতে হবে। তাহলে রচনাকালের সূচক প্রকৃত শকাব্দ হবে ১৮৬১ অর্থাৎ আঠারোশ একষট্টিতম শকাব্দ। critical edition বা সবিমর্শ সম্পাদনাই পুঁথিসম্পাদনার চরম কথা। ঐ কাজ যতক্ষণ না হচ্ছে ততক্ষণই অমুদ্রিত গ্রন্থের মতই মুদ্রিত গ্রন্থের পুঁথিরও গুরুত্ব বিন্দুমাত্র কম হ'য়ে যায় না। তাছাড়া Critical Edition একবার হলেও নতুন নতুন আবিষ্কারের সম্ভাবনা থেকেই যাচ্ছে। সেক্ষেত্রে যে গ্রন্থটি একবার বিমর্শসহকারে সম্পাদিত হয়েছে সেই গ্রন্থেরও পুনরায় সম্পাদনার প্রসঙ্গ আসতেই পারে। সংস্কৃত গ্রন্থ বার বার বিমর্শসহকারে সম্পাদিত হবে—এটাই প্রত্যাশিত। অতএব সমস্ত সংস্কৃত গ্রন্থের সর্ববিধ পুঁথি ও পাঠনির্ণয়ের অন্যান্য সাক্ষিপ্রমাণাদি যথোচিত যত্নের সঙ্গেই রক্ষা করে চলতে হবে।

এখন একটি নির্দিষ্ট গ্রন্থের সবিমর্শ সম্পাদনার প্রসঙ্গে করণীয় সম্পর্কে আলোচনায় আসা যাক। প্রথমে *New Catalogus Catalogorum* ইত্যাদি পুঁথি সম্পর্কিত কোষগ্রন্থ থেকে নির্দিষ্ট গ্রন্থটির পুঁথির প্রাপ্তিস্থান ও অন্যান্য জ্ঞাতব্য তথ্য সংগ্রহ করে নিতে হবে। তারপর ঐ গ্রন্থের কোন অনুবাদ হয়ে থাকলে তা-ও জোগাড় করতে হবে। যদি ঐ গ্রন্থের কোন টীকা টিপ্পনী রচিত হয়ে থাকে সেগুলিরও সন্ধান নিতে হবে এবং সংগ্রহ করতে হবে। ঐ গ্রন্থের অংশবিশেষ যদি কোথাও উদ্ধৃত হয়ে থাকে বা ঐ গ্রন্থ সম্পর্কে যদি কোথাও আলোচনা হয়ে থাকে তাহলে সেসবও সম্পাদককে সংগ্রহ করতে হবে। এবং ইতঃপূর্বে যদি ঐ গ্রন্থ মুদ্রিত হয়ে থাকে তবে সেইসব মুদ্রিত পুস্তকও জোগাড় করতে হবে। ঐ গ্রন্থ সম্পর্কে যেমন যেমন তথ্য জানা যাবে তেমন তেমনভাবে ঐসব প্রয়োজনীয় উপকরণ চয়ন করতে হবে। এই পর্যায়ের কাজ আরম্ভ করে দেওয়া ভাল। কেননা সামগ্রী সংকলনের কাজটি ধারাবাহিকভাবে চলতেই থাকে। কাজের অগ্রগতির সঙ্গে সঙ্গে নতুন নতুন তথ্য ও উপকরণের সন্ধান মেলে। এমন কি পরিকল্পনামাফিক কাজ একপ্রস্থ শেষ হওযার পরেও অনেক সময় দেখা যায় কোন নতুন উপকরণের সন্ধান পাওয়া যাচ্ছে। অতএব সামগ্রী সংকলন শেষ হয়ে গেছে এমন কথা কখনই বলা যাবে না এবং ঐ কাজের শেষের অপেক্ষায় থাকলে মূল কাজে অগ্রসর হওয়া অধিকাংশ ক্ষেত্রেই অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়াবে।

নির্বাচিত গ্রন্থপঞ্জী

1. Gough, A.E.
   Papers relating to the Collection and Presentation of records of ancient Sanskrti Literature in India.
   Sharada Publishing House, Delhi, 1996.
2. Katre, S.M.
   Introduction to Indian Textual Criticism.
   Deccan College, Poona, 1954
3. Mukhopadhyaya, Bijaynath
   Administration of Manuscript Libraries with Special reference to Sanskrit.
   Govt. Sanskrit College, Calcutta, 1985.
4. Murty, R.S. Shivaganesha
   Introduction to Manuscriptology
   Govt. of India, 1978.
5. Postgaate, J.P. "Textual Criticism."
   Encyclopaedia Britannica, Vol. 22.
